1. 2. 1 : Cgvb cwiwPwZ I Cgv‡bi †gŠwjK welqmgn

ইসলামের পঞ্চ বুনিয়াদের প্রথম ও প্রধান বুনিয়াদ হচ্ছে ঈমান। ঈমান হল ইসলামী শরী'আতের যাবতীয় হুকুম-আহ্কাম অন্তর দিয়ে বিশ্বাস করা এবং এগুলোকে নিজের দ্বীন হিসেবে স্বীকার করে নেওয়া। পরিপূর্ণ মু'মিন সেই ব্যক্তি যিনি শরী'আতের বিষয়গুলোকে গভীরভাবে বিশ্বাস করেন। মানবজীবনে সব চেয়ে গুরচত্বপূর্ণ বিষয় হল ঈমান বা বিশ্বাস। মুসলমানদের জীবনে ঈমানে গুরচত্ব অপরিসীম। অর্থাৎ আল্লাহ তা'আলার অস্তিত্ব বিশ্বাস। তাঁর তাওহীদে বিশ্বাস, তাঁর ফিরিশতাগণ, তাঁর অবর্তীণ কিতাবসমূহ, তাঁর রাসূলগণ, পরকাল এবং তাকদীরের প্রতি বিশ্বাসের নামই হল ঈমান। আল্লাহর প্রতি ঈমান তাঁর তাওহীদ বিশ্বাস ছাড়া পরিপূর্ণ হয় না। অর্থাৎ তার নাম ও গুণাবলীর তাওহীদ, তার রচ্বুবিয়াত উলুহিয়াতের প্রতি বিশ্বাস ছাড়া কেবল আল্লাহর অস্তিত্ব বিশ্বাসের কোন মূল্য নেই। কারণ কাফির-মুশরিকরাও আল্লাহর অস্তিত্বে বিশ্বাস করে তবুও তারা আল্লাহর তাওহীদে বিশ্বাসী না হবার কারণে কাফির। কাজেই কোন ধরণের ইবাদত অন্য কারো উদ্দেশ্যে করা যাবে না। সুতরাং কোন প্রাণী যবেহ করতে হবে আল্লাহর নামে এবং এক মাত্র তার সন্তুষ্টির উদ্দেশ্যে। তেমনিভাবে মান্নত করতে হবে আল্লাহর নামে ও তার উদ্দেশ্যে। দোয়া করতে হবে একমাত্র আল্লাহর কাছে আল্লাহ ছাড়া অন্য কারো কাছে সাহায্য চাওয়া বা কোন আশ্রয় প্রার্থনা করা যাবে না। অন্য কারো উপর কোন ব্যপারে ভরসা করা যাবে না। আল্লাহ ছাড়া অন্য কাউকে উদ্দেশ্য করে রচ্কু সিজদা, সালাত, সিয়াম, যিকির হজ্জ ইত্যাদি ইবাদত করা যাবে না। আল্লাহর আইন পরিহার করে মানবরচিত আইনের অনুসরণ করা যাবে না। আল্লাহ যা হারাম করেছেন তা হালাল

১২. বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং : ৭; মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং : ১৯।

Dhaka University Institutional Repository

করার‌ক্ষেত্রে আল্লাহ যা হালাল করেছেন তা হারাম করার ব্যপারে ওলামা মাশায়েখ পীর ফকীর নেতা নেত্রী কারো অনুসরণ করা যাবে না।

K. Cgvb k‡ãi AwfavwbK A_©

ঈমান (الإيمان) শব্দটি আরবী। ইহা (أ–م–ن) মূলধাতু হতে গঠিত। যা বাবে إفعال এর মাস্‌দার বা ক্রিয়ামূল। নিচে ঈমানের আভিধানিক অর্থ আলোকপাত করা হলো :

১. أمن অর্থ শান্তি বা নিরাপত্তা। আরবী ভাষায় ঈমান (الإيمان) শব্দটি বিভিন্নভাবে ব্যবহৃত হয়। ব্যবহারের বিভিন্নতার প্রেক্ষিতে এর অর্থের মধ্যেও কিছুটা তারতম্য পরিলক্ষিত হয়।ক্ষেত্র বিশেষ তা বিশ্বাস করা, স্বীকার করা, ভরসা করা, এবং নিরাপত্তা প্রদান করা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়ে থাকে।

২. অপর বর্ণনায়-ঈমানের আভিধানিক অর্থ- التصديق بالقلب অন্তরে বিশ্বাস করা।

৩. আর-রাগিব আল-ইসফাহানী বলেন : ঈমান শব্দের আভিধানিক অর্থ হলো- (إذعان النفس للحق على سبيل التصديق) আন্তরিক বিশ্বাসের সহিত কোন ব্যক্তির সত্যের (আল্লাহর অস্তিত্ব) স্বীকৃতি প্রদান এবং উহার প্রতি আনুগত্য প্রকাশকে ঈমান বলে।

L. Cgvb k‡ãi cwifvlvK A_©

নবী করীম (সা.)-এর প্রতি আস্থাশীল হয়ে আল্লাহর প্রশু হতে তাঁর আনীত আদর্শকে মনে প্রাণে মেনে নেওয়া এবং তৎপ্রতি মৌখিক স্বীকারোক্তি প্রদান করাকে শরীয়তের পরিভাষায় ঈমান বলে। এ প্রসঙ্গে ইমাম আযম আবু হানীফাহ (রহ) বলেছেন : ঈমান হলো "মৌখিক স্বীকারোক্তি (ইকরার) আন্তরিক বিশ্বাস (তাস্‌দীক বিল-জিনান)এবং আধ্যাত্মিক জ্ঞান (ওয়া মা'রিফা বিল-কাল্‌ব)" এর নাম।[১৩]

M. Cgv‡bi †gŠwjK Dcv'vbmgn

---

১৩. মূল আরবী :

الإيمان هو الإقرار باللسان والتصديق بالجنان و المعرفة بالقلب .

- সম্পাদনা পরিষদ, Bmjvgx wek‡Kvl, প্রাগুক্ত, ৫খ., পৃ. ৪৫১।

Dhaka University Institutional Repository

ঈমানের মৌলিক বিষয়গুলো পবিত্র কুরআন ও হাদীসের বিভিন্ন স্থানে বর্ণিত আছে। এ প্রসঙ্গে মহান আল্লাহ্ তা'আলা বলেন : "হে ঈমানদারগণ! তোমরা ঈমান আন আল্লাহর উপর, তাঁর রাসূলগণের উপর, তাঁর (নাযিলকৃত) কিতাবসমূহের উপর যা তিনি রাসূলগণের উপর নাযিল করেছেন, ঐ কিতাবের উপর যা তিনি পূর্বে নাযিল করেছেন।"[১৪]

উল্লিখিত মৌলিক বিষয়গুলোর উপর দৃঢ় বিশ্বাস ব্যতীত কস্মিনকালেও ঈমান পরিপূর্ণ হবে না। যিনি এগুলোতে আন্তরিক বিশ্বাস রাখেন তাকেই মু'মিন বলা হবে। এ প্রসঙ্গে আল্লাহ তায়া'লা বলেছেন : "যে অবিশ্বাস করেছে আল্লাহতে, তাঁর ফেরেশতাগণে, তাঁর কিতাবসমূহে, তাঁর রাসূলে, এবং পরকালে, সে নিশ্চিতরূপে সঠিক পথ হতে অনেক দূরে সরে গেছে"।[১৫]

তকদীর সম্পর্কে আল-কুরআনে আল্লাহ্ তা'আলা ঘোষণা করেছেন : "দুনিয়ায় (সাধারনত) এবং ব্যক্তিগতভাবে তোমাদের উপর যে কোন বিপদ পৌছে থাকুক না কেন, তা তোমাদের সৃষ্টি করার পূর্বেই কিতাবে (লাওহে মাহফুযে) নির্ধারিত করা আছে" ।[১৬]

---

১৪. এ প্রসঙ্গে মহান আল্লাহ্ ঘোষণা করেছেন :

يَا أَيُّهَا الَّذِينَ آَمَنُوا آَمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ وَالْكِتَابِ الَّذِي نَزَّلَ عَلَى رَسُولِهِ وَالْكِتَابِ الَّذِي أَنْزَلَ مِنْ قَبْلُ ....

Avj-KiÛAvb, সূরা আন-নিসা, আয়াত ৪ : ১৩৬।

এ ছাড়া ঈমানে মুফাস্সাল শীর্ষক বাক্যে এ বিষয়গুলোর সহজ বর্ণনা পাওয়া যায়। যেমন-

آمنت بالله وملائكته وكتبه ورسله واليوم الآخر والقدر خيره وشره من الله تعالى والبعث بعد الموت.

"আমি ঈমান আনলাম আল্লাহর উপর, তাঁর ফিরিশতাগণের উপর, তাঁর কিতাবসমূহের উপর, তাঁর রাসূলগণের উপর, আখিরাতের উপর, তাক্দীরের ভাল-মন্দ সব কিছু আল্লাহর ইচ্ছায় হয়-এর উপর, এবং মৃত্যুর পর পুনরুত্থিত হওয়ার উপর।" হাদীসে রাসূলুল্লাহ (স:) ঈমানের পরিচয় দিতে গিয়ে বলেন :

... الإيمان أن تؤمن بالله وملائكته وكتبه ورسله ولقائه وتؤمن بالبعث الآخر ...

"রাসুলুল্লাহ (সা.) বলেছেন : ঈমান হলো আল্লাহর প্রতি এবং তার ফিরিশতাগণের প্রতি, তার কিতাব সমূহের প্রতি, তার রাসুলগনের প্রতি এবং আখিরাতের প্রতি বিশ্বাস তথা ঈমান আনবে, আর তকদীরের (ভাগ্যের) ভাল মন্দের প্রতি ঈমান রাখবে।"[১৪]

- বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, ১৪খ., পৃ. ৪৫২, হাদীস নং-৪৪০৪; তিরমিযি, Avm-mbvb, প্রাগুক্ত, খ. ৮, পৃ. ২০১, হাদীস নং : ২৫৩৫।

১৫. আল্লাহ্ তা'আলা বলেন :

ومن يكفر بالله وملائكته وكتبه ورسله واليوم الآخر فقد ضل ضلالا بعيدا.

-Avj-KiÛAvb, সূরা আন- নিসা, আয়াত : ১৩৬।

১৬. আল্লাহ্ তা'আলা বলেন :

Dhaka University Institutional Repository

কিয়ামত ও পুনরাত্থান সম্পর্কে রয়েছে : "এবং কিয়ামত অবশ্যম্ভাবী, এতে কোন সন্দেহ নেই আর নিশ্চয় আল্লাহ পুনরুত্থিত করবেন তাদের, যারা কবরে আছেন।"[১৭]

আলোচ্য আলোচনার পরে আমরা নিম্নোক্ত বিষয়ে ঈমানের মৌলিক বিষয়গুলো স্পষ্ট দেখতে পাই। আর তা হলো :

1. Avjøvni cwZ Cgvb

মহান আল্লাহ এক ও অদ্বিতীয় সমগ্র সৃষ্টিজগতের ইলাহ (প্রভূ, উপাস্য) একমাত্র আল্লাহ। সত্তার দিক থেকে তিনি যেমনি এক, অনুরূপ গুণাবলীর দিক থেকেও তিনি একক, অনন্য, তাঁর কোন শরীক নাই। এ বিশ্ব জগতের সৃষ্টি প্রতিপালন, ও শৃঙ্খলা বিধানে তার কোন শরীক বা সহযোগী নাই। ইবাদতের যোগ্য একমাত্র তিনিই । ইরশাদ হয়েছে : "বলুন তিনিই আল্লাহ এক ও অদ্বিতীয়, আল্লাহ কারো মুখাপ্রেক্ষী নন, সকলেই তার মুখাপ্রেক্ষী। তিনি কাউকে জন্ম দেননি এবং তাকেও জন্ম দেওয়া হয়নি এবং কেউ তার সমতুল্য নয় ।"[১৮]

2. †d‡ikZvM‡Yi cwZ Cgvb

মহান আল্লাহর প্রতি ঈমানের পর ফেরেশ্তাগনের প্রতি ঈমান আনা ফরয। এ প্রসঙ্গে মহান আল্লাহ্ তা'আলা বলেন : "... আর যে আল্লাহ্, তাঁর ফেরেস্তাগণের, তাঁর কিতাবসমূহের, তাঁর রাসূলগণের এবং কিয়ামতের দিনের উপর অবিশ্বাস করবে অত:পর সে স্পষ্ট পথভ্রষ্টতার মধ্যে নিমজ্জিত হবে।"[১৯]

ما أصاب من مصيبة في الأرض ولا في أنفسكم إلا في كتاب من قبل أن نبرأها إن ذلك على الله يسير.

-Avj-KiÛAvb, সূরা আল-হাদীদ, আয়াত : ২২।

১৭. আল্লাহ্ তা'আলা বলেন :

وأن الساعة آتية لا ريب فيها وأن الله يبعث من في القبور.

-Avj-KiÛAvb, সূরা আল-হাজ্জ, আয়াত : ৭।

১৮. মহান আল্লাহ্ ঘোষণা করেছেন :

قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ . اللَّهُ الصَّمَدُ . لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ . وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ .

Avj-KiÛAvb, সূরা আল-ইখলাস, আয়াত, ১১২ : ১-৪।

১৯. মহান আল্লাহ্ ঘোষণা করেছেন :

Dhaka University Institutional Repository

ঈমান বিল মালাইকার অর্থ হচ্ছে, অন্তরে এমন দৃঢ়বিশ্বাস রাখা যে, মহান আল্লাহর অনেক ফেরেশতা রয়েছেন। তাঁদের সবার প্রতি আমরা বিশ্বাস স্থাপন করি, যাদের নাম আল্লাহ তাআলা উল্লেখ করেছেন, যেমন জিবরীল প্রমুখ তাদের প্রতি নির্দিষ্টভাবে। আর যাদের নাম উল্লেখ করেননি তাদের প্রতি সামগ্রিকভাবে। এবং এ সকল ফেরেশতাদের কর্ম ও গুণাবলি সম্বন্ধে আমরা যতটুকু জেনেছি সবই বিশ্বাস করি।

3. Avmgwb wKZv‡ei Dci Cgvb

'ঈমান বিল কুতুব'-এর অর্থ হচ্ছে, এমন দৃঢ় ও অটল বিশ্বাস রাখা যে, আল্লাহ তাআলা স্বীয় নবী-রাসুলগণের উপর নিজ বান্দাদের হেদায়াতের উদ্দেশ্যে অসংখ্য কিতাব অবতীর্ণ করেছেন। এ সকল কিতাব তাঁর কালাম বিশেষ। এসব কিতাব যেসকল বিষয়বস্তু ধারণ করেছে, সবই হক ও সত্য তাতে কোন সন্দেহ নেই। এর কিছু কিছু আল্লাহ তাআলা স্বীয় কিতাবে নামসহ উল্লেখ করেছেন। এছাড়াও আরো অনেক আছে যার সংখ্যা ও নাম আল্লাহ ব্যতীত আর কেউ জানে না।[২০]

4. bex ivmjM‡Yi cwZ Cgvb

ইসলামের মৌল বিশ্বাসের মধ্যে নবী-রাসূলগণের উপর ঈমান অন্যতম। নবী শব্দের আভিধানিক অর্থ হল সংবাদদাতা। আর রাসূল শব্দের আভিধানিক অর্থ দূত, বার্তা বাহক বা বাণী বাহক । নবুওয়াত শব্দের অর্থ সংবাদ বহন বা বার্তা বহন এবং রিসালাত শব্দের অর্থ দূতালি বার্তা বহন বা সংবাদ বহন। ইসলামী পরিভাষায়, ফিরিশতার মাধ্যমে অথবা সরাসরি আল্লাহ তা'আলার প্রভ হতে যাঁর প্রতি বিশেষ ধরনের প্রত্যাদেশ বা ওহী অবতীর্ন হয়, তাকে নবী বলে। আর রাসূল ঐ ব্যক্তিকে বলা হয়, যাঁর প্রতি কিতাব নাযিল করে প্রত্যাদেশ করা হয়েছে এবং আল্লাহর প্রভ হতে যাকে মানুষের নিকট

...وَمَنْ يَكْفُرْ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ وَالْيَوْمِ الْآخِرِ فَقَدْ ضَلَّ ضَلَالًا بَعِيدًا.

Avj-Ki0Avb, সূরা আন-নিসা, আয়াত, ৪ : ১৩৬।

২০ . KiAv‡b D‡jøLKZ Hkx Mšmg‡ni msL¨v : আল্লাহ তাআলা মহাগ্রন্থ আল-কুরআনে উল্লেখ করেছেন যে, তিনি নিম্নোক্ত গ্রন্থাদি অবতীর্ণ করেছেন।

ইবরাহীম আলাইহিস সালাম–এর সহীফা সমগ্র।

তাওরাত, এটি আল্লাহ তাআলা মূসা আলাইহিস সালামের উপর অবতীর্ণ করেছেন।

যাবুর, এটি আল্লাহ তাআলা দাউদ আলাইহিস সালামের উপর অবতীর্ণ করেছেন।

ইঞ্জীল এটি আল্লাহ তাআলা ঈসা আলাইহিস সালামের উপর অবতীর্ণ করেছেন।

আল কুরআন এ মহাগ্রন্থ আল্লাহ তাআলা সমগ্র মানুষের কল্যাণের জন্য নবীশ্রেষ্ঠ মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর অবতীর্ণ করেছেন।

Dhaka University Institutional Repository

তার পয়গাম পৌছানোর দায়িত্ব প্রদান করা হয়েছে। আল-কুরআনে তাদের সংখ্যা নির্ধারিত ভাবে বলা হয়নি । যেমন আল-কুরআনে ইরশাদ হচ্ছে : "আমরা তো (হে নবী) আপনার পূর্বে অনেক রাসূল প্রেরণ করেছি। তাদের কারো কারো কথা আপনার নিকট বিবৃত করেছি এবং কারো কথা আপনার নিকট বিবৃত করিনি।"[২১]

5. ZvK'x‡ii Dci Cgvb

তাকদীরের উপর বিশ্বাস ইসলামের মৌল আকীদাসমূহের মধ্যে অন্তর্ভুক্ত। আল্লাহর প্রতি ঈমান আনা যেমন ফরজ, তেমনি কাযা ও কাদর বা তাকদীরের উপর ঈমান আনাও ফরয। তাকদীর শব্দটি কাদরচন (قدر) বা কাদারচন (قدر) শব্দমূল থেকে উদ্ভূত । কাদারচন অর্থ পরিমাণ নির্ধারন করা' যথাযথ হওয়ার ব্যবস্থা করা ইত্যাদি । যেমন পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে : "তিনি সমস্ত কিছু সৃষ্টি করেছেন এবং প্রত্যেককে পরিমিত করেছেন যথার্থ অনুপাতে।"[২২]

পরিভাষায় তাকদীর এর সংজ্ঞা হলো, প্রত্যেক সৃষ্টির জন্য যাবতীয় বিষয় পরিমিত ও নির্ধারন করা। এর ব্যাখ্যা হল, সৃষ্টিজগতের জন্য আল্লাহর নির্ধারন। অর্থাৎ সৃষ্টিজগতের মধ্যে কার কি প্রকৃতি, কার কি কর্ম, কার কী দায়িত্ব, কার কী গুনাগুণ, কার কী বৈশিষ্ট্য, কার জন্য মৃত্যু কখন, কোথায় কিভাবে হবে, ইত্যাদি বিষয় স্বয়ং আল্লাহ তা'আলা নির্ধারন করেছেন। এর মধ্যে সৃষ্টি কোন ইখতিয়ার। মহান আল্লাহর এ নির্ধারণকে তাকদীর (ভাগ্যলিপি) বলে।

---

২১ . মহান আল্লাহ্ ঘোষণা করেছেন :

ولقد ارسلنا رسلا من قبلك منهم من قصصنا عليك ومنهم من لم نقصص عليك.

Avj-KiÕAvb, সূরা আল-মু'মিন, ৪০ : ৭৮।

নবী-রাসূলগণের সঠিক সংখ্যা জানা যায়নি। কুরআনে মাত্র পচিশ জনের নাম উল্লেখ রয়েছে। এক হাদীসে নবী রাসূলগণের সংখ্যা এক লক্ষ চব্বিশ হাজার বলা হয়েছে। তাঁদের মধ্যে তিনশ' পনের জন ছিলেন রাসূল। তাঁর সকলের উপর ঈমান আনা ফরয। নবী-রাসূলগনের উপর এভাবে ঈমান আনতে হবে যে, আল্লাহ তা'আলা আর বান্দাদের হিদায়তের জন্য যুগে যুগে বহু নবী ও রাসূল পাঠিয়েছেন। হযরত মুহাম্মদ (সা) তাদের মধ্যে সর্ব শ্রেষ্ঠ নবী এবং রাসূল। তাঁর পর আর কোন নতুন নবী বা রাসূল আসবেন না। সকল নবীই গুনাহ হতে পবিত্র তথা মাসুম ছিলেন এবং অতুলনীয় ও অনুপম আদর্শ জীবন যাপন করেছেন ।

২২. মহান আল্লাহ্ ঘোষণা করেছেন,

وخلق كل شئ فقدره تقديرا .

Avj-KiÕAvb, সূরা আল-ফুরকান, আয়াত, ২৫ : ২।

Dhaka University Institutional Repository

6. wKqvgZ I AvwLiv‡Zi Dci Cgvb

আল্লাহ তাআলার নির্দেশে একদিন এ পৃথিবী, গ্রহ, নক্ষত্র সব কিছু ধ্বংস হয়ে যাবে। তারপর সকল মানুষের রূহকে একদিন হাশরের ময়দানে একত্রিত করা হবে। তখন আল্লাহ তাআলা সকল মানুষের দুনিয়ার ভাল-মন্দ কাজের হিসাব নিবেন। যারা দুনিয়ায় ভাল কাজ করবে, আল্লাহ তাদেরকে জান্নাত দিবেন। জান্নাত হলো চির সুখের স্থান। আর যারা দুনিয়ায় মন্দ কাজ করবে, আল্লাহ তাদেরকে জাহান্নামে নিক্ষেপ করবেন। জাহান্নাম হলো ভয়ানক শাস্তির স্থান।[২৩]

পরিভাষায় জগতের প্রলয়ের জন্য প্রথমবার সিংগায় ফুৎকার দেয়া থেকে জান্নাতবাসীগণের জান্নাতে প্রবেশ এবং জাহান্নামীদের জাহান্নাম গিয়ে স্থীর হওয়া পর্যন্ত সময়কে ইয়াওমুল কিয়ামত বলে বা কিয়ামতের দিবস বলে। এ দিনটিকে পবিত্র কুরআনে বিভিন্ন নামে উল্লেখ করা হয়েছে, যেমন يوم الدين (ইয়াওমুদ্দীন) কর্মফল দিবস, يوم الحاقة (ইয়াওমুল হাক্কাহ) অবশ্যম্ভাবী দিবস, يوم القارعة (ইয়াওমুল কারীয়া) আঘাতকারী দিবস, يوم الحساب (ইয়াওমুল হিসাব) হিসাব দিবস, يوم البعث(ইয়াওমুল বা'ছ) পুনরাত্থান দিবস, يوم الاخرة (ইয়াওমুল আখিরাত) শেষ দিবস ইত্যাদি। এ ধরনের বহু নাম ব্যবহারের উদ্দেশ্য হচ্ছে দিবসটির ভয়াবহতা ও বিভিন্ন অবস্থার চিত্র তুলে ধরা।[২৪]

---

২৩. কিয়ামত শব্দটি (قوم) ধাতু থেকে গঠিত। قيام শব্দমূলের অর্থ হল উঠে দাড়ানো, সোজা হয়ে দাড়ানো ইত্যাদি। কিয়ামত শব্দটি ইয়াওম এর সঙ্গে যুক্ত হয়ে ব্যবহৃত হয় । ইয়াওমুল কিয়ামাহ এর অর্থ পুনরুত্থানের দিন। তাহযীব গ্রন্থে বলা হয়েছে যে, কিয়ামতের অর্থ পুনরুত্থানের দিন, যেদিন সকল মানুষকে আল্লাহর সম্মুখে দন্ডায়মান হতে হবে।
-ইবনু মানযুর, wjmvbj Avive, প্রাগুক্ত, ১২ খ., পৃ.৫০৬।
ইমাম রাগিব আল-ইসফাহানী রহ. বলেন : মহাপ্রলয় সংগঠিত হওয়ার নাম কিয়ামত। যেমন পবিত্র কুরআনে আছে : (ويوم تقوم الساعة)"যে দিন মহাপ্রলয় সংঘটিত হবে "।
-আল-রাগিব, Avj-gdiv'vZ, প্রাগুক্ত, পৃ. ৪১৭।

২৪. শিবলী নু'মানী, mxivZbex (mv), (ঢাকা : ইফাবা, তা.বি.), ৪খ., পৃ. ৩৫৬।

Dhaka University Institutional Repository

7. cbi”Ìvb w‘e‡mi cwZ Cgvb

আখিরাতের জীবন ও দেহ রূহ্ সমন্বিত হবে। তবে সে জীবন হবে দুনিয়া থেকে সম্পূর্ণ আলাদা ধরনের। কুরআনুল কারীমে পুনরুত্থানের বহু দলীল রয়েছে এবং তাতে প্রথমবার সৃষ্টি করাকে দ্বিতীয়বার সৃষ্টির দলীল হিসাবে উল্লেখ করা হয়েছে। বর্ণনা করা হয়েছে, আল্লাহ তা'য়ালা সর্বশক্তিমান ও সর্বজ্ঞ। অতএব পুনরায় সৃষ্টি করার ব্যপারে তিনি অপারগ নন। তাঁর অসীম ইলম থেকে তিনি কিছু বিস্মিতও হন না। আল্লাহ তা'য়ালা বলেন: "সে আমার সম্পর্কে উপমা উত্থাপন করে অথচ সে নিজের সৃষ্টির কথা ভুলে যায়, বলুন অস্থিত্বে প্রান সঞ্চার করবে কে যখন সেগুলো পঁচে যাবে? এর মধ্যে প্রাণ সঞ্চার করবেন তিনিই, যিনি তা প্রথমবার সৃষ্টি করেছেন এবং তিনি প্রতিটি সৃষ্টি সম্বন্ধে সম্যক পরিজ্ঞাত।"[২৫]

N. Cgv‡bi ¯^ìi web¨vm

ঈমানের নিজস্ব একটি স্বাদ আছে, মজা ও মাধুর্য আছে এবং তার নিজস্ব একটি প্রকৃতি ও হাকীকত আছে। ঈমানের স্বাদ সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন : "আব্বাস রা. ইব্‌ন আব্দুল মুত্তালিব হতে বর্ণিত, তিনি বলেন : আমি রাসূল সা.কে বলতে শুনেছি : যে ব্যক্তি মহান আল্লাহ তা'আলাকে প্রতিপালক, ইসলামকে ধর্ম এবং মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে রাসূল বলে সন্তুষ্ট চিত্তে গ্রহণ করতে পারবে সে ঈমানের স্বাদ আস্বাদন ও অনূভব করতে পারবে।"[২৬]

ঈমানের স্বাদ ও মাধুর্য সম্পর্কে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন : "আনাস রা. হতে বর্ণিত, তিনি রাসূর সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : তিনটি বিশেষ গুণ, যার মধ্যে এগুলো বিদ্যমান থাকবে সে ঈমানের

---

২৫. মহান আল্লাহ্ ঘোষণা করেছেন :

وضرب لنا مثلا ونسى خلقه قال من يحى العظام وهى رميم . قل يحييها الذى انشأها اول مرة وهو بكل خلق عليم.

- Avj-Ki‡Avb, সূরা ইয়াসীন, ৩৬:৭৮-৭৯।

২৬. মুল হাদীস :

عَنْ الْعَبَّاسِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ ذَاقَ طَعْمَ الْإِيمَانِ مَنْ رَضِيَ بِاللَّهِ رَبًّا وَبِالْإِسْلَامِ دِينًا وَبِمُحَمَّدٍ رَسُولًا.

-মুসলিম, Avm-mnxn, (বৈরূত : দারুল কুতুবিল ইলমিয়্যাহ, ১৪০৮হি.), ১খ., পৃ. ১৩৭, হাদীস নং ৪৯।

Dhaka University Institutional Repository

মজা অনুভব করতে পারবে। যার নিকট আল্লাহ ও রাসূল, পৃথিবীর অন্য সকল ব্যক্তি ও বস্তু অপ্রেক্ষ অধিক প্রিয় হবে। যে ব্যক্তি অপর ব্যক্তিকে একমাত্র আল্লাহর উদ্দেশ্যেই ভালবাসবে এবং যে ব্যক্তি আগুনে নিক্ষিপ্ত হওয়াকে যেমন অপছন্দ করে, কুফরে ফিরে যাওয়াকে ঠিক অনুরূপ অপছন্দ করবে।"[২৭]

আর ঈমানের হাকীকত, যে ব্যক্তির মাঝে দ্বীনের মৌলিকত্ব ও সঠিক বুঝ বিরজমান থাকবে, দ্বীনের জন্যে চেষ্টা করবে শ্রম দেবে; ইবাদত করবে, দাওয়াত দেবে, হিজরত করবে, জিহাদ করবে, অর্থ ব্যয় করবে বরং দ্বীনের জন্যে চেষ্টা-মেহনত করতে গিয়ে সম্ভাব্য সকল কাজে অংশ গ্রহণ করে সামর্থের শতভাগ নিংড়ে দেবে সে–ই প্রকৃত অর্থে ঈমানের হাকীকত ও প্রকৃত অবস্থা বুঝতে পারবে এবং তা নিজের মাঝে ধারণ করতে সক্ষম হবে। আল্লাহ তা'আলা বলেন : "প্রকৃত ঈমানদার তারাই, যখন আল্লাহ তা'আলার নাম নেয়া হয় তখন ভীত হয়ে পড়ে তাদের অন্তর আর যখন তাদের সামনে আল্লাহর আয়াত (নিদর্শন) ও কালাম পাঠ করা হয়, তাদের ঈমান বেড়ে যায় এবং তারা স্বীয় পালনকর্তার প্রতি ভরসা পোষণ করে। যারা সালাত কায়েম করে এবং আমার দেয়া রিযিক থেকে ব্যয় করে। তারাই সত্যিকার মু'মিন। তাদের জন্যে রয়েছে স্বীয় পালনকর্তার নিকট মর্যাদা, ক্ষমা এবং সম্মানজনক রিযিক।"[২৮]

---

২৭. মূল হাদীস :

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ ثَلَاثٌ مَنْ كُنَّ فِيهِ وَجَدَ حَلَاوَةَ الْإِيمَانِ أَنْ يَكُونَ اللَّهُ وَرَسُولُهُ أَحَبَّ إِلَيْهِ مِمَّا سِوَاهُمَا وَأَنْ يُحِبَّ الْمَرْءَ لَا يُحِبُّهُ إِلَّا لِلَّهِ وَأَنْ يَكْرَهَ أَنْ يَعُودَ فِي الْكُفْرِ كَمَا يَكْرَهُ أَنْ يُقْذَفَ فِي النَّارِ.

-বুখারী, Awm-mnxn, প্রাগুক্ত, ১খ., পৃ. ২৬, হাদীস নং ১৫।

২৮. এ প্রসঙ্গে মহান আল্লাহ্ ঘোষণা করেছেন :

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتْهُمْ إِيمَانًا وَعَلَى رَبِّهِمْ يَتَوَكَّلُونَ . الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنْفِقُونَ . أُولَئِكَ هُمُ الْمُؤْمِنُونَ حَقًّا لَهُمْ دَرَجَاتٌ عِنْدَ رَبِّهِمْ وَمَغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ .

- Avj-KiÛAwb, সূরা আনফাল : ২-৪

Dhaka University Institutional Repository

অন্য এক আয়াতে আল্লাহ তা'আলা আরো বলেন : 'আর যারা ঈমান এনেছে, নিজেদের ঘর-বাড়ী ছেড়েছে এবং আল্লাহর রাস্তায় জিহাদ করেছে এবং যারা তাদেরকে আশ্রয় দিয়েছে, সাহায্য-সহায়তা করেছে। তাঁরাই হল সত্যিকার মু'মিন। তাঁদের জন্যে রয়েছে ক্ষমা ও সম্মানজনক রিযক।'[২৯]

মহান আল্লাহ তা'আলা বলেন : 'তারাই মু'মিন, যারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনার পর সন্দেহ পোষণ করে না এবং আল্লাহর পথে জীবন-প্রাণ ও ধন-সম্পদ দ্বারা জিহাদ করে। তারাই সত্যনিষ্ঠ।'[৩০]

কোন ব্যক্তি সম্পর্কে ঈমানের হাকীকত তথা প্রকৃত অবস্থায় পৌঁছেছে বলে বিবেচনা করা হবে না যতক্ষণ না সে এ বিশ্বাস করবে যে, যে বিপদ তার উপর আপতিত হয়েছে তা রদ হওয়ার ছিল না, আর যা তার পর্যন্ত পৌঁছেনি সেটি পৌঁছার ছিল না, অর্থাৎ যা হওয়ার তা হবেই সেটি কেউ রদ করতে পারবে না, আর যা হয়নি তা কেউ জোর করে বাস্তবায়ন করতে পারবে না।

0. Cgv‡bi ˆewkó¨ I wb‘kb

ঈমানের বেশ কিছু বৈশিষ্ট্য ও নিদর্শন রয়েছে, এ সম্পর্কে নিম্নে আলোচনা পেশ করা হলো :

ivmjjøÍvn mvjøÍvjøÍvû AvjvBwn Iqvmvjøvg‡K fvjevmv: ঈমানের অন্যতম একটি বৈশিষ্ট্য ও নিদর্শন হলো রাসূল সা.কে ভালবাসা। কেননা আল্লাহ তা'আলার ভালবাসা পেতে হলে তাকে অবশ্যই রাসূল সা.কে ভালবাসতে হবে। এ প্রসঙ্গে মহান আল্লাহ্ বলেন : "(হে নবী! আপনি বলে দিন) তোমরা যদি আল্লাহর ভালবাসা পেতে চাও তাহলে তোমরা আমাকে অনুসরণ কর।

---

২৯. মহান আল্লাহ্ ঘোষণা করেছেন :

وَالَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجَاهَدُوا فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ آوَوْا وَنَصَرُوا أُولَئِكَ هُمُ الْمُؤْمِنُونَ حَقًّا لَهُمْ مَغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ .

- Avj-KiÛAvb, সূরা আনফাল : ৭৪

৩০. মহান আল্লাহ্ ঘোষণা করেছেন :

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ .

- Avj-KiÛAvb, সূরা আল-হুজুরাত: ১৫।

Dhaka University Institutional Repository

তাহলে আল্লাহও তোমাদের ভালবাসবেন এবং তিনি তোমাদের সকল গোনাহ্ ক্ষমা করে দিবেন। আর আল্লাহ্ তা'আলা হলেন মহাক্ষমাশীল ও পরম দয়ালু।"[৩১]

এ প্রসঙ্গে হাদীসের এক বর্ণনায় এসেছে : "সাহাবী আনাস রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, তোমাদের কেউ মু'মিন বলে স্বীকৃত হবে না, যতক্ষন না আমি তার নিকট তার পিতা-মাতা, সন্তান ও অপরাপর সকল মানুষ অপেক্ষা অধিক প্রিয় হব।"[৩২]

Avbmvi‡'i fvjevmv: আনসারদের ভালবাসাও ঈমানের একটি নিদর্শন। হাদীসে রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : সাহাবী আনাস রা. বর্ণনা করেন, নবী আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ঈমানের নিদর্শন হচ্ছে, আনসারদেরকে ভালবাসা আর নিফাকের (কপটতা) আলামত হচ্ছে তাদেরকে ঘৃণা করা।'[৩৩]

gÛwgb ev›'v‡'i‡K fvjevmv : ঈমানের অন্য একটি অনুপম নিদর্শন হলো সকল মু'মিনবান্দাদের ভালবাসা। এ প্রসঙ্গে 'আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, তোমরা মু'মিন না হলে জান্নাতে যেতে পারবে না। আর পারস্পরিক ভালবাসায় আবদ্ধ না হলে মু'মিন বলে বিবেচিত হবে না। আমি কি তোমাদের এমন আমলের কথা বলবনা? যা বাস্তবায়ন করলে তোমরা পারস্পরিক ভালবাসায় আবদ্ধ হতে পারবে? নিজেদের মাঝে সালামের ব্যাপক প্রসার ঘটাও।' [৩৪]

---

৩১. মহান আল্লাহ্ ঘোষণা করেছেন :

قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ.

মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং ৫২৪।

৩২. মূল হাদীস :

عن أنس رضي الله عنه قال : قال رسول الله صلى الله عليه وسلم: لا يؤمن أحدكم حتى أكون أحب إليه من والده وولده والناس أجمعين .

মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং ৫২৪।

৩৩. মূল হাদীস :

عن أنس رضي الله عنه عن النبي صلى الله عليه وسلم قال: أية الإيمان حب الأنصار وآية النفاق بغض الأنصار. متفق عليه

বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং ৬২১।

৩৪. মূল হাদীস :

Dhaka University Institutional Repository

gmwjg‡K fvjevmv : ঈমানের অন্য একটি বৈশিষ্ট্য ও নিদর্শন হলো দুনিয়ার সকল মুসলিম ভাইকে ভালবাসা। এ প্রসঙ্গ হাদীসে এসেছে : "আনাস রা. থেকে বর্ণিত, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন , তোমাদের কেউ মু'মিন বলে বিবেচিত হবে না যতক্ষ না অপর মুসলিম ভাইয়ের জন্যে অথবা বলেছেন প্রতিবেশীর জন্যে- সে বস্তু পছন্দ করবে যা নিজের জন্যে (পছন্দ) করে।"[৩৫]

†gngvb, cwZ‡ekxi m¤§vb Kiv I Kj¨vYgjK K_v e¨ZxZ bxie _vKv : হাদীসের এক বর্ণনা থেকে জানা যায় যে, 'প্রখ্যাত সাহাবী আবু হুরায়রা রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যে ব্যক্তি আল্লাহ তা'আলা ও পরকালের প্রতি ঈমান রাখে সে যেন কল্যাণমূলক কথা বলে অথবা নীরব থাকে। যে ব্যক্তি আল্লাহ তা'আলা ও পরকালের প্রতি ঈমান রাখে সে যেন স্বীয় প্রতিবেশীর প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করে। যে ব্যক্তি আল্লাহ আ'আলা ও পরকালের প্রতি ঈমান রাখে, সে যেন স্বীয় মেহমানকে সম্মান করে।'[৩৬]

mr Kv‡Ri Av‡'k Ges Amr Kv‡R wb‡la Kiv : আবূ সাঈদ আল-খুদুরী রা. হতে বর্ণিত : 'সাহাবী আবু সায়ীদ খুদরী রা. বলেন : আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ইরশাদ করতে শুনেছি, তোমাদের কেউ অন্যায়-অসৎকাজ সংঘটিত হতে দেখলে শক্তি দ্বারা প্রতিহত করবে। না পারলে মুখ দ্বারা প্রতিবাদ করবে এরও সামর্থ না থাকলে মনে-প্রাণে ঘৃণা করবে। আর এটিই হচ্ছে সবচে দুর্বল ঈমান।'[৩৭]

عن أبى هريرة رضي الله عنه قال : قال رسول الله صلى الله عليه وسلم: لا تدخلوا الجنة حتى تؤمنوا, ولا تؤمنوا حتى تحابوا, أولا أدلّكم على شيئ إذا فعلتموه تحاببتم أفشوا السّلام بينكم.

মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং ৫৪।

৩৫. মূল হাদীস :

عن أنس رضي الله عنه عن النبي صلى الله عليه وسلم قال: لا يؤمن أحدكم حتى يحب لأخيه، أو قال لجاره، ما يحب لنفسه.

বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং ৬০১২।

৩৬. মূল হাদীস :

عن أبى هريرة رضي الله عنه عن رسول الله صلى الله عليه وسلم قال : من كان يؤمن بالله واليوم الأخر فليقل خيرا أو ليصمت, ومن كان يؤمن بالله واليوم الآخر فليكرم جاره , ومن كان يؤمن بالله و اليوم الآخر فليكرم ضيفه.

বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং ৬০১৮।

৩৭. মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং ৪৯।

Dhaka University Institutional Repository

Kj¨vY Kvgbv I m‘c‡‘k c‘vb: কোন মানুষের ক্ষতি কামনা করা কখনই একজন মুসলিমের চরিত্র হতে পারে না। এজন্য ঈমানের বৈশিষ্ট্য ও পরিপূর্ণতার একটি নিদর্শন হলো সকল মানুষের কল্যান কামনা করা ও সদুপদেশ দেয়া। এ প্রসঙ্গে তামীম আদ-দারী রা. হতে বর্ণিত : ‘সাহাবী তামীম আদ-দারী রা. বর্ণনা করেছেন, নবী আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন : কল্যাণকামনাই হল দ্বীন, আমরা বললাম, কার জন্যে? নবীজী বললেন : আল্লাহর জন্যে, তাঁর রাসূল ও তাঁর কিতাবের জন্যে এবং সাধারণ মুসলমান ও তাদের নেতৃবর্গের জন্যে।’[৩৮]

1. 2. 2. mvjvZ

ঈমান আনায়নের পর ব্যক্তির উপর প্রথম ফরয হলো সালাত বা নামায। ঈমান দ্বারা আল্লাহর সাথে বান্দার সম্পর্ক স্থাপিত হয়। আর নামায দ্বারা সে সম্পর্ক হয় গাঢ় ও সুপ্রতিষ্ঠিত। রাসূল করীম (সা:) মি’রাজে আল্লাহর স্বাক্ষাত পান। আর মু’মিনের মি’রাজ হলো নামায। এতে আল্লাহর সাথে বান্দার সরাসরি মিলন ও আলাপ হয়। মানুষ এ দ্বারা আধ্যাত্মিক সফলতার চরম শিখরে উপনীত হয়।

1. 2. 2. 1. mvjv‡Zi AvwfavwbK I cwifwlK A_

সালাত নামায এর আরবী শব্দ। আর নামায একটি অতি সুপরিচিত ফার্সী শব্দ। নামায শব্দের অর্থ ইসলাম ধর্ম মতে-ফজর, যোহর, আসর, মাগরিব ও এশা দৈনিক এ পাঁচবার অবশ্য করণীয় (ফরজ) এবাদাত বা উপসনা। আর সালাত অর্থ-নামায, ইসলামের বিধান অনুযায়ী ইবাদত বা উপসনা, দূরূদ, দোয়া, আশির্বাদ।[৩৯]

---

৩৮. মূল হাদীস :

عن تميم الداري رضي الله عنه أن النبي صلى الله عليه وسلم قال: الدين النصيحة. قلنا لمن؟ قال: لله ولكتابه ولرسوله ولأئمة المسلمين و عامتهم.

মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, ১খ., পৃ. ১৮২, হাদীস নং ৮২।

৩৯. “সালাত” এর আভিধানিক অর্থ– কারো দিকে মুখ করা, নিকটবর্তী হওয়া, অগ্রসর হওয়াএবং দোয়া করা।

লিসানুল ’আরব এর প্রণেতা বলেন : الصلاة : الركوع والسجود “ রুকু” এবং সিজ্দাহ্ করা ।”

- ইবন মানযুর, wjmvbj Avive, প্রাগুক্ত, ২খ., পৃ. ৩৯৮।

আল্-আয্হারী বলেন : الصلاة عندي الرحمة “আমার নিকট সালাত অর্থ রহমত বা দয়া।”

-প্রাগুক্ত, পৃ. ৩৯৮।

“সালাত” এর আভিধানিক অর্থ–দু‘আ, তাস্বীহ, ইস্তিগফার (ক্ষমা প্রার্থনা), রাহমাত, ছানা (প্রশংসা), দয়া ও করুণা কামনা।

Dhaka University Institutional Repository

পারিভাষিক অর্থে সালাত সেই সুনির্দিষ্ট 'ইবাদতের নাম যা আরকান-ই ইসলাম তথা ইসলামের স্তম্ভসমূহের অন্তর্গত'।[৪০]

ইসলামের পাঁচটি মূলস্তম্ভের মধ্যে দ্বিতীয় স্তম্ভ হ'ল সালাত। সৃষ্টির শ্রেষ্ঠ জীব আল্লাহর খলীফা বা প্রতিনিধি হিসেবে স্রষ্টার প্রতি করণীয় ইবাদতগুলোর মধ্যে সালাত কায়েম করা হল প্রথম এবং প্রধান 'ইবাদত। একজন মানুষ এ সালাত আদায় করে মুসলমানদের অন্তর্ভূক্ত হতে পারে। পবিত্র কুরআনে আল্লাহ বলেন : "তোমরা সালাত কায়েম কর এবং মুশরিকদের দলভূক্ত হয়ো না।"[৪১]

এ প্রসঙ্গে হাদীসের এক বর্ণনায় রাসূল করীম সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন : "মুমিন এবং কুফরের মধ্যে সালাতই পার্থক্যকারী।"[৪২]

নামাযের মাধ্যমেই আল্লাহ ও বান্দার মধ্যে একটি গভীর সম্পর্ক সৃষ্টি হয় এবং আল্লাহর সান্নিধ্য লাভের একটি সুযোগ এনে দেয়। এ প্রসঙ্গে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : "ব্যক্তি সিজদারত অবস্থায় তার রবের সবচেয়ে নিকটবর্তী হয়।"[৪৩]

- Bmjvgx wek‡Kvl, প্রাগুক্ত, ২৪শ খন্ড (২য় ভাগ), পৃ. ১১১।

৪০. এ ছাড়া শরী'য়াতের পরিভাষায় সালাতের কয়েকটি অর্থ করা হয়। যেমন :
K. cksmv Kiv : সালাতের মাধ্যমে আল্লাহর গুণ-কীর্তন করা হয় বলে এর অর্থ প্রশংসা করা।
L. Abbq-webq Kiv : কেননা সালাতের মাধ্যমে আল্লাহর নিকট বিনয়তা প্রকাশ করা হয়।
M. ÿgv cv_bv Kiv : সালাতের মাধ্যমে আমরা আল্লাহর নিকট কৃত গুনাহের ক্ষমা প্রার্থনা করা হয়।
N. AvZmgcb Kiv : সালাতের মাধ্যমে স্রষ্টার নিকট পরিপূর্ণভাবে আত্মসমর্পন করা হয়।।

৪১. এ প্রসঙ্গে মহান আল্লাহ্ বলেন :

أَقِيمُوا الصَّلَاةَ وَلَا تَكُونُوا مِنَ الْمُشْرِكِينَ...

- Avj-KiÛAvb, সূরা লুকমান : ১২-১৭।

৪২. এ প্রসঙ্গে মহানবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন :

الفرق بين الكفر والإيمان ترك الصلاة.

-তিরমিজি, Avm-mbvb, হাদীস নং : ২৫৪৩।

৪৩ এ প্রসঙ্গে মহানবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন :

أقرب ما يكون العبد من ربه وهو ساجد .

-মুসলিম, Avm-mnxn, হাদীস নং : ৭৪৪।

Dhaka University Institutional Repository

1. 2. 2. 2. mvjvZ Z_v bvgvh Av‘v‡qi dhxjZ

নির্ধারিত সময়ের মধ্যে নামায পড়াই যথেষ্ট নয়, বেনামাযীর নামাযকে সুষ্ঠুভাবে ও সঠিকভাবে পড়াও জরচরি। সঠিকভাবে নামায না পড়া, নামায না পড়ারই শামিল। আর জামা‘আতে নামায আদায় করার মর্যাদা অধিক। এ প্রসঙ্গে আল্লাহ্ তা‘আলা বলেন : “যেদিন কঠিন সময় উপস্থিত হবে, এবং লোকদেরকে সিজদা করার জন্য ডাকা হবে, তখন তারা সিজদা করতে পারবেনা। তাদের দৃষ্টি নিচু হবে, লাঞ্ছনা-অপমান তাদের ওপর চেপে বসবে। তারা যখন সুস্থ ও নিরাপদ ছিল, তখন তাদেরকে সিজদা করার জন্য ডাকা হচ্ছিল।” কিন্তু তারা তা অস্বীকার করতো।[৪৪]

এ আয়াতের প্রথমাংশে কিয়ামতের দিনের দৃশ্য দেখানো হয়েছে। তাদের ওপর অবমাননার ছাপ থাকবে। অথচ দুনিয়ার জীবনে তাদেরকে সিজদা করতে ডাকা হতো। ইবরাহীম তামীমী এর ব্যাখ্যা প্রসঙ্গে বলেন : অর্থাৎ আযান ও ইকামাত দ্বারা তাদেরকে ফরয নামাযের দিকে ডাকা হতো। সাঈদ ইবনুল মুসাইয়াব (রা) বলেন : তারা আযান শুনতো, অথচ সুস্থ সবল থাকা সত্ত্বেও জামাআতে হাজির হতো না।

কা’ব আল আহবার (রা) বলেন : এ আয়াত কেবলমাত্র নামাযের জামাআতে অনুপস্থিত থাকা লোকদের প্রসঙ্গে নাযিল হয়েছিল। এ থেকে বিনা ওযরে জামাআতে উপস্থিত না হওয়ার কী ভীষণ পরিণাম, তা জানা যায়। আল্লাহ্র রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন “আমার ইচ্ছা হয়, নামাযের জামাআত অনুষ্ঠিত হোক, তাতে আমি একজন ইমাম নিয়োগ করি, অতপর শুকনো কাঠ বহনকারী একদল লোক সাথে নিয়ে যারা জামাআতে আসেনি তাদের বাড়িতে গিয়ে তাদের বাড়ি জ্বালিয়ে দিই।”[৪৫]

হাদীসে আছে যে, এক অন্ধ ব্যক্তি রাসূল (স)-এর কাছে এসে বললো : “হে আল্লাহ্র রাসূল (স)! আমাকে মসজিদে নিয়ে যেতে পারে এমন কেউ নেই। আমাকে বাড়িতে নামায পড়ার অনুমতি দিন। রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে অনুমতি দিলেন। সে চলে যেতে উদ্যত হলে তাকে

---

৪৪. এ প্রসঙ্গে মহান আল্লাহ্ বলেন :

يَوْمَ يُكْشَفُ عَنْ سَاقٍ وَيُدْعَوْنَ إِلَى السُّجُودِ فَلَا يَسْتَطِيعُونَ . خَاشِعَةً أَبْصَارُهُمْ تَرْهَقُهُمْ ذِلَّةٌ وَقَدْ كَانُوا يُدْعَوْنَ إِلَى السُّجُودِ وَهُمْ سَالِمُونَ.

- Avj-KiÛAvb, সূরা আল কালাম : আয়াত ৪২-৪৩

৪৫. বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং-২১৫।

Dhaka University Institutional Repository

ডেকে বললেন : তুমি কি আযান শুনতে পাও? সে বললো : হ্যাঁ। তিনি বলেন : তাহলে মসজিদে যাবে।"[৪৬]

অপর এক হাদীসের এক বর্ণনায় এসেছে, "আমর ইবনে উম্মে মাকতুম রাসূল (স)-এর কাছে এলেন। তিনি বললেন : হে আল্লাহ্‌র রাসূল (স)! মদীনা অনেক হিংস্র জীবজন্তুতে পূর্ণ শহর। আমি চোখে দেখিনা। বাড়িও অনেক দূরে। আমাকে মসজিদে নিয়ে যেতে পারে এমন একজন আছে বটে। তবে সে আমার উপযুক্ত নয়। আমি কি বাড়িতে নামায পড়তে পারি? রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন : তুমি কি আযান শুনতে পাও? তিনি বললেন : হ্যাঁ, পাই। রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন : তাহলে তুমি মসজিদে যাবে। আমি তোমাকে বাড়িতে নামায পড়ার অনুমতি দিতে পারি না।"[৪৭]

এ হাদীস থেকে সহজেই বুঝা যায় যে, একজন সুস্থ মানুষের পক্ষে জামাআতে হাজির না হওয়া কোন ক্রমেই বৈধ হতে পারে না। কেননা, রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম একজন অন্ধ ব্যক্তিকেও বাড়িতে নামায পড়ার অনুমতি দেননি। এজন্য ইবনে আব্বাস (রা) কে যখন জিজ্ঞেস করা হলো যে, এক ব্যক্তি সব সময় দিনে রোযা রাখে ও রাতে নামায পড়ে, কিন্তু জামাআতে নামায পড়ে না। তার কি হবে? তিনি বললেন : এরূপ করতে থাকা অবস্থায় মারা গেলে সে জাহান্নামে যাবে।"[৪৮]

আল্লাহ্‌র রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন : যে ব্যক্তি নামাযের ডাক শুনলো কিন্তু কোন ওজর না থাকা সত্ত্বেও জামাআতে হাজির হলো না, তার একাকী পড়া নামায কবুল হবে না। জিজ্ঞেস করা হলো যে, কি ধরনের ওজর? রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন : রোগ অথবা বিপদের আশংকা।"[৪৯]

ইবনে আব্বাস (রা) থেকে বর্ণিত আল্লাহ্‌র রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : "তিন ব্যক্তিকে আল্লাহ্ লা'নত করেছেন : (১) যে ব্যক্তি জনগণের ইচ্ছার বিরচদ্ধে তাদের নেতা হয়। (২)

৪৬. মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং-৪১২৫।
৪৭. আবূ দাউদ, Avm-mbvb, প্রাগুক্ত, হাদীস নং-৮৫৪।
৪৮. তিরমিযী, Avm-mbvb, প্রাগুক্ত, হাদীস নং-৮১২।
৪৯. আবূ দাউদ, Avm-mbvb, প্রাগুক্ত, হাদীস নং-৭৪৫।

Dhaka University Institutional Repository

যে নারীর ওপর স্বামী অসন্তুষ্ট থাকা অবস্থায় রাত অতিবাহিত হয়ে যায়। (৩) যে আযান শুনেও জামাআতে উপস্থিত হয়না।"[৫০]

আলী (রা) বলেন : "মসজিদের প্রতিবেশীর নামায মসজিদে ছাড়া জায়িয নয়। তাঁকে জিজ্ঞেস করা হলো, মসজিদের প্রতিবেশী কে? তিনি বললেন : যে বাড়িতে বসে আযান শুনতে পায়।"[৫১]

আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা) বলেন : "আমরা নামাযের জামাআতে অনুপস্থিত ব্যক্তিকে মুনাফিক অথবা রোগী ছাড়া আর কিছু ভাবতাম না।"[৫২]

ইবনে উমর (রা) জানান যে, একবার উমর (রা) তাঁর খেজুরের বাগান দেখতে গিয়েছিলেন। এসে দেখেন আসরের জামাআত শেষ হয়ে গেছে। তিনি তৎক্ষাৎ ঐ খেজুরের বাগান দরিদ্র লোকদের নামে সাদকা করে দিলেন, যাতে সে দান জামাআত ছুটে যাওয়ার ক্ষতি পূরণ করে দেয়।

জামাআতে নামায পড়ার ব্যাপারে সবচেয়ে বেশি গুরচত্ব দিতে বলা হয়েছে ইশা ও ফজরের নামাযকে। কারণ রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন : এই দুটি নামায অর্থাৎ ফজর ও ইশা মুনাফিকের জন্য সবচেয়ে কঠিন। এ দুটি নামায জামাআতে পড়ার সাওয়াব কত তা জানলে লোকে কিছুতেই তা ত্যাগ করতো না।"[৫৩]

ইমাম বুখারী ও ইমাম মুসলিমের শ্রিক্ক উবাইদুল্লাহ বিন উমার কাওয়ারীরী বলেন যে, আমি কখনো ইশার নামায জামাআতে পড়তে ভুলতাম না। কিন্তু একদিন আমার বাড়িতে এক মেহমান আসায় তাকে নিয়ে ব্যস্ত হওয়ার কারণে ইশার জামাআত পড়তে পারলাম না। পরে ইশার নামায ২৭ বার পড়লাম। কারণ, হাদীসে আছে, জামাআতে নামাযের সাওয়াব ২৭ গুণ বেশি। কিন্তু রাতে স্বপ্নে দেখলাম, আমি এক দল ঘোড়া সাওয়ারের সাথে দৌড়ে পাল্লা দিচ্ছি। কিন্তু আমি পেছনে পড়ে যাচ্ছি। যারা আগে ছিল তারা বললো, তুমি কখনো আমাদেরকে ধরতে পারবে না। কেননা, আমরা ইশার নামায জামাআতে পড়েছি আর তুমি আদায় করেছো একাকী।

---

৫০. হাকিম, Avj-gmZv' ivK, প্রাগুক্ত, হাদীস নং-৪১২৫।
৫১. আহমাদ, আল-মুসনাদ, (মিশর : কর্দোভা, তা.বি.), হাদীস নং-১২৩৬৫।
৫২. বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং-৫১২।
৫৩. বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং-৯৬৫।

Dhaka University Institutional Repository

1. 2. 2. 3. Bmjv‡g bvgvh ZiKKvixi weavb

ইচ্ছাকৃতভাবে নামায তরককারী অথবা নামাযের ফরযিয়াতকে অস্বীকারকারী ব্যক্তি কাফির ও জাহান্নামী। ঐ ব্যক্তি ইসলাম হ'তে বহিষ্কৃত। কিন্তু যে ব্যক্তি ঈমান রাখে, অথচ অলসতা ও ব্যস্ততার অজুহাতে নামায তরক করে কিংবা উদাসীনভাবে নামায আদায় করে ও তার প্রকৃত হেফাযত করে না, সে ব্যক্তি সম্পর্কে শরী'আতের বিধান সমূহ নিম্নরূপ :

এ প্রসঙ্গে মহান আল্লাহ্ বলেন : 'অত:পর দুর্ভোগ ঐ সব মুসল্লীর জন্য। যারা তাদের নামায থেকে উদাসীন। 'যারা তা লোকদেরকে দেখায়।'[৫৪]

অলস ও লোক দেখানো মুছল্লীদের আল্লাহ্ মুনাফিক ও প্রতারক বলেছেন। এ প্রসঙ্গে মহান আল্লাহ্ বলেন : 'নিশ্চয়ই মুনাফিকরা প্রতারণা করে আল্লাহ্র সাথে। অথচ তিনি তাদেরকেই ধোঁকায় নিক্ষেপ করেন। তারা যখন নামাযে দাঁড়ায়, তখন অলসভাবে দাঁড়ায় লোক দেখানোর জন্য। আর তারা আল্লাহ্কে অল্পই স্মরণ করে।'[৫৫]

এ প্রসঙ্গে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহিস্ সালাম এরশাদ করেন : 'যে ব্যক্তি নামাযের হেফাযত করল না ...সে ব্যক্তি ক্বিয়ামতের দিন ক্বারূণ, ফেরাঊন, হামান ও উবাই বিন খালাফের সঙ্গে থাকবে।'

---

৫৪ . মহান আল্লাহ ঘোষণা করেছেন :

فَوَيْلٌ لِلْمُصَلِّيْنَ، الَّذِيْنَ هُمْ عَنْ صَلاَتِهِمْ سَاهُوْنَ، الَّذِيْنَ هُمْ يُرَآءُوْنَ.

Avj-KiÛAvb, সূরা আল-মাউন, আয়াত : ৪-৬

৫৫ . মহান আল্লাহ ঘোষণা করেছেন :

إِنَّ الْمُنَافِقِيْنَ يُخَادِعُوْنَ اللهَ وَهُوَ خَادِعُهُمْ وَإِذَا قَامُوْا إِلَى الصَّلاَةِ قَامُوْا كُسَالَى يُرَآءُوْنَ النَّاسَ وَلاَ يَذْكُرُوْنَ اللهَ إِلاَّ قَلِيلاً.

Avj-KiÛAvb, সূরা আন-নিসা, আয়াত : ১৪২ ।

Dhaka University Institutional Repository

1. 2. 3. mvIg ev †ivhv

1. 2. 3. 1. mvI‡gi AvwfavwbK I cwifvwlK A_

রোযা (صوم) শব্দটি আরবী । ফারসী ভাষায় একে রোযা বলা হয় এবং বাংলা ও উর্দূ ভাষায় তা বহুল প্রচলিত। রোযার আভিধানিক অর্থ প্রসঙ্গে লিসানুল আরব গ্রন্থের প্রণেতা বলেন : "রোযা হচ্ছে, খানা পিনা, অনর্থক কথা ও স্ত্রী সহবাস পরিত্যাগ করা। এখানে রোযা অর্থ চুপ থাকা।"[৫৬] যেমন আল-কুরআনে এসেছে, "নিশ্চয়ই আমি প্রভুর জন্য একটি রোযা মান্নত করেছি।"[৫৭]

আফিফ আব্দুল ফাত্তাহ বলেন : "রোযা অর্থ হচ্ছে, কোনো কিছু থেকে বিরত থাকা।"[৫৮]

পারিভাষিক অর্থে রোযা সম্পর্কে সাইয়্যেদ সাবিক বলেন : "রোযার নিয়তে সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত যাবতীয় পানাহার থেকে বিরত থাকাকে রোযা বলে।"[৫৯]

এ প্রসঙ্গে আফীফ আব্দুল ফাত্তাহ বলেন : "আল্লাহ তা'আলার নৈকট্য লাভের উদ্দেশ্যে ফজর থেকে সূর্যাস্ত পর্যন্ত যাবতীয় খাবার, পানাহার ও যৌন সংযোগ থেকে বিরত থাকার নামই হচ্ছে রোযা।"[৬০]

---

৫৬. ইব্ন মানযূর রহ. বলেন :

الصوم : ترك الطعام والشراب والنكاح والكلام..

-wjmvbj Avie, প্রাগুক্ত, পৃ. ৪০৩।

৫৭. মহান আল্লাহ্ বলেন :

إني نذرت للرحمن صوما.

- Avj-KziÒAvb, সূরা মরিয়ম, আয়াত : ২৬।

৫৮. রূহুদ্দীন আল-ইসলামী-এর গ্রন্থকার বলেন :

الصوم الإمساك والكف عن الشيئ.

-i|û Ïxb Avj Bmjvgx, প্রাগুক্ত, পৃ. ২৫৩।

৫৯. সাইয়্যেদ আস-সাবিক রহ. বলেন :

الصوم هو الإمساك عن المفطرات,من طلوع الفجر إلى غروب الشمس مع النية.

-wdKûm-mbvn, প্রাগুক্ত, পৃ.৩২১।

৬০. আফীফ আত-তাব্বারা রহ. বলেন :

الإمساك عن الأكل والشرب والاتصال الجنسي من الفجر إلى غروب الشمس ابتغاء مرضاة الله.

-i|û Ïxb-Avj-Bmjvgx, প্রাগুক্ত, পৃ. ২৫৩।

Dhaka University Institutional Repository

মোটকথা, রোযার নিয়তে সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত যাবতীয় পানাহার ও স্ত্রী সহবাস থেকে বিরত থাকাকে রোযা বলে। রোযা পালনকারীর মিথ্যাকথা ও মিথ্যা কাজ এবং পরনিন্দা ইত্যাদি নিকৃষ্ট কাজ থেকেও বিরত থাকা কর্তব্য।

1. 2. 3. 2. ighvb gv‡mi dRxjZ I ghv‘v

রমযান মাসের আগমনে মুসলিমগণ আনন্দ প্রকাশ করে থাকেন। আনন্দ প্রকাশ করাই স্বাভাবিক স্বত:স্ফূর্ততা। আল্লাহ রাব্বুল আলামীন বলেন : "বল, এটা আল্লাহর অনুগ্রহ ও তাঁর দয়ায়। সুতরাং এতে তারা আনন্দিত হোক। তারা যা সঞ্চয় করে এটা তার চেয়ে উত্তম।"[৬১]

পার্থিব কোনো সম্পদের সাথে আল্লাহর এ অনুগ্রহের তুলনা চলে না, তা হবে এক ধরনের অবাস্তব কল্পনা। যখন রমজানের আগমন হত তখন রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অতিশয় আনন্দিত হতেন, তাঁর সাহাবাদের বলতেন : তোমাদের দ্বারে বরকতময় মাস রমযান এসেছে।[৬২]

এরপর তিনি এ মাসের কিছু ফযীলত বর্ণনা করে বলতেন : আল্লাহ তা'আলা তোমাদের জন্য রোযা পালন ফরজ করেছেন। এ মাসে আকাশের দ্বারসমূহ খুলে দেয়া হয়। বন্ধ করে দেয়া হয় জাহান্নামের দরজাগুলো। অভিশপ্ত শয়তানকে বন্দি করা হয়। এ মাসে রয়েছে একটি রাত যা হাজার রাতের চেয়ে শ্রেষ্ঠ। যে ব্যক্তি এর কল্যাণ থেকে বঞ্চিত হলো সে মূলত সকল কল্যাণ থেকে বঞ্চিত হল।[৬৩]

নিম্নে এ মাসের ফজীলত সম্পর্কে কুর'আন ও হাদীসের আলোকে আলোচনা পেশ করা হলো :

---

৬১. মহান আল্লাহ্ বলেন :

قُلْ بِفَضْلِ اللهِ وَبِرَحْمَتِهِ فَبِذَلِكَ فَلْيَفْرَحُوا هُوَ خَيْرٌ مِمَّا يَجْمَعُونَ.

- Avj-KiÛAvb, সূরা ইউনুস, : ৫৮।

৬২. মূল আরবী :

أتاكم رمضان شهر مبارك.

-নাসাঈ, Avm-mbvb, প্রাগুক্ত, হাদীস নং-২১০৫।

৬৩. মূল হাদীস :

فرض الله عز وجل عليكم صيامه، تفتح فيه أبواب السماء، وتغلق فيه أبواب الجحيم، وتغل فيه مردة الشياطين، فيه ليلة خير من ألف شهر، من حرم خيرها فقد حرم.

-নাসায়ী, Avm-mbvb, প্রাগুক্ত, হাদীস নং-২১০৫।

Dhaka University Institutional Repository

GK. †ivhv cvjb Bmjv‡gi GKwU i"Kb : হজ জিলহজ্জ মাসের সাথে সম্পর্কিত হওয়ার কারণে সে মাসের মর্যাদা যেমন বৃদ্ধি করেছে। তেমনিভাবে রোযা রমযান মাসে হওয়ার কারণে এ মাসের মর্যাদা বেড়ে গেছে। এ প্রসঙ্গে আল্লাহ রাব্বুল আলামীন বলেন : ‘হে মুমিনগণ! তোমাদের ওপর রোযা ফরজ করা হয়েছে, যেমনি ফরজ করা হয়েছে তোমাদের পূর্ববর্তীদের ওপর যাতে তোমরা মুত্তাকি হতে পার।”[৬৪]

রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: ইসলাম যে পাঁচটি ভিত্তির উপর প্রতিষ্ঠিত তার একটি হল রোযা পালন। এ রোযা জান্নাত লাভের একটি মাধ্যম ; যেমন হাদীসে এসেছে : “যে আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনল, সালাত কায়েম করল, যাকাত আদায় করল, রোযা পালন করল রমযান মাসে, আল্লাহ তা‘আলার কর্তব্য হয়ে যায় তাকে জান্নাতে প্রবেশ করানো...।”[৬৫]

‘B. Ki0Avb bwh‡ji gvm nj ighvb : আল্লাহ্ তা‘আলা যত আসমানী কিতাব নাযিল করেছেন, সেগুলোর কোনো কিতাবই রমযান মাসে নাযিল করেননি। একমাত্র মহাগ্রন্থ আল-কুর’আনই রমযান মাসে নাযিলকৃত আসমানী কিতাব। এ প্রসঙ্গে আল্লাহ রাব্বুল আলামীন বলেন : “রমযান মাস, এতে নাযিল করা হয়েছে আল-কুর’আন, যা মানুষের দিশারী এবং স্পষ্ট নিদর্শন ও সত্যাসত্যের পার্থক্যকারী।”[৬৬]

---

৬৪. আল্লাহ্ তা‘আলা বলেন :

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ .

- Avj-Ki0Avb, সূরা বাকারা: ১৮৩।

৬৫. মূল হাদীস :

من آمن بالله ورسوله، وأقام الصلاة، وآتى الزكاة، وصام رمضان، كان حقاً على الله أن يدخله الجنة .

-বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং-৭৪২৩

৬৬. আল্লাহ্ তা‘আলা বলেন :

شَهْرُ رَمَضَانَ الَّذِي أُنْزِلَ فِيهِ الْقُرْآنُ هُدًى لِلنَّاسِ وَبَيِّنَاتٍ مِنَ الْهُدَى وَالْفُرْقَانِ.

- Avj-Ki0Avb, সূরা বাকারা : ১৮।

রমযান মাসে সপ্তম আকাশের লওহে মাহফুজ থেকে দুনিয়ার আকাশের বায়তুল ইজ্জতে মহাগ্রন্থ আল-কুর’আন এক সাথে নাযিল হয়েছে। সেখান থেকে আবার রমযান মাসে অল্প অল্প করে রাসূলুল্লাহ্ সা.-এর প্রতি নাযিল হতে শুরু করে। কুর’আন নাযিলের দুটি পর্বই রমযান মাসকে ধন্য করেছে। শুধু আল-কুর’আনই

Dhaka University Institutional Repository

wZb. G gv‡m RvbvZ, Rvnvbvg I kqZv‡bi Ae¯v : রমযান মাসে জান্নাতের দরজাগুলো খুলে দেয়া হয় ও জাহান্নামের দরজাগুলো বন্ধ করে দেয়া হয়। শৃঙ্খলাবদ্ধ করা হয় শয়তানদের। এ প্রসঙ্গে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন : "যখন রমযান মাসের আগমন ঘটে তখন জান্নাতের দরজাগুলো খুলে দেয়া হয়, জাহান্নামের দরজাগুলো বন্ধ করে দেয়া হয় এবং শয়তানদের আবদ্ধ করা হয়। অন্য বর্ণনায় বলা হয়েছে,'শয়তানদের শিকল পরানো হয়।"[৬৭]

তাই শয়তান রমজানের পূর্বে যে সকল স্থানে অবাধে বিচরণ করত রমযান মাস আসার ফলে সে সকল স্থানে যেতে পারে না। শয়তানের তৎপরতা দুর্বল হয়ে যায়। ফলে দেখা যায় ব্যাপকভাবে মানুষ তওবা, ধর্মপরায়ণতা ও সৎকর্মের দিকে অগ্রসর হয় পাপাচার থেকে দূরে থাকে। তারপরও কিছু মানুষ অসৎ এবং অন্যায় কাজ-কর্মে তৎপর থাকে। কারণ, শয়তানের কু-প্রভাবে তারা অনেক বেশি প্রভাবিত হয়ে পড়েছে।

Pvi. ighvb gv‡m jvBjvZj K'‡ii Ae¯vb : উল্লেখ্য যে, আল্লাহ্ তা'আলার সকল বান্দাহর মধ্যে সর্বশ্রেষ্ঠ জাতি হলো মানবজাতি। এ মানবজাতিকে আল্লাহ্ তা'আলা এমন একটি হাদীয়া দিয়েছেন যা দেখে পূর্ববর্তী নবীরাও পর্যন্ত আফসোস করেছে। তন্মধ্যে একজন মু'মিনের নিকট সবচেয়ে আকর্ষণীয় বিষয় হলো লাইলাতুল ক্বদর। যা মহান আল্লাহর কাছে হাজার মাসের চেয়েও উত্তম। আর এটি রমযানুল মুবারকেই অবস্থিত। এ প্রসঙ্গে আল্লাহ তা'আলা বলেন :

নয় বরং ইবরাহীম আ.-এর সহীফা, তাওরাত, যবুর, ইঞ্জীল সহ সকল ঐশী গ্রন্থ এ মাসে অবতীর্ণ হয়েছে বলে তাবরানী বর্ণিত একটি সহীহ হাদীসে উল্লেখ করা হয়েছে।

এ মাসে মানুষের হিদায়াত ও আলোকবর্তিকা যেমন নাযিল হয়েছে তেমনি আল্লাহর রহমত হিসেবে এসেছে রোযা। তাই এ দুই নিয়ামতের শুকরিয়া আদায় করতে বেশি বেশি করে কুর'আন তিলাওয়াত করা উচিত। প্রতি বছর রমযান মাসে জিবরীল রাসূলুল্লাহ সা.-কে পূর্ণ কুর'আন শোনাতেন এবং রাসূল সা.-ও তাকে পূর্ণ কুর'আন শোনাতেন। আর জীবনের শেষ রমজানে আল্লাহর রাসূল দু'বার পূর্ণ কুর'আন তিলাওয়াত করেছেন। যা সহীহ মুসলিমের হাদীস দ্বারা প্রমাণিত।

৬৭. মূল হাদীস :

إذا جاء رمضان فتحت أبواب الجنة، وأغلقت أبواب النار، وصفدت الشياطين. وفي لفظ (وسلسلت الشياطين).

-মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং-২৫৪৭

Dhaka University Institutional Repository

"লাইলাতুল কদর সহস্র মাস অপ্রেক্ষ উত্তম। সে রাতে ফেরেশতাগণ ও রূহ অবতীর্ণ হয় প্রত্যেক কাজে তাদের প্রতিপালকের অনুমতিক্রমে। শান্তিই শান্তি, সে রজনী উষার আবির্ভাব পর্যন্ত।"[৬৮]

cvP. ighvb gvm †'vqv Ke‡ji gvm : রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন : আল্লাহ রাব্বুল আলামীন রমজানের প্রতি রাতে ও দিনে বহু মানুষকে মুক্তি দিয়ে থাকেন এবং প্রতি রাত ও দিবসে মুসলিমের দোয়া-প্রার্থনা কবুল করা হয়।[৬৯]

তাই প্রত্যেক মুসলমান এ সুযোগকে কাজে লাগিয়ে নিজের কল্যাণের জন্য যেমন দোয়া-প্রার্থনা করবে, তেমনি সকল মুসলিমের কল্যাণ, শান্তি ও নিরাপত্তার জন্য সর্বশক্তিমান আল্লাহর কাছে প্রার্থনা জ্ঞাপন করবে।

Qq. ighvb cvc †_‡K •gv jv‡fi gvm : যে ব্যক্তি রমযান মাস পেয়েও তার পাপসমূহ ক্ষমা করানো থেকে বঞ্চিত হলো আল্লাহর রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম তাকে ধিক্কার দিয়েছেন। তিনি বলেছেন : ঐ ব্যক্তির নাক ধুলায় ধূসরিত হোক যার কাছে রমযান মাস এসে চলে গেল অথচ তার পাপগুলো ক্ষমা করা হয়নি।[৭০]

সত্যিই সে প্রকৃত পক্ষে সকল কল্যাণ থেকে বঞ্চিত যে এ মাসেও আল্লাহ রাব্বুল আলামীনের অনুগ্রহ থেকে বঞ্চিত রয়ে গেল।

mvZ. ighvb Rvnvbvg †_‡K gw³ jv‡fi gvm : রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : রমযান মাসের প্রথম রজনীর যখন আগমন ঘটে তখন শয়তান ও অসৎ জিনগুলোকে বন্দি করা

---

৬৮. আল্লাহ্ তা'আলা বলেন :

لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِنْ أَلْفِ شَهْرٍ . تَنَزَّلُ الْمَلَائِكَةُ وَالرُّوحُ فِيهَا بِإِذْنِ رَبِّهِمْ مِنْ كُلِّ أَمْرٍ . سَلَامٌ هِيَ حَتَّى مَطْلَعِ الْفَجْرِ .

- Avj-KiÛAvb, সূরা আল-কদর : ৩-৫

৬৯. মূল হাদীস :

إن لله تبارك وتعالى عتقاء في كل يوم وليلة، (يعني في رمضان) وإن لكل مسلم في كل يوم وليلة دعوة مستجابة.

-gvRgD gAvjøvdwZj Avjevbx, প্রাগুক্ত, হাদীস নং-১০০২

৭০. মূল হাদীস :

.. رغم أنف رجل، دخل عليه رمضان، ثم انسلخ قبل أن يغفر له.

-Rv‡gDj Dmj wd Avnw'wmi ivmj, ১৪১০।

Dhaka University Institutional Repository

হয়। জাহান্নামের দরজাগুলো বন্ধ করে দেয়া হয়, এ মাসে একটি দরজাও খোলা হয় না। জান্নাতের দরজাসমূহ খুলে দেয়া হয়, এ মাসে তা আর বন্ধ করা হয় না। প্রত্যেক রাতে একজন ঘোষণাকারী এ বলে ঘোষণা দিতে থাকে যে, হে সৎকর্মের অনুসন্ধানকারী তুমি অগ্রসর হও! হে অসৎ কাজের অনুসন্ধানকারী তুমি থেমে যাও! এ মাসের প্রতি রাতে আল্লাহ তা'আলা জাহান্নাম থেকে বহু মানুষকে মুক্তি দিয়ে থাকেন।[৭১]

AvU. ighvb gv‡m mrK‡gi cwZ'vb eû ¸‡Y ew× K‡i †'qv nq : যেমন হাদীসে এসেছে যে, রমযান মাসে ওমরাহ করলে একটি হজের সওয়াব পাওয়া যায়। শুধু তাই নয়, বরং, রমযান মাসে ওমরাহ করা আল্লাহর রাসূলের সাথে হজ আদায়ের মর্যাদা রাখে। এমনিভাবে সকল ইবাদত-বন্দেগীসহ সকল সৎকাজের প্রতিদান কয়েক গুণ বৃদ্ধি করে দেয়া হয়।

bq. ighvb ˆah I me‡ii gvm : এ মাসে ঈমানদার ব্যক্তিগণ খাওয়া-দাওয়া, বিবাহ-শাদি ও অন্যান্য সকল আচার-আচরণে ধৈর্য ও সবরের এত অধিক অনুশীলন করেন তা অন্য কোনো মাসে বা অন্য কোনো পর্বে করেন না। এমনিভাবে রোযা পালন করে যে ধৈর্যের প্রমাণ দেয়া হয় তা অন্য কোনো ইবাদতে পাওয়া যায় না। আল্লাহ্ রাব্বুল আলামীন বলেন : ধৈর্যশীলদের তো বিনা হিসাবে পুরস্কার দেয়া হবে।[৭২]

---

৭১. মূল হাদীস :

إذا كان أول ليلة من رمضان صفدت الشياطين ومردة الجن، وغلقت أبواب النار، فلم يفتح منها باب، وفتحت أبواب الجنة فلم يغلق منها باب، وينادي مناد كل ليلة : يا باغي الخير أقبل! ويا باغي الشر أقصر! ولله عتقاء من النار، وذلك في كل ليلة.

-Avm mbvb Avm mMiv, প্রাগুক্ত, হাদীস নং-১৪২৯।

৭২. আল্লাহ্ তা'আলা বলেন :

إِنَّمَا يُوَفَّى الصَّابِرُونَ أَجْرَهُمْ بِغَيْرِ حِسَابٍ.

-Avj-Ki\`Avb, সূরা যুমার : ১০।

Dhaka University Institutional Repository

1. 2. 3. 3. †ivhvi dhxjZ

রমযান মাসের আগমনে মুসলিমগণ আনন্দ প্রকাশ করে থাকেন। আনন্দ প্রকাশ করাই স্বাভাবিক স্বত:স্ফূর্ততা। পার্থিব কোনো সম্পদের সাথে আল্লাহর এ অনুগ্রহের তুলনা চলে না, তা হবে এক ধরনের অবাস্তব কল্পনা। যখন রমজানের আগমন হত তখন রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অতিশয় আনন্দিত হতেন। রমযান মাসে সপ্তম আকাশের লওহে মাহফুজ থেকে দুনিয়ার আকাশের বায়তুল ইজ্জতে মহাগ্রন্থ আল-কুর'আন এক সাথে নাযিল হয়েছে। সেখান থেকে আবার রমযান মাসে অল্প অল্প করে রাসূলুল্লাহ্ সা.-এর প্রতি নাযিল হতে শুরচ করে।[৭৩]

GK. †ivhv ïa Avjøvni Rb¨ : আল্লাহ রাব্বুল আলামীন নিজের সাথে রোযার সম্পর্ক ঘোষণা করেছেন। এমনিভাবে তিনি সকল ইবাদত-বন্দেগী থেকে রোযাকে আলাদা মর্যাদা দিয়েছেন। যেমন তিনি এক হাদীসে কুদসীতে বলেন: মানুষের প্রতিটি কাজ তার নিজের জন্য, কিন্তু রোযা তার ব্যতিক্রম, তা শুধু আমার জন্য, আমিই তার প্রতিদান দেব।[৭৪]

---

৭৩. কুর'আন নাযিলের দুটি পর্বই রমযান মাসকে ধন্য করেছে। শুধু আল-কুর'আনই নয় বরং ইবরাহীম আ.-এর সহীফা, তাওরাত, যবুর, ইঞ্জীল সহ সকল ঐশী গ্রন্থ এ মাসে অবতীর্ণ হয়েছে। এ মাসে মানুষের হিদায়াত ও আলোকবর্তিকা যেমন নাযিল হয়েছে তেমনি আল্লাহর রহমত হিসেবে এসেছে রোযা। তাই এ দুই নিয়ামতের শুকরিয়া আদায় করতে বেশি বেশি করে কুর'আন তিলাওয়াত করা উচিত। প্রতি বছর রমযান মাসে জিবরীল রাসূলুল্লাহ সা.-কে পূর্ণ কুর'আন শোনাতেন এবং রাসূল সা.-ও তাকে পূর্ণ কুর'আন শোনাতেন। আর জীবনের শেষ রমজানে আল্লাহর রাসূল দু'বার পূর্ণ কুর'আন তিলাওয়াত করেছেন। যা সহীহ মুসলিমের হাদীস দ্বারা প্রমাণিত।

৭৪. মূল হাদীস :

قَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ كُلُّ عَمَلِ ابْنِ آدَمَ لَهُ إِلاَّ الصِّيَامَ هُوَ لِى وَأَنَا أَجْزِى بِهِ.

-মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং- ২৭৬০।

এ হাদীস দ্বারা আমরা অনুধাবন করতে পারি নেক আমলের মাঝে রোযা পালনের গুরুত্ব আল্লাহর কাছে কত বেশি। তাই সাহাবী আবু হুরাইরা রা. যখন বলেছিলেন :

يا رسول الله مرني بعمل قال عليك بالصوم فإنه لا عدل له .

'হে রাসূলুল্লাহ! আমাকে অতি উত্তম কোনো নেক আমলের নির্দেশ দিন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন : 'তুমি রোযা পালন কর। কারণ এর সমমর্যাদার আর কোনো আমল নেই।'

- নাসায়ী, Avm-mbvb, প্রাগুক্ত, হাদীস নং- ২৫৩৪।

রোযার এত মর্যাদার কারণ কী তা আল্লাহ রাব্বুল আলামীন ভাল জানেন। তবে, আমরা যা দেখি তা হল, রোযা এমন একটি আমল যাতে লোক দেখানো ভাব থাকে না। বান্দা ও আল্লাহ তা'আলার মধ্যকার একটি অতি গোপন বিষয়। সালাত হজ, যাকাতসহ অন্যান্য ইবাদত-বন্দেগী কে করল তা দেখা যায়। পরিত্যাগ

Dhaka University Institutional Repository

‘B. †ivhvi cwZ‘vb AvjøÍvn wbR nv‡Z c‘vb Ki‡eb : রোযা আদায়কারী বিনা হিসাবে প্রতিদান লাভ করে থাকেন। কিন্তু অন্যান্য ইবাদত-বন্দেগী ও সৎ কর্মের প্রতিদান বিনা হিসাবে দেয়া হয় না। বরং প্রত্যেকটি নেক আমলের পরিবর্তে আমলকারীকে দশ গুণ থেকে সাত শত গুণ পর্যন্ত প্রতিদান দেয়া হয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : ‘মানব সন্তানের প্রতিটি নেক আমলের প্রতিদান দশ থেকে সাত শত গুণ পর্যন্ত বৃদ্ধি করা হয়। আল্লাহ তা‘আলা বলেন : কিন্তু রোযার বিষয়টা ভিন্ন। কেননা রোযা শুধু আমার জন্য আমিই তার প্রতিদান দেব।’[৭৫]

সারা জাহানের সর্বশক্তিমান প্রতিপালক আল্লাহ নিজেই যখন এর পুরস্কার দেবেন তখন কি পরিমাণে দেবেন? ইমাম আওযায়ী রহ. এ হাদীসের ব্যাখ্যায় বলেছেন : আল্লাহ যে রোযা আদায়কারীকে প্রতিদান দেবেন তা মাপা হবে না, ওজন করা হবে না।

wZb. †ivhv‘v‡ii Rb¨ †ivhv K-cewË cwZ‡iv‡ai Xvj ¯'i|c : রোযা পালনের মাধ্যমে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কু-প্রবৃত্তি থেকে বেঁচে থাকার দিক নির্দেশনা দিয়েছেন। তিনি বলেন : হে যুবকেরা! তোমাদের মাঝে যে সামর্থ্য রাখে সে যেন বিবাহ করে। কেননা বিবাহ দৃষ্টি-কে অবনত করে ও লজ্জাস্থানের সুরক্ষা দেয়। আর যে বিবাহের সামর্থ্য রাখে না সে যেন রোযা পালন করে। কারণ এটা তার রক্ষা কবচ।[৭৬]

করলেও বুঝা যায়। কিন্তু রোযা পালনে লোক দেখানো বা শোনানোর ভাবনা থাকে না। ফলে রোযার মাঝে ইখলাস, আন্তরিকতা বা আল্লাহর প্রতি একনিষ্ঠতা নির্ভেজাল ও বেশি থাকে। এ প্রসঙ্গে মহান আল্লাহ্ বলেন:

يدع شهوته وطعامه من أجلي.

‘রোযা পালনকারী আমার জন্যই পানাহার ও যৌনতা পরিহার করে।’

-মুসলিম, Avm-mbvb, প্রাগুক্ত, হাদীস নং-২৭৬৩।

তাই রোযা পালনকারী আল্লাহর সন্তুষ্টি ব্যতীত অন্য কিছুর আশা করে না।

৭৫. মূল হাদীস :

كل عمل ابن آدم يضاعف الحسنة بعشر أمثالها إلى سبع مئة ضعف. قال الله عز وجل: إلا الصوم فإنه لي وأنا أجزى به...

-মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং- ১৫৫১

৭৬. মূল হাদীস :

Dhaka University Institutional Repository

এমনিভাবে রোযা সকল অশ্লীলতা ও অনর্থক কথা ও কাজ থেকে বিরত রাখে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন : ‘রোযা হল ঢাল। সুতরাং তোমাদের মাঝে যে রোযা পালন করবে সে যেন অশ্লীল আচরণ ও শোরগোল থেকে বিরত থাকে। যদি তার সাথে কেউ ঝগড়া বিবাদ কিংবা মারামারিতে লিপ্ত হতে চায় তবে তাকে বলে দেবে আমি রোযা পালনকারী।’[৭৭]

রোযা পালনকারী যেমনি নিজের অন্তরকে নিয়ন্ত্রণ করে থাকে তেমনি সকল অশ্লীল আচরণ, ঝগড়া-বিবাদ, অনর্থক কথা ও কাজ থেকে নিজের সকল অঙ্গ-প্রত্যঙ্গকে হেফাজত করে।

Pvi. †ivhv †ivhv‘v‡ii Rb¨ Rvnvbvg †_‡K evPvi Xvj : যেমন হাদীসে এসেছে, ‘রোযা হল ঢাল ও জাহান্নামের আগুন থেকে বাঁচার মজবুত দুর্গ।’[৭৮]

يا معشر الشباب! من استطاع منكم الباءة فليتزوج، فإنه أغض للبصر وأحصن للفرج ومن لم يستطع فعليه بالصوم فإنه له وجاء.

-মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং- ১৪০০

৭৭. মূল হাদীস :

والصيام جنة، فإذا كان يوم صوم أحدكم فلا يرفث يومئذ ولا يصخب، فإن سابه أحد أو قاتله فليقل إني امرأ صائم.

-মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং- ১৫৫১

৭৮. মূল হাদীস :

الصيام جنة، وحصن حصين من النار.

-আহমদ, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং- ৯২১৪।
বুখারী ও মুসলিমের হাদীসে এসেছে,

من صام يوما في سبيل الله باعد الله وجهه عن النار سبعين خريفا.

‘যে ব্যক্তি আল্লাহর পথে একদিন রোযা পালন করবে আল্লাহ তার থেকে জাহান্নাম-কে এক খরিফ (সত্তুর বছরের) দুরত্বে সরিয়ে দেবেন।’ -মুসলিম, প্রাগুক্ত, হাদীস নং- ২৭৬৯
উলামায়ে কেরাম বলেছেন : ‘আল্লাহর পথে রোযা পালনের অর্থ হল: শুধু আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য রোযা পালন করা।’ এমনিভাবে আল্লাহ তা‘আলা বহু রোযা পালনকারীকে জাহান্নাম থেকে মুক্তি দিয়ে থাকেন। যেমন হাদীসে এসেছে,

إن لله تعالى عند كل فطر عتقاء من النار، وذلك كل ليلة.

‘ইফতারের সময় আল্লাহ রাব্বুল আলামীন বহু লোককে জাহান্নাম থেকে মুক্তি দিয়ে থাকেন। আর এটা রমজানের প্রতি রাতে।’

Dhaka University Institutional Repository

cvP. †ivhv RvbvZ jv‡fi mnR c_ : হাদীসে এসেছে, "আবু হুরাইরা রা. থেকে বর্ণিত, তিনি বলেন : আমি রাসূলুল্লাহ সা.-কে বললাম, হে আল্লাহর রাসূল, আমাকে এমন একটি কাজের নির্দেশ দিন যার দ্বারা আমি লাভবান হতে পারি। তিনি বললেন : 'তুমি রোযা পালন কর। কেননা, এর সমকক্ষ আর কোনো কাজ নেই।"[৭৯]

Qq. Avjøvni Kv‡Q †ivhv cvjbKvixi g‡Li MÜ †gk‡Ki †P‡qI DËg : রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন : 'যার হাতে মুহাম্মাদ সা.-এর জীবন, সে সত্তার শপথ, রোযা পালনকারীর মুখের গন্ধ আল্লাহ তা'আলার কাছে মেশকের ঘ্রাণ হতেও প্রিয়।'[৮০]

মুখের গন্ধ বলতে পেট খালি থাকার কারণে যে গন্ধ আসে সেটাকে বুঝায়। দাঁত অপরিষ্কার থাকার কারণে যে গন্ধ সেটা নয়।

- বাইহাকী, Avm-mbvb, প্রাগুক্ত, হাদীস নং- ৩৬০৫

৭৯. মূল হাদীস :

عن أبي هريرة رضي الله عنه أنه قال: يا رسول الله مرني بأمر ينفعني الله به، قال: عليك بالصوم فإنه لا مثل له.

-নাসায়ী, Avm-mbvb, প্রাগুক্ত, হাদীস নং- ২২২০।

আল্লাহর সন্তুষ্টি অর্জন ও জাহান্নাম থেকে মুক্তি লাভের জন্য রোযার সাথে কোনো আমলের তুলনা হয় না। রোযা পালনকারীদের উপর আল্লাহর অনুগ্রহের আরেকটি দৃষ্টান্ত সম্পর্কে হাদীসের এক বর্ণনায় এসেছে,

إن في الجنة بابا يقال له الريان، يدخل منه الصائمون يوم القيامة لا يدخل منه أحد غيرهم، يقال: أين الصائمون؟ فيقومون، لا يدخل منه أحد غيرهم، فإذا دخلوا أغلق، فلم يدخل منه أحد.

রোযা পালনকারীদের জন্য আল্লাহ্ তা'আলা জান্নাতে একটি দরজা নির্দিষ্ট করে দিয়েছেন। যে দরজা দিয়ে রোযা পালনকারীরা ছাড়া অন্য কেউ প্রবেশ করবে না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন : 'জান্নাতে একটি দরজা রয়েছে। যার নাম রাইয়ান। কেয়ামতের দিন রোযা পালনকারীরাই শুধু সে দরজা দিয়ে প্রবেশ করবে। তাদের ছাড়া অন্য কেউ সে দরজা দিয়ে প্রবেশ করতে পারবে না। সেদিন ঘোষণা করা হবে, রোযা পালনকারীরা কোথায়? তখন তারা দাঁড়িয়ে যাবে সে দরজা দিয়ে প্রবেশ করার জন্য। যখন তারা প্রবেশ করবে, দরজা বন্ধ করে দেয়া হবে। ফলে তারা ব্যতীত অন্য কেউ প্রবেশ করতে পারবে না।'

-eLvix, Avm-mnxn, cv¸ ³, হাদীস নং- ১৭৯৭; মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং- ১১৫২

৮০. মূল হাদীস :

والذي نفس محمد بيده لخلوف فم الصائم أطيب عند الله من ريح المسك.

-eLvix, Avm-mnxn, cv¸ ³, হাদীস নং-১৭৯০, মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং- ১১৫১

Dhaka University Institutional Repository

mvZ. BnKvj I ciKv‡ji mvd‡j¨i gva¨g †ivhv : যেমন হাদীসে এসেছে, 'রোযা পালনকারীর জন্য দুটি আনন্দ : একটি হল ইফতারের সময় অন্যটি তার প্রতিপালকের সাথে স্বাক্ষাতের সময়।'[৮১]

AvU. †ivhv'v‡ii Rb¨ †ivhv †Kqvg‡Zi w'b mcwik Ki‡e : এ প্রসঙ্গে হাদীসের এক বর্ণনায় এসেছে, আব্দুল্লাহ বিন আমর রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : 'রোযা ও কুর'আন কেয়ামতের দিন মানুষের জন্য এভাবে সুপারিশ করবে যে, রোযা বলবে হে প্রতিপালক! আমি দিনের বেলা তাকে পানাহার ও যৌনতা থেকে বিরত রেখেছি। তাই তার ব্যাপারে তুমি আমার সুপারিশ কবুল কর। কুর'আন বলবে হে প্রতিপালক ! আমি তাকে রাতে নিদ্রা থেকে বিরত রেখেছি, তাই তার ব্যাপারে তুমি আমার সুপারিশ কবুল কর। তিনি বলেন : অত:পর উভয়ের সুপারিশই কবুল করা হবে।'[৮২]

bq. ¸bvn gv‡di KviY I ¸bv‡ni Kvddviv n‡jv †ivhv : রোযা হল অনেকগুলো নেক আমলের সমষ্টি। আর নেক আমল পাপকে মুছে দেয়। আল্লাহ রাব্বুল আলামীন বলেন : 'সৎকর্ম অবশ্যই পাপসমূহ মিটিয়ে দেয়।'[৮৩]

---

৮১. মূল হাদীস :

للصائم فرحتان : فرحة عند فطره، وفرحة عند لقاء ربه.

-eLvix, Avm-mnxn, cv¸ ³, হাদীস নং- ১৭৯০; মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং- ১১৫১।

ইফতারের সময় আনন্দ হল এ কারণে যে, রোযা পূর্ণ করতে পারল ও খাবার-দাবারের অনুমতি পাওয়া গেল। এটা বাস্তব সম্মত আনন্দের বিষয়, যা আমাদের সকলের বুঝে আসে ও অনুভব করি। অপর দিকে আল্লাহর সাথে সাক্ষাতের যে আনন্দ, তা অনুভব করতে আমরা এখন না পারলেও কেয়ামতের দিন পারা যাবে। যখন সকল মানুষ প্রকৃতপক্ষে আল্লাহমুখী থাকবে।

৮২. মূল হাদীস :

عن عبد الله بن عمرو أن النبي صلى الله عليه وسلم قال: الصيام والقرآن يشفعان للعبد يوم القيامة، يقول الصيام أي رب: منعته الطعام والشهوات بالنهار، فشفعني فيه. ويقول القرآن : منعته النوم بالليل، فشفعني فيه. قال: فيشفعان.

-আহমদ, Avj-gmbv', প্রাগুক্ত, হাদীস নং- ৬৬২৬।

৮৩. আল্লাহ্ তা'আলা বলেন :

إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّئَاتِ.

-Avj-Ki‡bAvb, সূরা হুদ : ১১৪।

Dhaka University Institutional Repository

বহু হাদীস রয়েছে যা প্রমাণ করে যে, নেক আমলকে বিভিন্ন ছোট খাট পাপের কাফফারা হিসেবে গ্রহণ করা হয়। অর্থাৎ নেক আমলের কারণে গুনাহগুলো আল্লাহ্ ক্ষমা করে দেন। যেমন হাদীসে এসেছে, 'মানুষ যখন পরিবার-পরিজন, প্রতিবেশী ও ধন-সম্পদের কারণে গুনাহ করে ফেলে, তখন সালাত, রোযা, সদকা সে গুনাহগুলোকে মিটিয়ে দেয়।'[৮৪]

---

৮৪. মূল হাদীস :

فتنة الرجل في أهله وماله وجاره تكفرها الصلاة والصيام والصدقة.

-eLvix, Avm-mnxn, cv¸³, হাদীস নং- ১৭৯৫; মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং-৭৪৫০।

আর রমযান তো গুনাহ মাফ ও মিটিয়ে দেয়ার ক্ষেত্রে আরো বেশি সুযোগ দিয়েছে। এ প্রসঙ্গে হাদীসে এসেছে

من صام رمضان إيمانا واحتسابا غفر له ما تقدم من ذنبه.

'যে রমযান মাসে ঈমান ও ইহতিসাবের সাথে রোযা পালন করবে, তার অতীতের গুনাহ ক্ষমা করে দেয়া হবে।'

- eLvix, Avm-mnxn, cv¸³, হাদীস নং-২০১৪; মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং- ১৮১৭।

ইহতিসাবের অর্থ হল: আল্লাহর পক্ষ থেকে পুরস্কার পাওয়া যাবে এ দৃঢ় বিশ্বাস রেখে নিষ্ঠার সাথে সন্তুষ্ট চিত্তে রোযা ও কিয়াম আদায় করা। হাদীসে আরো এসেছে,

الصلوات الخمس والجمعة إلى الجمعة ورمضان إلى رمضان مكفرات لما بينهن إذا اجتنبت الكبائر.

'পাঁচ ওয়াক্ত সালাত, এক জুমআ থেকে অপর জুমআ এবং এক রমযান থেকে অপর রমযান হল মধ্যবর্তী সময়ের পাপের কাফফারা, যদি কবীরা গুনাহ থেকে বেঁচে থাকা যায়।'

-মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং-৫৭৪।

রোযা ছোট পাপগুলোকে মিটিয়ে দেয় আর তাওবা করলে কবীরা গুনাহ মাফ করা হয়। আল্লাহ তা'আলা বলেন :

إِنْ تَجْتَنِبُوا كَبَائِرَ مَا تُنْهَوْنَ عَنْهُ نُكَفِّرْ عَنْكُمْ سَيِّئَاتِكُمْ وَنُدْخِلْكُمْ مُدْخَلًا كَرِيمًا.

'তোমাদেরকে যা নিষেধ করা হয়েছে তার মাঝে যা গুরুতর তা হতে বিরত থাকলে তোমাদের লঘুতর পাপগুলো ক্ষমা করে দেব এবং তোমাদের সম্মানজনক স্থানে প্রবেশ করাব।'

- Avj-KiÛAvb, সূরা নিসা : ৩১।

Dhaka University Institutional Repository

1. 2. 4. n¾

1. 2. 4. 1. n‡¾i AwfavbK I cwifvwlK A_©

হজ্জ(حج)শব্দটি আরবী শব্দ। (ح-ج-ج) শব্দমূল থেকে বাবে نصر এর মাস্‌দার। লিসানুল আরব প্রণেতা বলেন : الحج: القصد বা ইচ্ছাকরা, حج إلينا فلان أى قدم বা আগমণ করা।[৮৫] মোট কথা হজ্জের আভিধানিক অর্থ হচ্ছে ইচ্ছা বা সংকল্প করা ।

হজ্জের পারিভাষিক সংজ্ঞা প্রদানে সাইয়্যেদ সাবিক বলেন : "তাওয়াফ এর নিয়তে মক্কাশরীফ পরিভ্রমন করা কে হজ্জ বলে।"[৮৬]

মোটকথা, ইসলামী শরীয়তের পরিভাষায় মহান আল্লাহ রাব্বুল আলামীনের সন্তুষ্টির উদ্দেশ্যে নির্দিষ্ট সময়ে, নির্ধারিত তারিখ ও নির্ধারিত নিয়মে কা'বা শরীফ ও সংশ্লিষ্ট স্থান সমূহকে যিয়ারত করাকে হজ্জ বলে।

---

৮৫. ইব্‌ন মানযুর, লিসানুল আরব, প্রাগুক্ত, পৃ. ৫৬ ।

আফিফ আব্দুল ফাত্তাহ আত তাব্বারাহ বলেন : الحج لغة: القصد إلى معظم অর্থাৎ: হজ্জ অর্থ হচ্ছে, মহান কাজের নিয়াত বা ইচ্ছা করা।

-আফিফ আব্দুল ফাত্তাহ আত তাব্বারাহ, i/nÏxb Avj-Bmjvgx, প্রাগুক্ত,পৃ. ২৫৩।

৮৬. মূল আরবী :

هو قصد مكة لأداء عبادة الطواف.

-সাইয়্যেদ সাবিক, wdKûm-mbvn, প্রাগুক্ত, পৃ. ৩২১।

আফীফ আব্দুল ফাত্তাহ বলেন: هو قصد البيت الحرام بمكة للعبادة অর্থাৎ ইবাদতের উদ্দেশ্যে বাইতুল হারাম তথা কা'বা শরীফ যিয়ারত করাই হচ্ছে হজ্জ।

- আফীফ আব্দুল ফাত্তাহ, i/ûÏxb-Avj-Bmjvgx, পৃ. ২৫৮।

ইবনে মানযুর বলেন:

قصد التوجه إلى البيت بالأعمال المشروعة فرضا وسنة.

"ফরজ ও সুন্নাত কর্মের উদ্দেশ্যে কা'বাঘরের দিকে যাওয়ার ইচ্ছা পোষন করাকে হজ্জ বলে।"

- ইব্‌ন মানযুর, wjmvbj Avie, প্রাগুক্ত, পৃ. ৫৫।

Dhaka University Institutional Repository

1. 2. 4. 2. n‡¾i dhxjZ I ¸i”Z

হজ্জের ফযীলত ও মর্যাদা এবং গুরচত্ব সম্পর্কে হাদীস শরীফে বর্ণিত আছে : “হযরত আবূ হুরায়রা (রা) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি আল্লাহ্‌র (সন্তুষ্টির) উদ্দেশ্যে হজ্জ আদায় করে এবং হজ্জের কার্যাবলী আদায়কালে কোনরূপ অশ্লীলতা ও গুনাহের কাজে লিপ্ত না হয়, সে যেন নবজাত শিশুর ন্যায় নিষ্পাপ অবস্থায় প্রত্যাবর্তন করল।”[৮৭]

অন্য হাদীসে এসেছে, “হযরত আবূ হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, এক উমরা থেকে অন্য উমরা আদায় করা পর্যন্ত অর্থাৎ এ সময়ের মধ্যবর্তী গুনাহসমূহের জন্য কাফ্‌ফারাহ এবং মাকবুল হজ্জের প্রতিদান জান্নাত ছাড়া আর কিছুই নয়।”[৮৮]

অন্য হাদীসে আছে : “হযরত ইবনে আব্বাস (রা.) বর্ণনা করেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি হজ্জ আদায়ের ইচ্ছা করে সে যেন তাড়াতাড়ি আদায় করে”।[৮৯]

অপর এক হাদীসে বর্ণিত, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : “হজ্জ ও উমরা আদায়কারীগন আল্লাহ্‌র মেহমান। তারা যে দুয়া করে আল্লাহ্ তা’য়ালা তা কবুল করেন, তারা ক্ষমা প্রার্থনা করলে আল্লাহ্ ক্ষমা করে দেন”।[৯০]

---

৮৭. মূল হাদীস :

عن أبي هريرة قال قال رسول الله : من حج لله فلم يرفث ولم يفسق رجع كيوم ولدته أمه.

-বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং : ১৪২৪।

৮৮. মূল হাদীস :

عن أبي هريرة قال : قال رسول الله : العمرة إلى العمرة كفارة لما بينهما والحج المبرور ليس له جزاء إلا الجنة.

-বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং : ১৬৫০।

৮৯. মূল হাদীস :

عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ : مَنْ أَرَادَ الْحَجَّ فَلْيَعْجَلْ.

-আবু দাউদ, Avm-mbvb, প্রাগুক্ত, হাদীস নং : ১৪৭২।

৯০. মূল হাদীস :

الحجاج والعمار وفد الله إن دعوه أجابهم وإن استغفروه غفر لهم.

-ইবনে মাযাহ, Avm-mbvb, প্রাগুক্ত, হাদীস নং : ২৮৮৩।

Dhaka University Institutional Repository

হজ্জ ফরজ হওয়ার পর তা দ্রচত পালন করা অবশ্য কর্তব্য। শরীয়ত সম্মত ওজর ব্যতীত শুধু অলসতা বা পার্থিব স্বর্থের কারণে যদি কেউ হজ্জ আদায় না করে তবে সে ইয়াহুদী ও নাসারাদের মতই হবে। এ সম্পর্কে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : অনিবার্য প্রয়োজন অথবা অত্যাচারী শাসক কিংবা কঠিন রোগ যদি কাউকে হজ্জ পালনে বিরত না রাখে, আর সে হজ্জ পালন না করে মারা যায়, তবে তার যেন ইয়াহুদী নাসারাদের মতই মৃত্যু ঘটে।[৯১]

সুতরাং শর্ত অনুযায়ী হজ্জ ফরজ হওয়ার সাথে সাথে অবিলম্বে তা আদায় করা একান্ত কর্তব্য। কেননা হজ্জ ফরজ হওয়ার পর যদি কেউ তা আদায় না করে মারা যায়, তাহলে ফরজ ত্যাগ করার কারণে সে মারাত্মক পাপের অধিকারী হবে এবং ভয়াবহ শাস্তির সম্মুখীন হবে।

ইসলামের পাঁচটি স্তম্ভের মধ্যে হজ্জ হচ্ছে পঞ্চম। এটা হচ্ছে আর্থিক ও দৈহিক ইবাদত। এতে যেমন অর্থ ব্যয় হয়, তেমনি হয় দৈহিক পরিশ্রম। তাই দৈহিক ও আর্থিকভাবে সামর্থবান প্রত্যেক মুসলিম নর-নারীর উপর জীবনে একবার হজ্জ করা ফরয। নামায রোযা ওয়াকাত আদায়ের পর একজন মু'মিন বান্দা অন্তরের অনাবিল শান্তি ও আল্লাহ্‌র সন্তুষ্টি অর্জনের লক্ষে গমন করেন পবিত্র কা'বায়। এখানে একজন মানুষ বান্দা হিসেবে আল্লাহ্‌র প্রেমে মাতোয়ারা হয়ে তাঁরই আনুগত্যে উদ্বুদ্ধ হয়ে কোন প্রশ্ন না তুলে ঘুরে বেড়ায় কা'বার চারপাশে, চুম্বন করে কালো পাথর হাজরে আসওয়াদ; সায়ী করে, সাফা ও মারওয়ায়, ছুটে যায় আরাফা, মুয্‌দালিফা ও মিনার ময়দানে, পশু কুরবানীর সাথে সাথে কুরবানী দেয় নিজের সকল পাশবিকতা। এমনিভাবে সে তার খিলাফতের দায়িত্বকে উপলব্ধি করার জন্য আরাফার ময়দানে শামিল হয় মুসলিম উম্মাহ্‌র মহাবিশ্ব সম্মেলনে। সেখানে জাতিতে জাতিতে, বর্ণে বর্ণে, ভাষায় ভাষায়, হৃদয়ে হৃদয়ে ঘটে মহামিলন। ইহরামের একই পোশাকে সজ্জিত হয়ে সব ধরনের ভেদাভেদের ঊর্ধ্বে উঠে যায় সকলেই। সেখানে সারা বিশ্বেও মুসলমানের খোঁজ-খবর নিতে পারে একজন আরেকজন থেকে। তারা নিজেদের সমাস্যাদি সম্পর্কে আলোচনা করার সুযোগ পায় আর সেই আলোকে নিতে পারে সমস্যাসমূহের সমাধান।

---

৯১ মূল হাদীস :

من لم يمنعه عن الحج حاجة ظاهرة أم سلطان جائر أو مرض حابس فمات ولم يحج فليمت إن شاء يهوديا أو نصرانيا.

-দারেমি, Avm-mbvb, হাদীস নং : ১৭১৯।

Dhaka University Institutional Repository

বস্তুত হজ্জ মুসলিম উম্মাহ্‌র জন্য বিশ্ব সম্মেলন এবং ইসলামী ঐক্যের প্রতীক। এ ধরনের মহাসম্মেলন অন্য কোন ধর্ম বা জাতির মধ্যে কখনো অনুষ্ঠিত হয়না। একমাত্র তৌহিদবাদী মুসলিম জাতিই পৃথিবীর দিক-দিগন্ত থেকে ছুটে আসে কা'বায় পরম করুণাময়ের নৈকট্য লাভের আশায়।এখানে বর্ণ ও ভাষার ভেদাভেদ ভুলে গিয়ে সবাই এক কাতারে দণ্ডায়মান হয়ে একই সূরে উচ্চারণ করেন, লাব্বাইকা আল্লাহুম্মা লাব্বাইক, লাব্বাইক লাশারীকালাকা লাব্বাইক, ইন্নাল হামদা ওয়ান নি'মাতা লাকা ওয়ালমুলক, লাশারীকা লাক।

আমি হাজির, হে আল্লাহ্‌ আমি হাজির। আমি হাজির। কোন শরীক নেই আপনার, আমি হাজির। নিশ্চয়ই সকল প্রশংসা ও নিয়ামত আপনারই, আর সকল সাম্রাজ্যও আপনার, কোন শরীক নেই আপনার।

অশ্রুসিক্ত নয়নে ল্রঙ ল্রঙ আল্লাহ্‌ প্রেমিক বান্দার কণ্ঠের এ আওয়াজ কা'বায় ধ্বনিত হয়ে আরশে মুয়াল্লা পর্যন্ত গিয়ে পৌঁছে। আর তখন আল্লাহ্‌ তার বান্দার ডাকে সাড়া দিয়ে বলেন : হে আমার প্রিয় বান্দা ! আমি তোমার সাথেই আছি। আজ তুমি যা চাও তা আমি তোমাকে দেওয়ার জন্য প্রস্তুত আছি।

রাজা-প্রজা ধনী-দরিদ্র, শিক্ষিত ও অশিক্ষিত সমস্ত মুসলিম উম্মাহর মধ্যে ইহরাম অবস্থায় কোন ভেদাভেদ থাকে না। দু'খানা সাদা কাপড় পরিহিত ল্রঙ ল্রঙ মানুষ একই কাতারে কাধে কাধ মিলিয়ে ইবাদতের এ দৃশ্য সত্যিই অপূর্ব। ভাষা ও বর্ণে ব্যবধান থাকলেও পরস্পর পরস্পরকে আলিঙ্গন করে, হাতে হাত মিলিয়ে পরিতৃপ্তি লাভ করে।

Dhaka University Institutional Repository

1. 2. 5. hvKvZ

1. 2. 5. 1. hvKv‡Zi Avwfavwb K I cwifwlK A_

আভিধানিক দৃষ্টি কোণ থেকে যাকাত শব্দের অর্থ শুচিতা ও পবিত্রতা, শুদ্ধি ও বৃদ্ধি। যাকাত শব্দটি আরবী (ز-ك-و) শব্দমূল হতে গঠিত। এটি বাবে ضرب এর মাস্‌দার। নিচে এর আভিধানিক অর্থ বর্ণনা করা হলো : বর্ধিত হওয়া, পরিশুদ্ধ করা বা হওয়া। অতএব যাকাত অর্থ পরিবৃদ্ধি, পরিশুদ্ধি, কোন জিনিসের উত্তম অংশ।[৯২]

আল্লামা ইউসুফ আল-কারযাভী বলেন : "শরী'য়তের দৃষ্টিতে যাকাত শব্দটি মানুষের ধন-সম্পদে আল্লাহ্ কর্তৃক সুনির্দিষ্ট ও ফরযকৃত অংশ বুঝাবার জন্য ব্যবহৃত হয়। যাকাত পাবার যোগ্য লোকদের ফরযকৃত নির্দিষ্ট অংশের ধন-সম্পদ প্রদানকরাকেও যাকাত বলা হয়।"[৯৩]

এককথায়, আল্লাহ্‌র সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে কোন ব্যক্তি কর্তৃক কোন নির্দিষ্ট ব্যক্তিকে তার কোন নির্দিষ্ট মালের নির্ধারিত অংশের স্বত্ব অর্পণ করাকে যাকাত বলে।

---

৯২. Bmjvgx wek‡Kvl, প্রাগুক্ত, ২১শ খন্ড, পৃ. ৪৭৫।

লিসানুল আরব প্রণেতা বলেন : زكاة المال معروفة وهو تطهيره অর্থাৎ মাল বা সম্পদকে পবিত্র করা।
-ইব্‌ন মানযুর, wjmvbj Avie, প্রাগুক্ত, পৃ. ৫৬।

আফীফ আব্দুল ফাত্তাহ তাব্বারাহ বলেন : صدقة والصدقة زكاة: الزكاة অর্থাৎ যাকাত হচ্ছে সাদ্‌কাহ আর সাদ্‌কাহ হচ্ছে যাকাত।
- আফীফ আব্দুল ফাত্তাহ তাব্বারাহ, i¦nÏxb Avj-Bmjvgx, প্রাগুক্ত, পৃ. ৩৪৩।

৯৩. আল্লামা ইউসূফ আল কারযাভী, Bmjv‡gi hvKvZ weavb, অনুবাদ: মাওলানা আব্দুর রাহীম, (ঢাকা : খায়রুন প্রকাশনী, প্রথম খন্ড, ২০০০ ইং), পৃ. ৪৬।

সাইয়্যেদ সাবিক বলেন : الزكاة اسم لما يخرجه الإنسان من حق الله تعالى إلى الفقراء. "যাকাত হচ্ছে এমন সম্পদের নাম যা আল্লাহ্‌র আদেশে ফকীর তথা গরীবদেরকে মানুষ ধন দিয়ে থাকে।"
আল-আজহাবীর মতে যাকাত দরিদ্রকেও প্রবৃদ্ধি দান করে। দরিদ্রের জন্য বস্তুগত ও মনস্তাত্ত্বিক প্রবৃদ্ধি ব্যক্ত করে, এ শব্দটি এ অর্থের দিকে সুন্দর এক দৃষ্টিপাত বা ইঙ্গিত করে। সেই সাথে ধনশালী ও বিত্তবান ব্যক্তির মনে ও সম্পদে প্রবৃদ্ধি দান করে একথাও বুঝায়।
- সাইয়্যেদ সাবিক, wdKûm-mbvn, প্রাগুক্ত, পৃ. ২৪৮।

Dhaka University Institutional Repository

1. 2. 5. 2. hv‡`i Ici hvKvZ IqvwRe

যাদের ওপর যাকাত ওয়াজিব তারা তিন প্রকার:

১. নিসাব পরিমাণ সম্পদের মালিক।

২. যাদের সম্পদের ওপর পূর্ণ এক বছর অতিবাহিত হয়েছে। তবে ফসলের ক্ষেত্রে এক বছর অতিবাহিত হওয়া জরুরি নয় বরং ফসলের যাকাতের সম্পর্ক ফসল পাকার সাথে।

৩. ফলের যাকাত ওয়াজিব হয় যখন তা পরিপক্কতা লাভ করে এবং খাওয়ার উপযোগী হয়।

৪. যাকাত ওই সব লোকের ওপর ওয়াজিব হয় যাদের নিকট সাড়ে সাত তোলা স্বর্ণ বা সাড়ে বায়ান্ন তোলা রৌপ্য অথবা তৎসমান অর্থ প্রয়োজনের অতিরিক্ত এক বছর যাবৎ রিজার্ভ বা জমা আছে।

1. 2. 5. 3. hvKv‡Zi Zvrch

যাকাত ইসলামের পাঁচটি ভিত্তির মধ্যে একটি। যাকাত ছাড়া দ্বীন পরিপূর্ণতা লাভ করে না। যারা যাকাত অস্বীকার করে তাদের হত্যা করা হবে এবং যারা যাকাতের ফরয অস্বীকার করে তাদের কাফের বলে গণ্য করা হবে। এই যাকাত ফরয করা হয় ২য় হিজরীতে। আল্লাহ্ তা'আলা কুরআনে কারীমের বহু জায়গায় ইরশাদ করেছেন : আর তোমরা নামায কায়েম কর, যাকাত আদায় করো এবং রুকু কর রুকুকারীদের সঙ্গে।'[৯৪]

এই পাঁচটি স্তম্ভের মধ্যে নামায এবং রোজার সম্পর্ক মানুষের দৈহিক পরিশ্রম ও মনের সাথে সম্পৃক্ত, প্রত্যুত্তরে যাকাত ও হজ্বের সম্পর্ক অর্থের সাথেও রয়েছে। বিশেষভাবে যাকাত ধনী বা ধনাঢ্য ব্যক্তিদের ওপরই ফরয হয়ে থাকে।

ইসলাম সাম্য ও ভ্রাতৃত্বের ধর্ম। একজনের হাতে বিপুল অর্থ-সম্পদ জমা হওয়াকে ইসলাম পছন্দ করে না। ইসলাম চায় ধনী-গরিব সবাই স্বচ্ছন্দে জীবন যাপন করুক। তাই দরিদ্রের প্রতি লক্ষ্য করে যাকাতের বিধান প্রবর্তন করা হয়েছে। হাদিসের ভাণ্ডারে সংরক্ষিত রয়েছে যাকাতের বিশেষ গুরুত্ব সংবলিত অনেক হাদিস। আবু সায়ীদ রা. বর্ণনা করেন, 'একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া

---

৯৪. মহান আল্লাহ্ বলেন :

وَأَقِيْمُوا الصَّلَاةَ وَآتُوْا الزَّكَاةَ وَارْكَعُوْا مَعَ الرَّاكِعِيْنَ .

-Avj-KziAvb, সূরা আল-বাকারাহ, আয়াত : ৪৩।

Dhaka University Institutional Repository

সাল্লাম আমাদেরকে নসিহত করছিলেন। তিন বার শপথ করে তিনি বললেন, 'যে ব্যক্তি পাঁচ ওয়াক্ত নামায পড়বে, রমযানের রোযা রাখবে, যাকাত প্রদান করবে এবং সব ধরনের কবিরা গুনাহ থেকে বিরত থাকবে আল্লাহ্ তা'আলা তার জন্য অবশ্যই বেহেশতের দরজা খুলে দিয়ে বলবেন, 'তোমরা নিরাপদে তাতে প্রবেশ কর'।[৯৫]

আবু দারদা রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন- 'তোমরা নিজেদের মালের যাকাত প্রদান করে তা হিফাজত কর আর সদকা দিয়ে রোগীদের রোগ আরোগ্য কর।' যারা যাকাত আদায় করে না তাদের ব্যাপারে কঠোর শাস্তির সংবাদ এসেছে। আবু হুরাইরা রা. হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন : 'যে কোন স্বর্ণ বা রচপার মালিক যদি আপন সম্পদের মালের যাকাত আদায় না করে, তার এ সম্পদকে আল্লাহ্ জাহান্নামের আগুনে উত্তপ্ত করে কিয়ামতের দিন তা দ্বারা পিঠ, পার্শ্ব এবং কপালে ছ্যাকা দিবেন। আর যখনই তা ঠাণ্ডা হবে সাথে সাথে আগুনে পুনরায় উত্তপ্ত করা হবে। এমন দিনে তাকে শাস্তি দেয়া হবে যে দিনটি হবে পঞ্চাশ হাজার বছরের সমান। আর বান্দার বিচারকার্য শেষ হওয়া পর্যন্ত এভাবে চলতে থাকবে। অতঃপর সে দেখতে পাবে তার গন্তব্য হয় জান্নাতের দিকে নয়তো জাহান্নামের দিকে।' [৯৬]

আবু হুরাইরা রা. হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন : আল্লাহ্ তা'আলা যাকে সম্পদ দিয়েছেন অথচ সে তার যাকাত আদায় করে না, কিয়ামত দিবসে তার সম্পদকে দুই চোখ বিশিষ্ট বিষাক্ত সাপে পরিণত করা হবে। তারপর সাপটিকে কিয়ামতের সে দিবসে তার গলায় জড়িয়ে দেয়া হবে। সাপ তার দুই মুখে দংশন করতে করতে বলতে থাকবে, আমি তোমার বিত্ত, আমি তোমার গচ্ছিত সম্পদ।[৯৭]

---

৯৫. নাসায়ী, Avm-mbvb, প্রাগুক্ত, হাদীস নং- ২৩৯৫।

৯৬. মহান আল্লাহ্ তা'আলা বলেন :

ما من صاحب ذهب ولا فضة لا يؤدي حقها إلا إذا كان يوم القيامة صفحت له صفائح من نار فأحمي عليها في نار جهنم ، فيكوى بها جنبه وجبينه وظهره ، كلما بردت أُعيدت في يوم كان مقداره خمسين ألف سنة ، حتى يقضى بين العباد، فيرى سبيله، إما إلى الجنة وإما إلى النار.

৯৭. মূল হাদীস :

من آتاه الله مالاً فلم يؤد زكاته مثل له يوم القيامة شجاعاً أقرع له زبيبتان يُطوقه يوم القيامة ثم يأخذ بلهزمتيه - يعني شدقيه - يقول أنا مالُك أنا كنزك " الشجاع : ذكر الحيات، والأقرع : الذي تمعط فروة رأسه لكثرة سُمه.

Dhaka University Institutional Repository

সুনানে নাসায়ীতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন-'যে ব্যক্তি যাকাত আদায় করে না। সে কিয়ামতের দিন একটি অগ্নিখণ্ড নিয়ে আসবে যদ্বারা তার কপালে ও পিঠে দাগ দেয়া হবে।'

বুরাইদা রা. বলেন : রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন– 'যে সম্প্রদায় যাকাত প্রদান করবে না আল্লাহ্ তাদেরকে দুর্ভিক্ষের মতো বিপদে নিপতিত করবেন।'

যাকাত গরিবের প্রতি কোন করুণা নয় বরং তা তার হক- যা ধনী ব্যক্তিকে অবশ্যই আদায় করতে হবে। এ কারণে আবু বকর রা. বলেছেন, 'যারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম- এর যুগে একটি উটের রশিও যাকাত হিসেবে আদায় করত আর এখন তারা যদি যাকাত দিতে অস্বীকার করে আমি তাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করলাম।'[৯৮]

তার এ ভাষণের মর্মার্থই ছিল, মানুষের অধিকার নিশ্চিত করা যাতে কেউ কাউকে তার অধিকার হতে বঞ্চিত করতে না পারে।

1. 2. 5. 4. hvKvZ diR nIqvi wnKgZ

যাকাত ফরজ হওয়ার পেছনে অসংখ্য হিকমত রয়েছে। যেমন– সম্পদ উপার্জনের যোগ্যতা, দ্রুততা ও অভিজ্ঞতার ভিত্তিতে মানুষের মধ্যে অনেক তারতম্য রয়েছে। আর এ তারতম্য কমিয়ে ধনী-গরিবের মাঝে ভারসাম্য আনার জন্য মহান আল্লাহ্ যাকাত আদায়ের নির্দেশ দিয়েছেন। কারণ দেখা যায় কিছু মানুষ সম্পদের পাহাড় গড়ছে, অর্থ-কড়ি ও ভোগ-বিলাসে মত্ত আছে এবং প্রাচুর্যের চূড়ান্ত শিখরে অবস্থান করছে আর কিছু লোক দারিদ্র্য সীমার একেবারে নীচে অবস্থান করছে। মানবেতর জীবন যাপন করছে। আল্লাহ্ এ ব্যবধান দূর করার জন্যই তাদের সম্পত্তিতে যাকাত ফরজ করেছেন। যাতে ধনী ও দরিদ্রের মধ্যে ব্যবধান কমে যায় এবং ধনী দরিদ্রের বৈষম্য দূর হয়। অন্যথা দেশে বা সমাজে হিংসা- বিদ্বেষ, ফিতনা-ফাসাদ ও হত্যা-লুণ্ঠন ছড়িয়ে পড়বে। বিঘ্নিত হবে সামাজিক শৃংখলা ও স্থিতি।

এছাড়া যাকাতের গুরুত্বপূর্ণ ভূমিকা হলো, যাকাত মানুষকে কৃপণতা থেকে বিরত রাখে। মানুষকে পরোপকারী, অন্যের ব্যথায় সমব্যথী, দরিদ্র জনগোষ্ঠীর প্রতি সহানুভূতিশীল ও সহমর্মী হতে সাহায্য করে।

-বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, খ. ৪, পৃ. ১৬৬৪, হাদীস নং- ৪২৮৯ ।

৯৮. বুখারী, Avm-mnxn, প্রাগুক্ত, হাদীস নং-১৩১২।

Dhaka University Institutional Repository

অধিকাংশ দেশেই দরিদ্র জনগোষ্ঠীর সংখ্যা বেশি হওয়ায় যাকাত দারিদ্র বিমোচনে গুরচত্বপূর্ণ ভূমিকা পালন করে। সহায়তা করে দারিদ্র দূর করতে। যাকাত আদায়ের মাধ্যমে মুসলমানদের মনোবল বৃদ্ধি পায়। ভাবমর্যাদা অুণ্ণ থাকে এবং আত্মমার্যাদা ও সম্মানবোধ বৃদ্ধি পায়।

যাকাত আদায়ের মাধ্যমে ধনী ও দরিদ্রের মধ্যে দূরত্ব কমে আসে। তাদের মাঝে ভালোবাসা ও সৌহার্দ্যের সেতুবন্ধন রচিত হয়। দূর হয় পারস্পরিক হিংসা-বিদ্বেষ। কারণ গরিবরা যখন ধনীদের সম্পদ দ্বারা উপকৃত হয় এবং তাদের সহানুভূতি লাভ করে, তখন তাদের সহযোগিতা করে এবং তাদের স্বার্থ ও সম্মান ব্রত্তয় সচেষ্ট হয়।

যাকাত আদায় করলে আল্লাহ্ তা'আলা ধন-সম্পদ এবং ধন-সম্পদের বরকত বাড়িয়ে দেন। যেমন হাদিসে বর্ণিত হয়েছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন– 'সদকা করার কারণে কখনো সম্পদ কমে না।' দান-খয়রাত করলে সম্পদের পরিমাণ কমলেও সম্পদের বরকত কমে না। আল্লাহ্ তা'আলা এ সম্পদকে তার ভবিষ্যতের জন্য বরকতময় করে দেন এবং তার দান খয়রাতের কারণে তাকে এর চেয়ে উত্তম সম্পত্তি দান করেন।'

যাকাত একটি সমাজ বা দেশের অর্থনৈতিক নিরাপত্তা ও গতিশীলতাকে স্বাভাবিক রাখার নিশ্চয়তা বিধান করে। যাকাতভিত্তিক অর্থব্যবস্থাই বর্তমান অর্থব্যবস্থার সব প্রকার ত্রচটি-বিচ্যুতি ও নানাবিধ সমস্যার যুৎসই সমাধান।

যাকাত আদায় করা মুমিনদের বিশেষ গুণ। যাকাত আদায় করা আল্লাহ্র ঘর আবাদকারীদের বিশেষ গুণ। আল্লাহ্ তা'আলা কুরআন করিমে তাদের সম্পর্কে বলেন : "নিশ্চয়ই তারাই আল্লাহ্র ঘরের আবাদ করবে যারা ঈমান এনেছে আল্লাহ্র প্রতি এবং আখিরাতের প্রতি, যারা নামায প্রতিষ্ঠিত করে এবং যাকাত আদায় করে ও যারা আল্লাহ্ ব্যতীত অন্য কাউকে ভয় করে না।"[৯৯]

---

৯৯ . মহান আল্লাহ্ বলেন :

إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللَّهِ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الآخِرِ وَأَقَامَ الصَّلاَةَ وَآتَى الزَّكَاةَ وَلَمْ يَخْشَ إِلاَّ اللَّهَ.

-Avj-KiÛAvb, সূরা আত-তাওবাহ, ১৮।

Dhaka University Institutional Repository

1. 2. 5. 5. hv‡'i Ici hvKvZ IqwRe

যাদের ওপর যাকাত ওয়াজিব তারা তিন প্রকার:

১. নিসাব পরিমাণ সম্পদের মালিক।

২. যাদের সম্পদের ওপর পূর্ণ এক বছর অতিবাহিত হয়েছে। তবে ফসলের ক্ষেত্রে এক বছর অতিবাহিত হওয়া জরুরি নয় বরং ফসলের যাকাতের সম্পর্ক ফসল পাকার সাথে।

৩. ফলের যাকাত ওয়াজিব হয় যখন তা পরিপক্কতা লাভ করে এবং খাওয়ার উপযোগী হয়।

যাকাত ওই সব লোকের ওপর ওয়াজিব হয় যাদের নিকট সাড়ে সাত তোলা স্বর্ণ বা সাড়ে বায়ান্ন তোলা রৌপ্য অথবা তৎসমান অর্থ প্রয়োজনের অতিরিক্ত এক বছর যাবৎ রিজার্ভ বা জমা আছে।

1. 2. 5. 6. hvKv‡Zi wewea DcKwiZv

1. 'wi'¨ we‡gvPb : আগেই উল্লেখ করেছি যাকাত দারিদ্র্য বিমোচনে অসাধারণ ভূমিকা রাখে। ধনী-গরিবের মধ্যকার বৈষম্য দূর করে। দরিদ্র জনগোষ্ঠীর ওপর ধনীদের শোষণ ও নিপীড়ন বন্ধে সহায়তা করে। 'ধনীরা আরো ধনী আর গরিবরা আরো গরিব' হওয়ার নীতিহীন সনাতনী ধারা বন্ধ করতে পারে একমাত্র এ যাকাত ব্যবস্থা। ইসলামে ধনী ও দরিদ্রের মাঝে ব্যবধান মাত্র চল্লিশ ভাগের একভাগ। অর্থাৎ একজন ধনাঢ্য ব্যক্তির নিকট চল্লিশ লাখ টাকা থাকলে সেক্ষেত্রে অপর জনের নিকট এক লাখ টাকা থাকবে। এভাবে ঠিক মতো যাকাত আদায় করা হলে ক'দিন পরে গরিব বা যাকাত গ্রহণ করার মত লোকই খুঁজে পাওয়া যাবে না!

2. hvKv‡Zi Øviv gvb‡li m¤ú' weï× I cweÎ nq : আল্লাহ্ তা'আলা ইরশাদ করেন, 'তাদের সম্পদ হতে আপনি যাকাত গ্রহণ করুন, যা তাদের পবিত্র করবে এবং করবে তাদেরকে পরিশুদ্ধ।' মানুষের সম্পত্তিতে বিভিন্ন ধরনের আবর্জনা আর মরীচিকার প্রবেশ ঘটে। এসব দূর করার জন্য আল্লাহ্ তা'আলা যাকাতের বিধান প্রবর্তন করেছেন। সেহেতু যাকাত আদায়ের মাধ্যমে মানুষের সম্পত্তি কলুষ ও আবর্জনা মুক্ত এবং পবিত্র হয়।

3. hvKvZ gvb‡li m¤ú' ew× K‡i : যাকাত আদায় করার দ্বারা মানুষের ধন-সম্পদ বাড়তে থাকে। বরকতে কানায় কানায় ভরে ওঠে মানুষের সম্পদ।

4. hvKvZ gvbl‡K KcYZvi bvMcvk †_‡K g³ K‡i : যাকাত আদায়ের মাধ্যমে কৃপণতা দূর হয়। মানুষের প্রতি দয়া ও অনুগ্রহের উদ্রেক হয়। সহানুভূতি ও সহযোগিতার হাত প্রলম্বিত হয়।

Dhaka University Institutional Repository

1. 2. 5. 7. hvKv‡Zi A_ e¨‡qi LvZmgn

আল্লাহ্ সুবহানাহু ওয়া তায়ালা শুধু যাকাত আদায় করার জন্য তাগিদ প্রদান করেননি বরং যাকাতের অর্থ বন্টনের খাতগুলোও নির্ধারণ করে দিয়েছেন। পবিত্র কুরআনে মহান আল্লাহ্ ইরশাদ করেন:

إِنَّمَا الصَّدَقَاتُ لِلْفُقَرَاءِ وَالْمَسَاكِينِ وَالْعَامِلِينَ عَلَيْهَا وَالْمُؤَلَّفَةِ قُلُوبُهُمْ وَفِي الرِّقَابِ وَالْغَارِمِينَ وَفِي سَبِيلِ اللَّهِ وَابْنِ السَّبِيلِ فَرِيضَةً مِنَ اللَّهِ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ

"যাকাত হলো কেবল ফকীর, মিসকীন, যাকাত আদায়কারী ও যাদের চিত্ত আকর্ষণ প্রয়োজন তাদের হক এবং দাসমুক্তির জন্য, ঋণগ্রস্তদের জন্য, আল্লাহ্র পথে জেহাদকারীদের জন্য এবং মুসাফিরদের জন্য। এ হলো আল্লাহ্র নির্ধারিত বিধান, আল্লাহ্ সর্বজ্ঞ প্রজ্ঞাময়।' উপরিউক্ত আয়াতে যাকাত ব্যয়ের মোট আটটি খাতের কথা বলা হয়েছে।

১. dKxi t যাদের অভাব অনটনের মধ্য দিয়ে জীবন দুঃখ কষ্টে অতিবাহিত হয়, লোকলজ্জায় কারো কাছে সাহায্য প্রার্থনা করতে পারে না তাদেরকে ফকীর বলে। যাকাত দিয়ে দরিদ্র, অভাবী, ফকীর শ্রেণীর পুনর্বাসন, বেকারত্ব দূর করে বেঁচে থাকার ব্যবস্থা করা একান্ত কর্তব্য। রসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন : মুসলিম সমাজের ধনীদের কাছ থেকে যাকাত গ্রহণ করা হবে এবং দরিদ্রদের মধ্যে বন্টন করা হবে।

২. wgmKxb t মিসকীন বলতে দৈহিক অজ্ঞ বিত্তহীন ব্যক্তিদের বুঝায়। যেমন- বিত্তহীন, অন্ধ, প্রত্নঘাতগ্রস্ত, পঙ্গু, মানসিক প্রতিবন্ধী ইত্যাদি শ্রেণীকে মিসকীন বলা হয়।

৩. hvKvZ Av'vqKvix KgPvix : যারা যাকাত আদায় ও বন্টন করে এবং এ কাজে নিয়োজিত কর্মীদের বেতন-ভাতা হিসেবে যাকাতের অর্থ ব্যয় করা যাবে।

৪. bI gmwjg‡'i msi•Y I gb AvKó Kiv : যাকাতের পরবর্তী ব্যয় খাত হিসেবে নও মুসলিমদের মন আকৃষ্ট করার কথা বলা হয়েছে। চাই মুসলমান হোক বা কাফের হোক। যে কাফেরের ইসলাম গ্রহণের আশা করা যায় অথবা মুসলমানদেরকে তার অনিষ্ট থেকে বাঁচানোর আশা করা হয়। অথবা যাকাতের দ্বারা যার ঈমান কিংবা ইসলাম বা তার অনুরূপ ব্যক্তির ইসলাম মজবুত হওয়ার আশা করা যায়। উদ্দেশ্য বাস্তবায়নের জন্য যতটুকু প্রয়োজন ততটুকু যাকাত হতে তাদেরকে প্রদান করতে হবে।

Dhaka University Institutional Repository

৫. ‘vmZ †gvPb t যদি কোন ব্যক্তি কোন কারণে দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ থাকে কোন ভাবে জিম্মি বা বন্দি হয়, তবে তার মুক্তির জন্য যাকাতের অর্থ থেকে ব্যয় করা যায়।

৬. ঋণমুি³ : অনেকে পরিবার পরিচালনার জন্য ঋণ করে তা পরিশোধে ব্যর্থ হয়। তাদের ঋণমুক্তির জন্য যাকাতের অর্থ প্রদান করা যায়।

৭. Avjøívni c‡_ (dx mwewjjøívn) : এটি একটি ব্যাপক অর্থবোধক শব্দ এবং এর ব্যাখ্যাও বিস্তৃত। সাধারণভাবে এটা জিহাদের অর্থ বুঝায়। আল-কুরআনুল কারীমে যত স্থানে জিহাদের কথা এসেছে সবখানে ‘জিহাদ ফি সাবিলিল্লাহ’ বলা হয়েছে। তবে আভিধানিক অর্থে একে জিহাদের মধ্যে সীমাবদ্ধ না করে বরং সকল প্রকার কল্যাণময় ও নেক কাজকে এর মধ্যে শামিল করা হয়েছে। অর্থাৎ যেখানে ইসলাম প্রতিষ্ঠিত হয়নি সেখানে ইসলাম প্রতিষ্ঠা করা এবং যেখানে ইসলাম প্রতিষ্ঠিত আছে সেখানে একে কায়েম রাখার জন্য যেসব বিশাল কাজের আঞ্জাম দিতে হয় সেজন্য যাকাতের অর্থ ব্যয় করা যাবে।

অন্যদিকে ইসলামী রাষ্ট্র ও আদর্শ সমাজ ব্যবস্থা কায়েমের উদ্দেশ্যে সংগঠিত দল ও সংগঠন জিহাদ ফী সাবিলিল্লাহর মর্যাদা পেতে পারে; যদি তাদের নীতি, আদর্শ, কর্মপন্থা ও উদ্দেশ্য হয় একমাত্র আল্লাহ্‌র যমীনে আল্লাহ্‌র দ্বীনকে কায়েম ও দ্বীনের কালেমাকে সমুন্নত করণ। এক্ষেত্রে যুদ্ধ পরিচালনা বা যুদ্ধ প্রতিরোধ করার চেয়ে যুদ্ধ সংঘটিত হওয়ার পরিবেশ থেকে মুক্ত রাখার লক্ষ্যে দাওয়াতের কাজটি অনেক গুরচত্বপূর্ণ। এজন্য দাওয়াতের কাজে যাকাতের অর্থ ব্যয় একটি বড় ক্ষেত্র। মূলত ইসলামী অনুশাসন যেখানে উপেক্ষিত, যেখানে ইসলামী আদর্শকে বিকৃতভাবে উপস্থাপন করা হয়, সেখানে ইসলামের সঠিক আদর্শ ও নীতিকে জনসমক্ষে উপস্থাপনের জন্য দাওয়াতী গবেষণা প্রতিষ্ঠান গঠন ফি সাবিল্লিাহর অর্ন্তভুক্ত। যারা ইসলামের নীতি, আদর্শ ও বিধানকে যুগপোযোগী ভাষা, রীতি ও পদ্ধতিতে মানুষের সামনে উপস্থাপন করে জীবন ঘনিষ্ঠ আদর্শিক সাহিত্য রচনা এবং বিভিন্ন সমাজ কল্যাণসমূহ কাজ করতে সক্ষম। এমনকি নৈতিকতা ও চরিত্র ধ্বংসকারী ইলেকট্রনিক মিডিয়ার বিপরীতে আদর্শবাদী ধ্যান-ধারণায় পরিচালিত ইলেকট্রনিক মিডিয়া গঠন করে আল্লাহ্‌ সুবহানাহু ওয়া তায়ালার বাণী ও কথা প্রচারের কাজে নিয়োজিত প্রয়োজনে যাকাতের অর্থ এখানে ব্যয় করা যেতে পারে।

Dhaka University Institutional Repository

8. gmwdi (Bebm mvexj) : যাকাত ব্যয়ের খাত সমূহের মধ্যে সর্বশেষ খাত হচ্ছে 'মুসাফির' পবিত্র কুরআনের ভাষায় এ খাতকে বলা হয়েছে ابن السبيل (ইবনুস সাবীল) এর অর্থ পথে চলমান ব্যক্তি, ভ্রমণকারী বা পর্যটক। সফর বা ভ্রমণ বিভিন্ন কারণে হতে পারে। যেমন:

এক: আল্লাহ্ তা'আলার দ্বীন প্রচারের উদ্দেশ্যে একস্থান থেকে অন্য স্থানে বা এক দেশ থেকে অন্য দেশে গমন করা।

দুই: পড়ালেখার জন্য ভ্রমণ করা।

তিন: চাকরি বা জীবিকার্জনের জন্য ভ্রমন করা।

চার: প্রাকৃতিক সৌন্দর্য ও রহস্য অবলোকনের জন্য ভ্রমন করা।

ইবনুস সাবীলে উল্লিখিত সব দলই অন্তর্ভুক্ত। যে ব্যক্তি নিজ বাড়ি থেকে বেরিয়ে অন্য এক শহরে বা দেশে প্রবেশ করেছে যেখানে তার কোন সহায় সম্বল নেই। নিজের দেশে তার অনেক কিছু থাকলেও এখানে তা ব্যবহার করতে পারছে না; তাকেই ইবনুস সাবীল বা মুসাফির হিসাবে গণ্য করা হয়। সফরকালীন সময়ে তার রসদপত্র, খরচ নিঃশেষ হয়ে গেলে এবং তা সংগ্রহের কোন ব্যবস্থা না থাকলে সে যাকাত গ্রহণ করতে পারে । তবে তার সফরটি শরী'আ অনুমোদিত হতে হবে।

সকল মুসলিম একমত যে, যাকাত একটি ফরজ বিধান। সুতরাং যাকাত ফরজ জেনেও যদি কোন ব্যক্তি তা অস্বীকার করে, তাহলে সে কাফের হয়ে যাবে। আর যে যাকাত প্রদানে কৃপণতা করবে বা পরিমাণের চেয়ে কম দিবে, সে লাঞ্ছনা ও কঠিন শাস্তির উপযুক্ত হবে।

Dhaka University Institutional Repository

1. 3. Bmjvg a‡gi ˆewkó¨vejx

1. 3. 1. Bmjvg mveRbxb I Kj¨vYagx

ইসলামের আহবান সমগ্র মানব গোষ্ঠীর জন্যে। ইসলামের দৃষ্টিতে আল্লাহ সমগ্র বিশ্বের সৃষ্টিকর্তা এবং রাসুলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সমগ্র মানবতার জন্যে। আল-কুরআনের ভাষায় : “বল, হে মানুষ! আমি তোমাদের সকলের জন্য আল্লাহর রাসুল।”[১০০]

অন্য এক আয়াতে আল্লাহ্ তা‘আলা ঘোষণা করেন : “যাতে সে বিশ্ব জগতের জন্যে সতর্ককারী হতে পারে।”[১০১]

অপর এক আয়াতে আল্লাহ্ তা‘আলা আরো বলেন : “এবং আমি তো তোমাকে বিশ্বজগতের প্রতি কেবল রহমত রূপেই প্রেরণ করেছি।”[১০২]

ইসলামের দৃষ্টিতে বর্ণ, ভাষা, গোত্র ও জাতীয়তা ভেদে সব মানুষ সমান। ইসলাম নিজেকে বিশ্বমানবতার বিবেক রূপে দাবি করে এবং গোত্র মর্যাদা ও সম্পদের ভিত্তিতে সৃষ্ট মিথ্যা বাধাসমূহ অপসারিত করে। এটা অস্বীকার করার উপায় নেই। এ ধরনের বাধা সব সময় ছিল, এমনকি আজকের দিনে তথাকথিত সুসভ্য যুগেও আছে। ইসলাম এ সকল প্রতিবন্ধকতা দূরীভূত করে এবং দাবি করে যে, সকল মানুষ এক আল্লাহর পরিবারভুক্ত (বান্দা)।

রাসুলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন :“সকল মানুষ আদম সন্তান,আর আদম (আ) মাটির তৈরী।”[১০৩]

---

১০০. মহান আল্লাহ্ বলেন :

قُلْ يأَيُّهَا ٱلنَّاسُ إِنِّي رَسُولُ ٱللَّهِ إِلَيْكُمْ جَمِيعاً.

-Avj-KiÛAvb, সূরা আল-আরাফ, আয়াত : ১৫৮।

১০১. মহান আল্লাহ্ বলেন :

لِيَكُونَ لِلْعَالَمِينَ نَذِيراً.

- Avj-KiÛAvb, সূরা আল ফুরকান, আয়াত : ১।

১০২. মহান আল্লাহ্ বলেন :

وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا رَحْمَةً لِّلْعَالَمِيْنَ.

- Avj-KiÛAvb, সূরা আল-আম্বিয়া, আয়াত : ১০৭।

১০৩. রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন :

Dhaka University Institutional Repository

রাসুলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম আরো বলেছেন : "তোমরা দুনিয়াবাসীর উপর প্রীতিপূর্ণ ব্যবহার কর আল্লাহও তোমাদের দয়া করবেন।"[১০৪]

ইসলামের দৃষ্টিভঙ্গি এবং আবেদন আন্তজার্তিক বর্ণ, গোত্র, রক্ত সম্পর্ক অথবা ভৌগলিক সীমারেখার ভিত্তিতে সৃষ্ট বিভেদ যা হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম -এর আবির্ভাবের পূর্বে ছিল প্রবলতার এবং বিভিন্ন চেহারায় আজকের যুগেও তার সয়লাব বয়ে যাচ্ছে। ইসলাম এসবের স্বীকৃতি দেয় না। ইসলাম সব মানুষকে এক পতাকা তলে ঐক্যবদ্ধ করতে চায়। জাতিগত শত্রচতা ও কলহে ছিন্ন-বিচ্ছিন্ন এ পৃথিবীকে ইসলাম আহবান জানায়, জীবন ও আশার পথে এবং গৌরবোজ্জল ভবিষ্যতের পথে।[১০৫]

والناس بنو آدم وآدم من تراب.

-তিরমিযি, Avm-mbvb,, হাদীস নং : ৩৮৯১।

১০৪. রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন :

ارحموا من في الأرض يرحمكم من في السماء.

-তিরমিযি, Avm-mbvb, হাদীস নং : ১৮৪৭।

১০৫. এ প্রসঙ্গে ঐতিহাসিক টয়েনবি কতকগুলো চমৎকার মন্তব্য রেখেছেন। 'সিভিলাইজেশন ইন ট্রায়াল' গ্রন্থে তিনি লিখেছেন, 'দু'টি সুস্পষ্ট সংকট দেখা দিয়েছে। একটি মনস্তাত্ত্বিক অপরটি বস্তুগত। কসমোপলিটন প্রলেতারিয়েতের (তথা পাশ্চাত্য মানবতা) যুগে আধুনিক পাশ্চাত্য সমাজের প্রভাবশালী উপাদান হচ্ছে গোষ্ঠী সচেতনতা ও অ্যালকোহল। এ দু'টি কুৎসিত বিষয়ের বিরুদ্ধে সংগ্রামে ইসলামী চেতনা বিশেষ ভূমিকা রাখতে পারে, যা ভেবে দেখার বিষয়। পাশ্চাত্য সমাজে যদি তা গৃহীত হয়, তবে উন্নত নৈতিক ও সামাজিক মূল্যবোধ সৃষ্টি হবে।

'মুসলমানদের মধ্যে গোষ্ঠী চেতনার বিলোপ ইসলামের উল্লেখযোগ্য নৈতিক সাফল্য। সমকালীন দুনিয়ায় যা ঘটছে তাতে দেখা যাচ্ছে ইসলামের এ নীতি প্রচার করা বিশেষভাবে প্রয়োজন। এটা সহজেই বোধগম্য যে, ইসলামী চেতনা সৃষ্টির কাজ হবে বিশ্বে শান্তি ও সহনশীলতা অর্জনের লক্ষ্যে সময়োপযোগী পদক্ষেপ।

'অ্যালকোহলের কুপ্রভাব এ অঞ্চলের আদিম জনগোষ্ঠীর মধ্যে ব্যাপকতর রূপ লাভ করেছিল, পাশ্চাত্য সমাজ তাকে আরও উম্মুক্ত করে দিয়েছে। বস্তুতপক্ষে এমনকি রাষ্ট্রীয় উদ্যোগে আইন প্রয়োগকারী সংস্থার কঠোর নিয়ন্ত্রণ অরোপ করেও কোন একটা সম্প্রদায়কে সামাজিক অনাচার থেকে মুক্ত করা যায় না, যতক্ষন না তাদের মুক্তির আকাঙ্খা থাকে, সে আকাঙ্খাকে স্বেচ্ছাপ্রণোদিত তৎপরতায় রূপায়িত করার ইচ্ছা সৃষ্টি না হয় এবং সে জনগোষ্ঠীর অন্তর থেকেই 'নেটিভদের ধর্মান্তর করণের মাধ্যমে অবস্থার উন্নতি কমই আশা করা যায়। এ ক্ষেত্রেও ইসলাম যথোপযুক্ত ভূমিকা রাখতে সক্ষম।

- প্রাগুক্ত, পৃ. ২৫-২৭।

Dhaka University Institutional Repository

1. 3. 2. Bmjvg gvb‡li ¯fveRvZ ag

ইসলাম মানুষের স্বভাবজাত জীবনব্যবস্থা বা ফিতরাত। আল্লাহ তা'আলা মানুষকে যে সহজাত প্রকৃতি দিয়ে সৃষ্টি করেছেন, তা-ই হল 'ফিতরাত'। হাদীস শরীফে বর্ণিত রয়েছে : "প্রতিটি শিশুই সহজাত প্রকৃতি তথা ইসলামের উপর জন্মগ্রহণ করে।"[106]

আল-কুরআনে মানুষের ঐ সুপ্ত প্রেরণাকে তৃপ্ত করার লক্ষ্যে ঘোষণা করা হয়েছে : "তুমি একনিষ্ঠ হয়ে নিজেকে দ্বীনে প্রতিষ্ঠিত কর। আল্লাহর ফিতরাত তথা প্রকৃতির অনুসরণ কর, যে প্রকৃতি অনুযায়ী তিনি মানুষ সৃষ্টি করেছেন, আল্লাহর সৃষ্টির কোন পরিবর্তন নেই। এটাই সরল দ্বীন; কিন্তু অধিকাংশ মানুষ জানে না।"[107]

---

১০৬. রাসূলুল্লহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : كل مولود يولد على الفطرة. -বুখারী, Avm-mnxn, হাদীস নং : ১২৯৬।

এখানে ফিতরাত বা ইসলামের কথা উল্লেখ করে হিদায়াত গ্রহণের যোগ্যতা প্রতি ইঙ্গিত করা হয়েছে। এ কারণেই প্রতিটি মানুষের মধ্যে উচ্চতর শক্তির সামনে আত্মসমর্পণের সহজাত প্রেরণা পরিলক্ষিত হয়। ভক্তিআপ্লুত হৃদয়ে সে নিজেকে একান্ত করে সঁপে দিয়ে পেতে চায় আত্মিক পরম তৃপ্তি। এ সুপ্ত প্রেরণা-জযবাকে বাস্তবে রূপায়িত করতে গিয়ে কখনও কখনও মানুষ হয়েছে দিকভ্রান্ত। কেউ তো চন্দ্র-সূর্যকে মহাশক্তি মনে করে সেগুলোর কাছে মাথা নত করেছে। কেউবা আগুনের পূঁজা করেছে। আবার কেউ নিজের চাইতে অধিকতর শক্তিমান মানুষের পূজায় আত্মনিয়োগ করেছে। কখনো তারা নিজেদের কল্পিত দেব-দেবীর মূর্তি তৈরী করে সেগুলোর সামনে নতশির হয়েছে। আবার কখনো অহংকারে স্ফীত হয়ে নিজেকে প্রভূ বলে ঘোষণা করেছে। এককথায় মানবতার ক্রমবিকাশের সকল স্তরে এ সহজাত প্রেরণা মানুষের মধ্যে বিদ্যমান করেছে। মানবতার ক্রমবিকাশের সকল স্তরে এ সহজাত প্রেরণা মানুষের মধ্যে বিদ্যমান ছিল। এক মুহূর্তের জন্যও মানুষ এর থেকে মুক্ত হতে পারেনি। পক্ষান্তরে মানুষের এ সহজাত প্রেরণার চাহিদা এটাই ছিল যে, মানুষ এমন এক মহান ও শাশ্বত সত্তার সামনে নিজেকে উৎসর্গিত করবে যিনি সকল শক্তি, সকল ক্ষমতা ও সৌন্দর্যের উৎস; মানুষের জ্ঞান-বুদ্ধির সীমাবদ্ধতার উর্ধ্বে যাঁর অবস্থান, যিনি মানুষের সকল দাবী ও চাহিদা পূরণে এবং তাদের সহজাত প্রেরণা ও উচ্ছ্বাসকে তৃপ্ত করতে সক্ষম। এ পূর্ণতম সত্তাই হলেন মহান রাব্বুল আলামীন-সারা জাহানের পালনকর্তা।

১০৭. আল্লাহ্ তা'আলা বলেছেন :

فَأَقِمْ وَجْهَكَ لِلدِّينِ حَنِيفاً فِطْرَةَ اللَّهِ الَّتِي فَطَرَ النَّاسَ عَلَيْهَا لاَ تَبْدِيلَ لِخَلْقِ اللَّهِ ذَلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لاَ يَعْلَمُونَ.

- Avj-KiÛAvb, সূরা আর-রূম, আয়াত : ৩০

Dhaka University Institutional Repository

1. 3. 3. Bmjvg kwšÍ I m¤cxwZi ag

ইসলাম শান্তি ও সম্প্রীতির ধর্ম। ইসলাম নিজেদের মত অন্যদেরকে ও ভালবাসতে উদ্বুদ্ধ করে। ইসলাম মানুষকে নিজের, স্বজনের, সমাজের, স্বদেশের তথা বিশ্ববাসীর কল্যাণের জন্য সক্রিয় ভূমিকা পালনে ও ত্যাগ স্বীকারের প্রেরণা যোগায়। আর তাতেই বিশ্ববাসীর জীবন ধারায় নেমে আসে প্রশান্তি এবং বিদূরিত হবে অশান্তি, হিংসা, বিদ্বেষ এবং হানাহানি। ইসলামের শিক্ষা হল, মানুষে মানুষে কোন ভেদাভেদ নেই। সাদা-কালো সকল মানুষই আল্লাহর বান্দা। সমগ্র মানবজাতি একই পরিবারভূক্ত। বস্তুত মানব জাতি একটি দেহের মত। কেননা আমরা সকলেই আদম ও হাওয়া (আ)-এর সন্তান। আল-কুরআনে ইরশাদ হয়েছে: "হে মানুষ! আমি তোমাদেরকে সৃষ্টি করেছি এক পুরুষ ও এক স্ত্রী হতে, পরে তোমাদেরকে বিভক্ত করেছি বিভিন্ন জাতি ও গোত্রে, যাতে তোমরা একে অপরের সাথে পরিচিত হতে পার। তোমাদের মধ্যে আল্লাহর নিকট সে ব্যক্তিই অধিক মর্যাদাসম্পন্ন যে অধিক মুত্তাকী। নিশ্চয়ই আল্লাহ সব কিছু জানেন,সমস্ত খবর রাখেন।"[১০৮]

---

১০৮. আল্লাহ্ তা'আলা বলেন :

يَاأَيُّهَا النَّاسُ إِنَّا خَلَقْنَاكُم مِّن ذَكَرٍ وَأُنْثَىٰ وَجَعَلْنَاكُمْ شُعُوباً وَقَبَآئِلَ لِتَعَارَفُوٓاْ إِنَّ أَكْرَمَكُمْ عِندَ اللهِ أَتْقَاكُمْ إِنَّ اللهَ عَلِيمٌ خَبِيرٌ

- Avj-KiÛAvb, সূরা আল-হুজরাত, আয়াত : ১৩।

মানুষের দৈনন্দিন জীবন যাপনে প্রাণী ও প্রাকৃতিক সম্পদ আবশ্যক। তাই পৃথিবীতে শান্তি ও সমৃদ্ধির লক্ষ্যে ইসলাম শুধু মানুষের প্রতি সদয় ব্যবহারের নির্দেশ দেয়নি, উপরন্তু প্রাণীর পরিচর্যা, প্রাকৃতিক সম্পদ ও উদ্ভিদের যথার্থ ব্যবহার সম্পর্কেও ইসলাম গুরুত্ব আরোপ করেছে। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন :

الراحمون يرحمهم الله ارحموا من في الأرض يرحمكم من في السماء .

"যারা দয়া করে, দয়াময় আল্লাহ তাদের প্রতি দয়া করেন। তোমরা পৃথিবীবাসীদের প্রতি দয়া কর তাহলে আকাশবাসী (আল্লাহ) তোমাদের প্রতি দয়া করবেন।"

- তিরমিযি, Awm-mnxn, হাদীস নং : ১৮৪৭।

মোটকথা সমস্ত সৃষ্টি জড়, অজড়, প্রাণী ও প্রকৃতি সকলেই ইসলামের উদারতায় উদ্ভাসিত। ইসলাম শুধু বিশ্বাসভিত্তিক ধর্ম নয়। বরং তা বিশ্বাস ও কর্মের এক সুষম সমন্বয়ের বাস্তব অভিব্যক্তি। সে জন্যই বৈরাগ্য ইসলামে নিষিদ্ধ। এ বাণী প্রতিটি মানুষকে নিজের জন্য, আত্মীয়-স্বজনের জন্য, পরের জন্য, দেশের জন্য, জাতির জন্য তথা বিশ্বের জন্য কর্মে উদ্বুদ্ধ করে। কর্মই মূলত মানুষের মানবীয় পরিচয় বিকাশের এবং মনুষত্ব প্রকাশের সুযোগ এনে দেয়। কাজেই প্রত্যেক মুসলমানকে তার নিত্যদিনের চিন্তা-কর্মে এ কথা প্রমাণ করতে হবে যে সে আল্লাহর বান্দা এবং নবীজীর উম্মত। আল-কুরআনে ইরশাদ হয়েছে :

Dhaka University Institutional Repository

ইসলাম এমন এক জীবনাদর্শ যেখানে মানুষ দোলনা থেকে কবর পর্যন্ত কোন একটি মুহূর্ত ও ধর্মীয় অনুশাসনের বাইরে থাকা সম্ভব নয়। মুসলমানদের জীবনে এমন কোন ক্ষেত্র ফেলে রাখা হয়নি, যেখানে ব্যক্তিগত বা সামাজিক জীবনের প্রতিটি চিন্তা ও কর্মের সাথে তার আখিরাতের ভাগ্য জড়িত নয়। মোট কথা, ইসলামে এমন কোন পরিত্যক্ত বিষয় নেই, যার উপর ধর্ম কোন দাবি পেশ করেনি। একারণেই আল্লাহ্ তা'আলা মানুষকে পূর্ণভাবে ইসলামে দাখিল হতে নির্দেশ দিয়েছেন। "হে বিশ্বাসিগণ! তোমরা পূর্ণরূপে ইসলাম গ্রহণ কর এবং শয়তানের পদাংক অনুসরণ করো না। নিশ্চয় সে তোমাদের প্রকাশ্য শত্রচ"।[১০৯]

ধর্মকে পূর্ণাংগ জীবন বিধান হিসেবে ইসলামের এ ধারণা প্রকৃতপক্ষে মানব জীবনের সকল ক্ষেত্রে পবিত্রতা এনে দিয়েছে। এর আগে মনে করা হতো যে, বস্তু ও ভাব পরস্পরবিরোধী সত্তা। ধর্মের কাজ আত্মাকে নিয়ে, মানুষের পার্থিব কাজ-কর্মের ব্যাপারে ধর্মের কিছুই করার নেই এগুলো পাপ ছাড়া আর কিছু নয়।[১১০]

وَمَا خَلَقتُ الجِنَّ وَالاِنسَ اِلاَّ لِيَعبُدُونِ.

"আমি জ্বীন ও ইনসানকে শুধু ইবাদতের জন্যই সৃষ্টি করেছি।"

- Avj-KiÛAvb, সূরা আল-যারিয়াত, আয়াত : ৫৬।

উল্লেখিত আয়াতে যে ইবাদতের কথা ব্যক্ত হয়েছে সে ইবাদত শুধু নামায, রোযা, হজ্জ, যাকাত ইত্যাদিতে সীমাবদ্ধ নয়। বরং উপরোক্ত আমলের আগে-পরে কর্মমুখর মুহূর্তগুলোতেও আল্লাহ তা'আলাকে বেশী বেশী স্মরণ করতে হবে যেন বৈষয়িক লোভ-লালসায় পড়ে কেউ পথভ্রষ্ট ও বিপথগামী না হয়ে যায়। প্রতিদিনের সকল কাজ-কর্মে আল্লাহর নির্দেশ পালন ও রাসুলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম -এর আদর্শের অনুসরণই হল উল্লিখিত আয়াতে ইবাদতের মূল তাৎপর্য।

১০৯. Avj-KiÛAvb, সূরা আল-বাক্বারা, আয়াত : ২০৮।

১১০. ইসলাম মানুষকে স্বেচ্ছায় ও দ্বিধাহীনভাবে দুনিয়ায় বসবাস করতে বলে। দুনিয়ায় সব কিছু থেকে উদাসীন, স্থবির ও ছেড়ে-ছুঁড়ে দেওয়ার মনোভাবের স্বীকৃতি এধর্মে নেই। মানুষ হবে জীবন সংগ্রামের একজন অংশীদার। এখানে বস্তু জগত বা ইন্দ্রিয় জগতকে উপেক্ষা বা ঘৃণা করা হয় না বরং আল্লাহর ইচ্ছা অনুসারে রূপায়িত করা হয়। ইসলামের মতে এ দুনিয়া কোন নির্যাতন সেল নয় যে, মৌলিকভাবে দুর্বল মানব জাতি তার আত্মার দোষ স্খালনের জন্যে সমাজে বসবাস করতে হবে। এ দুনিয়ার সকল সম্পদ মানুষের জন্যে আল্লাহর পক্ষ থেকে পবিত্র আমানত, যার ব্যবহারের মাধ্যমে মানুষ তার প্রকৃত মর্যাদা প্রদর্শন করতে পারে। সুতরাং পার্থিব জগতকে ত্যাগ করা যাবে না বরং যথাযথভাবে ব্যবহার করতে হবে। দেহ আত্মার জন্যে বন্দীখানা নয় বরং লক্ষ্য অর্জনের জন্যে একটি ফলদায়ক উপকরণ। ইসলাম এ বিষয়ে দুনিয়ার প্রায় সকল ধর্মের স্পষ্ট বিরোধী। অন্যান্য ধর্মে জীবনকে অস্বীকৃতি ধার্মিকতার তূল্য অথচ ইসলামে ধার্মিকতার অর্থ জীবনে বিশ্বাস করা এবং নি:শঙ্ক ও সানন্দচিত্তে দৃঢ়তার সাথে নিজেকে তাতে সমর্পণ করা। একদিকে রয়েছে জীবনকে আপসহীনভাবে অস্বীকৃতি জানানো, অপরদিকে রয়েছে তূলনাহীন আশা ও আকাঙ্খা।

Dhaka University Institutional Repository

ইসলাম মানুষের মনে প্রথমেই যে বিষয়টির ছাপ ফেলে তাহলো, আসমান-যমীনে যা কিছু আছে তা কোন তুচ্ছ কারণে সৃষ্টি করা হয়নি, একটি সুনির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে এগুলো সৃষ্টি করা হয়েছে।

আল্লাহ ইরশাদ করেন : আসমান ও যমীনে এবং যা এর অন্তবর্তী তা আমি ক্রীড়াচ্ছলে সৃষ্টি করিনি। যদি চিত্তবিনোদনের উপকরণ সৃষ্টি করতে চাইতাম তবে আমার নিকট যা আছে তা নিয়েই করতাম, আমি তা করিনি।"[১১১]

পবিত্র কুরআনের সূরা 'দুখান'-এ অত্যন্ত স্পষ্টভাবে বলা হয়েছে যে, খোদীয় উদ্দেশ্যে দুনিয়া সৃষ্টি করা হয়েছে।

وَمَا خَلَقْنَا السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا لَاعِبِيْنَ، مَا خَلَقْنَاهُمَا إِلَّا بِالْحَقِّ وَلكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ.

"আমি আকাশমন্ডলী ও পৃথিবী এবং তাদের মধ্যবর্তী কোন কিছুই ক্রীড়াচ্ছলে সৃষ্টি করিনি, আমি এদু'টি অযথা সৃষ্টি করিনি। কিন্তু তাদের অধিকাংশই তা জানে না।"[১১২]

এরপর পবিত্র কুরআনে মানব জাতিকে উদ্দেশ্য করে বলা হয়েছে : "তোমরা কি মনে করেছিলে যে, আমি তোমাদেরকে অনর্থক সৃষ্টি করেছি।"[১১৩]

আল্লাহ যা কিছু সৃষ্টি করেছেন সেগুলোকে শুধুমাত্র একটি খোদায়ী উদ্দেশ্য সাধনে সৃষ্টি করা হয়েছে। এতে কোন খুঁত বা ত্রচটি নেই। বস্তু জগতের ক্ষুদ্র থেকে শুরচ করে আকাশের উজ্জ্বল নক্ষত্র কি আশ্চর্য সুন্দরভাবেই না সৃষ্টি করা হয়েছে এবং ক্ষুদ্রাতিক্ষুদ্র জীব থেকে শুরচ করে উন্নত জীবকুলের সকলেই আল্লাহর পরিপূর্ণ প্রজ্ঞার প্রকাশ মাত্র। এ প্রসঙ্গে মহান আল্লাহ্ বলেন : "তিনিই দৃশ্য ও অদৃশ্যের

-Bmjvqgi Avnevb, প্রাগুক্ত, পৃ. ১৮০

১১১. মহান আল্লাহ্ বলেন :

وَمَا خَلَقْنَا السَّمَآءَ وَالأَرْضَ وَمَا بَيْنَهُمَا لاَعِبِينَ. لَوْ أَرَدْنَآ أَن نَّتَّخِذَ لَهْواً لاَّتَّخَذْنَاهُ مِن لَّدُنَّآ إِن كُنَّا فَاعِلِينَ.

- Avj-KiÛAvb, সূরা আল-আম্বিয়া, আয়াত : ১৬ -১৭

১১২. মহান আল্লাহ্ বলেন :

أَفَحَسِبْتُمْ أَنَّمَا خَلَقْنَاكُمْ عَبَثاً وَأَنَّكُمْ إِلَيْنَا لاَ تُرْجَعُونَ.

- Avj-KiÛAvb, সূরা আদ-দুখান, আয়াত : ৩৮-৩৯

১১৩. Avj-KiÛAvb, সূরা আল-ম'মিনুন, আয়াত : ১১৫

Dhaka University Institutional Repository

পরিজ্ঞাতা পরাক্রমশালী, পরম দয়ালু, যিনি জ্ঞান প্রত্যেকটি সৃষ্টিকে সৃজন করেছেন উত্তমরূপে এবং কাদামাটি থেকে মানব সৃষ্টির সূচনা করেছেন।"[১১৪]

এ আয়াতে কারীমা থেকে বোঝা যায় মানুষ পাপী নয়। এগুলো সুন্দর, যথার্থ এবং যে কাজের জন্যে সৃষ্টি করা হয়েছে যে কাজের উপযোগী। ইসলামের দৃষ্টিতে মানুষকে সৃষ্টি করা হয়েছে শ্রেষ্ঠতম অবয়বে, এমনকি মালায়িক বা ফেরেশতাগণকে তার প্রতি অভিবাদন জানাতে বলা হয়েছিল। দুনিয়ায় যা কিছু আছে সব কিছু তারই সেবার জন্যে সৃষ্টি করা হয়েছে। ইসলামের মতে মানুষের আজন্ম কোন কলঙ্ক বা তার কোন পূর্ব পুরচষের পাপের পরিণতি তাকে ভোগ করতে হবে না।[১১৫]

ইসলামের মতে মানুষের দেহ ও আত্মার মধ্যে কোন বিরোধ নেই। দৈহিক কামনা মানব প্রকৃতির সাথে ওতপ্রোতভাবে জড়িত। এটা কোন আদি পাপের ফলশ্রচতি নয়, সুতরাং এগুলো মানুষের জন্যে ইতিবাচক, তাই আল্লাহ প্রদত্ত শক্তিকে গ্রহণ করতে হবে এবং আত্মিক উন্নতির জন্যে সংগতভাবে ব্যবহার করতে হবে। ইসলাম বলে যে, দৈহিক চাহিদাকে দমন করে পরহেজগার হওয়া যায় না। ইসলাম মানুষের দৈহিক চাহিদাকে আত্মিক চাহিদার সাথে এমনভাবে সমন্বয় সাধন করতে চায় যেন জীবনকে সৎ ও পূর্ণতায় ভরে দেওয়া যায়। মুসলমানদেরকে বলা হয়েছে, তারা যেন আল্লাহপ্রদত্ত নিয়ামতকে নিজেদের জন্যে নিষিদ্ধ না করে। এ প্রসঙ্গে মহান আল্লাহ্ বলেন : "বল আল্লাহ স্বীয়

---

১১৪. মহান আল্লাহ্ বলেন :

ذٰلِكَ عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْعَزِيزُ الرَّحِيمُ. الَّذِيَ أَحْسَنَ كُلَّ شَيْءٍ خَلَقَهُ وَبَدَأَ خَلْقَ الإِنْسَانِ مِن طِينٍ.

- Avj-KiÛAvb, সূরা আস-সিজদাহ, আয়াত : ৬-৭

১১৫. অন্য এক আয়াতে আল্লাহ্ তা'আলা বলেন :

وَلاَ تَكْسِبُ كُلُّ نَفْسٍ إِلاَ عَلَيْهَا وَلاَ تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَىٰ.

"প্রত্যেকেই স্বীয় কৃতকর্মের জন্যে দায়ী এবং কেউ অন্য কারো ভার বহন করবে না"।

- Avj-KiÛAvb, সূরা আল-আনআম, আয়াত : ১৬৪

অন্য এক আয়াতে আল্লাহ্ তা'আলা আরো বলেন :

أَلاَّ تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَىٰ. وَأَن لَيْسَ لِلإِنسَانِ إِلاَّ مَا سَعَىٰ.

"তা এ যে, একে অপরের কৃতকর্মের জন্যে দায়ী হবে না, এবং মানুষ তাই পায় যা সে করে"।

- Avj-KiÛAvb, সূরা আন-নাজম, আয়াত : ৩৮-৩৯

এ আয়াতে করীমায় দুনিয়াবী জীবনের জন্মগত অমর্যাদা ও প্রাশ্চিত্য সম্পর্কীয় খৃষ্টীয় মতবাদকে স্পষ্টভাবে অস্বীকার করা হয়েছে। মানুষ তার নিজের কৃতকর্মের জন্যে দায়ী এবং তার মর্যাদা নির্নীত হবে তার নিজের সুকৃতি ও দুস্কৃতির ভিত্তিতে। খৃষ্ট ধারণা অনুযায়ী সে পাপীরূপে জন্মগ্রহণ করেনি অথবা সে জন্মগতভাবে নীচ বা কলুষীত নয়, যার জন্যে তাকে পরিপূর্ণতা অর্জনের লক্ষ্যে কষ্টদায়ক দৈহিক কসরৎ করতে হবে।

Dhaka University Institutional Repository

দাসদের জন্যে যে শোভার বস্তু ও বিশুদ্ধ জীবিকা সৃষ্টি করেছেন তা কে নিষিদ্ধ করেছেন। বল, 'পার্থিব জীবনে বিশেষ করে কিয়ামতের দিনে এসব তাদের জন্যে, যারা বিশ্বাস করে, এরূপে জ্ঞানী সম্প্রদায়ের জন্যে নিদর্শন বিশদভাবে বিবৃত করি। বল, আমার প্রতিপালক নিষিদ্ধ করেছেন প্রকাশ্য ও গোপন অশ্লীলতা, আর পাপ এবং অসংগত বিরোধিতা এবং কোন কিছুকে তাঁর শরীক করা-যার কোন সনদ তিনি প্রেরণ করেন নি। এবং আল্লাহ সম্বন্ধে এমন কিছু বলা, যে সম্বন্ধে তোমার কোন জ্ঞান নাই।"[১১৬]

দৈহিক চাহিদাসমূহ মানুষের ব্যক্তিত্বের অবিভাজ্য অংশ এবং ইন্দ্রিয় কামনাসহ স্বভাবগত অন্যান্য বিষয়ের সাথে আধ্যাত্মিক উন্নতি ওতপ্রোতভাবে জড়িত। ইসলামের মতে বস্তুজগতে আল্লাহ প্রদত্ত অসংখ্য নিয়ামতকে উপ্রেক্ষ করার মধ্যে কোন পুণ্য নেই বরং আল্লাহ যা কিছু হারাম করেছেন তা থেকে দূরে থাকা বা পরিহার করে চলার মধ্যেই প্রকৃত পুণ্য নিহিত রয়েছে। রিপুর চাহিদা পূরণ করাকে ইসলামে সরাসরি নিন্দা করা হয়নি, যতদুর পর্যন্ত একজন মানুষ সংযত হতে পারে এবং নৈতিক সচেতনতার আলোকে তাদেরকে নিয়ন্ত্রণ করতে পারে আধ্যাত্মিক উন্নতির জন্যে ততটুকু ব্যবহার করতে হবে।[১১৭]

সংসার থেকে দূরে একাকিত্ব বরণ করে শুধুমাত্র ধ্যান উপাসনা ধারণা থেকে ইসলামী চেতনা সম্পূর্ণ পৃথক। "কিন্তু সন্ন্যাসবাদ এ-তো তারা নিজেরাই আবিস্কার করেছে অথচ আমি এর বিধান দেইনি,

---

১১৬. মহান আল্লাহ্ বলেন :

قُلْ مَنْ حَرَّمَ زِينَةَ اللَّهِ الَّتِي أَخْرَجَ لِعِبَادِهِ وَالطَّيِّبَاتِ مِنَ الرِّزْقِ قُلْ هِيَ لِلَّذِينَ آمَنُوا فِي الْحَيَاةِ الدُّنْيَا خَالِصَةً يَوْمَ الْقِيَامَةِ كَذَلِكَ نُفَصِّلُ الْآيَاتِ لِقَوْمٍ يَعْلَمُونَ . قُلْ إِنَّمَا حَرَّمَ رَبِّيَ الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ وَالْإِثْمَ وَالْبَغْيَ بِغَيْرِ الْحَقِّ وَأَنْ تُشْرِكُوا بِاللَّهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَانًا وَأَنْ تَقُولُوا عَلَى اللَّهِ مَا لَا تَعْلَمُونَ.

- Avj-KiÛAvb, সূরা আল আ'রাফ, আয়াত : ৩২-৩৩

১১৭. এ প্রসঙ্গে মহান আল্লাহ বলেন :

يَا أَيُّهَا الرُّسُلُ كُلُوْا مِنَ الطَّيِّبَاتِ وَاعْمَلُوْا صَالِحًا إِنِّيْ بِمَا تَعْمَلُوْنَ عَلِيْمٌ.

"হে রাসুলগণ! তোমরা পবিত্র বস্তু আহার কর এবং সৎকর্ম কর, তোমরা যা কর সে সম্পর্কে সবিশেষ অবহিত।"

- Avj-KiÛAvb, সূরা আল-মুমিনুন, আয়াত : ৫১।

Dhaka University Institutional Repository

(নির্দেশ দিয়েছিলাম) দিয়েছিলাম শুধুমাত্র আল্লাহ্‌র সন্তুষ্টি খুঁজতে, কিন্তু তারা তা যথাযথভাবে করে, তাদের তা করা উচিত ছিল”।[১১৮]

আল্লাহ অবশ্যই মানুষদেরকে অলসভাবে সুখভোগ থেকে দূরে থাকতে এবং তার ইন্দ্রিয় আকাঙ্খাগুলোকে পুরো নিয়ন্ত্রণে রাখতে বলেছেন। কিন্তু তার অর্থ এ নয় যে, সে উদ্দেশ্যহীন অবসাদগ্রস্ত জীবন যাপন করবে বা শুধু নীরবে উপাসনা করে যাবে। সংঘাতমূখর এ দুনিয়ায় নিস্কলুষ জীবন যাপনের মাধ্যমেই আল্লাহ্‌র হুকুম পালন করা হয়। রাসুলুল্লাহ্‌ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট বাণী প্রায়ই বলা হয়ে থাকে যে, ‘ইসলামে আল্লাহ্‌র কোন বৈরাগ্য নেই’।[১১৯]

ইসলাম শান্তি সম্প্রীতির ধর্ম। এ কথা বুঝা ও বুঝানোর জন্যে খুব বেশি গভীর অধ্যয়ন প্রয়োজন পড়েনা। ইসলামে মানবাধিকার বলতে তা বুঝায় যা ধর্ম–বর্ণ নির্বিশেষে সকলকে শামিল করে থাকে। ইসলামে সংখ্যালঘুদের অধিকারের বিষয়টি খুবই উল্লেখযোগ্য। এককথায়, মানবজাতির মধ্যে সুখ–শান্তি ও সৌহার্দ-সম্প্রীতি সৃষ্টির জরুরী ব্যবস্থা ইসলাম গ্রহণ করেছে। এবং এ বিষয়টি অপরাধমুক্ত সমাজ বিনির্মাণে বড় ধরনের ভুমিকা পালন করে থাকে।

---

১১৮. A\j-Ki\`Avb, সূরা আল-হাদীদ, আয়াত : ২৭

১১৯. এ প্রসঙ্গে হাদীসের এক বর্ণনায় এসেছে, ‘সা’দ ইবনে আবি ওয়াক্কাস (রা.) থেকে বর্ণিত আছে যে, হযরত উসমান বিন মাজুনের স্ত্রী তাঁর স্বামী কর্তৃক উপেক্ষিত হওয়ার নালিশ করলে নবী করীম সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম হযরত উসমান বিন মাজুনকে বলেছিলেন, ‘আমাদেরকে বৈরাগ্যবাদ অবলম্বন করতে বলা হয়নি, আমি তোমাকে যে উপদেশ দিয়েছিলাম তাকি অপছন্দ কর?’ তিনি উত্তরে বলেছিলেন ‘না।’ এরপর রাসুল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম মন্তব্য করলেন, ‘আমি নামায পড়ি আবার ঘুমাই, আমি রোযা রাখি এরপর খাদ্য গ্রহণ করি, আমি বিবাহ করি এবং তালাক দেই, যে এই পথ থেকে বিচ্যুত হয় তার ব্যাপারে আমার কিছু করার নেই। হে উসমান! তোমার উপর তোমার পরিবারের হক আছে। তোমার শরীরেরও তোমার উপর হক আছে।’

- আহমদ, A\j-gmb`, হাদীস নং : ২৪৭০৬।

উল্লিখিত হাদীস শরীফ যেখান থেকে উদ্ধৃত করা হয়েছে সেখানেও জোর দিয়ে বলা হয়েছে যে, রাসুল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম মানুষের দুনিয়ার জীবনকে পরিহার করে শুধুমাত্র উপাসনা নিয়ে ব্যস্ত থাকা এবং জাগতিক সুখ ভোগ থেকে দূরে থাকাকে নিষিদ্ধ করেছেন।

ইসলাম শুধুমাত্র আত্মত্যাগের ধর্ম নয় বরং আল্লাহ্‌ নির্দেশিত সীমা অনুযায়ী আত্মরক্ষার ধর্ম। ইসলাম মানুষের মনে আত্মবিশ্বাস জাগাতে চায়, তার জীবনকে সৃজনশীলতার গুণে গুনান্বিত করতে চায়, এভাবে বস্তু জগত ও সাংস্কৃতিক যোগাযোগের মাধ্যমে তার ব্যক্তিত্বকে শক্তিশালী করতে চায়। সক্রিয় ও শক্তিশালী এই ব্যক্তিত্ব নিবেদিত হবে মহান আল্লাহ্‌র সন্তুষ্টির জন্যে।

Dhaka University Institutional Repository

1. 3. 4. Bmjvg cwicY Av‘k

সকল ধর্মমতের মধ্যে একমাত্র ইসলামই ঘোষনা করে যে, পার্থিব জীবনের গণ্ডিতে থেকেই ব্যক্তিগতভাবে পূর্ণতা লাভ সম্ভব। খৃস্টীয় শ্রিস্তর মত ইসলাম তথাকথিত দৈহিক কামনার অবদমন না হওয়া পর্যন্ত পূর্ণতা লাভকে স্থগিত রাখে না অথবা হিন্দু ধর্মের মত ক্রমগত উচ্চতর পর্যায় জন্মান্তরের প্রতিশ্রচতি দেয় না, ইসলাম বৌদ্ধ ধর্মের সাথেও একমত নয়, যেখানে ব্যক্তিগত আত্মার নিধান লাভ ও পৃথিবীর সাথে তার আবেগতাড়িত সংযোগসমূহ ছিন্ন করে জীবনের পূর্ণতা ও মুক্তি অর্জন সম্ভব হতে পারে না। ইসলাম অত্যন্ত জোরালো এবং দ্বিধাহীনভাবে ঘোষণা করে যে, মানুষ ব্যক্তিগত ও পার্থিব সম্ভাবনার পূর্ণ ব্যবহারের দ্বারাই পূর্ণতায় পৌছতে পারে।

‘পূর্ণতা’ কথাটি এখানে যে অর্থে ব্যবহার করা হয়েছে ভ্রান্তি এড়ানোর জন্যে তার সংজ্ঞা নির্ধারন করা প্রয়োজন। জীবতাত্তিকভাবে মানুষের কিছু সীমাবদ্বতা রয়েছে। সুতরাং যতজ্ঞা পর্যন্ত আমরা মানুষ সম্পর্কে আলোচনা করব ততজ্ঞা পর্যন্ত আমরা অবিমিশ্র পূর্ণতার কথা বিবেচনা করতে পারি না, কারণ যা কিছু পূর্ণতা, তা শুধু আল্লাহর গুনের-ত্রেত্রে প্রযোজ্য হতে পারে। সত্যিকার মনস্তাত্ত্বিক এবং নৈতিক দিক থেকে মানবীয় পূর্ণতা হবে অবশ্যই আপ্রেক্তি ও ব্যক্তিগতভাবে বৈশিষ্ট্যমন্ডিত। এতে সকল প্রকার চিন্তনীয় গুনরাজির অধিকার লাভকরা বা অর্জন করা বুঝায় না বা বাইরে থেকে ক্রমাগত নিত্য নতুন গুন আয়ত্ত করা বুঝায় না বরং ব্যক্তির আগে থেকেই যেসব গুণের অস্তিত্ব রয়েছে কেবলমাত্র তারই পূর্ণ বিকাশ বুঝায় –যাতে করে তার অন্তর্নিহিত সুপ্ত শক্তিসমূহ জাগ্রত হতে পারে। জীব–প্রকৃতির স্বাভাবিক বৈচিত্র্য হেতু প্রত্যেক ব্যক্তি স্ব-স্ব সহজাত গুণের-ত্রেত্রে আলাদা।[১২০]

---

১২০. সুতরাং এরূপ ধারনা করা অমূলক হবে যে, সব মানুষ এক ধরনের পূর্ণতা অর্জন করতে চেষ্টা করবে বা করতে পারবে। যেমন অমূলক হবে একটি নিখুঁত দৌড়ের ঘোড়া ও একটি নিখুঁত ভারবাহী ঘোড়ার মধ্যে একই গুণের প্রত্যাশা করা, স্বতন্ত্রভাবে প্রত্যেকেই সন্তোষজনক এবং পরিপূর্ণ গুণের অধিকারী হতে পারে কিন্তু উভয়ের মধ্যে পার্থক্য থাকবে। কারণ তাদের মূল স্বভাবে পার্থক্য রয়েছে। মানুষের বেলায়ও সেই একই ব্যাপার। পূর্ণতা যদি কোন বিশেষ ধরনের মানদন্ডে পরিমাপ করা যেত, যেমন খৃষ্ট ধর্মে সন্নাস ব্রত পালনকারীদেরকে ধরা হয়ে থাকে। তাদের মতে মানুষকে তার ব্যক্তিগত স্বতন্ত্র বর্জন করতে হবে, সেগুলোর পরিবর্তন অথবা দমন করতে হবে। কিন্তু এটা হবে পৃথিবীর সকল প্রাণের নিয়ন্তা আল্লাহর দেয়া স্বতন্ত্র নিয়ম-কানুনকে সুস্পষ্টভাবে লংঘন করা।

কারণ ইসলাম যেহেতু দমন নীতিতে বিশ্বাস করে না, সেহেতু এখানে মানুষ তার ব্যক্তিগত ও সামাজিক অস্তিত্বে এ তো ব্যাপক সুযোগ পেয়ে থাকে যাতে বিভিন্ন ব্যক্তির প্রবণতা অনুসারে তার বিভিন্ন প্রকার গুণ, মেজাজ, মনস্তাত্বিক প্রবণতা ইত্যাদির সুনির্দিষ্ট বিকাশ লাভ করতে পারে। এমনি করে কোন ব্যক্তি কঠোর সাধক হতে পারে অথবা আইনের গন্ডির মধ্যে থেকে তার ইন্দ্রিয়গাহ্য সম্ভাবনাকে পূর্ণমাত্রায় ভোগ করতে

Dhaka University Institutional Repository

মানব শিশুর জন্য ইসলামের অবদান হল পিতা-মাতাকে দায়িত্ব দেওয়া হয়েছে তাদের সন্তানের শারীরিক ও মানসিক উন্নয়নের সুব্যবস্থা নিশ্চিত করা, যাতে সন্তান সমাজে-সংসারে সৎ ও আদর্শ নেতৃত্ব প্রদান করতে পারে। আল-কুর’আন সন্তানের কামনায় পিতা-মাতাকে প্রার্থনা শিখিয়েছে এ ভাষায় : “হে আমাদের প্রভু! আমাদের এমন জুড়ি ও সন্তান দান কর যারা আমাদের জন্য চক্ষুশীতলকারী হয় এবং আমাদেরকে মুত্তাকীদের অগ্রগামী বানাও।”[৪৯]

---

৪৭. আলণ্ডাহ্ তা‘আলার বাণী :

الْحَمْدُ لِلَّهِ الَّذِي وَهَبَ لِي عَلَى الْكِبَرِ إِسْمَاعِيلَ وَإِسْحَاقَ إِنَّ رَبِّي لَسَمِيعُ الدُّعَاءِ.

সূরা ইবরাহীম, আয়াত : ৩৯।

৪৮. আলণ্ডাহ্ তা‘আলার বাণী :

رَبَّنَا إِنِّي أَسْكَنتُ مِنْ ذُرِّيَّتِي بِوَادٍ غَيْرِ ذِي زَرْعٍ عِنْدَ بَيْتِكَ الْمُحَرَّمِ رَبَّنَا لِيُقِيمُوا الصَّلَاةَ فَاجْعَلْ أَفْئِدَةً مِنْ النَّاسِ تَهْوِي إِلَيْهِمْ وَارْزُقْهُمْ مِنْ الثَّمَرَاتِ لَعَلَّهُمْ يَشْكُرُونَ

সূরা ইবরাহীম, আয়াত : ৩৭।

৪৯. আলণ্ডাহ্ তা‘আলার বাণী :

رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُنٍ وَاجْعَلْنَا لِلْمُتَّقِينَ إِمَامًا.

Dhaka University Institutional Repository

ইসলামই প্রথমে শিশুর বেঁচে থাকার অধিকার ঘোষণা করেছে। প্রাচীন সমাজে যেখানে শিশু সন্তানকে অপাংতেয় মনে করা হত সেখানে ইসলাম ঘোষণা করেছে : "আর্থিক অনটনের জন্য তোমরা নিজেদের সন্তানকে হত্যা করো না, আমি তোমাদেরকে যেভাবে জীবিকা দান করি তাদেরকেও অনুরূপভাবে দান করবো।"[৫০]

এভাবে মানব শিশুর মর্যাদা প্রতিষ্ঠায় ইসলামের সর্বপ্রথম অবদান হল বেঁচে থাকার অধিকার প্রদান। আর বেঁচে থাকার অধিকারের মধ্যে রয়েছে জীবন ধারণে সহায়ক মৌলিক বিষয়াদির অধিকার যেমন স্বাস্থ্য ব্রজ, খাদ্য-পানীয় এবং বাস-উপযোগী পরিবেশ নিশ্চিত করা। ইসলামের নির্দেশ হল, সন্তানের ভরণ-পোষণের জন্য সম্ভাব্য সব ব্যবস্থা যথাবিহিত ব্যবস্থা করা। ইসলামী নিয়মনীতি অনুসারে শিশু সন্তানের খাওয়া-দাওয়া, বাসস্থান, পোশাক-পরিচ্ছদ, চিকিৎসা, প্রতিপালন এবং শ্রিজ-দ্বীজর তত্ত্বাবধান প্রতিটি মানুষের জন্য বাধ্যতামূলক (ফরয)।"[৫১]

মানব শিশুর মর্যাদা প্রতিষ্ঠায় ইসলামের অন্যতম প্রধান অবদান হল শিশুদের সুশ্রিজ ও প্রশ্রিজণের ব্যবস্থা করা। ইসলাম শিশুর অভিভাবকের উপর দায়িত্ব দিয়েছে শিশুদের জাগতিক ও আত্মিক উন্নয়নের সুব্যবস্থা করা। এ প্রসঙ্গে হযরত যাকারিয়া (আ) আস্তাহর কাছে যে দু'আ করেন-তার ভাষা ছিল : "হে রব! তুমি আমাকে এমন উত্তরাধিকার দান কর যে আমার এবং ইয়াকুব বংশের প্রতিনিধিত্ব করবে এবং হে প্রভু! সে যেন তোমার সন্তুষ্টি লাভ করতে স্রজ্ম হয়।"[৫২]

হযরত 'আলী (রা) থেকে বর্ণিত হাদীসে এসেছে : "কোন পিতা তার সন্তানকে উত্তম আদব শেখানোর চাইতে আর কোন মূল্যবান পুরস্কার দিতে পারে না"[৫৩]

সূরা আল্ ফুরকান, আয়াত : ৭৪।

৫০ আলণ্ঢাহ্ তা'আলার বাণী :

وَلا تَقْتُلُوا أَوْلادَكُمْ مِنْ إِمْلاقٍ نَحْنُ نَرْزُقُكُمْ وَإِيَّاهُمْ.

সূরা আল আন্-আম, আয়াত : ১৫১।

৫১ RvIqwni"j Kvjvg, 'আলণ্ঢামা সাইয়েদ ইবন হাসান নাজাফী-এর বরাতে, উসূলুত্ তারবিয়াহ (বাংলা অনুবাদ), তাবি, পৃ. ২৫

৫২. মহান আলণ্ঢাহর বাণী :

... هَبْ لِي مِنْ لَدُنْكَ وَلِيًّا . يَرِثُنِي وَيَرِثُ مِنْ آلِ يَعْقُوبَ وَاجْعَلْهُ رَبِّ رَضِيًّا.

সূরা মরিয়াম, আয়াত : ৫-৬।

৫৩ মূল হাদীস :

Dhaka University Institutional Repository

সন্তানের শারীরিক ও মানসিক উৎকর্ষ লাভে সাহায্য করার লক্ষ্যে পিতা-মাতার প্রতি দায়িত্ব আরোপ করা হয়েছে যে, সামাজিক, সাংস্কৃতিক ও নৈতিক শিক্ষা-দীক্ষার মাধ্যমে শিশুকে সুনাগরিক ও সচ্চরিত্রবান রূপে গড়ে তোলা। এর মাধ্যমেই একজন মানব শিশুর সত্যিকার মর্যাদা প্রতিষ্ঠিত হতে পারে। ধ্যান-ধারণা ও চিন্তার প্রগতিশীলতার ক্ষেত্রে সন্তানকে সমাজের কাছে বরণীয় এবং মানব জাতির গৌরব হিসাবে উপস্থাপিত করতে পারাই হচ্ছে শিশুর আসল মর্যাদা দান। সন্তানকে তার সমসাময়িক রীতি ও সাংস্কৃতিক মানদন্ডে উচুঁ পর্যায়ে উন্নীত করার প্রয়োজন অত্যন্ত গুরুত্ববহ বিষয়।

মানব শিশুকে মর্যাদাবান, কর্মকুশলী, দৃঢ়, সুশীল, ন্যায়পরায়ণ, নিয়ম শৃঙ্খলানুবর্তী, আদর্শরূপে গড়ে তোলা। আর ইসলাম এই কাজগুলোরই দায়িত্ব দিয়েছে পিতামাতা ও অভিভাবককে তারা সন্তানদের প্রকৃত শিক্ষা-দীক্ষার মাধ্যমে যেন গৌরবময় জীবনের অধিকারী করে তোলে। এ কাজে সামান্য গাফলতি করাকে তিরস্কার করা হয়েছে।

حَدَّثَنَا أَيُّوبُ بْنُ مُوسَى عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَا نَحَلَ وَالِدٌ وَلَدًا مِنْ نَحْلٍ أَفْضَلَ مِنْ أَدَبٍ حَسَنٍ.

তিরমিযী, RwgDÛZ wZiwghx, খ.৪, প্রাগুক্ত, পৃ. ৩৩৮; ইমাম আহমদ, gmbv‘ Avng‘, খ.৪, প্রাগুক্ত, পৃ. ৭৭।

Dhaka University Institutional Repository

2. 9.Kb¨v wkï i we‡kl ghv‘v

মানবশিশু স্বাধীন সত্তা নিয়ে জন্মগ্রহণ করে। পুত্র ও কন্যা একই উৎস থেকে সৃষ্ট। কাজেই জন্মগতভাবেই মানুষ স্বাধীন। সৃষ্টিগতভাবে কন্যা ও পুত্রের প্রকৃতি ও বৈশিষ্ট্যগত কারণে একে অপরের উপর কোন প্রাধান্য রাখে না। মৌলিকতার দিক থেকেও উভয়ের মধ্যে কোন একজনের শ্রেষ্ঠত্ব নেই। বরং একে অপরের পরিপুরক। লৈঙ্গিক ভিন্নতার কারণে নারী ও পুরুষ যখন একে অন্যের উপর অনধিকার চর্চা, বৈষম্য ও প্রাধান্য বিস্তার করতে চায় তখনই অধিকারক্ষুণ্ন হয়। মানব ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে, ইসলাম ছাড়া পৃথিবীর অন্য কোন ধর্ম বা সমাজে কন্যার উপযুক্ত মর্যাদা স্বীকৃত হয়নি। সর্বত্রই সে ছিল পুরুষের দাসী ও বিলাসিতার সামগ্রী। সমস্ত প্রাচীন ধর্ম আইনে নারী-পুরোহিত স্বামী অভিভাবকের অধীন বলে চিত্রিত হয়েছে। বিশ্বের প্রচলিত ধর্মসমূহের বর্ণনার দিকে তাকালে তা সুস্পষ্ট হয়ে ওঠে।

ইয়াহুদীধর্ম আমাদের সামনে কন্যা বা নারী সম্বন্ধে যে ধারণা পেশ করে তার সারমর্ম এই যে, "পুরুষ সৎকর্মশীল ও সৎস্বভাব বিশিষ্ট, আর নারী ভণ্ড ও বদস্বভাব বিশিষ্ট। পৃথিবীর প্রথম মানব আদি পিতা আদম 'আলাইহিস্ সালাম চির সুখের স্থান জান্নাতে স্বচ্ছন্দে বসবাস করছিলেন। তাঁর স্ত্রী হাওয়া তাঁকে প্ররোচিত করে নিষিদ্ধ গাছের ফল খেতে বাধ্য করেন।"[৫৪] ইয়াহুদীধর্ম মতে, নারীর উপর সৃষ্টিকর্তার চিরন্তন অভিশাপ রয়েছে। নারীর কারণে সকলের ধ্বংস অনিবার্য।[৫৫] এ ধর্মে সামাজিক প্রার্থনায় দশজন পুরুষের উপস্থিতি জরুরী ছিল। কিন্তু নয়জন পুরুষ এবং বহু নারী উপস্থিত থাকলেও প্রার্থনা অনুষ্ঠিত হত না। কারণ নারী মানুষরূপে পরিগণিত ছিল না।নারী ছিল উপ্রেক্ষর পাত্র।[৫৬]

পৃথিবীর অন্যতম ধর্ম হচ্ছে খ্রিস্টধর্ম। তাদের ধর্মগ্রন্থ হল বাইবেল। এ ধর্মে নারীরা ছিল চরম অবহেলিত ও নিগৃহীত। খ্রিস্টানরা কন্যাকে পাপের প্রতীক বলে বিশ্বাস করত। তারা মনে করত আদম 'আলাইহিস্ সালামের স্ত্রী হাওয়া-এর ভুলের কারণে সকল নারীর রক্তে পাপের সঞ্চালন ঘটেছে। খ্রিস্টান পাদ্রীরা নারীকে নরকের দ্বার (Woman is door to hell) এবং মানবের সমস্ত দুঃখ

---

৫৪ আফিফী, মুহাম্মদ সাদিক আল-মারতুওয়া, Avj-gvi©Avn Iqv ûKKnv wdj Bmjvg, বৈরূতঃ দার ইহইয়াইত তুরাছিল 'আরাবী, তাবি, পৃ. ১৩ ; সাদিক হুসায়ন, Zv©jxgj gvi©AwZ wdj Bmjvg, আল-বা'ছুল ইসলামী, লাক্ষ্মৌ : মুয়াসসাসাতুস সহাফা ওয়ান নশর, ষষ্ঠ সংখ্যা, রবী'উল আওয়াল, ১৪২০ হি., পৃ. ৩৬।

৫৫ Bettany, *The Encyclopaedia Britanica*, Board of Editors, Chicago : Macropaedia, 1995, 15th vol. V, p. 732.

৫৬ Shaner, *Donald W : A Christian view of Divorce*, (Leiden 1969), p. 31.

Dhaka University Institutional Repository

দুর্দশার কারণ মনে করে। তারা নারীকে সর্বাপ্রেক্ষ জঘন্যরূপে চিত্রিত ও নিকৃষ্ট বিশেষণে ভূষিত করত।[৫৭]

খ্রিস্টসমাজ নারীকে আত্মাহীন প্রাণী ও সন্তান উৎপাদনের একটি প্রাকৃতিক যন্ত্ররূপে আখ্যায়িত করেছে।[৫৮]

তাদের ধারণা 'ঈসা 'আলাইহিস্ সালামকে শুলবরণ করতে হয়েছে নারীর পাপের প্রায়শ্চিত্তের জন্যই। খ্রিস্টান পাদ্রীদের মতে, "নারী যাবতীয় পাপের উৎস। নারী হচ্ছে শয়তানের প্রবেশস্থল এবং তারা আস্তাহ্ তা'আলার মান সম্মানে বাঁধা দানকারী।"[৫৯]

এ প্রসঙ্গে মোস্তাম নামক আরেক খ্রিস্ট ধর্মযাজক বলেন : "নারী এক অনিবার্য আপদ। পরিবার ও সংসারের জন্য হুমকি। মোহনীয় মোড়কে আবৃত বিভীষিকা।"[৬০]

সপ্তম শতাব্দীতে Council of the wise এর এক অধিবেশন রোম নগরীতে অনুষ্ঠিত হয়। এ অধিবেশনে সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত গৃহীত হয় : "নারীর কোন আত্মা নেই" (Woman has no soul.)। খ্রিস্টান সাম্রাজ্যে নারীদের প্রতি নিষ্ঠুরতা ও অবিচার বর্ণনাতীত। নারী জাতিকে অতীব হীন ও তুচ্ছ প্রতিপন্ন করার ব্যাপারে ইয়াহুদী ও খ্রিস্টধর্মের প্রবল ভূমিকা রয়েছে। উভয় ধর্মই নারীকে পাপের আদি কারণরূপে আখ্যায়িত করেছে।

মেরী-ওলস্টোনক্রাফট (Mary Wollstonecraft) উস্তেখ করেন যে, "রুশো থেকে শুরু করে ড. গ্রেগরী পর্যন্ত যারাই নারীর শ্রিক্ষ ও আচরণ সম্পর্কে কথা বলেছেন, তাঁরা নারীকে দুর্বল এবং নিকৃষ্ট হিসেবে বিবেচনা করেছেন। তাঁদের মতে, নারীর স্বাধীনতাবোধ করার ক্ষমতা নেই। পুরুষের

---

৫৭ ড. এম. আব্দুল কাদের, bvbv a‡g bvix, চট্টগ্রাম: ইসলামিক সাংপ্রাকৃতিক কেন্দ্র, ইসলামী ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৯০, পৃ. ৩৫।

৫৮ আবূ জাফর, Zwg c_ wcqZg bex ZwgB cv‡_q ; bvix ¯vaxbZv : Bmjvg I cvðvZ¨ wek¦, ঢাকা : পালাবদল পাবলিকেশন্স লি:, ২০০১, পৃ. ৭৩।

৫৯ সাইয়েদ আবূল আ'লা মাওদূদী, c'v I Bmjvg, ঢাকা : আধুনিক প্রকাশনী, ১৯৮৭, পৃ. ১০; Avj-evûQj Bmjvgx, পৃ.৩৬; আহমাদ 'আব্দুল 'আযীয আল-হুসায়ন, Avj-gviûAvZj gmwjgvn Avgvgww Zvnwï qvZ, পৃ. ১২ ; মুহাম্মদ ইব্ন 'আব্দিলণ্ডাহ 'আযমাহ, ûKKj gviûAwwZ wdj Bmjvg, পৃ. ২৬ ।

৬০ Libra, *Woman hood and the Bible*, (New York, 1961), p. 18 ; ড. মুস্ড়ফা আস-সিবায়ী, ইসলাম ও পাশ্চাত্য সমাজে নারী, আকরাম ফারুক অনূদিত, ঢাকা : বাংলাদেশ ইসলামিক সেন্টার, ১৯৯৮, পৃ. ১৪।

Dhaka University Institutional Repository

মধু সাথী হিসেবেই তাকে ভাল মানায়। আনুগত্য তার প্রধান গুণ। পুরুষের তুলনায় নারীর এই দুর্বলতা প্রাকৃতিক ব্যাপার" রুশোর এসব ধারণাকে মেরী ননসেন্স বলেছেন।[৬১]

গ্রীকরা নারীদের সম্পর্কে বলত : "নারী জাতি সকল অকল্যাণের মূল।"[৬২]

গ্রীক সভ্যতার যুগে নারীকে দুর্বিসহ মানবেতর দুর্গম পথ পাড়ি দিতে হয়েছে। গ্রীক সভ্যতায় নারী কী মর্যাদার অধিকারী ছিল তা সক্রেটিস এবং এণ্ডারস্কির ভাষায় অত্যন্ত সুন্দরভাবে ফুটে উঠেছে। সক্রেটিস বলেন : "নারী বিশ্বজগতে বিশৃঙ্খল ও ভাঙ্গনের সর্বশ্রেষ্ঠ উৎস। সে দাফালি বৃক্ষের ন্যায়, যা বাহ্যত খুব সুন্দর দেখায়। কিন্তু চড়ুইপাখি তা ভক্ষণ করলে তাদের মৃত্যু অনিবার্য।"[৬৩]

গ্রীক সভ্যতায় নারী সম্পর্কে ধারণা ব্যক্ত করতে যেয়ে এণ্ডারসকি বলেন : "অগ্নিতে দগ্ধ রোগী ও সর্পদংশিত ব্যক্তির আরোগ্য লাভ সম্ভব। কিন্তু নারীর যাদু প্রতিরোধ করা সম্ভব নয়।"[৬৪]

গ্রীক সমাজে বিবাহের ক্ষেত্রে নারীর মতামত বিবেচনাযোগ্য ছিল না। নারীকে তার অভিভাবকের ইচ্ছার নিকট নতি স্বীকার করতে হত।[৬৫]

বিশ্বের প্রাচীনতম সভ্যতা হচ্ছে রোমান সভ্যতা। রোমান সভ্যতায় নারীর আইনগত কোন অধিকার স্বীকৃত ছিল না। নারীরা সামাজিক, নৈতিক তথা শ্রিজ-দ্বীজয় ছিল অবহেলিত ও বঞ্চিত। রোমান সমাজে মেয়ে সন্তানকে আজীবন পিতার অনুগত হয়ে থাকতে হত। পুরুষের গৃহ সজ্জিত করার জন্য সে প্রয়োজনীয় আসবাবপত্রের অন্তর্ভুক্ত ছিল। স্বামীর মৃত্যুর পর তার পুত্র বা দেবর-ভাসুরদের তার উপর আইনানুগ অধিকার জন্মাত।[৬৬]

---

৬১ আনু মোহাম্মদ, bvix, ci"l I mgvR, সন্দেশ, ঢাকা : বইপড়া, ১৯৯৭, পৃ. ১৮-১৯।

৬২ আসমা জাহান হেমা, Bmjv‡gi QvqvZ‡j bvix, ঢাকা : আল-এছহাক প্রকাশনী, পৃ. ৩০।

৬৩ সক্রেটিস বলেন : Woman is the greatest source of chase and disruption in the world . She is like the Dafali Tree which outwardly looks very beautiful, but if sparrows eat it they die without fail.
-Nazhat Afza and Khurshid Ahmad, *The position of Woman in Islam*, Kuwait : Islamic book publishers, 1982, p. 9-10.

৬৪ এ"ারসকি বলেন : Cure is possible for fireburns and Snake-bite ; but it is impossible to arrest woman's charms.
-Nazhat Afza and Khurshid Ahmad, *The position of Woman in Islam*, Ibid.

৬৫ E. A. Allen, *History of Civilization*, 3 part, p. 443.

৬৬ Said Abdullah Seif Al-Hatimy, *Woman in Islam*, Lahore : Islamic publications Ltd., Oct., 1979, p. 3 & 4.

Dhaka University Institutional Repository

রোমানরা নারী হত্যা, বিক্রয় ও নির্বাসন দেওয়ার মত জঘন্য কাজ করতো এবং উত্তরাধিকার স্বত্ব থেকে বঞ্চিত রাখতো।[৬৭]

হিন্দু ধর্মে নারীর কোন মর্যাদা দেওয়া হয়নি। এ ধর্মের অন্যতম গ্রন্থ 'মহাভারত' এ বলা হয়েছে, "নারী অশুভ, সকল অমঙ্গলের কারণ, কন্যা দুঃখের হেতু।"[৬৮]

বেদে উল্লেখ রয়েছে, "যজ্ঞকালে কুকুর, শুদ্র ও নারীর দিকে তাকাবে না।"[৬৯]

হিন্দু ধর্মে নারীকে কোন উত্তরাধিকার স্বত্ব প্রদান করা হয়নি।[৭০]

ভারতীয় সভ্যতায় নারী জাতির অবস্থা ছিল অতীব শোচনীয়। উচ্চশ্রেণী ও রাজবংশের নারীদেরকে অধিকতর সাবধানতার সাথে ভিন্ন পুরুষদের নিকট হতে দূরে রাখা হত। কারণ, সকল ধ্বংসের মূল উৎস ছিল নারী।

বৈদিক যুগে নারী ছিল যুদ্ধলব্ধ লুটের মালামালের ন্যায়। ঐ সকল যুদ্ধে বিজয়ের পর বিজয়ী প্রভু জোরপূর্বক নারীদের অপহরণ করত এবং লুণ্ঠিত সামগ্রীর ন্যায় তাদেরকে নিজেদের মধ্যে বিতরণ করত। তৎকালীন সময়ে স্বামী স্ত্রীকে সেবাদাসীরূপে ব্যবহার করত। কন্যা সন্তান প্রসবকারিণী স্ত্রী সর্বক্ষেত্রে লাঞ্ছিত ও অপমানিত হত। স্বামীর ব্যভিচার, পতিতাবৃত্তি, এমনকি মৃত্যুতেও বিবাহ ভঙ্গ করা যেত না। স্বামী-স্ত্রীর মধ্যে অমিল, রেষারেষি, শত্রুতা ও ঘৃণা বিরাজ করলেও বিবাহ-বিচ্ছেদ নারীর পক্ষে সম্ভব ছিল না। কুর'আন নাযিলের পূর্বে দুনিয়ার কোন দেশেই নারী স্বীয় মর্যাদায় প্রতিষ্ঠিত ছিল না। কোথায়ও নারী সম্পত্তির মালিক ও উত্তরাধিকারী হতে পারত না।[৭১]

ভারতীয় সমাজে কন্যা সন্তান জন্ম দেওয়া যেমনি অপরাধের কাজ ছিল, তেমনি গোটা সমাজে নারী ছিল ব্যবহার সামগ্রী সদৃশ্য। মানুষ হিসেবে নারীর ছিল না কোন মানবাধিকার।

বিশ্বের প্রাচীনতম ধর্মসমূহের মধ্যে বৌদ্ধধর্ম অন্যতম। বৌদ্ধধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধ নারী জাতির জন্য কিছুই করে যাননি এবং কোন কিছু করার প্রয়োজনও বোধ করেননি।

---

৬৭ সৈয়দ অশরাফ আলী, nhiZ †gvnv¤§' mvjvjvû ÔAvjvBwn Iqvmvjvg : bvixgw³i cw_Kr, ঢাকা : আল-ইমামত, ইমাম প্রশিক্ষণ একাডেমী, ইসলামী ফাউন্ডেশন বাংলাদেশ, জুন, ২০০১, পৃ. ৫।

৬৮ gnvfviZ, ১ : ১৫৯ : ১১।

৬৯ ‡e', ৩ : ২ : ৪ : ৬।

৭০ তাব্বারাহ,'আফীফ 'আব্দুল ফাত্তাহ, i\n' Øxwbj Bmjvgx, বৈরূত : দারুল 'ইলম লিল মালায়িয়ীন, ২৫ তম সংস্করণ. ১৯৮৫, পৃ. ৪১৯।

৭১ Fida Hussain Malik, *Wives of the Prophet,* Lahor :Ashraf publications,4th Ed. 1983, p. 12-15.

Dhaka University Institutional Repository

জানাযায় রাজমহিষী মস্ি৩কাদেবী কন্যাসন্তান প্রসব করলে রাজা বিমর্ষ হন। বুদ্ধ তাকে সান্তনা দিয়ে বললেন, “কন্যাসন্তানের জন্ম হেতু কারো দুঃখ করা উচিত নয়। সুশীলা ও ধর্মপ্রাণ কন্যা হলে সে পুত্র অপ্রেক্ষ শ্রেয় হয়।”[৭২] হিন্দু ধর্মের ন্যায় বৌদ্ধ ধর্মে নারী ততটা অবহেলিত নয়। মহামঙ্গল সূত্রে গৌতম মাতার সেবা ও স্ত্রীর ভরণ-পোষণকে উত্তম মঙ্গল বলে আখ্যায়িত করেন।[৭৩]

উপর্যুক্ত বিবরণ থেকে এটা সুস্পষ্ট যে, ইয়াহুদী, খ্রিস্টান ও হিন্দু ধর্মের কোন একটিতেও কন্যা বা নারীর কোন মর্যাদা ছিল না। নারী যে একটি প্রাণী, পুরুষের মত তারও প্রাণ আছে তা উপরে বর্ণিত কোন ধর্মই স্বীকার করত না। নারীকে গৃহের অন্যান্য আসবাব পত্রের মত মনে করা হত। নারী ছিল শ্রিক্ষ–দ্বীক্ষসহ সর্বপ্রকার স্বাধীকার হতে চির বঞ্চিত।

ইসলাম পূর্বযুগে আরবে কন্যাসন্তানের পারিবারিক ও সামাজিক অবস্থান যে কোন সময়ের চেয়ে অধিকতর খারাপ ছিল। জাহেলীযুগে কন্যারা ছিল ঘৃণিত, মর্যাদা বহির্ভূত এবং অধিকারহীন ও মূল্যহীন। তারা মানবরূপে পরিগণিত ছিল না। কন্যা সন্তান জন্মগ্রহণ করলে সে দেশে এর চরম অভিশাপ বলে গণ্য হত। কন্যা সন্তানকে জীবন্ত কবর দেওয়া হত। ভোগ্য পণ্যের চেয়ে অবমূল্যায়িত ছিল নারী। এককথায় কন্যারা সে সমাজে ছিল শোষিতা, অধিকার বঞ্চিতা এবং শ্রিক্ষ-দ্বীক্ষ বা জ্ঞান অর্জনের কোন সুযোগই তারা পেত না।

ইসলাম নারীকে যে অত্যন্ত উচ্চমর্যাদা দান করেছে এতে কোন সন্দেহ নেই। তা সত্বেও অনেক মুসলিম দেশ ও সমাজে নারীরা নির্যাতিতা হচ্ছে। পাচ্ছে না তাদের সঠিক মর্যাদা। যদি নারী পুরুষ অপ্রেক্ষ অধিক মুত্তাকী হয় তবে সে আস্তাহর নিকট অধিক সম্মানিত। পুরুষ হলেই নারী থেকে কেউ অধিক সম্মানিত হয় না। আজকের সারা বিশ্বের কোন পুরুষের সমান খাদীজা (রা.), ‘আয়িশা ও ফাতিমা (রা.) এর সমান হবে না। ইসলাম সম্পর্কে অজ্ঞতার কারণেই নারীদের অযোগ্য ও হীন মনে করা হয়। এ ধরণের দৃষ্টিভঙ্গিও নারী নির্যাতনের অন্যতম কারণ।

বিভিন্ন ধর্ম ও সভ্যতায় কন্যাসন্তানের মর্যাদা ও অবস্থান সম্পর্কে উপরের বর্ণনা হতে একটি স্বচ্ছ ধারনা পাওয়া গেল। বিভিন্ন ধর্ম ও সভ্যতায় নারীকে জীব-জন্তু এবং পারিবারিক ব্যবহারিক সামগ্রী মত মনে করা হত। দুর্ভাগ্যের প্রতীক, অপকর্মের উৎস, শয়তানের দোসর, নরকের দ্বার, যৌন চাহিদা চরিতার্থ করার বাহন হিসেবেই পরিচিত ছিল নারী। মানব সভ্যতার ইতিহাসে নারীর মর্যাদার

---

৭২ ড. সনন্দা বড়ুয়া, ‡eŠ× a‡gi Av‡jv‡K bvixi Ae¯'vb, ঢাকাঃ বাংলাদেশ বুদ্ধিষ্ট ফেডারেশন, স্মরণিকা, ১৯৯৬, পৃ. ২২।

৭৩ মমতাজ দৌলাতানা, ধর্ম, যুক্তি ও বিজ্ঞান, XvKv: Ávb‡Kvl, 1997,পৃ. ১০৮।

Dhaka University Institutional Repository

জন্য যে ব্যক্তি প্রথম সোচ্চার হয়ে ওঠেন, নারীকে সংসার, সমাজের অবিচ্ছেদ্য অংশ বলে যে ব্যক্তি প্রথম স্বীকৃতি দান করেন, সত্যিকারার্থে নারী জাগরণ ও নারীমুক্তির যিনি প্রবক্তা, তিনি হচ্ছেন একজন পুরুষ–সর্বযুগের, সর্বকালের, সর্বশ্রেষ্ঠ মানব সন্তান মুহাম্মদ মোস্তফা সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম। মানবতার মুক্তির দূত বিশ্বনবী মুহাম্মদ সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তামের উপর কুর'আন নাযিলের মাধ্যমে নারীর প্রকৃত মর্যাদা প্রতিষ্ঠিত হয়। কুর'আন নারীকে মা, স্ত্রী, বোন ও কন্যা হিসেবে বিভিন্নভাবে মর্যাদার আসনে আসীন করেছে। ইসলামে নারী ও পুরুষের মাঝে সৃষ্টিগত বৈষম্য ছাড়া অন্য কোন বৈষম্যের স্থান নেই। এমনকি আল-কুর'আনেও ক্ষেত্রবিশেষ পুত্রের চেয়ে কন্যাকে মহান করে তুলে ধরা হয়েছে।

বস্তুত বিশ্বজাহান সৃষ্টির মূলে আস্তাহ রাব্বুল আলামীনের এক সুচিন্তিত মহাপরিকল্পনা রয়েছে। এই পরিকল্পনা অনুসারেই তিনি সব কিছু জোড়ায়-জোড়ায় সৃষ্টি করেছেন। মানুষের আদি পিতাকে সৃষ্টি করার পর পরই আস্তাহ রাব্বুল আলামীন তাঁর পরিকল্পনাকে কার্যকর করার জন্যই তার জুড়ি মা হাওয়াকে সৃষ্টি করেছিলেন। আল-কুর'আনের বাণীসমূহ প্রণিধানযোগ্য-

আল-কুর'আনে বলা হয়েছে : "তিনিই তো সেই মহান সত্তা যিনি সৃষ্টি করলেন তোমাদেরকে একটি মাত্র ব্যক্তি থেকে এবং বানালেন তার থেকে তার জুড়িকে।"[৭৪]

সৃষ্টি প্রসারের উদ্দেশ্যে নর-নারীর পারস্পরিক সম্মিলন এবং এতে যে প্রশান্তি ও প্রজন্ম বৃদ্ধি প্রক্রিয়া এটিই আস্তাহ রাব্বুল 'আলামীনের অভীপ্সিত। আস্তাহ তা'আলা বলেন : "প্রত্যেক বস্তু আমি জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছি, যেন তোমরা উপদেশ গ্রহণ করতে পারো।"[৭৫]

আস্তাহ্ তা'আলা কন্যাকে পুরুষের জন্য নি'য়ামত হিসেবে মর্যাদাবান করেছেন। এ প্রসঙ্গে কুর'আনে আস্তাহ্ তা'আলা বলেন : "মানুষের কাছে মনোরম করা হয়েছে আকর্ষণীয় কাম্য বস্তুসমূহের মহব্বত-যেমন নারীর, সন্তান-সন্ততির, স্তূপীকৃত স্বর্ণ-রৌপ্যের, চিহ্নিত অশ্বরাজির, গবাদি-পশুরাজির এবং ক্ষেত-খামারের। এ সবই হল পার্থিব জীবনের ভোগ্যবস্তু। আর আস্তাহর কাছেই রয়েছে উত্তম আশ্রয়স্থল।"[৭৬]

---

৭৪ يَاأَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمْ الَّذِي خَلَقَكُمْ مِنْ نَفْسٍ وَاحِدَةٍ وَخَلَقَ مِنْهَا زَوْجَهَا وَبَثَّ مِنْهُمَا رِجَالًا كَثِيرًا وَنِسَاءً - miv wbmv, ১।

৭৫ . ومن كل شيء خلقنا زوجين لعلكم تذكرون miv hvwiqvZ , আয়াত: ৪৯।

৭৬ زُيِّنَ لِلنَّاسِ حُبُّ الشَّهَوَاتِ مِنَ النِّسَاءِ وَالْبَنِينَ وَالْقَنَاطِيرِ الْمُقَنْطَرَةِ مِنَ الذَّهَبِ وَالْفِضَّةِ وَالْخَيْلِ الْمُسَوَّمَةِ وَالْأَنْعَامِ وَالْحَرْثِ ذَلِكَ مَتَاعُ الْحَيَاةِ الدُّنْيَا وَاللَّهُ عِنْدَهُ حُسْنُ الْمَآبِ সূরা আলে 'ইমরান ৩ : ১৪।

Dhaka University Institutional Repository

নারীজাতি পুরুষদের জন্য আকর্ষণীয় নি'আমত। এ প্রসঙ্গে হাদীসের এক বর্ণনায় জানা যায়, রাসূলুস্ ৩াহ (স.) বলেছেন : এ পৃথিবীতে আমার প্রিয় বস্তু হচ্ছে নারী।[৭৭]

রাসূল (স.) বলেন : আস্ত৩াহ্ তা'আলা মাতাগণের নাফরমানী, তাদের অধিকার আদায় না করা, চারদিক থেকে ধন-সম্পদ লুণ্ঠন করে সঞ্চিত করা এবং কন্যা সন্তানদেরকে জীবিত প্রোথিত করাকে তোমাদের জন্য চিরতরে হারাম করে দিয়েছেন।"[৭৮] মহানবী (স.) বলেন, যে ব্যক্তির কন্যা সন্তান হবে, সে যদি তাকে জীবিত প্রোথিত না করে, তার প্রতি তাচ্ছিল্যমূলক আচরণ না করে এবং নিজের পুত্রসন্তানকে তার উপর প্রাধান্য না দেয়, তাহলে আস্ত৩াহ্ তা'আলা তাকে জান্নাতে প্রবেশ করাবেন।"[৭৯]

আস্ত৩াহ্ তা'আলা কন্যাদের পুত্রদের সমান অধিকার প্রদান করে একজনকে অপরজনের পোশাক তুল্য এবং একে অপরের পরিপূরক হিসেবে ঘোষণা দিয়ে বিশেষ মর্যাদায় ভূষিত করেছেন। স্ত্রীগণ যে স্বামীদের জন্য শান্তির আধার, প্রশান্তির উৎস তা আমরা কুর'আনের এ বর্ণনা থেকে উপলব্ধি করতে পারি।

আস্ত৩াহ্ তা'আলা বলেন : "হে যারা ঈমান এনেছ! তোমাদের জন্য হালাল নয় নারীদের জবরদস্তি উত্তরাধিকার গণ্য করা। আর তাদের আটকে রেখ না তাদের যা দিয়েছ তা থেকে কিছু আত্মসাৎ করতে, কিন্তু যদি তারা কোন প্রকাশ্য ব্যভিচার করে তবে তা ব্যতিক্রম। তোমরা তাদের সাথে সদ্ভাবে জীবনযাপন করবে। তারপর তোমরা যদি তাদের অপছন্দ কর, তবে এমন হতে পারে যে, তোমরা এরূপ জিনিসকে অপছন্দ করছ যাতে আস্ত৩াহ্ প্রভূত কল্যাণ রেখেছেন।"[৮০]

---

৭৭ عن أنس قال قال رسول الله صلى الله عليه وسلم حبب إلي من الدنيا النساء والطيب وجعل قرة عيني في الصلاة-ইমাম নাসাঈ, mbvb Avb bvmvqx, (বৈরূত : দারুল কুতুবিল 'ইলমিয়্যাহ, ১ম সংস্করণ, ১৪১১ হি.), ৭ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৬১, হাদীস নং-৩৯৩৯।

৭৮ ইমাম বুখারী, mnxn Avj eLvix, ৮ম খণ্ড, পৃ. ২৫১, হাদীস নং-২২৩১ ;ইমাম আহমদ, gmbv' Avngv', ৩৭ তম খণ্ড, পৃ. ১০১, হাদীস নং-১৭৪৪৫।

৭৯ قال رسول الله صلى الله عليه وسلم من كانت له أنثى فلم يئدها ولم يهنها ولم يؤثر عن ابن عباس قال ولده عليها قال يعني الذكور أدخله الله الجنة -ইমাম আবূ দাউদ, mbvb Ave 'vD', খণ্ড-১৩, পৃ. ৩৫৮, হাদীস নং-৪৪৮০।

৮০ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لا يَحِلُّ لَكُمْ أَنْ تَرِثُوا النِّسَاءَ كَرْهًا وَلا تَعْضُلُوهُنَّ لِتَذْهَبُوا بِبَعْضِ مَا آتَيْتُمُوهُنَّ إِلا أَنْ يَأْتِينَ بِفَاحِشَةٍ مُبَيِّنَةٍ وَعَاشِرُوهُنَّ بِالْمَعْرُوفِ فَإِنْ كَرِهْتُمُوهُنَّ فَعَسَى أَنْ تَكْرَهُوا شَيْئًا وَيَجْعَلَ اللَّهُ فِيهِ خَيْرًا كَثِيرًا miv Avb-wbmv ৪ : ১৯।

Dhaka University Institutional Repository

রাসূলুস্তাহ (স.) বলেন- যে বিধবা নারী, সুশ্রী ও সম্ভ্রান্ত হওয়া সত্ত্বেও নিজ সন্তানদের সেবা-যত্ন ও লালন-পালনের ব্যস্ততায় নিজেকে বিবাহ হতে বিরত রেখেছে যে পর্যন্ত না সন্তান বড় হয়ে পৃথক হয়ে গিয়েছে অতপর মৃত্যুবরণ করেছে, তাহলে এমন নারী জান্নাতে আমার নিকটবর্তী হবে দু'আঙ্গুলের মত দূরত্বের ন্যায়।[৮১]

আবূ হুরাইরা (রা.) হতে বর্ণিত, মহানবী (স.) বিধবা নারী ও মিসকীনদের কল্যাণের জন্য প্রচেষ্টাকারী আস্তাহর পথে জিহাদকারী অথবা দিনভর রোযা পালনকারী ও রাতভর তাহাজ্জুদ নামাযে রত ব্যক্তির সমতুল্য সওয়াব পাবে।[৮২]

রাসূল (স.) বলেছেন- একজন মু'মিনের সাথে আরেকজন মু'মিনের সম্পর্ক হচ্ছে অট্টালিকার একটি ইটের সাথে আরেকটি ইটের সম্পর্কের ন্যায়। এ বলে তিনি তাঁর এক হাতের আঙ্গুলগুলিকে অন্য হাতের আঙ্গুলগুলির মধ্যে প্রবিষ্ট করে দেখিয়েছেন।[৮৩] অন্য এক হাদীসে এসেছে, রাসূলুস্তাহ (স.) বলেন- "মু'মিনগণ পারস্পরিক স্নেহ-মমতা ও মায়া-মহব্বতের দিক দিয়ে একটি দেহের সমতুল্য। একটি দেহের কোন অঙ্গ অসুস্থ হয়ে পড়লে যেমন সমগ্র দেহটি তাতে সাড়া দিয়ে অসুস্থ হয়ে পড়ে এবং রাত্রিতে না ঘুমিয়ে জেগে থাকে, তেমন একজন মু'মিন বিপদে পতিত হলে সকল মু'মিনই তাতে সাড়া দিয়ে নিজেদেরকে বিপদগ্রস্ত মনে করে এবং তাকে বিপদমুক্ত করার জন্য চেষ্টা করে।"[৮৪]

---

৮১ عن عوف بن مالك الأشجعي قال قال رسول الله صلى الله عليه وسلم ثم أنا وامرأة سفعاء الخدين كهاتين يوم القيامة وأومأ يزيد بالوسطى والسبابة امرأة أمت من زوجها ذات منصب وجمال حبست نفسها على يتأماها حتى بانوا أو ماتوا. ইমাম আবু দাউদ, mbvb Ave 'vD', খণ্ড-৪, প্রাগুক্ত, পৃ. ৩৩৮, হাদীস নং-৫১৪৯ ; ইমাম আহমাদ, gmbv' Avng', ৬ষ্ঠ খণ্ড, প্রাগুক্ত, পৃ. ২৯, হাদীস নং-৫১৪৯।

৮২. মহান আলণ্টাহ্ বলেন :

عن أبي هريرة قال قال النبي صلى الله عليه وسلم الساعي على الأرملة والمسكين كالمجاهد في سبيل الله أو القائم الليل الصائم النهار.

-বুখারী, mnxn Aj eLvix, ১৬ তম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৪১৬, হাদীস নং-৪৯৩৪।

৮৩ عن أبي موسى عن النبي صلى الله عليه وسلم قال إن المؤمن للمؤمن كالبنيان يشد بعضه بعضا وشبك أصابعه

ইমাম বুখারী, mnxn Avj eLvix, খণ্ড-২, প্রাগুক্ত, পৃ. ২৮৯, হাদীস নং-৪৫৯ ; ইমাম মুসলিম, mnxn gmwjg, ১২তম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৪৬৭, হাদীস নং-৪৬৮৪

৮৪ বুখারী, mnxn Avj eLvix, ১৮ তম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৪২৬, হাদীস নং-৫৫৫২।

Dhaka University Institutional Repository

মানব জাতির বংশ বিস্তারে নর ও নারী উভয়ের ভূমিকা সমান। আল-কুর'আনে এসেছে : "হে মানুষ! আমি তোমাদেরকে সৃষ্টি করেছি একজন পুরুষ ও একজন স্ত্রীলোক থেকে এবং তোমাদেরকে পরিণত করেছি বিভিন্ন জাতিতে ও বিভিন্ন গোত্রে, যাতে তোমরা পরস্পরকে চিনতে পার। নিশ্চয়ই আস্তাহর কাছে তোমাদের মধ্যে সর্বাপ্রেক্ষ অধিক মর্যাদাবান সেই ব্যক্তি, যে তোমাদের মধ্যে সর্বাপ্রেক্ষ অধিক মুত্তাকী। নিশ্চয় আস্তাহ সবকিছু জানেন, সবকিছুর খবর রাখেন।"[৮৫]

অতএব বোঝা গেল যে, পুত্র-কন্যা নির্বিশেষে দুনিয়ার সকল মানুষকে একই উপাদান দ্বারা সৃষ্টি করা হয়েছে।

ইসলাম পরিশীলিত জীবন যাপনের ব্যাপারেও পুত্র ও কন্যাকে সমভাবে সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়েছে। কালামে পাকে ইরশাদ হয়েছে : "আপনি মু'মিন পুরুষদের বলে দিন, তারা যেন তাদের দৃষ্টি সংযত রাখে এবং তাদের যৌনাঙ্গের হিফাযত করে। এটা তাদের জন্য উত্তম। নিশ্চয় তারা যা করে আস্তাহ্ সে বিষয়ে সম্যক অবহিত। আপনি মু'মিন নারীদের বলে দিন, তারা যেন তাদের দৃষ্টি সংযত রাখে এবং তাদের যৌনাঙ্গের হিফাযত করে; এবং তারা যেন যা সাধারণত প্রকাশ থাকে তাছাড়া তাদের সৌন্দর্য প্রদর্শন না করে, আর তারা যেন তাদের চাদর স্বীয় বক্ষে উপর জড়িয়ে রাখে। আর তারা যেন নিজেদের সৌন্দর্য কারো কাছে প্রকাশ না করে কিন্তু এদের ব্যতিরেকে- তাদের স্বামী, তাদের পিতা, তাদের শ্বশুর, তাদের পুত্র, তাদের স্বামীদের পুত্র, তাদের ভাই, তাদের ভ্রাতুষ্পুত্র, তাদের ভগ্নীপুত্র, আপন নারীগণ, নিজেদের মালিকানাধীন দাসী, যৌনকামনামুক্ত নিস্কাম পুরুষ এবং এমন বালক যারা নারীদের গোপন অঙ্গ সম্বন্ধে অজ্ঞ; আর তারা যেন নিজেদের গোপন সৌন্দর্য প্রকাশ করার জন্য জোরে পদচারণা না করে। হে মু'মিনগণ! তোমরা সবাই আস্তাহর সমীপে তাওবা কর, যেন তোমরা সফলতা লাভ করতে পার।"[৮৬]

---

৮৫. মহান আলণ্ডাহ্ বলেন :

يَاأَيُّهَا النَّاسُ إِنَّا خَلَقْنَاكُمْ مِنْ ذَكَرٍ وَأُنثَى وَجَعَلْنَاكُمْ شُعُوبًا وَقَبَائِلَ لِتَعَارَفُوا إِنَّ أَكْرَمَكُمْ عِنْدَ اللهِ أَتْقَاكُمْ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ.

miv Avj-ûRivZ ৪৯ : ১৩।

৮৬ মহান আলণ্ডাহ্ বলেন :

قُلْ لِلْمُؤْمِنِينَ يَغُضُّوا مِنْ أَبْصَارِهِمْ وَيَحْفَظُوا فُرُوجَهُمْ ذَلِكَ أَزْكَى لَهُمْ إِنَّ اللَّهَ خَبِيرٌ بِمَا يَصْنَعُونَ. وَقُلْ لِلْمُؤْمِنَاتِ يَغْضُضْنَ مِنْ أَبْصَارِهِنَّ وَيَحْفَظْنَ فُرُوجَهُنَّ وَلَا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلَّا مَا ظَهَرَ مِنْهَا وَلْيَضْرِبْنَ بِخُمُرِهِنَّ عَلَى جُيُوبِهِنَّ وَلَا يُبْدِينَ زِينَتَهُنَّ إِلَّا لِبُعُولَتِهِنَّ أَوْ آبَائِهِنَّ أَوْ آبَاءِ بُعُولَتِهِنَّ أَوْ أَبْنَائِهِنَّ أَوْ أَبْنَاءِ

Dhaka University Institutional Repository

এসব নির্দেশনা হতে প্রমাণিত হচ্ছে যে, বহু ক্ষেত্রেই পুত্র ও কন্যার মধ্যে সমতা রয়েছে। এসব ব্যাপারে উভয় শ্রেণীর মধ্যে কোনো পার্থক্য নেই।

পুত্র ও কন্যাকে পার্থক্য করার অধিকার মানুষের নেই। সৃষ্টিকর্তা তাঁর মহা পরিকল্পনাকে বাস্তবায়িত করার জন্য যেখানে যত সংখ্যক পুরুষ এবং যেখানে যত সংখ্যক নারী শিশু পয়দা করতে চান করেন। রাসূলুল্লাহ (স.) কে আল্লাহ রাব্বুল 'আলামীন কন্যাসন্তান বেশি দিয়েছেন। তার দুজন পুত্র সন্তান জন্ম নিলেও তারা শিশু কালেই ইন্তিকাল করেন। আল্লাহ মহান তাঁর প্রিয়তম নবীকে কি কারণে এভাবে বেশি কন্যাসন্তান দান করলেন? নবী-রাসূলগণ জানেন ও পুরোপুরি বিশ্বাস করেন, আল্লাহ তা'আলা যা কিছু করেন সে সব কিছুর মধ্যে অবশ্যই হিকমাত আছে, এজন্য কোন অবস্থাতেই তাঁরা মনক্ষুণ্ন হন না। সাধারণ মানুষকে কন্যা শিশুর অধিকারের ব্যাপারে সচেতন করতে গিয়ে রাসূলুল্লাহ (স.) বলেছেন- "কন্যাদেরকে অপছন্দ করো না আমি নিজেই তো কন্যাদের পিতা।"[৮৭] ইয়াহুদি ও খ্রিস্টানগণ কন্যা ও নারীকুলকে দুর্লক্ষণে বলে অভিহিত করার কারণে সাধারণ মানুষও কন্যা শিশুর জন্মকে দুর্ভাগ্যজনক বলে মনে করে। এ কারণেই অভিশপ্ত হয়েছে কওমে লূত এবং তাদের উপর আল্লাহর গযব নাযিল হয়েছে।

আল-কুর'আনে এসেছে : "তিনি যা খুশি সৃষ্টি করেন, যাকে ইচ্ছা তাকে কন্যাসন্তান দান করেন এবং দান করেন ছেলে সন্তান যাকে ইচ্ছা তাকে। আবার যাকে ইচ্ছা তাকে বন্ধ্যা বানান । নিশ্চয়ই তিনি মহাজ্ঞানী, সবকিছু করতে সক্ষম।"[৮৮]

মানব বংশের অস্তিত্ব সুরক্ষা ও এর প্রসারের প্রয়োজনে ছেলে ও মেয়েসন্তান উভয়ের গুরুত্বই সমান। আল্লাহ তা'আলা ছেলে সন্তানদের দ্বারা এক ধরনের কার্য করান এবং মেয়েসন্তান দ্বারা অন্য ধরনের

بُعُولَتِهِنَّ أَوْ إِخْوَانِهِنَّ أَوْ بَنِي إِخْوَانِهِنَّ أَوْ بَنِي أَخَوَاتِهِنَّ أَوْ نِسَائِهِنَّ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُنَّ أَوْ التَّابِعِينَ غَيْرِ أُولِي الْإِرْبَةِ مِنْ الرِّجَالِ أَوْ الطِّفْلِ الَّذِينَ لَمْ يَظْهَرُوا عَلَى عَوْرَاتِ النِّسَاءِ وَلَا يَضْرِبْنَ بِأَرْجُلِهِنَّ لِيُعْلَمَ مَا يُخْفِينَ مِنْ زِينَتِهِنَّ وَتُوبُوا إِلَى اللَّهِ جَمِيعًا أَيُّهَا الْمُؤْمِنُونَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ. وَأَنكِحُوا الْأَيَامَى مِنْكُمْ وَالصَّالِحِينَ مِنْ عِبَادِكُمْ وَإِمَائِكُمْ إِنْ يَكُونُوا فُقَرَاءَ يُغْنِهِمْ اللَّهُ مِنْ فَضْلِهِ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ.

miv Avb-bi ২৪ : ৩০-৩২।

৮৭ لا تكرهوا البنات فإني أبو البنات আবি শুজা আদ দাইলামী আল হামযানী, Avj wdi'vDm wd gvÕQwij wLZve, বৈরুত: দারুল কুতুবিল 'ইলমিয়্যাহ, ১৯৮৬, খণ্ড-৫, পৃ. ৩৭।

৮৮ لِلَّهِ مُلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ يَخْلُقُ مَا يَشَاءُ يَهَبُ لِمَنْ يَشَاءُ إِنَاثًا وَيَهَبُ لِمَنْ يَشَاءُ الذُّكُورَ() أَوْ يُزَوِّجُهُمْ ذُكْرَانًا وَإِنَاثًا وَيَجْعَلُ مَنْ يَشَاءُ عَقِيمًا إِنَّهُ عَلِيمٌ قَدِيرٌ -miv Avk ïiv ৪২ : ৪৯-৫০

Dhaka University Institutional Repository

কার্য করিয়ে থাকেন। আর এজন্য তাদের দিয়েছেন ভিন্ন ভিন্ন শারীরিক, ভিন্ন-ভিন্ন মন-মেজাজ ও আলাদা আলাদা রুচি বৈশিষ্ট্য। একজন পুরুষের মধ্যে জীবন-যৌবনের যে চাহিদা আছে তা পূরণ করার জন্য অবশ্যই একজন জীবনসাথী আবশ্যক। নারী ব্যতীত অন্য কিছুতে এ চাহিদা পূরণ হয় না। নারীর সংশ্রবে যে স্বাদ-আহলাদ ও প্রশান্তি পাওয়া যায়, তা দুনিয়ার অন্য সকল নি'আমত থেকে বড় নি'আমত। সারাদিন পরিশ্রম করে ফিরে এসে স্ত্রীর মিষ্টি হাসি ও প্রীতিপূর্ণ সম্ভাষণ মুহূর্তের মধ্যে সব ক্লান্তির অবসান ঘটায়। তাই ইসলামে কন্যা শিশুকে অশুভতো নয়ই বরং সৌভাগ্যের কারণ বলে উস্তেখ করা হয়েছে।

কন্যা ও পুত্র সন্তান দ্বারা একই রূপ সেবা পাওয়া যায় না। পর্যবেক্ষণে দেখা গেছে, রুগ্ন অবস্থায় শয্যাপাশে বেশ্রিজ্ঞা অবস্থান ও বিনিদ্র রজনী যাপন করতে মেয়েরা ছেলেদের চেয়ে অগ্রবর্তী। ছেলে ও মেয়ের মধ্যে ঘরের কাজ বেশি করে মেয়েরা। হাসপাতালগুলোতে চিরদিন সেবা শুশ্রূষার দায়িত্বে মেয়েদের বেশি লাগানো হয়। নারীর উপস্থিতি, তার মাথায় একটু হাত বুলিয়ে দেওয়া, তার মিষ্টি হাসি রোগ যাতনা অনেকাংশেই লাঘব করে। আস্তাহ তা'আলা নারী হৃদয়ের পরশ এমনই মধুর করে সৃষ্টি করেছেন এবং সদ্ব্যবহার করার জন্য দিয়েছেন অপরিবর্তনীয় নিয়ম-নীতি, যা লংঘন করলে মানব সমাজ সে সব সুষমা থেকে বঞ্চিত হয়।

পৃথিবীর বহু মনীষী, বীরযোদ্ধা, বৈজ্ঞানিক, কবি-লেখক তাদের নিজ নিজ কর্মে উৎকর্ষ সাধনের পেছনে তাদের ভার্যাদের অবদান অকপটে স্বীকার করেছেন। এমনকি নারীর সঠিক মূল্যায়ন না করে তাদেরকে যারা ভোগের পণ্য বানিয়েছে, তারাও আজ বহু দেশে, নারীর অধীনে কাজ করছেন। রাষ্ট্রীয় দূতালী থেকে নিয়ে রাষ্ট্রপ্রধানের জটিল কাজগুলোও আজ নারীরা করছে। আজ নারীগণ পুরুষের সাথে সকল কাজে অংশগ্রহণ করে প্রমাণ করছেন তারা কোন অংশে বা কোন ব্যাপারে পুরুষ থেকে পিছিয়ে নেই। আবার তথাকথিত সভ্যদেশে নারীকে পিতামাতার উত্তরাধিকার পর্যন্ত দেওয়া হয়নি। প্রগতিবাদী লেখক ড. হুমায়ুন আহমদও এটা স্বীকার করেন, ইসলাম নরীকে আর্থ সুবিধা দেয়, যা অন্য কোন ধর্মে দেয় না।" যদিও তারা নারী অধিকারের প্রচন্ড প্রবক্তা। আবার সেই সব উন্নত দেশেই নারীর প্রতি আকর্ষণ কমে যাওয়ার কারণে পুরুষদের জন্য পুরুষদের বিয়ে করা আইনত বৈধ করে নেওয়া হয়েছে। পৃথিবীর পরস্পর বিরোধী এসব সভ্যতাগর্বীদের কথা ও কাজের সাথে কোন মিল নেই, নেই এদের মধ্যে শান্তি। নেই প্রকৃত বিবেকধর্মী কাজ, নেই সত্যিকারের মানবতা। বিশ্বনবী (স.) নারীদেরকে মর্যাদা দিতে গিয়ে যে ব্যবস্থা শিখিয়েছিলেন তার কারণে তৎকালীন নারী সমাজ স্মরণকালের যে কোন উন্নত অবস্থা থেকে বেশি মর্যাদা লাভে স্রজ্ঞ হয়েছিলেন। তিনিই মায়ের অধিকার পিতা থেকে তিনগুণ বলে ঘোষণা দিয়েছেন এবং পুরুষের সাথে

Dhaka University Institutional Repository

সর্বপর্যায়ে মীরাসের অধিকারী বলে জানিয়েছেন। ছেলের তুলনায় কন্যা পাবে অর্ধেক একথা বলে যারা ইসলাম নারীকে ঠকিয়েছে বলে থাকেন তারা হিসেব করেন না পিতা-মাতার পরিচর্যা কন্যার ওপরে নয়, পুত্রের উপর। সংসার পরিচালনার দায়িত্ব স্ত্রীর নয়, পুরুষের।

কুর'আন মজীদ ঘোষণা করে যে, জীবনের সব রকমের সংগ্রাম–সাধনা, সভ্যতা ও সংস্কৃতি নির্মাণে এবং উত্থান–পতনের ক্ষেত্রে সর্বদাই নারী ও পুরুষ পরস্পরকে সাহায্য ও সহযোগিতা করেছে। জীবনের দুর্বিসহ বোঝা উভয়েই বহন করেছে। উভয়ের ঐক্যবদ্ধ ও সম্মিলিত চেষ্টা–প্রচেষ্টার ফলেই সমাজ, সভ্যতা ও তামাদ্দুনের ক্রমবিকাশ ও উন্নয়ন সাধিত হয়েছে। ন্যায় ও সত্যের প্রতিষ্ঠা, প্রচার ও প্রসারে সর্বকালেই নারী ও পুরুষের যৌথ চেষ্টা ও তৎপরতার কাহিনী বিশ্ব ইতিহাসে স্বর্ণাক্ষরে লিপিবদ্ধ রয়েছে। দুনিয়ার কোন জাতি বা আন্দোলনই নারী পুরুষ কাউকেই উপ্রেক্ষ করতে পারে না। আস্তাহ রাব্বুল আলামীন কালামে পাকে ইরশাদ করেন : "মু'মিন নর ও মু'মিন নারী একে অপরের বন্ধু। তারা ভাল কাজের নির্দেশ দেয় এবং মন্দ কাজ থেকে বিরত রাখে, তারা নামায কায়েম করে, যাকাত দেয় এবং আনুগত্য করে আস্তাহ ও তাঁর রাসূলের। এদের উপর আস্তাহ রহমত বর্ষণ করবেন। নিশ্চয় আস্তাহ প্রবল প্রতাপশালী, হিকমতওয়ালা। "[৮৯]

ন্যায় ও সত্য প্রতিষ্ঠার সময় নারী ও পুরুষ যেমন পাশাপাশি থেকে একে অপরকে সাহায্য ও সহযোগিতা করে, ঠিক তেমনি বাতিল নীতি ও আদর্শ প্রতিষ্ঠার ক্ষেত্রেও সমানভাবে তারা অংশীদার হয়ে থাকে। এতে বিন্দুমাত্র ব্যতিক্রম দেখা যায় না। এই শ্রেণীর লোকদের প্রসঙ্গে মহান আস্তাহ বলেন : "মুনাফিক নর এবং মুনাফিক নারী একে অপরের ন্যায়। তারা মন্দ কাজের নির্দেশ দেয় এবং ভাল কাজ থেকে বারণ করে, তারা বন্ধ করে রাখে নিজেদের হাত। তারা আস্তাহকে ভুলে গেছে, তাই তিনিও তাদের ভুলে গেছেন। নিশ্চয় মুনাফিকরাই হল ফাসিক।"[৯০]

সাধারণভাবে নর ও নারীর সম্পর্ক হচ্ছে পারস্পারিক শান্তি, প্রেম – প্রীতি ও দয়া – মায়ার সম্পর্ক। কালামে পাকে ইরশাদ হয়েছে, "আর তাঁর নিদর্শনাবলীর মধ্যে একটি এই যে, তিনি তোমাদের জন্য তোমাদের নিজেদের মধ্য থেকে স্ত্রীদেরকে সৃষ্টি করেছেন, যাতে তোমরা তাদের কাছে শান্তি লাভ কর

---

৮৯ وَالْمُؤْمِنُونَ وَالْمُؤْمِنَاتُ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ يَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَيَنْهَوْنَ عَنْ الْمُنكَرِ وَيُقِيمُونَ الصَّلَاةَ وَيُؤْتُونَ الزَّكَاةَ وَيُطِيعُونَ اللَّهَ وَرَسُولَهُ أُوْلَئِكَ سَيَرْحَمُهُمْ اللَّهُ إِنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ miv AvZ-ZvIev ৯ : ৭১।

৯০ الْمُنَافِقُونَ وَالْمُنَافِقَاتُ بَعْضُهُمْ مِنْ بَعْضٍ يَأْمُرُونَ بِالْمُنْكَرِ وَيَنْهَوْنَ عَنْ الْمَعْرُوفِ وَيَقْبِضُونَ أَيْدِيَهُمْ نَسُوا اللَّهَ فَنَسِيَهُمْ إِنَّ الْمُنَافِقِينَ هُمْ الْفَاسِقُونَ miv AvZ-ZvIevn ৯ : ৬৭।

Dhaka University Institutional Repository

এবং সৃষ্টি করেছেন তোমাদের মধ্যে ভালবাসা ও দয়া। নিশ্চয় এতে ঐ সকল লোকের জন্য নিদর্শন হয়েছে, যারা গভীরভাবে চিন্তা করে।"[৯১]

জাহিলী যুগে আরব সমাজে কন্যারূপে নারীর বড়ই অমর্যাদা ছিল। কন্যা সন্তানকে জঘন্যভাবে ঘৃণ্য করা হত। তাকে জীবিত কবর দেয়া হত। স্বয়ং পিতা কন্যা সন্তানের জন্মকে চরম অপমানজনক মনে করত। কুর'আন মজীদে নারী অপমানের চিত্র এভাবে অংকন করা হয়েছে। "আর যখন তাদের কাউকে কন্যা সন্তানের সুসংবাদ প্রদান করা হয়, তখন তার চেহারা মলিন হযে যায় এবং সে মনের মধ্যে ক্রোধ চেপে রাখে। তাকে যে সুসংবাদ দেওয়া হল তার লজ্জায় সে নিজের লোকদের কাছ থেকে পালিয়ে বেড়ায়; সে ভাবে অপমান সহ্য করেও তাকে জীবিত রেখে দেবে, না কি মাটির নিচে পুঁতে ফেলবে ? জেনে রেখ, কত নিকৃষ্ট তাদের সিদ্ধান্ত!"[৯২]

ইসলাম মানবতা বিরোধী এ কাজকে নিষিদ্ধ ঘোঝণা করেছে। কন্যা সন্তানকে পুত্র সন্তানের মতই বেঁচে থাকার অধিকার দিয়েছে। শুধু তাই নয়, কন্যা সন্তানকে জীবিত প্রোথিত করলে কিয়ামতের দিন যে তার পিতাকে আস্তাহর দরবারে কঠোরভাবে জবাবদীহী করতে হবে।

ইসলাম কন্যাসন্তানদের এ অপমান দূর করে তাদেরকে পারিবারিক ও সামাজিক ক্ষেত্রে যথাযোগ্য সম্মান ও মর্যাদা দান করেছে। সেকালে আরব সমাজে স্ত্রী বড়ই অসহায় ছিল। স্বামীর সম্পদে তার কোন অধিকার ছিল না। স্বামীর মৃত্যুর পর তার পরিত্যক্ত সম্পত্তিতেও স্ত্রী কোন অংশ পেত না। বিধবা বালিকাদের এই অসহায় অবস্থা দূর করার জন্য পাক কুর'আনে ঘোষণা করা হল : "তোমাদের স্ত্রীরা তোমাদের পরিত্যক্ত সম্পত্তির চার ভাগের এক ভাগ পাবে যদি তোমাদের সন্তান না থাকে। তবে তোমাদের সন্তান থাকলে তারা পাবে তোমাদের পরিত্যক্ত সম্পদের আট ভাগের এক অংশ।[৯৩]

ইসলাম মা হিসেবে নারীকে যে সম্মান দান করেছে পৃথিবীর আর কোন সম্মানের সাথে তার তুলনা হয় না। পিতা ও মাতা উভয়ের প্রতি সাধারণভাবে সম্মান প্রদর্শনের কথা উস্তেখ করার পর কুর'আনে মাতার প্রতি বিশেষ ভক্তি ও শ্রদ্ধা নিবেদন করার নির্দেশ দেওয়া হয়েছে। কেননা মা

---

৯১ وَمِنْ آيَاتِهِ أَنْ خَلَقَ لَكُمْ مِنْ أَنفُسِكُمْ أَزْوَاجًا لِتَسْكُنُوا إِلَيْهَا وَجَعَلَ بَيْنَكُمْ مَوَدَّةً وَرَحْمَةً إِنَّ فِي ذَلِكَ لَآيَاتٍ لِقَوْمٍ يَتَفَكَّرُونَ miv Avi-i/g ৩০ : ২১।

৯২ وَإِذَا بُشِّرَ أَحَدُهُمْ بِالْأُنثَى ظَلَّ وَجْهُهُ مُسْوَدًّا وَهُوَ كَظِيمٌ ()يَتَوَارَى مِنْ الْقَوْمِ مِنْ سُوءِ مَا بُشِّرَ بِهِ أَيُمْسِكُهُ عَلَى هُونٍ أَمْ يَدُسُّهُ فِي التُّرَابِ أَلَا سَاءَ مَا يَحْكُمُونَ miv Avb-bvnj ১৬ : ৫৮-৫৯।

৯৩ وَلَهُنَّ الرُّبُعُ مِمَّا تَرَكْتُمْ إِنْ لَمْ يَكُنْ لَكُمْ وَلَدٌ فَإِنْ كَانَ لَكُمْ وَلَدٌ فَلَهُنَّ الثُّمُنُ مِمَّا تَرَكْتُمْ আল-কুর'আন, miv AvbÑwbmv ৪:১২

Dhaka University Institutional Repository

সন্তানকে গর্ভে ধারণ করা, প্রসব করা এবং স্তন্য দান করার কষ্ট একাকী গ্রহণ করে থাকেন। এ তিন পর্যায়ের ক্লেশ ও যাতনায় পিতার কোন অংশ নেই।

এ প্রসঙ্গে আস্তাহ রাব্বুল আলামীন কালামে পাকে ইরশাদ করেছেন : "আর আমি মানুষকে তার মাতা-পিতা সম্বন্ধে নির্দেশ দিয়েছি। তার মাতা কষ্টের পর কষ্ট সহ্য করে তাকে গর্ভে ধারণ করেছে এবং দু'বছরে তার দুধ ছাড়ানো হয়। সুতরাং শোকরগুজারী কর আমার এবং তোমার মাতা–পিতার। অবশেষে আমারই কাছে ফিরে আসতে হবে।"[94]

মহান আস্তাহ তা'আলা বলেন : "আর তোমার রব আদেশ করেছেন যে, তাঁকে ছাড়া অন্য কারো ইবাদত কর না এবং পিতা-মাতার সাথে সদ্ব্যবহার কর। যদি তাদের মধ্যে কেউ অথবা উভয়েই তোমার জীবদ্দশায় বার্ধ্যক্যে উপনীত হয়, তবে তুমি তাদেরকে 'উহ'[95] পর্যন্ত বল না এবং তাদেরকে ধমক দিও না; তাদের সাথে বিনম্রভাবে সম্মানসূচক কথা বল। এবং তাদের সামনে ভক্তি–শ্রদ্ধা ও বিনয়ের সাথে অবনত থেক, আর প্রার্থনা কর : হে আমার রব ! তাঁদের উভয়ের প্রতি দয়া করুন, যেভাবে তাঁরা আমাকে শৈশবে লালন পালন করেছেন।[96]

সৃষ্টিকে টিকিয়ে রাখার জন্য যখন উভয়ের প্রয়োজন একই রকম, তখন তাদের মধ্যে তারতম্য করা নিতান্তই অযৌক্তিক।

ইয়াহুদি ও খ্রিস্টানগণ আস্তাহ তা'আলার কিতাবকে বিকৃত বা পরিবর্তন করে কিছু লোকের বা পুরুষ শ্রেণীর সুবিধাকে নিশ্চিত করার জন্য নারীদেরকে দুর্ল্লঙ্ঘণে বলে অভিহিত করে। তারা নারীদেরকে প্ররোচনা দানকারী প্রমাণ করার জন্য তাদের কিতাবগুলোর আয়াত পরিবর্তন করে প্রচার করেছে, বাবা আদম (আ) কে মা হাওয়া (আ) নিষিদ্ধ গাছের ফল খাওয়ানোর কারণে আজ আমাদের পৃথিবীতে আগমন, না হলে আমরা চিরদিন বেহেশতেই থাকতাম। অথচ আল-কুর'আনে বলা হয়েছে, "অতপর শয়তান তাদের দুজনকেই সেই নিষিদ্ধ গাছের ফল খাওয়ার জন্য প্ররোচিত করল, তারপর তাদের দুজনকে বের করে ছাড়ল সেখান থেকে যেখানে তারা ছিল।"[৯৭]

আজকের পৃথিবী নারীদের দেহকে যেভাবে ভোগ ও পণ্যসামগ্রী বানিয়ে রেখেছে, অতীতেও একইভাবে তাদেরকে হীন-কুচক্রী আখ্যা দিয়ে শুধু ভোগ্য ও পণ্য বানিয়ে রেখেছিল। এমনকি

---

৯৪ وَوَصَّيْنَا الْإِنسَانَ بِوَالِدَيْهِ حَمَلَتْهُ أُمُّهُ وَهْنًا عَلَى وَهْنٍ وَفِصَالُهُ فِي عَامَيْنِ أَنْ اشْكُرْ لِي وَلِوَالِدَيْكَ إِلَيَّ الْمَصِيرُ miv jKgvb ৩১ : ১৪।

৯৫ বিরক্তি, উপেক্ষা, অবজ্ঞা, ক্রোধ ও ঘৃণাসূচক কোনো কথা বলিও না।

৯৬ وَقَضَى رَبُّكَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا إِمَّا يَبْلُغَنَّ عِنْدَكَ الْكِبَرَ أَحَدُهُمَا أَوْ كِلَاهُمَا فَلَا تَقُلْ لَهُمَا أُفٍّ وَلَا تَنْهَرْهُمَا وَقُلْ لَهُمَا قَوْلًا كَرِيمًا() وَاخْفِضْ لَهُمَا جَنَاحَ الذُّلِّ مِنَ الرَّحْمَةِ وَقُلْ رَبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيَانِي صَغِيرًا আল-কু'আন, miv ebxBmivCj ১৭ : ২৩-২৪।

৯৭ فَأَزَلَّهُمَا الشَّيْطَانُ عَنْهَا فَأَخْرَجَهُمَا مِمَّا كَانَا فِيهِ -miv Avj evKviv ২ ঃ ৩২।

Dhaka University Institutional Repository

প্রয়োজনে তাদেরকে হত্যা করেছে। প্রাচীনতম ধর্ম বা সনাতন ধর্ম হিন্দু ধর্ম সতীদাহকে বিরাট পুণ্য অর্জন করার এবং সহমরণকে স্বর্গে যাওয়ার মাধ্যম আখ্যা দিয়ে নারী নির্যাতন করেছে।[৯৮]

কুমারী পূজার নামে উৎসর্গকৃত কুমারী কন্যাদেরকে এবং বিধবা[৯৯] বিবাহকে অবৈধ ঘোষণা দিয়ে তাদেরকে মন্দিরের সেবাদাসী বানিয়ে রেখে সন্ন্যাসীরা তাদেরকে অবাধে ভোগ করছে।

মানবশিশু ধারণ, বহন, প্রসব ও লালন-পালনের জন্য এ গুণাবলি একান্ত জরুরি। নারীদেহ যত বলিষ্ঠই হোক, মানবশিশু জন্মদানের উপযুক্ত করে গড়ে তোলার কারণে আস্তাহর ইচ্ছায় তা নাযুক বা স্পর্শকাতর। কন্যাশিশুর যত্ন-নেওয়া এবং তাকে তার প্রকৃতির চাহিদা অনুযায়ী গড়ে তোলার ব্যাপারে মায়ের ভূমিকা প্রধান। পিতা রোজগার করে, মা খরচ করে। শিশুর পরিচর্যায় পিতা অর্থ যোগায়, মা দুধ খাইয়ে তাকে বড় করে তোলে। আস্তাহর আইনে দুধ খাওয়ানোর বয়স দু বছর। এই দুবছরে, মা শুধু দুধ খাওয়ানোর কাজই করেননা নিজের ভাষা, মন-মানসিকতা, তার অজান্তেই শিশুর মধ্যে প্রবিষ্ট করিয়ে দেন। ছেলেশিশুরা এই দুধ খাওয়ার বয়স পার হওয়ার সাথে সাথে বাইরে গিয়ে খেলতে ভালবাসে। আর মেয়েরা মাকে আগলে রাখে এবং ঘরে বা বাড়ির আঙিনায় খেলনা নিয়ে ব্যস্ত থাকে। আস্তাহর রাসূলুস্তাহ (স.) বলেন, "নারী স্বামীগৃহের তত্ত্বাবধায়ক।"[১০০]

মহানবী (স.) বলেন- "আর যখন তোমাদের মধ্যে সবচেয়ে মন্দ ব্যক্তি হবে তোমাদের নেতা ধনীরা হবে সবচেয়ে কৃপণ এবং নারীদের পরামর্শেই তোমাদের সকল সিদ্ধান্ত তখন পৃথিবীর অভ্যন্তর ভাগ হবে ওপরিভাগের চেয়ে অধিক পছন্দের।"[১০১]

আরও ঘোষিত হয়েছে- "যে কোন নারী ঘরে অবস্থান গ্রহণ করবে, সে আমার সাথে থাকবে জান্নাতের মধ্যে।"[১০২]

কন্যাসন্তানকে এমনভাবে প্রতিপালন করতে হবে, যেন তারা কুর'আন ও হাদীসের মৌলিক শিক্ষা পেয়ে, স্বাস্থ্যের যত্ন নেওয়া বুঝে, আদর্শ মা, আদর্শ গৃহিণী, স্বামীর অনুগত ও সন্তানের প্রতি মমতাময়ী হয়ে কমপক্ষে দুবছর দুধ খাওয়ানোতে উৎসাহিত হয়।

---

৯৮. ড. আব্দুল কাদের, bvbv a‡g bvix, ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৮৩, পৃ. ১৭।

৯৯. প্রাগুক্ত, পৃ. ১৮।

১০০. وَالْمَرْأَةُ رَاعِيَةٌ فِي بَيْتِ زَوْجِهَا وَمَسْئُولَةٌ عَنْ رَعِيَّتِهَا ইমাম বুখারী, mnxn eLvix, কিতাবুল জুমু'আতি, বাবুল জুমু'আতি ফিল কুরা ওয়াল মুদুনি, খন্ড-১, প্রাগুক্ত, পৃ. ৩০১।

১০১. তিরমিযী, RwgDÛZ wZiwghx, কিতাবুল ফিতান, বাবু মা জা'আ ফিন্ নাহয়ি আন সাব্বির রিইয়াহি, খন্ড-৪, প্রাগুক্ত, পৃ. ৪২৬, গ্রন্থকার বলেন, হাদীসটি গরীব।

১০২. إيا امراه قعدت على أولادها فهي في الجنة আল বুরহানপুরী, 'আলা উদ্দিন আলী মুত্তাকী ইবনে হুসামুদ্দিন আল হিন্দি, Kvbhj D¤§vj dx mbwbj AvKIqvj Iqvj AvdÛAvj, আলেপ্পো, ১৩৭৯/১৯৬৯

Dhaka University Institutional Repository

ZZxq Aa¨vq : wewfb mf¨Zv, ag I AvB‡b wkï AwaKvi

3. 1. RwZmsN †NwIZ wkï AwaKvi mb`

"মানব সমাজের নিকট যে সব জিনিস সবচেয়ে বেশি পছন্দনীয় তার প্রথম হকদার শিশুরা" (Mankind owes the children :he best it has to give) এ স্লোগানটি ছিল জাতিসংঘ কর্তৃক শিশু অধিকার ঘোষনার ভিত্তি। শিশুরাই বিশ্বের সকল দেশের ভবিষ্যৎ নাগরিক, নেতা ও কর্ণধার। তবে তাদেরকে যোগ্য নাগরিক, নেতা ও কর্ণধার হিসেবে গড়ে তুলতে প্রয়োজন যথাযোগ্য লালনের।[১]

মানবাধিকারের ধারণা খুবই প্রাচীন। খ্রিস্টের জন্মের প্রায় আড়াই হাজার বছর আগে প্রাচীন সহিংতায় এবং পরবর্তীকালে প্রাচীন সাহিত্যেও মানবাধিকারের উপলব্ধির ইঙ্গিত পাওয়া যায়। আধুনিক পন্ডিতগণ অধিকার বিষয়ক যে সব সংজ্ঞা দিয়েছেন সেগুলো বিশ্লেষণ করে দেখা যায়- অধিকার হলো এমন কিছু বৈধ ক্ষমতা যা কেউ তার বিশেষ অবস্থানের সুযোগে বা কারণে অনুশীলন বা ভোগ করেন। সিসেরো ও তার অনুসারীগণ বলেন, সহজাত বা প্রাকৃতিক অধিকার সকল যুগে সর্বকালের মানুষের ছিল। এ অধিকার কোন নির্দিষ্ট দেশের নাগরিকের বিশেষ সুবিধা বা অধিকার নয়, এই অধিকার বিশ্বব্যাপী মানুষের অধিকার। বেনথেম বলেছেন, সেই অধিকারগুলো অধিকার নামের যোগ্য যে অধিকারগুলো আইনের সাহায্যে বাস্তবায়ন করা যায়। বেনথেম ও বার্কের কাছে 'অধিকার' এর পরীক্ষ হল Is it actually enjoyed? অথবা Is it really enforced? কিংবা æIs it a positive right?" এ আলোচনার প্রেক্ষিতে বলা যায়, শিশু অধিকার হল শিশুর এমন কিছু বৈধ ক্ষমতা যা একজন শিশু তার বিশেষ অবস্থানের সুযোগে বা কারণে অনুশীলন বা ভোগ করতে পারে।

উস্তিখিত আলোচনা থেকে প্রতীয়মান হয় যে, শিশু অধিকারসহ সকল অধিকারই বিশেষ অবস্থান বা কারণের সাথে সম্পর্কযুক্ত। তাই দেখা যায়- বিশ্বের উন্নত দেশসমূহের শিশুরা অপ্রেক্ষকৃত অনুন্নত দেশের শিশুদের চেয়ে অধিকতর সুযোগ সুবিধা ও অধিকার ভোগ করছে। অপরদিকে আফ্রিকা এবং বিশ্বের অন্যত্র দরিদ্র এলাকার শিশুদের অনেকেই নিরন্ন, অপুষ্টি, রোগ ক্ষুধা তাদের নিত্য সাথী। অনেকেরই মাথা গোজার ঠাঁই নাই। স্বাস্থ্যসম্মত জীবনযাপন, শিক্ষর সুযোগ গ্রহণ ইত্যাদি সে সব হতভাগ্য শিশুর স্বপ্নেরও অতীত। লজ্জা ঢাকার জন্য সামান্য বস্ত্র থেকেও অনেক শিশু বঞ্চিত। এ

---

১. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, পৃ: ২

চিত্র শুধু দরিদ্র দেশের নয়; বিবিধ কারণে বিশ্বের সবচেয়ে উন্নত দেশগুলোতেও বহু হতদরিদ্র মানুষ রয়েছে। পারিবারিক অবস্থানের কারণে ঐ সব পরিবারের শিশুরা যথাযথ অধিকার ভোগ করতে পারছে না। এমনকি পরাশক্তি বলে খ্যাত যুক্তরাষ্ট্রের মত দেশের শিশুরাও এ অবস্থা থেকে মুক্ত নয়। সে দেশেও অনেক পথশিশুকে বাংলাদেশের পথ শিশুদের মত ডাস্টবিনে বা ভাগাড়ে খাদ্য অনুসন্ধান করতে দেখা যায়। ২০০৫ সালের আগস্ট ও সেপ্টেম্বর মাসে যুক্তরাষ্ট্রের লুইজিয়ানা ও টেক্সাসসহ বিবিধ অঞ্চলে যথাক্রমে ঘূর্ণিঝড় ক্যাটরিনা ও ঘূর্ণিঝড় রিটার আঘাতে পরাশক্তিটির দৈন্যদশা পৃথিবীর মানুষ জানতে পারে। সে দেশেও বহু মানবশিশু যথাযথ অধিকার থেকে বঞ্চিত। এ সব এলাকা ছাড়াও খোদ যুক্তরাষ্ট্রের ভেতর তৃতীয় বিশ্বের মত বহু অঞ্চল রয়েছে যার শিশুরা সকল শিশু অধিকার ভোগ করার সুযোগ পাচ্ছে না। পিতামাতা তথা পরিবারের দারিদ্র্য এমন অবস্থার অন্যতম কারণ। সরকার ও তাদের অধিকারের নিশ্চয়তা বিধানে সফল হচ্ছে না। এমনকি ক্যাটরিনার পর আইন-শৃঙ্খলা ব্রজকারীদের ধর্ষণের শিকার হয় অসংখ্য টিন-এজার। অন্যান্য মানবাধিকার লংঘনের ঘটনাতো আছেই। এ সব কারণে নিউ অরলিন্সের পুলিশ সুপার এডি কম্পাসকে পদত্যাগ করতে হয়। ২৫০ জন পুলিশ কর্মকর্তাকে তাদের পদ থেকে সরে দাঁড়াতে হয়।[২]

বাংলাদেশের পরিপ্রেক্ষিতে শিশু অধিকার প্রসংগে একথা বলা যায় যে, এদেশের পরিবারগুলোর নানা দূরাবস্থার কারণে তাদের সন্তানগণ বিবিধ অধিকার ভোগ করার সুযোগ পায় না। অবশ্য এখানে উচ্চবিত্ত পরিবারের সন্তানরা তাদের পরিবারের কল্যাণে সম্ভাব্য সকল অধিকারভোগ করতে পারে। মধ্যবিত্ত পরিবারের অভিভাবকগণ তাদের সন্তানদের জন্য সাধ্যমত অধিকার প্রদান করতে সচেষ্ট। প্রজ্ঞন্তরে, দরিদ্র পরিবারের সন্তানরা প্রায় সকল অধিকার আংশিক ভোগ করার সুযোগ পায় মাত্র। দিন কাটে তাদের অনাহার বা অর্ধাহারে। বসবাসের জন্য নেই যথাযথ গৃহ, নেই স্বাস্থ্যসম্মত পরিবেশ। ঠিকানা বিহীন পথশিশুদের অবস্থা আরো করুণ।

জাতিসংঘ শিশু অধিকার সনদ যখন প্রণীত হয় তখন পৃথিবীর শিশুরা ছিল অধিকতর অধিকার বঞ্চিত। দেশে দেশে মানবপ্রেমিক আদম সন্তানেরা এ কারণে ব্যথিত হয়েছেন। দেশে দেশে শিশু-কল্যাণে নিয়োজিত সংস্থাসমূহ তখনও শিশু অধিকার প্রতিষ্ঠার জন্য বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনা করত। জাতিসংঘ শিশু অধিকার ঘোষনা এ সবেরই প্রতিফলশ্রুতি।

১৯২৪ সালের জেনেভা কনভেনশনে শিশু অধিকারের বিবিধ বিষয় উত্থাপন করা হয় ও সাধারণ পরিষদে তা গৃহীত হয়। এতে শিশুদের প্রতি বিশেষ যত্নের কথা বলা হয়েছে। বিষয়গুলো পরে সময়ের সাথে সাথে সুসংবদ্ধ হয়। ১৯৫৯ সালের ২০ নভেম্বর জাতিসংঘের সাধারণ অধিবেশনে

---

২ দৈনিক প্রথম আলো, ২৯ সেপ্টেম্বর, ২০০৫

Dhaka University Institutional Repository

গৃহীত ১০ টি ধারা পরিমার্জিত হয়। ১৯৮৯ সালের ২০ নভেম্বর এর ধারা ছিল ৫৪ টি এবং এর মধ্যে ৪১ টি ধারায় শিশুদের অধিকারের কথা সরাসরি বলা হয়েছে। নিম্নে জাতিসংঘ ঘোষিত শিশু অধিকার সনদটি উত্থাপন করা হল।[৩]

cwi‡”Q‘-1

aviv-1

এই সনদে বলা হয়েছে শিশু বলতে বোঝাবে ১৮ বছরের কম বয়সী প্রতিটি মানব সন্তান, যদি না শিশুদের জন্যে প্রযোজ্য আইনের আওতায় আরো কম বয়সে নাবালকত্ব নির্ধারিত হয়ে থাকে।

aviv-2

১) শরীক রাষ্ট্রসমূহ তাদের নিজ নিজ আওতাধীন প্রতিটি শিশুর জন্যে এই সনদে নির্ধারিত অধিকারসমূহের প্রতি শ্রদ্ধাশীল থাকবে এবং এগুলোর নিশ্চয়তা বিধান করবে। এ ব্যাপারে শিশু অথবা তার পিতামাতা কিংবা আইনসম্মত অভিভাবকের ক্ষেত্রে গোত্র, বর্ণ, লিঙ্গ,ভাষা, রাজনৈতিক ও অন্যান্য মত, জাতীয়-গোষ্ঠীগত-সামাজিক পরিচয়, বিত্ত, অসামর্থ, জন্মসূত্র কিংবা অন্যবিধ কৌলীন্য, নির্বিশেষে কোনো ধরনের বৈষম্য করা হবে না।

২) পিতা, আইনসম্মত অভিভাবক কিংবা পরিবারের সদস্যদের সামাজিক অবস্থান, কার্যকলাপ, ব্যক্তি মতবাদ কিংবা বিশ্বাসের কারণে যে কোনো ধরনের বৈষম্য অথবা শাস্তি থেকে শিশুরা নিরাপদ থাকবে; এই বিষয়টি নিশ্চিত করতে শরীক রাষ্ট্রসমূহ যথাযথ কার্যব্যবস্থা গ্রহণ করবে।

aviv- 3

১) সমাজকল্যাণমূলক সরকারি কিংবা বেসরকারি প্রতিষ্ঠান, আইন- আদালত, প্রশাসনিক কর্তৃপ্রঙ কিংবা আইনসভা- যেই হোক না কেন, শিশু সংক্রান্ত তাদের যে কোনো কার্যক্রমের প্রধান বিবেচ্য হবে শিশুর সর্বোত্তম স্বার্থ।

২) শিশুর পিতামাতা, আইনসম্মত অভিভাবক কিংবা আইনত দায়িত্ব বর্তায় এমন কোন ব্যক্তির অধিকার ও কর্তব্য বিবেচনায় রেখে শিশুর কল্যাণার্থে প্রয়োজনীয় নিরাপত্তা ও যত্ন নিশ্চিত করতে শরীক রাষ্ট্রসমূহ যথাযথ আইনগত ও প্রশাসনিক পদক্ষেপ নেবে।

৩) শরীক রাষ্ট্রসমূহ শিশু পরিচর্যা ও সুরক্ষার জন্যে প্রতিষ্ঠান, সেবা, সুবিধাদি নিশ্চিত করবে। এ ক্ষেত্রে নিরাপত্তা ও স্বাস্থ্য এবং কর্মচারীর সংখ্যা ও উপযুক্ততা সেই সাথে পর্যাপ্ত তদারকির ব্যবস্থা যথাযথ কর্তৃপক্ষের নির্ধারিত মানের অনুরূপ হতে হবে।

---

৩ গাজী শামছুর রহমান, মানবাধিকার ভাষ্য, জুন ১৯৯৫, (ঢাকা : বাংলা একাডেমী, পৃ-৬৪১-৬৫৬।

Dhaka University Institutional Repository

aviv- 4

এই সনদে স্বীকৃত অধিকারসমূহ শরীক রাষ্ট্রসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় আইনগত, প্রশাসনিক ও অপরাপর সকল ব্যবস্থা নেবে। অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকারসমূহের-ক্ষেত্রে শরীক রাষ্ট্রগুলো প্রাপ্ত সম্পদের সর্বোচ্চ ব্যবহার এবং প্রয়োজনবোধে আন্তর্জাতিক সহযোগিতা কাঠামোর মধ্যে উপরিউক্ত পদক্ষেপগুলো নেবে।

aviv- 5

এই সনদে স্বীকৃত শিশুর অধিকার চর্চার-ক্ষেত্রে শিশুর বিকাশ যোগ্যতার সাথে সংগতিপূর্ণ যথাযথ নির্দেশনা ও পরামর্শ প্রদানের প্রশ্নে পিতামাতা ও স্থানীয় রীতি অনুযায়ী সম্প্রসারিত পরিবার ও সমাজসদস্য, আইনসম্মত অভিভাবক অথবা আইনানুগভাবে শিশুর দায়িত্বপ্রাপ্ত অন্য কোন ব্যক্তির দায়িত্ব, অধিকার এবং কর্তব্যের প্রতি শরীক রাষ্ট্রসমূহ সম্মান দেখাবে।

aviv- 6

১) শরীক রাষ্ট্রসমূহ স্বীকার করে যে, প্রতিটি শিশুর বেঁচে থাকার সহজাত অধিকার আছে।

২) শরীক রাষ্ট্রসমূহ শিশুদের বেঁচে থাকা এবং বিকাশের-ক্ষেত্রে সম্ভাব্য সর্বাধিক নিশ্চয়তা প্রদান করবে।

aviv- 7

১) জন্মের অব্যবহিত পরেই শিশুকে নিবন্ধীকরণ করতে হবে। জন্ম থেকেই তার নামকরণ লাভের, একটি জাতিয়তা অর্জনের এবং যতটা সম্ভব, পিতামাতার পরিচয় জানবার ও তাদের প্রতিপালিত হওয়ার অধিকার থাকবে।

২) শরীক রাষ্ট্রসমূহ তাদের জাতীয় আইন অনুসারে এই অধিকার সমূহের বাস্তবায়ন নিশ্চিত করবে এবং এই-ক্ষেত্রে প্রাসঙ্গিক আন্তর্জাতিক দলিলসমূহের বাধ্যবাধকতা মেনে চলবে, বিশেষ করে যে সব-ক্ষেত্রে এর অন্যথা হলে শিশু রাষ্ট্রহীন হয়ে পড়ে।

aviv- 8

১) জাতিয়তা, নাম এবং পারিবারিক সম্পর্কসহ আইনসম্মত পরিচিতি সংরক্ষণে শিশুর অধিকারের প্রশ্নে শরীক রাষ্ট্রসমূহ উদ্যোগী হবে, সেখানে কোন বেআইনী হস্তক্ষেপ চলবে না।

২) কোথাও কোন শিশু যদি তার নিজস্ব পরিচয়ের কতিপয় বা সবগুলো দিক থেকে বেআইনী ভাবে বঞ্চিত হয়, তাহলে শরীক রাষ্ট্রসমূহ যত দ্রুত সম্ভব সেই পরিচয় পুনপ্রতিষ্ঠায় যথাযথ সহায়তা প্রদান ও সুরক্ষার ব্যবস্থা করবে।

Dhaka University Institutional Repository

avi- 9

১) শরীক রাষ্ট্রসমূহ কোন শিশুকে তার ইচ্ছার বিরুদ্ধে তার পিতামাতার কাছ থেকে আলাদা না করার নিশ্চয়তা বিধান করবে, তবে কোনো উপযুক্ত কর্তৃপ্রক্ষ যদি প্রযোজ্য আইন ও বিধিবিধান অনুসারে বিচার বিভাগীয় পর্যালোচনা সাপেক্ষে নির্ধারণ করে যে, শিশুর সর্বোত্তম স্বার্থে এ ধরনের বিচ্ছিন্নতা প্রয়োজন, তবে সে ক্ষেত্রেই এর ব্যতিক্রম হবে। এ ধরনের সিদ্ধান্তের প্রয়োজন হতে পারে নির্দিষ্ট কিছু ক্ষেত্রে যেমন, সন্তানের প্রতি পিতামাতার উৎপীড়ন বা অবহেলা কিংবা পিতা ও মাতা আলাদা বাস করছে এবং সন্তান কোথায় বাস করবে তা নির্ধারণ এক্ষেত্রে অত্যাবশ্যকীয়।

২) এই ধারার অনুচ্ছেদ- ১ অনুযায়ী কোনো মোকদ্দমা হলে তাতে সকল প্রক্ষকে উপস্থিত থাকার এবং তাদের মতামত জ্ঞাপন করার সুযোগ দিতে হবে।

৩) পিতামাতার যে কোন একজনের বা উভয়ের কাছ থেকে বিচ্ছিন্ন শিশুর পিতা মাতা উভয়ের সাথে ব্যক্তিগত সম্পর্ক বজায় রাখার এবং নিয়মিত সরাসরি যোগাযোগ রাখার অধিকারের প্রতি শরীক রাষ্ট্রসমূহ সম্মান দেখাবে, অবশ্য যদি তা শিশুর সর্বোত্তম স্বার্থের পরিপন্থী না হয়।

৪) শরীক রাষ্ট্র কর্তৃক গৃহীত কোন কার্যব্যবস্থা, যেমন পিতামাতা যে কেউ অথবা দু'জনকে কিংবা শিশুকে আটক, কারাদণ্ড, নির্বাসন, স্বদেশ থেকে বিতারণ অথবা মৃত্যু (রাষ্ট্রকৃত আটক ব্যক্তির যে কোন কারণে মৃত্যুসহ) ইত্যাকার কারণে যদি এ ধরনের বিচ্ছিন্নতা ঘটে তাহলে পিতামাতা, শিশু কিংবা যথোপযুক্ত ক্ষেত্রে পরিবারের অন্য সদস্যকে অনুরোধের ভিত্তিতে পরিবারের অনুপস্থিত সদস্য সম্পর্কে শরীক রাষ্ট্রসমূহ প্রয়োজনীয় তথ্যাদি জ্ঞাপন করবে, অবশ্য যদি সে তথ্যের বিষয়বস্তু শিশুর কল্যাণের জন্য ক্ষতিকর না হয়। শরীক রাষ্ট্রসমূহ এটাও নিশ্চিত করবে যে, এই ধরনের অনুরোধ পেশ করাটা যেন সংশ্লিষ্ট ব্যক্তির জন্য কোনো বিরূপ প্রতিফল ভোগের কারণ হয়ে না দাঁড়ায়।

avi- 10

১) নবম ধারার অনুচ্ছেদ- ১ এর ভিত্তিতে রাষ্ট্রসমূহের বাধ্যবাধকতা মোতাবেক কোন শিশু বা তার পিতামাতা পারিবারিক পুনর্মিলনের উদ্দেশ্যে কোন একটি শরীক রাষ্ট্রে প্রবেশ বা রাষ্ট্র ত্যাগের দরখাস্ত করলে শরীক রাষ্ট্রসমূহ কর্তৃক তা ইতিবাচক , মানবিক ও ত্বরিৎ পন্থায় বিবেচিত হতে হবে। শরীক রাষ্ট্রসমূহ আরো নিশ্চয়তা বিধান করবে যে, এ ধরনের আবেদন আবেদনকারী এবং তার পরিবারের সদস্যদের জন্যে কোন বিরূপ প্রতিফলন বয়ে আনবে না।

Dhaka University Institutional Repository

২) কোন শিশুর পিতামাতা পৃথক রাষ্ট্রে বসবাস করলে উভয়ের সাথে নিয়মিত এবং অস্বাভাবিক পরিস্থিতিতে নিরাপদে ব্যক্তিগত সম্পর্ক ও সরাসরি যোগাযোগ রাখাটা ঐ শিশুর অধিকার। সেই উদ্দেশ্যে এবং নবম ধারার প্রথম অনুচ্ছেদে বর্ণিত কর্তব্য অনুসারে শিশু কিংবা তার পিতামাতার নিজেদের দেশসহ যে কোন দেশ ত্যাগ করার এবং নিজেদের দেশে প্রবেশ করার অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করবে শরীক রাষ্ট্রসমূহ। কোনো দেশ ত্যাগের এই অধিকার শুধুমাত্র এমন কিছু বিধিনিষেধ দ্বারা রহিত করা যাবে যেগুলি আইন দ্বারা বিধিবদ্ধ এবং যেগুলো জাতীয় নিরাপত্তা, জনশৃঙ্খলা, জনস্বাস্থ্য কিংবা নৈতিকতা কিংবা অন্যের অধিকার ও স্বাধীনতা সংরক্ষণের ক্ষেত্রে প্রয়োজনীয় এবং সনদে স্বীকৃত অন্যান্য অধিকারের সাথে সঙ্গতিপূর্ণ।

aviv- 11

১) শরীক রাষ্ট্রসমূহ শিশুদের অবৈধভাবে বিদেশ পাচার এবং দেশে ফিরতে না দেওয়া প্রতিহত করতে ব্যবস্থা নেবে।

২) এ উদ্দেশ্যে শরীক রাষ্ট্রসমূহ দ্বিপ্রক্ষীয় বা বহুপ্রক্ষীয় চুক্তি সম্পাদনে উদ্যোগী হবে অথবা বিদ্যমান চুক্তির আশ্রয় গ্রহণ করবে।

aviv- 12

১) নিজস্ব ধারণা বা মত গঠনে সক্ষম শিশু তার নিজের সকল বিষয়ে অবাধে মতামত প্রকাশের অধিকারী। সেই অধিকার যাতে রক্ষিত হয় এবং শিশুর বয়স ও পরিপক্কতা অনুযায়ী তার সেইসব মতামতকে যাতে যথাযথ গুরুত্ব দেওয়া হয় শরীক রাষ্ট্রসমূহ তার নিশ্চয়তা দেবে।

২) এই উদ্দেশ্যে শিশুকে সুনির্দিষ্টভাবে এই সুযোগ দিতে হবে যাতে শিশুর স্বার্থ সংশ্লিষ্ট বিচার বিভাগীয় বা প্রশাসনিক মোকদ্দমার ক্ষেত্রে শিশু সরাসরি অথবা কোনো প্রতিনিধি কিংবা কোনো উপযুক্ত সংস্থার মাধ্যমে জাতীয় আইনের বিধিবদ্ধ ধারার সঙ্গে সঙ্গতি রেখে তার কথা বলতে পারে।

aviv- 13

১) শিশুর স্বাধীনভাবে ভাবপ্রকাশের অধিকার থাকবে। এই অধিকারের মধ্যে রয়েছে সীমান্ত নির্বিশেষে সব ধরনের তথ্য ও ধ্যান ধারণা জানতে চাওয়া, গ্রহণ করা এবং অবহিত করার

Dhaka University Institutional Repository

স্বাধীনতা। এটি মৌখিকভাবে, লিখিত, মুদ্রিত কিংবা চারুশিল্পের আকারে অথবা শিশুর পছন্দসই অন্য কোনো পন্থায় হতে পারে।

২) এই অধিকার চর্চার ক্ষেত্রে কতিপয় বিধিনিষেধ আরোপ করা যেতে পারে, তবে তা হবে আইন দ্বারা নির্ধারিত এবং নিম্নোক্ত প্রয়োজনে-

ক) অন্যের অধিকার ও সুনামের প্রতি সম্মান প্রদর্শনের জন্যে; কিংবা

খ) জাতীয় নিরাপত্তা অথবা জনশৃঙ্খলা, জনস্বাস্থ্য ও নৈতিকতা সুরক্ষার জন্যে।

aviv- 14

১) শরীক রাষ্ট্রসমূহ শিশুর চিন্তা, বিবেক ও ধর্মীয় স্বাধীনতার অধিকারের প্রতি সম্মান দেখাবে।

২) শরীক রাষ্ট্রসমূহ শিশুর বিকাশযোগ্যতার সাথে সঙ্গতি রেখে তার অধিকার চর্চায় নির্দেশনা দেয়ার ব্যাপারে পিতামাতা এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনসম্মত অভিভাবকের অধিকার ও কর্তব্যের প্রতি সম্মান প্রদর্শন করবে।

৩) কারো ধর্ম বা বিশ্বাস সুস্পষ্টভাবে প্রকাশ করার জন্যে কেবলমাত্র সেইসব সীমাবদ্ধতা আরোপ করা যাবে যা আইনে উল্লিখিত রয়েছে এবং নিরাপত্তা, শৃঙ্খলা, স্বাস্থ্য, অথবা নৈতিকতা কিংবা অন্যদের মৌলিক অধিকার ও স্বাধীনতা সংরক্ষনের জন্যে প্রয়োজন।

aviv- 15

১) শরীক রাষ্ট্রসমূহ শিশুদের সংঘবদ্ধ হবার এবং শান্তিপূর্ণ সমাবেশের অধিকারকে স্বীকার করে।

২) এই অধিকার চর্চার উপর আইনানুসারে প্রযোজ্য বিধিনিষেধ ছাড়া এবং একটি গণতান্ত্রিক সমাজে জাতীয় কিংবা জননিরাপত্তা, শৃঙ্খলা, স্বাস্থ্য, নৈতিকতা এবং অপরের অধিকার ও স্বাধীনতা সংরক্ষণের জন্যে প্রয়োজনীয় নিষেধাজ্ঞা ছাড়া অন্য কোন বিধিনিষেধ আরোপ করা যাবে না।

aviv- 16

১) কোনো শিশুর নিজস্ব গোপনীয়তা, আবাস কিংবা পত্র যোগাযোগের উপর স্বেচ্ছাচারী অথবা বেআইনী হস্তক্ষেপ কিংবা তার মর্যাদা ও সুনামের উপর বেআইনী আক্রমণ করা যাবে না।

২) এই ধরনের কোন হস্তক্ষেপ কিংবা আক্রমনের বিরুদ্ধে আইনের আশ্রয় নেওয়ার অধিকার শিশুর রয়েছে।

Dhaka University Institutional Repository

aviv- 17

শরীক রাষ্ট্রসমূহ গণমাধ্যমের দ্বারা সাধিত কর্মকাণ্ডের গুরুত্বের স্বীকৃতি দেয় এবং তারা শিশুর জন্যে বিভিন্নমূখী জাতীয় ও আন্তর্জাতিক সূত্র থেকে তথ্য ও বিষয়বস্তু প্রাপ্তির সুবিধা নিশ্চিত করবে। বিশেষ করে যে সকল তথ্য ও বিষয়বস্তু শিশুর সামাজিক, আত্মিক ও নৈতিক কল্যাণ এবং শারীরিক ও মানসিক স্বাস্থ্যের বিকাশ সাধনের জন্য প্রয়োজন। এই উদ্দেশ্যে শরীক রাষ্ট্রসমূহ :

ক) শিশুর সামাজিক এবং সাংস্কৃতিক দিক থেকে উপকারী এবং ২৯ ধারায় ব্যক্ত দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্যপূর্ণ তথ্য এবং বিষয়বস্তু প্রচারে গণমাধ্যমকে উৎসাহিত করতে হবে;

খ) বিভিন্নমুখী সাংস্কৃতিক, জাতীয় ও আন্তর্জাতিক সূত্র থেকে এ ধরনের তথ্য ও বিষয়বস্তু প্রস্তুত, বিনিময় এবং প্রচারের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতাকে উৎসাহিত করবে;

গ) শিশুগ্রন্থ প্রণয়ন ও প্রচারে উৎসাহ যোগাবে;

ঘ) সংখ্যালঘু গোষ্ঠীভুক্ত বা আদিবাসী শিশুদের ভাষাগত চাহিদার প্রতি বিশেষভাবে সম্মান দেখাবার ব্যাপারে গণমাধ্যমকে উৎসাহ দেবে।

ঙ) ১৩ থেকে ১৮ ধারায় বর্ণিত বিষয় মনে রেখে শিশুর কল্যাণের জন্যে ক্ষতিকারক তথ্য ও বিষয়বস্তু থেকে তার সুরক্ষায় যথাযথ দিকনির্দেশনা প্রণয়নকে উৎসাহিত করবে।

aviv- 18

১) শিশুর প্রতিপালন, শিক্ষাদান ও বিকাশের ব্যাপারে পিতামাতা উভয়ের অভিন্ন দায়িত্ব রয়েছে- এই নীতির স্বীকৃতি নিশ্চিত করতে শরীক রাষ্ট্রসমূহ প্রয়াসী হবে। শিশুকে লালন-পালন, শিক্ষাদান ও গড়ে তোলার প্রাথমিক দায়িত্ব হচ্ছে পিতামাতা এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনসম্মত অভিভাবকের। শিশুর সর্বোত্তম স্বার্থই হবে তাদের মূল চিন্তা।

২) শরীক রাষ্ট্রসমূহ এই সনদে স্থিরকৃত অধিকারসমূহ নিশ্চিত এবং জোরদার করার উদ্দেশ্যে পিতামাতা ও আইনসম্মত অভিভাবককে তাদের শিশুর লালন- পালনে যথাযথ সহায়তা দেবে এবং শিশু পরিচর্যার প্রতিষ্ঠান, সুযোগসুবিধা ও সেবা মাধ্যমসমূহের বিকাশ নিশ্চিত করবে।

৩) শরীক রাষ্ট্রসমূহ কর্মজীবী পিতামাতার সন্তানদের প্রাপ্তিযোগ্যতা অনুসারে শিশু- পরিচর্যা কার্যক্রম সুবিধাদি থেকে উপকৃত হওয়ার অধিকার নিশ্চিত করতে যথাযথ ব্যবস্থাদি নেবে।

Dhaka University Institutional Repository

aviv- 19

১) শরীক রাষ্ট্রসমূহ পিতামাতা, আইনানুগ অভিভাবক অথবা শিশু পরিচর্যায় নিয়োজিত অন্য কোন ব্যক্তির তত্ত্বাবধানে থাকাকালীন শিশুকে আঘাত অথবা অত্যাচার, অবহেলা অথবা অমনোযোগী আচরণ, দুর্ব্যবহার অথবা শোষণ এবং যৌন অত্যাচারসহ সকল ধরনের শারীরিক ও মানসিক হিংস্রতা থেকে সুরক্ষার জন্য যথোপযুক্ত আইনানুগ , প্রশাসনিক, সামাজিক এবং শিক্ষাগত সকল ব্যবস্থা নেবে।

২) এ ধরনের সুরক্ষা ব্যবস্থার মধ্যে যথার্থ ব্যবস্থা হিসেবে শিশু এবং শিশু পরিচর্যায় নিয়োজিতদের জন্যে প্রয়োজনীয় সহায়তা দেওয়ার প্রশ্নে সামাজিক কর্মসূচি প্রবর্তন, সেই সাথে প্রতিরোধের অন্য ব্যবস্থাদির জন্যে কার্যকর পদ্ধতি অন্তর্ভুক্ত হতে পারে। উল্লিখিত শিশু নির্যাতনের ঘটনা ঘটলে সে ক্ষেত্রে সনাক্তকরণ, বিবৃতিকরণ, দায়িত্ব অর্পণ, তদন্ত, চিকিৎসা ও পরবর্তী কার্যকরণ এবং প্রয়োজনবোধে বিচার বিভাগীয় হস্তক্ষেপের ব্যবস্থা নিতে হবে।

aviv- 20

১) যে শিশু স্থায়ী কিংবা অস্থায়ী ভিত্তিতে তার পারিবারিক পরিবেশ থেকে বঞ্চিত অথবা যে শিশুকে তার সর্বোত্তম স্বার্থে ঐ পরিবেশে থাকতে দেয়া যাবে না, সেই শিশু রাষ্ট্রকর্তৃক প্রদত্ত বিশেষ সুরক্ষা ও সহায়তার অধিকারী।

২) শরীক রাষ্ট্রসমূহ তাদের জাতীয় আইনানুসারে এ ধরনের শিশুর জন্য বিকল্প তত্ত্বাবধান নিশ্চিত করবে।

৩) ঐ ধরনের পরিচর্যায় অন্যান্য বিষয়ের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে, পালিত সন্তান হিসাবে অর্পণ, ইসলামী আইনের কাফালা, দত্তক প্রদান কিংবা প্রয়োজনবোধে কোন উপযুক্ত সংস্থার কাছে শিশুকে লালন-পালন করতে দেওয়া। এ ক্ষেত্রে সমাধানের কথা ভাবার সময় শিশুর প্রতিপালন অব্যাহত রাখার বাঞ্চনীয়তা এবং শিশুর জাতিগোষ্ঠি, ধর্ম, সংস্কৃতি ও ভাষাগত পটভূমির প্রতি যথাযথ সম্মান দিতে হবে।

aviv- 21

দত্তক পদ্ধতির স্বীকৃতিদান এবং/কিংবা অনুমোদনকারী শরীক রাষ্ট্রসমূহ এটা নিশ্চিত করবে যে, শিশুর সর্বোত্তম স্বার্থই হবে এ ক্ষেত্রে সর্বোচ্চ বিবেচনা এবং তারা :

Dhaka University Institutional Repository

ক) এটা নিশ্চিত করবে যে, কোন শিশুকে দত্তক গ্রহনের বিষয়টি শুধুমাত্র উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা নির্ধারিত হবে। ঐ কর্তৃপক্ষ প্রযোজ্য আইন ও কার্যপ্রণালী অনুসারে সকল প্রাসঙ্গিক ও নির্ভরযোগ্য তথ্যের ভিত্তিতে এ ব্যাপারে সিদ্ধান্ত নিবেন যে, পিতামাতা, আত্মীয় স্বজন ও আইনসম্মত অভিভাবকদের দিক থেকে শিশুর অবস্থান অনুযায়ী দত্তক অনুমোদনযোগ্য এবং আবশ্যক বিবেচনা করলে এ ব্যাপারেও নিশ্চিত হতে হবে যে, সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ প্রয়োজনীয় পরামর্শের ভিত্তিতেই দত্তকের ব্যাপারে সুস্পষ্ট সম্মতি দিয়েছেন;

খ) এটা অনুমোদন করবে যে, যদি শিশুকে পালক বা দত্তক হিসেবে কোনো পরিবারে স্থান করে দেওয়া না যায় কিংবা শিশুর নিজস্ব দেশে যদি উপযোগী কোন পন্থায় প্রতিপালনের ব্যবস্থা না করা যায়, তাহলে তার পরিচর্যার বিকল্প উপায় হিসেবে আন্ত:দেশীয় দত্তকের কথা বিবেচিত হতে পারে;

গ) এই বিষয় নিশ্চিত করবে যে, আন্ত:দেশীয় দত্তকের ক্ষেত্রে শিশুর জন্যে এমন রক্ষাব্যবস্থা ও মান বজায় রাখতে হবে যা জাতীয় পর্যায়ের দত্তকের ক্ষেত্রে প্রযোজ্য রক্ষাব্যবস্থা ও মানের অনুরূপ;

ঘ) আন্ত:দেশীয় দত্তকের ক্ষেত্রে শিশুকে প্রদান যাতে সংশ্লিষ্টদের অবৈধ আর্থিক সুবিধা প্রাপ্তির নিমিত্ত না হয়, তা নিশ্চিত করতে উপযুক্ত সকল পদক্ষেপ নেবে;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রে, এই অনুচ্ছেদে বর্ণিত লক্ষ্যসমূহকে কার্যকর করতে দ্বিপাক্ষীয় বা বহুপাক্ষিক সমঝোতা বা চুক্তি সম্পন্ন করবে এবং এই কাঠামোর মধ্যে এ কথা নিশ্চিত করতে উদ্যোগী হবে যে, অপর দেশে শিশুর স্থানান্তরের বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষ কিংবা সংস্থার দ্বারা পরিচালিত হবে।

aviv- 22

১) শরীক রাষ্ট্রসমূহ এ ব্যাপারে নিশ্চিত করতে যথাযথ কার্যব্যবস্থা নেবে যে, প্রযোজ্য আন্তর্জাতিক কিংবা দেশীয় আইন ও কার্যপদ্ধতি অনুসারে কোনো শিশু যদি শরণার্থীর অবস্থান প্রার্থনা করে কিংবা শরণার্থী বিবেচিত হয়, তার সাথে পিতামাতা বা অন্য কোন লোক থাকুক বা না থাকুক, ঐ শিশু এই সনদে এবং সংশ্লিষ্ট রাষ্ট্র সামিল রয়েছে এমন অন্যান্য আন্তর্জাতিক মানবাধিকার কিংবা জনহিতকর দলিলে বর্ণিত অধিকারসমূহ ভোগের ক্ষেত্রে উপযুক্ত সুরক্ষা ও মানবিক সহায়তা পাবে।

Dhaka University Institutional Repository

২) ঐ ধরনের শিশুর সুব্রজ ও সহায়তায় এবং কোনো শরণার্থী শিশুর পরিবারের সাথে পুনর্মিলনের জন্যে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহার্থে তার পিতামাতা বা পরিবারের অন্য সদস্যদের খোঁজ পেতে জাতিসংঘের যে কোন প্রয়াস এবং জাতিসংঘকে সহযোগিতাকারী অন্যান্য উপযুক্ত আন্ত:সরকারি সংস্থা বা বেসরকারি সংস্থাকে শরীক রাষ্ট্রসমূহ তাদের বিবেচনা অনুযায়ী যথাযথ সহযোগিতা প্রদান করবে। যেক্ষেত্রে পিতামাতা কিংবা পরিবারের অপর সদস্যদের সন্ধান পাওয়া যাচ্ছে না, সেক্ষেত্রে শিশুর জন্যে এমন সুব্রজর ব্যবস্থা করা হবে যা যে কোনো কারণে স্থায়ী বা অস্থায়ীভাবে পারিবারিক পরিবেশ বঞ্চিত অন্য শিশুদের জন্যে এই সনদে নির্ধারিত হয়েছে।

aviv- 23

১) শরীক রাষ্ট্রসমূহ স্বীকার করছে যে, মানসিক অথবা শারীরিকভাবে পঙ্গু শিশু এমন পরিবেশে পরিপূর্ণ ও সুন্দর জীবণযাপন করবে যেখানে মর্যাদার নিশ্চয়তা থাকবে, আত্মনির্ভরতা বাড়বে এবং সমাজে শিশুর সক্রিয় অংশগ্রহণের পথ সুগম হবে।

২) শরীক রাষ্ট্রসমূহ পংগু শিশুর বিশেষ যত্ন লাভের অধিকারকে স্বীকার করে এবং প্রাপ্ত সম্পদ অনুযায়ী, পঙ্গু বলে গ্রহণযোগ্য শিশু ও তার পরিচর্যায় নিয়োজিতদেরকে, আবেদনের ভিত্তিতে শিশুর পরিচর্যাকারী অন্যান্যদেরকে, পারিপার্শ্বিকতা অনুযায়ী যথোপযুক্ত সহায়তা প্রদানকে উৎসাহিত ও নিশ্চিত করবে।

৩) পঙ্গু শিশুর বিশেষ প্রয়োজনের কথা স্বীকার এই ধারার অনুচ্ছেদ- ২ মোতাবেক সহায়তা বিনামূল্যে প্রদান করতে হবে এবং সম্ভাব্য ক্ষেত্রে পিতামাতা অথবা শিশুর পরিচর্যাকারী অন্যান্যদেরকে আর্থিক সংগতির বিষয়টি বিবেচনায় নিতে হবে এবং সহায়তা এমনভাবে প্রদান করতে হবে যাতে পঙ্গু শিশুর শ্রিব্র, প্রশ্রিক্ষা, স্বাস্থ্য পরিচর্যা ব্যবস্থা, পুনর্বাসন পরিসেবা কর্মসংস্থানের প্রস্তুতি এবং বিনোদন লাভেরক্ষেত্রে কার্যকর সুযোগ থাকে এবং তা এমন ভাবে লাভ করতে পারে যাতে শিশুর সাংস্কৃতিক এবং আত্মিক বিকাশসহ ব্যক্তিগত উন্নয়ন এবং তার সম্ভাব্য পুরোপুরি সমাজ সমন্বয় অর্জিত হয়।

৪) শরীক রাষ্ট্রসমূহ আন্তর্জাতিক সহযোগিতার চেতনায় প্রতিষেধক স্বাস্থ্য পরিচর্যা এবং পঙ্গু শিশুদের শারীরিক, মানসিক এবং ক্রিয়ামূলক চিকিৎসাক্ষেত্রে যথাযথ তথ্যের বিনিময়কে উৎসাহিত করবে। এই তথ্য বিনিময়ের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে পুনর্বাসন, শ্রিব্র ও বৃত্তিমূলক সেবার পদ্ধতি সংক্রান্ত তথ্য প্রচার এবং সংগ্রহ। এর লক্ষ্যে হবে এই সব বিষয়ে

Dhaka University Institutional Repository

শরীক রাষ্ট্রসমূহের যোগ্যতা ও দ্রক্ষতার উন্নয়ন এবং তাদের অভিজ্ঞতার সম্প্রসারণ। এ প্রসঙ্গে উন্নয়নশীল দেশসমূহের প্রয়োজনের কথা বিশেষ বিবেচনায় থাকবে।

aviv- 24

১) শরীক রাষ্ট্রসমূহ শিশুর সর্বোচ্চ অর্জনযোগ্য মানের স্বাস্থ্য লাভ এবং ব্যাধির চিকিৎসা ও স্বাস্থ্য পুনরুদ্ধারের সুবিধা ভোগের অধিকারকে স্বীকার করে। এ ধরনের স্বাস্থ্য পরিচর্যা সেবা প্রাপ্তির অধিকার থেকে কোনো শিশু যেন বঞ্চিত না হয়, শরীক রাষ্ট্রসমূহ তা নিশ্চিত করতে সর্বাত্মক প্রচেষ্টা নেবে।

২) শরীক রাষ্ট্রসমূহ এই অধিকারের পূর্ণ বাস্তবায়নে উদ্যোগী হবে এবং বিশেষভাবে যথাযোগ্য ব্যবস্থা নেবে :

ক) নবজাতক ও শিশুমৃত্যু হ্রাস করতে;

খ) প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার উন্নয়নের উপর গুরুত্ব প্রদানসহ সকল শিশুর জন্যে প্রয়োজনীয় চিকিৎসা সহায়তা ও স্বাস্থ্য পরিচর্যা প্রদানের ব্যবস্থাদি নিশ্চিত করতে;

গ) প্রাথমিক স্বাস্থ্য, পরিচর্যা কাঠামোর আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে, সহজলভ্য প্রযুক্তি কাজে লাগিয়ে এবং পরিবেশগত দূষণের বিপদ ও ঝুঁকির কথা বিবেচনায় রেখে পর্যাপ্ত পুষ্টিকর খাদ্য ও পরিস্কার খাবার পানির ব্যবস্থাসহ ব্যাধি ও অপুষ্টির বিরুদ্ধে সংগ্রাম করতে;

ঘ) মায়েদের জন্যে গর্ভকালীন এবং সন্তান প্রসবের পরবর্তী উপযুক্ত স্বাস্থ্য পরিচর্যা নিশ্চিত করতে;

ঙ) শিশু-স্বাস্থ্য ও পুষ্টি , মায়ের দুধ পানের সুফল, স্বাস্থ্য ও পরিবেশসম্মত পয়:নিষ্কাশন এবং দুর্ঘটনা নিরোধ সংক্রান্ত প্রাথমিক জ্ঞানের ব্যবহার সম্পর্কে সমাজের সকল অংশ, বিশেষভাবে পিতামাতা ও শিশুদের অবহিত, শিক্ষাপ্রাপ্তি ও সহায়তা লাভ নিশ্চিত করতে;

চ) প্রতিষেধক স্বাস্থ্য পরিচর্যা, পিতামাতার করণীয় সম্পর্কে নির্দেশনা এবং পরিবার পরিকল্পনা সম্পর্কে শিক্ষা ও সেবা উন্নত করতে;

৩) শরীক রাষ্ট্রসমূহ স্বাস্থ্যের জন্যে অনিষ্টকর চিরাচরিত সংস্কার বিলোপ করার লক্ষ্যে সকল কার্যকর ও উপযুক্ত ব্যবস্থা নেবে।

৪) শরীক রাষ্ট্রসমূহ এই ধারায় স্বীকৃত অধিকার ক্রমোন্নয়নের ভিত্তিতে পূর্ণ বাস্তবায়নের উদ্দেশ্যে আন্তর্জাতিক সহযোগিতাকে জোরদার ও উৎসাহিত করতে প্রয়াসী হবে। এ প্রসঙ্গে উন্নয়নশীল দেশের প্রয়োজনের বিষয়টি বিশেষ বিবেচনায় নেওয়া হবে।

Dhaka University Institutional Repository

aviv- 25

শরীক রাষ্ট্রসমূহ উপযুক্ত কর্তৃপ্রঙ কর্তৃক পরিচর্যা, সুব্রজ অথবা শারীরিক বা মানসিক চিকিৎসায় নিয়োজিত শিশুকে প্রদত্ত চিকিৎসা এবং তার সাথে সংশ্লিষ্ট অন্যান্য সকল পারিপার্শ্বিকতা সময়ে সময়ে পর্যালোচনা প্রশ্নে শিশুর অধিকারকে স্বীকৃতি দেয়।

aviv- 26

১) শরীক রাষ্ট্রসমূহ প্রতিটি শিশুর সামাজিক বীমাসহ সামাজিক নিরাপত্তা থেকে উপকৃত হবার অধিকারকে স্বীকার করে এবং নিজ নিজ জাতীয় আইনানুসারে এই অধিকারের পরিপূর্ণ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২) এই সুবিধাদি প্রযোজ্য-ক্ষেত্রে মঞ্জুর করার ব্যাপারে বিচার্য বিষয়সমূহ হলো, সম্পদের সংস্থান এবং শিশু ও শিশুর ভরণপোষণের দায়িত্বে নিয়োজিত ব্যক্তিদের অবস্থা। এ ছাড়া শিশু কিংবা তার প্রঙ থেকে সুবিধাদি প্রাপ্তির জন্যে পেশকৃত দরখাস্তের সাথে সংগতিপূর্ণ অন্য কোন বিবেচনা।

aviv- 27

১) শরীক রাষ্ট্রসমূহ প্রতিটি শিশুর শারীরিক, মানসিক, আত্মিক, নৈতিক এবং সামাজিক উন্নয়নের জন্যে পর্যাপ্ত জীবনমানের অধিকারকে স্বীকৃতি দেয়।

২) পিতামাতা কিংবা শিশুর দায়িত্ব গ্রহণকারী অন্যান্যদের প্রাথমিক দায়িত্ব হচ্ছে- সামর্থ্য ও আর্থিক সংগতি অনুযায়ী শিশুর উন্নয়নের জন্যে উপযোগী জীবনমান নিশ্চিত করা।

৩) শরীক রাষ্ট্রসমূহ জাতীয় পরিস্থিতি অনুসারে এবং তাদের সামর্থানুযায়ী এই অধিকার বাস্তবায়নের ক্ষেত্রে পিতামাতাকে কিংবা শিশুর দায়িত্বে নিয়োজিত অন্যদেরকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে উপযুক্ত উপকরণ সাহায্য এবং সহায়তা কর্মসূচির ব্যবস্থা করবে, বিশেষভাবে পুষ্টি, পোশাক ও গৃহায়নের-ক্ষেত্রে।

৪) শরীক রাষ্ট্রসমূহ দেশের অভ্যন্তরে এবং বাইরে, উভয়-ক্ষেত্রে, শিশুর পিতামাতা কিংবা শিশুর অর্থনৈতিক দায়িত্বে নিয়োজিত অন্য ব্যক্তিদের কাছ থেকে শিশুর খোরপোষ আদায় নিশ্চিত করতে যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করবে। বিশেষভাবে, যে-ক্ষেত্রে শিশুর অর্থনৈতিক দায়-দায়িত্বে নিয়োজিত ব্যক্তি শিশুর থেকে পৃথক কোন দেশে বসবাস করে, সে-ক্ষেত্রে শরীক রাষ্ট্রসমূহ এতদসম্পর্কিত আন্তর্জাতিক চুক্তিতে শামিল হবে কিংবা এ জাতীয় চুক্তি সম্পাদনে উৎসাহ যোগাবে, একই সাথে অন্যান্য উপযোগী ব্যবস্থাদিও গ্রহণ করবে।

Dhaka University Institutional Repository

aviv- 28

১) শরীক রাষ্ট্রসমূহ শিশুর শিক্ষালাভের অধিকারকে স্বীকার করে এবং এই অধিকার প্রগতিশীলভাবে এবং সমান সুযোগের ভিত্তিতে অর্জনের লক্ষ্যে তারা, বিশেষভাবে :

ক) সকলের জন্যে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক এবং বিনা খরচে লাভের সুযোগ করে দেবে;

খ) সাধারণ ও বৃত্তিমূলক শিক্ষাসহ মাধ্যমিক শিক্ষাকে বহুমূখী করে গড়ে তোলার বিষয়ে উৎসাহ দেবে এবং প্রতিটি শিশুর জন্যে এই শিক্ষার সুযোগ করে দেওয়া এবং বিনা খরচে শিক্ষালাভ ও প্রয়োজনে আর্থিক সহায়তা প্রদানের ব্যবস্থা প্রবর্তনের মতো উপযুক্ত পদক্ষেপ গ্রহনে উৎসাহ দেবে।

গ) সকল উপযোগী ব্যবস্থা গ্রহনের মাধ্যমে যোগ্যতার ভিত্তিতে উচ্চ শিক্ষার দ্বার সকলের জন্যে উন্মুক্ত করবে;

ঘ) শিক্ষাগত ও বৃত্তিমূলক তথ্য এবং দিক নির্দেশনা সকল শিশুর জন্যে লভ্য ও প্রাপ্য করবে;

ঙ) বিদ্যালয়ে নিয়মিত হাজিরাকে উৎসাহিত করতে এবং স্কুল ত্যাগের হার কমাতে পদক্ষেপ নেবে।

২) শরীক রাষ্ট্রসমূহ বিদ্যালয়ের শৃঙ্খলা বিধানের রীতি যাতে শিশুদের মানবিক মর্যাদা এবং এই সনদের সাথে সংগতিপূর্ণ হয় তা নিশ্চিত করতে উপযুক্ত ব্যবস্থা নেবে।

৩) শরীক রাষ্ট্রসমূহ শিক্ষার সাথে সম্পর্কিত বিষয়সমূহে আন্তর্জাতিক সহযোগিতাকে জোরদার এবং উৎসাহিত করবে, এ ক্ষেত্রে বিশ্বে বিরাজমান অজ্ঞতা ও নিরক্ষরতা দূরীকরণে সহায়তা দান এবং বৈজ্ঞানিক ও কারিগরি জ্ঞান ও আধুনিক শিক্ষাদান পদ্ধতি আয়ত্বে আনার পথ সুগম করার দিকে বিশেষ লক্ষ্য থাকবে। এ প্রসঙ্গে উন্নয়নশীল দেশগুলোর প্রয়োজনের ব্যাপারে বিশেষ দৃষ্টি রাখতে হবে।

aviv- 29

১) শরীক রাষ্ট্রসমূহ এ ব্যাপারে সম্মত যে, শিশুদের শিক্ষাদানের ক্ষেত্রে লক্ষ্য থাকবে :

ক) মানবাধিকার ও মৌলিক অধিকার এবং জাতিসংঘ ঘোষনায় বর্ণিত নীতিমালার প্রতি শ্রদ্ধাবোধের বিকাশ;

খ) শিশুর পিতামাতা, তার নিজস্ব সাংস্কৃতিক সত্তা, ভাষা ও মূল্যবোধ, শিশু যে দেশে বাস করে সে দেশের জাতীয় মূল্যবোধ, তার মাতৃভূমি এবং অপরাপর সভ্যতার প্রতি শ্রদ্ধাবোধের বিকাশ;

Dhaka University Institutional Repository

গ) সমঝোতা, শান্তি, সহিষ্ণুতা, নারী-পুরুষের সমান অধিকার এবং সকল মানুষ, নৃগোষ্ঠী, জাতীয় ও ধর্মীয় গোষ্ঠী এবং আদিবাসী লোকজনের মধ্যে মৈত্রীর চেতনার আলোকে একটি মুক্তসমাজে দায়িত্বশীল জীবনের জন্যে শিশুর প্রস্তুতি;

ঘ) প্রকৃতি ও পরিবেশের প্রতি শ্রদ্ধাবোধের বিকাশ।

ঙ) শিশুর ব্যক্তিত্ব, মেধা, এবং মানসিক ও শারীরিক সামর্থের পরিপূর্ণ বিকাশ;

aviv- 30

যে সব দেশে জাতি গোষ্ঠীগত, ধর্মীয় কিংবা ভাষাগত সংখ্যালঘু কিংবা আদিবাসী সম্প্রদায়ের লোক রয়েছে, সে দেশে ঐ ধরনের সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত বা আদিবাসী শিশুকে সমাজে তার সম্প্রদায়ের অপরাপর সদস্যের সাথে, তার নিজস্ব সংস্কৃতি ধারণ, নিজস্ব ধর্মের কথা ব্যক্ত করা ও চর্চা করা, কিংবা তার নিজ ভাষা ব্যবহার করার অধিকার ভোগ থেকে বঞ্চিত করা যাবে না।

aviv- 31

১) শরীক রাষ্ট্রসমূহ শিশুর বিশ্রাম ও অবকাশ যাপন, বয়স অনুযায়ী উপযুক্ত খেলাধুলা ও বিনোদনমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ এবং সাংস্কৃতিক জীবন ও সুকুমার শিল্পে অবাধে অংশগ্রহনের অধিকার স্বীকার করে।

২) শরীক রাষ্ট্রসমূহ সংস্কৃতি ও শিল্প সংক্রান্ত জীবনে শিশুর পরিপূর্ণ অংশগ্রহনের অধিকারকে সম্মান দেবে ও জোরদার করবে এবং সংস্কৃতি ,সুকুমার শিল্প, বিনোদন ও অবকাশমূলক কার্যক্রমে যথাযথ ও সমান সুযোগ থাকার ব্যবস্থাকে উৎসাহিত করবে ।

aviv -32

১) শরীক রাষ্ট্রসমূহ অর্থনৈতিক শোষণ থেকে শিশুর অধিকারকে স্বীকৃতি করবে এবং শিশুকে দিয়ে যাতে বিপদাশংকাপূর্ণ ও শিশুর শিক্ষার ব্যাঘাত সৃষ্টিকারি কিংবা তার স্বাস্থ্য অথবা শারীরিক,মানসিক, আত্মিক, নৈতিক বা সামাজিক বিকাশের জন্যে ক্ষতিকর কাজ করানো না হয় সে ব্যবস্থা নেবে।

২) শরীক রাষ্ট্রসমূহ এই ধারার বাস্তবায়ন নিশ্চিত করতে আইনগত, প্রশাসনিক, সামাজিক ও শিক্ষা সংক্রান্ত পদক্ষেপ নেবে। এই উদ্দেশ্যে এবং অন্যান্য আন্তর্জাতিক দলিলের প্রাসঙ্গিক ধারাসমূহের প্রতি লক্ষ্য রেখে শরীক রাষ্ট্রসমূহ বিশেষভাবে :

ক) কর্মে নিয়োগের ব্যাপারে ন্যূনতম বয়সসীমা নির্ধারণ করবে;

Dhaka University Institutional Repository

খ) কর্মস্থলে কর্মঘন্টা এবং কাজের পরিবেশ সম্পর্কে উপযুক্ত নিয়ম-নীতি ঠিক করে দেবে;

গ) এই ধারা কার্যকরভাবে প্রয়োগ নিশ্চিত করতে উপযুক্ত শাস্তি বা অন্যান্য বিধি-নিষেধের ব্যবস্থা রাখবে।

aviv-33

শরীক রাষ্ট্রসমূহ প্রাসঙ্গিক আন্তর্জাতিক চুক্তির বর্ণনা অনুযায়ী শিশুদের মাদক ও মনস্প্রভাবী দ্রব্যের অবৈধ সেবন থেকে ব্রজ করবে এবং এই ধরনের বস্তুর অবৈধ উৎপাদন ও চোরাচালানের কাজে শিশুদের নিয়োজিত করা থেকে বিরত রাখার সকল প্রকার যথোপযুক্ত আইনানুগ, প্রশাসনিক, সামাজিক এবং শ্রিজ্ঞভিত্তিক পদ্দক্ষেপ গ্রহণ করবে।

aviv- 34

শরীক রাষ্ট্রসমূহ সকল প্রকারের যৌন অপব্যবহার ও যৌন উৎপীড়ন থেকে শিশুর সুব্রজয় সচেষ্ট হবে। এই উদ্দেশ্যে বিশেষভাবে নিম্নলিখিত বিষয়সমূহ রোধ করতে রাষ্ট্রগুলো জাতীয়, দ্বিপ্মক্তি এবং বহুপ্রজ্ঞিয় সকল উপযোগী কার্যব্যবস্থা নেবে :

ক) কোন বেআইনী যৌন ক্রিয়াকর্মে লিপ্ত হতে শিশুকে প্ররোচিত কিংবা বাধ্য করা;

খ) পতিতাবৃত্তি কিংবা অন্যান্য বেআইনী যৌন তৎপরতায় শিশুদেরকে অপব্যবহার করা;

গ) যৌন অশ্লীলতাপূর্ণ কোন ক্রিয়াকর্ম বা বিষয়বস্তুতে শিশুদেরকে অপব্যবহার করা।

aviv- 35

শরীক রাষ্ট্রসমূহ যে কোন উদ্দেশ্যে বা যে কোনো ধরনের শিশু অপহরণ, বিক্রি বা পাচার রোধে জাতীয়, দ্বিপ্মক্তি ও বহুপ্রজ্ঞিয় সকল উপযুক্ত পদ্দক্ষেপ নেবে।

aviv- 36

শরীক রাষ্ট্রসমূহ শিশুর কল্যাণে যে কোন দিক থেকে অনিষ্টকর অন্যান্য সব ধরনের শোষণের বিরুদ্ধে শিশুদেরকে সুব্রজ করবে।

aviv- 37

শরীক রাষ্ট্রসমূহ নিম্নোক্ত বিষয়গুলো নিশ্চিত করবে :

ক) বেআইনী কিংবা স্বেচ্ছাচারিতামূলকভাবে কোনো শিশুকেই তার মুক্তজীবন থেকে বঞ্চিত করা হবে না। কোনো শিশুর গ্রেফতার, আটকাদেশ বা কারাদণ্ড আইনের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে এবং

Dhaka University Institutional Repository

এই সকল পদক্ষেপ শুধুমাত্র সর্বশেষ উপায় হিসেবে এবং সবচাইতে সংক্ষিপ্ততম উপযুক্ত সময়ের জন্যে গৃহীত হবে।

খ) মুক্তজীবন- বঞ্চিত প্রতিটি শিশুর সঙ্গে মানবিক এবং মানুষের সহজাত মর্যাদার প্রতি সম্মান রেখে এবং তার বয়সানুপাতিক প্রয়োজনাবলির দিকে লক্ষ্য রেখে আচরণ করা হবে। বিশেষ করে মুক্তজীবন বঞ্চিত প্রতিটি শিশুকে পূর্ণবয়স্কদের নিকট থেকে আলাদা রাখা হবে, যতক্ষণ তা শিশুর সর্বোত্তম স্বার্থের পরিপন্থী না হয় এবং পত্রালাভ ও সাক্ষাতের মাধ্যমে পরিবারের সাথে কেবলমাত্র অস্বাভাবিক পরিস্থিতি ব্যতীত যোগাযোগ অব্যাহত রাখার অধিকার শিশুর থাকবে।

গ) মুক্তজীবন- বঞ্চিত প্রতিটি শিশুর দ্রুততার সাথে আইনগত ও অন্যান্য উপযুক্ত সহায়তা লাভের এবং সেই সাথে মুক্তজীবন থেকে তাকে বঞ্চিত করার আইনগত বৈধতাকে আদালতে কিংবা অন্যান্য উপযুক্ত, স্বাধীন ও নিরপেক্ষ কর্তৃপক্ষের সামনে চ্যালেঞ্জ করার এবং ঐ ধরনের যে কোন কার্যব্যবস্থা সম্পর্কে ত্বরিৎ সিদ্ধান্ত লাভের অধিকার থাকবে।

ঘ) কোন শিশুই নির্যাতন কিংবা অন্যবিধ নৃশংস, অমানবিক বা মর্যাদাহানিকর কোনো আচরণ বা শাস্তির শিকার হবে না। ১৮ বছরের কম বয়স্ক কোন অপরাধিকে মৃত্যুদণ্ড অথবা মুক্তির সম্ভাবনাহীন যাবজ্জীবন কারাদন্ড প্রদান করা হবে না।

aviv-38

১) শরীক রাষ্ট্রসমূহ সশস্ত্র সংঘাতকালীন সময়ে তাদের জন্যে প্রযোজ্য এবং শিশুদের ব্যাপারে প্রাসঙ্গিক আন্তর্জাতিক মানবতা আইনের বিধিবিধানসমূহের প্রতি সম্মান প্রদর্শন করতে এবং এগুলোর পরিপালন নিশ্চিত করতে অঙ্গীকার করছে।

২) শরীক রাষ্ট্রসমূহ ১৫ বছরের কম বয়সী কেউ যাতে সরাসরি কোন সংঘাতে না জড়ায় তা নিশ্চিত করতে সম্ভাব্য সকল পদক্ষেপ নেবে।

৩) শরীক রাষ্ট্রসমূহ তাদের সশস্ত্র বাহিনীতে ১৫ বছরের কম বয়স্কদের অন্তর্ভুক্ত করা থেকে বিরত থাকবে। যাদের বয়স ১৫ বছর হয়েছে কিন্তু ১৮ বছরের কম তাদেরকে সেনাদলে ভর্তির সময় শরীক রাষ্ট্রসমূহ অপেক্ষাকৃত বেশি বয়স্কদের অগ্রাধিকার প্রদানের চেষ্টা করবে।

৪) সশস্ত্র সংঘাতকালীন বেসামরিক নাগরিকদের সুরক্ষার বিষয়ে আন্তর্জাতিক মানবতা আইনের বাধ্যবাধকতা অনুসারে শরীক রাষ্ট্রসমূহ যুদ্ধকবলিত শিশুদের সুরক্ষা নিশ্চিত করতে ফলপ্রসূ সকল ব্যবস্থা গ্রহণ করবে।

Dhaka University Institutional Repository

aviv- 39

শরীক রাষ্ট্রসমূহ যে কোন অবহেলা, শোষণ বা দুর্ব্যবহার, নির্যাতন বা অন্য কোন ধরনের নৃশংস, অমানবিক বা অমর্যাদাকর আচরণ বা শাস্তি, কিংবা সশস্ত্র সংঘাতের শিকার শিশুদের শারীরিক ও মনস্তাত্বিক সুস্থতা এবং সামজিক পুন:প্রতিষ্ঠা ত্বরান্বিত করতে উপযোগী সকল কার্যব্যবস্থা গ্রহণ করবে। এই সুস্থতা এবং পুন:প্রতিষ্ঠা এমন এক পরিবেশে হবে যা শিশুর স্বাস্থ্য, আত্মসম্মান এবং মর্যাদাকে পুষ্ট করবে।

aviv- 40

১) শরীক রাষ্ট্রসমূহ ফৌজদারী আইনের লংঘনকারী হিসেবে কথিত, অভিযুক্ত কিংবা চিহ্নিত প্রতিটি শিশুর এই অধিকারের স্বীকৃতি দেয় যে, তার সাথে এমন আচরণ করা হবে যা শিশুর আত্মসম্মান এবং স্বকীয়তাবোধ বৃদ্ধির সাথে সামঞ্জস্যপূর্ণ, যার ফলে মানবাধিকার এবং অপরের মৌলিক অধিকারসমূহের প্রতি শিশুর শ্রদ্ধাবোধ জোরদার হবে এবং এ ক্ষেত্রে শিশুর বয়স বিবেচনায় রেখে সমাজে তার পুনর্বাসন ও গঠনমূলক ভূমিকা পালনের আকাঙ্ক্ষাকে উৎসাহিত করতে হবে।

২) এ উদ্দেশ্যে এবং আন্তর্জাতিক দলিলসমূহের প্রাসঙ্গিক ধারাগুলোর প্রতি সম্মান রেখে শরীক রাষ্ট্রসমূহ বিশেষভাবে নিশ্চিত করবে যে :

ক) এমন কোনো কাজ করা বা না করার কারণে কোন শিশুই ফৌজদারী আইনভঙ্গকারী হিসাবে কথিত, অভিযুক্ত বা চিহ্নিত হবে না, যে কাজ করা বা না করার সময়ে জাতীয় কিংবা আন্তর্জাতিক আইনে তা নিষিদ্ধ ছিল না;

খ) ফৌজদারী আইনভঙ্গকারী হিসেবে কথিত কিংবা অভিযুক্ত প্রতিটি শিশুর ন্যূনপক্ষে নিশ্চয়তা থাকবে যে :

- ❖ আইনানুসারে দোষী সাব্যস্ত না হওয়া পর্যন্ত নির্দোষ হিসেবে বিবেচিত হবে;
- ❖ শিশুকে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ দ্রুত এবং সরাসরি অবহিত করতে হবে এবং যথাযথ ক্ষেত্রে পিতামাতা কিংবা আইনসম্মত অভিভাবকের মাধ্যমে আত্মপ্রত সমর্থনের প্রস্তুতি ও তা তুলে ধরার জন্য আইনগত ও অন্যান্য উপযুক্ত সহায়তা দিতে হবে;
- ❖ শিশুকে আইনগত ও যথাযথ সহায়তা প্রদানপূর্বক কালক্ষেপণ ব্যতিরেকে উপযুক্ত, স্বাধীন ও নিরপেক্ষ কর্তৃপক্ষ কিংবা বিচার সংস্থায় আইনানুসারে সুষ্ঠু শুনানির মাধ্যমে আত্মপক্ষ সমর্থনের প্রস্তুতি ও তা তুলে ধরার জন্য আইনগত ও অন্যান্য উপযুক্ত সহায়তা দিতে হবে;

Dhaka University Institutional Repository

- ❖ শিশুকে আইনগত ও যথাযথ সহায়তা প্রদানপূর্বক কাল্ড্গেণ ব্যতিরেকে উপযুক্ত, স্বাধীন ও নিরপ্রেড কর্তৃপ্রড কিংবা বিচার সংস্থায় আইনানুসারে সুষ্ঠু শুনানীর মাধ্যমে বিষয়টি নিস্পত্তি করতে হবে এবং শিশুর সর্বোত্তম স্বার্থের পরিপন্থী না হলে, এ ক্ষেত্রে বিশেষভাবে শিশুর বয়স ও পারিপার্শ্বিকতা, পিতামাতা অথবা আইনসম্মত অভিভাবকের কথা বিবেচনায় রাখতে হবে;
- ❖ প্রমাণাদি পেশ বা অপরাধ স্বীকার, প্রতিপ্রড স্বাক্ষীদের জেরা করা বা তাদের জেরার জবাব দান এবং সমতার শর্তে তার পক্ষে স্বাক্ষী হাজির করা ও সেই স্বাক্ষীদের সওয়াল- জওয়াব করার ব্যাপারে বাধ্য করা যাবে না;
- ❖ ফৌজদারী আইন লংঘন করেছে বলে বিবেচিত হলে এবং তার পরিণতিতে গৃহীত সিদ্ধান্ত এবং কোনো কার্যব্যবস্থা আরোপিত হলে তা উচ্চতর কোনো উপযুক্ত, স্বাধীন ও নিরপ্রেড কর্তৃপ্রড কিংবা বিচার সংস্থায় আইনানুসারে পুনর্বিবেচিত হতে হবে;
- ❖ ব্যবহৃত ভাষা শিশু বুঝতে বা বলতে না পারলে বিনা ব্যয়ে একজন দোভাষীর সহায়তা পাবে;
- ❖ বিচার প্রক্রিয়ার সর্বস্তরে তার একান্ত গোপনীয়তার প্রতি পূর্ণ সম্মান দিতে হবে।

৩) শরীক রাষ্ট্রসমূহ সুনির্দিষ্টভাবে ফৌজদারী আইনভঙ্গকারী হিসেবে কথিত, অভিযুক্ত কিংবা চিহ্নিত শিশুদের ক্ষেত্রে প্রযোজ্য আইন ও বিধিমালা প্রণয়ন এবং প্রশাসনিক সংস্থা ও প্রতিষ্ঠান স্থাপনকে উৎসাহিত করবে এবং বিশেষভাবে :

ক) এমন একটি ন্যূনতম বয়সসীমা নির্ধারণ করবে, যার নিচের বয়সী শিশু ফৌজদারী আইন লংঘনের যোগ্য বলে বিবেচিত হবে না;

খ) এই ধরনের শিশুর বেলায় কখনো বিচার বিভাগীয় প্রক্রিয়া বাদ দিয়ে অন্য কোনো উপযোগী এবং বাঞ্ছনীয় পদ্ধতি অবলম্বিত হলে অবশ্যই মানবাধিকার এবং আইনগত রক্ষাব্যবস্থার প্রতি পুরোপুরি মর্যাদা দিতে হবে।

৪) শিশুর জন্য বিভিন্ন ধরনের বন্দোবস্ত, যেমন তত্ত্বাবধান, নির্দেশনা ও তদারকি, উপদেশ প্রদান, প্রবেশনবিসী, লালন-পালন প্রেড এবং বৃত্তিমূলক প্রশিক্ষণের কর্মসূচি এবং প্রাতিষ্ঠানিক তত্ত্বাবধানের অন্যান্য বিকল্প লভ্য হতে হবে যাতে এ বিষয়ে নিশ্চিত হয় যে, শিশুর সাথে কৃত আচরণরীতি তার কল্যাণের জন্য উপযোগী এবং পারিপার্শ্বিকতা ও অপরাধের সাথে সঙ্গতিপূর্ণ।

Dhaka University Institutional Repository

এই সনদের কোনো কিছুই সেই সব বিধি ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করবে না, যা শিশু অধিকার বাস্তবায়নের ক্ষেত্রে অধিকতর অনুকূল এবং যা রয়েছে :

ক) শরীক রাষ্ট্রের আইনে; কিংবা

খ) এই রাষ্ট্রের জন্য প্রযোজ্য আন্তর্জাতিক আইনে।

cwi‡”Q‘ - 2

ধারা- ৪২

শরীক রাষ্ট্রসমূহ যথাযথ এবং কার্যকর পন্থায় এই সনদের নীতিমালা ও বিধিব্যবস্থাসমূহকে বয়স্ক ও শিশুর প্রতি সমান গুরুত্ব দিয়ে ব্যাপকভাবে প্রচার করতে উদ্যোগী হবে।

avi- 43

১) এই সনদে বর্ণিত দায়দায়িত্ব বাস্তবায়নের অগ্রগতি পরীক্ষার্থে শিশু অধিকার বিষয়ে একটি কমিটি গঠন করতে হবে, যে কমিটি অতপর প্রদত্ত কর্মকান্ড সম্পাদন করবে।

২) এই কমিটিতে থাকবে উচ্চ নৈতিকমানসম্পন্ন এবং এই সনদের আওতাধীন ক্ষেত্রে স্বীকৃত যোগ্যতাসম্পন্ন দশজন বিশেষজ্ঞ। শরীক রাষ্ট্রসমূহের নাগরিকদের মধ্যে থেকে কমিটির সদস্য নির্বাচিত হবে এবং তারা ব্যক্তিগত যোগ্যতাবলে দায়িত্ব পালন করবেন, এ ক্ষেত্রে সুষম ভৌগলিক প্রতিনিধিত্ব এবং মুখ্য আইনগত কাঠামোসমূহ বিবেচনায় নিতে হবে।

৩) শরীক রাষ্ট্রসমূহের মনোনয়নপ্রাপ্ত ব্যক্তিবর্গের তালিকা থেকে গোপন ব্যালটে কমিটি সদস্যরা নির্বাচিত হবেন। প্রতিটি শরীক রাষ্ট্র তার নাগরিকদের মধ্য থেকে একজনকেই মনোনয়ন দেবে।

৪) কমিটির প্রারম্ভিক নির্বাচন এই সনদ কার্যকর হবার ছয় মাসের মধ্যে অনুষ্ঠিত হবে এবং পরবর্তীতে প্রতি দ্বিতীয় বছরে নির্বাচন অনুষ্ঠিত হবে। প্রতিটি নির্বাচনের অন্তত চার মাস আগে জাতিসংঘের মহাসচিব শরীক রাষ্ট্রসমূহকে দুই মাসের মধ্যে তাদের মনোনয়ন পেশের আমন্ত্রণ জানিয়ে পত্র দেবেন। এরপর মহাসচিব মনোনয়নপ্রাপ্ত ব্যক্তিরা কে কোন রাষ্ট্র কর্তৃক মনোনীত তার উল্লেখ সহকারে উক্ত ব্যক্তিদের নামের বর্ণক্রমানুসারে একটি তালিকা করে এই সনদের শরীক রাষ্ট্রসমূহের বরাবরে পেশ করবেন।

৫) নির্বাচন অনুষ্ঠিত হবে জাতিসংঘের সদর দফতরে, মহাসচিব আহূত শরীক রাষ্ট্রসমূহের বৈঠকে। এই বৈঠকে দুই- তৃতীয়াংশ শরীক রাষ্ট্রের উপস্থিতি কোরাম হিসেবে বিবেচিত হবে

Dhaka University Institutional Repository

এবং কমিটির সদস্য হিসেবে তারাই নির্বাচিত হবেন যারা উপস্থিত ও ভোটদানকারী শরীক রাষ্ট্রসমূহের প্রতিনিধিদের সর্বাধিক ভোট এবং নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠ ভোট লাভ করবেন।

৬) কমিটি সদস্যগণ চার বছর মেয়াদে নির্বাচিত হবেন। মনোনয়ন পেলে তারা পুননির্বাচিত হবার যোগ্য বিবেচিত হবেন। প্রথমবারের নির্বাচনে নির্বাচিত সদস্যদের মধ্যকার পাঁচজন সদস্যের মেয়াদ প্রথম নির্বাচন অনুষ্ঠানের পর দুই বছরের শেষে উত্তীর্ণ হবে। এই পাঁচজন সদস্যের নাম সভার সভাপতি কর্তৃক লটারির মাধ্যমে ঠিক হবে।

৭) কমিটির কোনো সদস্যের মৃত্যু, পদত্যাগ কিংবা অন্য যে কোনো কারণে তিনি কমিটির দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করলে শূন্যপদে ঐ সদস্যের মনোনয়নদানকারী শরীক রাষ্ট্র তার নাগরিকদের মধ্য থেকে আরেকজন বিশেষজ্ঞ মনোনীত করবেন এবং তিনি কমিটির অনুমোদন সাপেক্ষে বাদবাকী মেয়াদের জন্য দায়িত্ব পালন করবেন।

৮) কমিটি তার নিজস্ব কার্যপ্রণালী বিধি প্রণয়ন করবে।

৯) কমিটি দুই বছর মেয়াদে তার কর্মকর্তাদের নির্বাচিত করবে।

১০) কমিটির বৈঠক সাধারণত জাতিসংঘের সদর দফতরে কিংবা কমিটি নির্ধারিত অন্য কোনো সুবিধাজনক স্থানে অনুষ্ঠিত হবে। কমিটির সভা হবে সাধারণত বছরে একবার। কমিটির বৈঠকগুলোর স্থায়ীত্ব নির্ধারণ এবং প্রয়োজনবোধে তা পুনর্বিবেচনা করা হবে এই সনদের শরীক রাষ্ট্রগুলোর বৈঠকে, জাতিসংঘের সাধারণ পরিষদের অনুমোদন সাপেক্ষে।

১১) সাধারণ পরিষদের অনুমোদনক্রমে এই সনদের আওতায় প্রতিষ্ঠিত কমিটির সদস্যগণ সাধারণ পরিষদ নির্ধারিত শর্তানুযায়ী জাতিসংঘের সংস্থান থেকে বেতন-ভাতা গ্রহণ করবেন।

aviv- 44

১) শরীক রাষ্ট্রসমূহ জাতিসংঘ মহাসচিবের মারফত কমিটির কাছে অত্র সনদে স্বীকৃতি অধিকারসমূহ প্রতিষ্ঠার বিষয়ে তাদের গৃহীত ব্যবস্থা এবং সেই সব অধিকার বিষয়ে অগ্রগতির ব্যাপারে প্রতিবেদন পেশের অঙ্গিকার করছে :

ক) সংশ্লিষ্ট রাষ্ট্রের এই সনদে অন্তর্ভুক্তির দুই বছরের মধ্যে;

খ) এরপর থেকে প্রতি পাঁচ বছরে।

Dhaka University Institutional Repository

২) এই ধারার অধীনে প্রণীত প্রতিবেদনে এই সনদের আওতাধীন বাধ্যবাধকতাসমূহ পরিপূরনের-ক্ষেত্রে যাবতীয় প্রয়োজনীয় উপাদান এবং অসুবিধা, যদি থাকে, তার উল্লেখ থাকতে হবে। সংশ্লিষ্ট দেশে সনদ বাস্তবায়ন সম্পর্কে কমিটিকে একটি ব্যাপক ধারনা দেয়ার জন্য প্রতিবেদনের পর্যাপ্ত তথ্যের সন্নিবেশও থাকতে হবে।

৩) যে শরীক রাষ্ট্র কমিটির নিকট ব্যাপক প্রাথমিক প্রতিবেদন পেশ করেছে, তাকে এই ধারার অনুচ্ছেদ-১(খ) অনুযায়ী পেশকৃত পরবর্তী প্রতিবেদনসমূহে পূর্বে প্রদত্ত মৌলিক তথ্যাদির পুনরুল্লেখ করতে হবে না।

৪) কমিটি শরীক রাষ্ট্রসমূহের নিকট সনদ বাস্তবায়ন সংক্রান্ত আরো তথ্যের অনুরোধ জানাতে পারে।

৫) কমিটি অর্থনৈতিক ও সামাজিক পরিষদের মাধ্যমে সাধারণ পরিষদের নিকট প্রতি দু বছরে তার কর্মতৎপরতার উপর প্রতিবেদন পেশ করবে।

৬) শরীক রাষ্ট্রসমূহ তাদের প্রতিবেদনসমূহ নিজ নিজ দেশের জনসাধরণকে ব্যাপক অবহিত করার ব্যবস্থা নেবে।

aviv- 45

এই সনদের কার্যকর বাস্তবায়নকে উৎসাহিত করতে এবং এই সনদের আওতাধীন-ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা জোরদার করতে :

ক) এই সনদের সেইসব বিধিব্যবস্থা বাস্তবায়নের ব্যাপারে বিশেষায়িত সংস্থা, জাতিসংঘ শিশু তহবিল এবং জাতিসংঘের অপরাপর প্রতিষ্ঠান প্রতিনিধিত্ব করার অধিকার হিসাবে বিবেচিত হবে, যে সকল বিধিব্যবস্থা উল্লিখিত সংগঠনসমূহের নিজস্ব দায়িত্বের আওতাভুক্ত। এই সনদের সেই সব বিষয় বাস্তবায়নের ব্যাপারে কমিটি প্রয়োজনবোধে বিশেষায়িত সংস্থা, জাতিসংঘ শিশু তহবিল এবং অন্যান্য উপযোগী সংস্থার কাছ থেকে বিশেষজ্ঞ পরামর্শ আহবান করতে পারে, যে সকল-ক্ষেত্রে ঐ সব সংস্থার নিজস্ব দায়িত্বের আওতাভুক্ত। বিশেষায়িত সংস্থা, জাতিসংঘ শিশু তহবিল এবং জাতিসংঘের অন্যান্য সংস্থার কাছ থেকে কমিটি এই সনদের সেইসব-ক্ষেত্রে বাস্তবায়নের উপর প্রতিবেদন দাখিলের আহবান জানাতে পারে, যেগুলো ঐ সব সংস্থার তৎপরতার আওতায় পড়ে;

খ) শরীক রাষ্ট্রগুলোর কোনো প্রতিবেদন যদি কারিগরি পরামর্শ কিংবা সহায়তার জন্যে কোনো অনুরোধ, কিংবা প্রয়োজনীয়তার উল্লেখ থাকে তাহলে উক্ত অনুরোধ কিংবা

Dhaka University Institutional Repository

চাহিদা সম্পর্কে কমিটি তার মন্তব্য এবং পরামর্শ (যদি থাকে) উল্লেখপূর্বক প্রতিবেদনটি বিশেষায়িত সংস্থা, জাতিসংঘ শিশু তহবিল এবং অন্যান্য উপযুক্ত সংস্থার কাছে পাঠিয়ে দেবে;

গ) কমিটি তার প্রভাব থেকে শিশু অধিকারের সাথে সম্পর্কিত সুনির্দিষ্ট প্রসঙ্গসমূহ পর্যালোচনার জন্যে মহাসচিবকে অনুরোধ জানাতে সাধারণ পরিষদের কাছে সুপারিশ করতে পারে;

ঘ) বর্তমান সনদের ৪৪ ও ৪৫ ধারার আওতায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কমিটি প্রস্তাবাবলী ও সাধারণ সুপারিশমালা প্রণয়ন করতে পারে। এ ধরনের প্রস্তাব ও সাধারন সুপারিশ সংশ্লিষ্ট শরীক রাষ্ট্রসমূহের কাছে পাঠানো হবে এবং শরীক রাষ্ট্রগুলোর তরফ থেকে কোনো মন্তব্য থাকলে তা সহ সাধারণ পরিষদে পেশ করা হবে।

cwi‡”Q‘-3

aviv- 46

এই সনদ সকল রাষ্ট্রের স্বাক্ষরের জন্যে উন্মুক্ত থাকবে।

aviv- 47

এই সনদ অনুমোদন সাপ্রেক্ষ। অনুমোদনের দলিল জাতিসংঘ মহাসচিবের কাছে জমা থাকবে।

aviv- 48

এই সনদে যে কোন রাষ্ট্রের অন্তর্ভুক্ত হওয়ার পথ খোলা থাকবে। এই অন্তর্ভুক্তির দলিলাদি জাতিসংঘের মহাসচিবের নিকট জমা থাকবে।

aviv- 49

১) জাতিসংঘের মহাসচিবের কাছে অনুমোদন বা অন্তর্ভুক্তির বিংশতিতম দলিল জমা হওয়ার পরবর্তী ত্রিশতম দিনে এই সনদ কার্যকর হবে।

২) অনুমোদন বা অন্তর্ভুক্তির বিংশতিতম দলিল জমা দেয়ার পর অনুমোদন অথবা সনদে অন্তর্ভুক্ত প্রতিটি রাষ্ট্রে ঐ রাষ্ট্রকর্তৃক তার অনুমোদন বা অন্তর্ভূক্তি সংক্রান্ত দলিল জমা দেওয়ার পরবর্তী ত্রিশতম দিবসে এই সনদ কার্যকর হবে।

aviv- 50

১) যে কোনো শরীক রাষ্ট্র কোনো সংশোধনীর প্রস্তাব করতে পারবে এবং তা জাতিসংঘ মহাসচিবের নিকট পেশ করতে হবে। অতপর মহাসচিব প্রস্তাবিত সংশোধনী শরীক

Dhaka University Institutional Repository

রাষ্ট্রসমূহকে অবহিত করবেন, সেই সাথে প্রস্তাবের উপর আলোচনা এবং ভোট গ্রহনের উদ্দেশ্যে শরীক রাষ্ট্রসমূহের সম্মেলন অনুষ্ঠানে তারা প্রজ্ঞাতি কিনা তা উস্ে৩খ করার অনুরোধ জানাবেন। এই যোগাযোগের তারিখ থেকে চার মাসের মধ্যে কমপ্ক্ষে এক তৃতীয়াংশ শরীক রাষ্ট্র এ ধরনের সম্মেলনের প্রজ্ঞাতি হলে মহাসচিব জাতিসংঘের আয়োজনে সম্মেলন আহবান করবেন। সম্মেলনে গরিষ্টসংখ্যক শরীক রাষ্ট্রের উপস্থিতি এবং ভোটের মাধ্যমে যে কোনো সংশোধনী গৃহীত হলে তা অনুমোদনের জন্য সাধারণ পরিষদে পেশ করতে হবে।

২) এই ধারার অনুচ্ছেদ- ১ মোতাবেক গৃহীত কোন সংশোধনী কার্যকর হবে যখন তা জাতিসংঘ সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত এবং দুই-তৃতীয়াংশ গরিষ্ট শরীক রাষ্ট্র কর্তৃক সমর্থিত হবে।

৩) যখন কোনো সংশোধনী কার্যকর হবে, তা ঐ সকল শরীক রাষ্ট্রকে বাধ্যবাধকতাধীন করবে যারা তা গ্রহণ করেছে, অন্যান্য শরীক রাষ্ট্রসমূহের-ক্ষেত্রে এই সনদের শর্তাবলী এবং তাদের দ্বারা গৃহীত যে কোনো পূর্বতন সংশোধনী বাধ্যবাধকতাধীন হবে।

aviv- 51

১) অনুমোদন কিংবা অন্তর্ভূক্তির সময় রাষ্ট্রসমূহের উত্থাপিত কোনো আপত্তির বিষয়বস্তু জাতিসংঘ মহাসচিব গ্রহণ করবেন এবং তা সকল রাষ্ট্রকে অবহিত করবেন।

২) এই সনদের ল্রক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সঙ্গতিহীন কোনো আপত্তি গ্রাহ্য করা হবে না।

৩) জাতিসংঘ মহাসচিব বরাবরে নোটিশ প্রদানের মাধ্যমে যে কোনো সময় আপত্তি প্রত্যাহার করা যাবে। মহাসচিব অতপর তা সকল রাষ্ট্রকে জানাবেন। মহাসচিব যেদিন নোটিশটা পাবেন সেদিন থেকে তা কার্যকর হবে।

aviv- 52

জাতিসংঘ মহাসচিবকে লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে কোনো শরীক রাষ্ট্র এই সনদ বর্জন করতে পারে। মহাসচিব কর্তৃক নোটিশ প্রাপ্তির তারিখ থেকে এক বছর পর এই বর্জন কার্যকর হবে।

aviv- 53

জাতিসংঘ মহাসচিব এই সনদের সংরক্ষকের দায়িত্ব পালন করবেন।

Dhaka University Institutional Repository

avi-54

এই সনদের মূল কপি, যা আরবি, চিনা, ফারসি, ইংরেজি, রুশ ও স্পেনীয় সংস্করণ সমান মানসম্পন্ন- জাতিসংঘ মহাসচিবের কাছে সংরক্ষিত থাকবে।[৪]

জাতিসংঘ সর্বোচ্চ বিশ্ব সংস্থা। এ সংস্থা শিশুদের শারীরিক ও মানসিক অপরিপক্কতা, তাদের অসহায়ত্ব, সশস্ত্র সংঘাতে লিপ্ত দেশসমূহের শিশুদের করুণ অবস্থা, দুর্দশাগ্রস্ত শিশুদের সহায়তা, তাদের সুরক্ষ ও সকল শিশুদের সুষম বিকাশ ইত্যাদি বিবেচনা করে উস্তিখিত শিশু অধিকার সনদ ঘোষনা করেছিল। যদিও এর অনুচ্ছেদ এবং উপ-অনুচ্ছেদসমূহ সহজে বোঝা যায় তবুও এর বিশেষ বিশেষ অংশ বিশ্লেষণের দাবি রাখে। উস্তেখ্য একটি প্রস্তাবনা, তিনটি অনুচ্ছেদ এবং চূয়ান্নটি ধারা নিয়ে শিশু অধিকার সনদ অনুমোদন করা হয়েছে।[৫]

অধিকার অত্যন্ত শক্তিশালী বিষয়। এ জন্য রাজনৈতিক যুক্তিতর্কে নিয়োজিত, এনজিও কর্মী, সুশীল সমাজ প্রভৃতি লোকজনের কাছে অধিকারের ভাষাগুলো আকর্ষণীয়। অনেকের উদ্বিগ্নতা ছাপিয়ে তাই আজ দেখা যায়, অতিরঞ্জনের বাগাড়ম্বরে পড়ে অধিকারের ধারণাগুলো উপযোগিতা হারাতে বসেছে। বাম ও ডান উভয়পন্থী নিপীড়ক শাসকগোষ্ঠী তাদের আচরণকে যৌক্তিকতা দিতে গিয়ে অধিকারের, যেমন গণতন্ত্রের কিংবা যুদ্ধের বিভিন্ন ব্যাখ্যা দিয়ে চলেছেন। তাই দেখা যায়, জাতিসংঘ ঘোষিত সর্বজনীন মানবাধিকার, নারী অধিকার, শিশু অধিকার প্রভৃতি সনদগুলো অনেক-ক্ষেত্রে উপযোগিতা হারিয়েছে এবং হাস্যকর বাগাড়ম্বর হিসেবে চিহ্নিত হয়েছে। দেশে দেশে মানবাধিকার লঙ্ঘন ও যুদ্ধ বিগ্রহের নামে নারী-শিশু হত্যা তার বড় প্রমাণ।[৬]

জাতিসংঘ ঘোষিত শিশু অধিকার সনদের অনুচ্ছেদ-১ এর ধারা ১-এ আছে "শিশু বলতে বোঝাবে ১৮ বছরের কম বয়সী প্রতিটি মানব সন্তান, যদি না শিশুদের জন্যে প্রযোজ্য আইনের আওতায় আরো কম বয়সে নাবালকত্ব নির্ধারিত হয়ে থাকে"। শিশু বলতে আমরা কি বুঝব সেটিই প্রথম অনুচ্ছেদের মূল বক্তব্য। এ অনুচ্ছেদে পরিস্কারভাবে বলা হয়েছে, ১৮ বছরের কম বয়সী প্রতিটি

---

৪ সিরাজুল ইসলাম সম্মাদিত, বাংলা পিডিয়া খ.৯, ঢাকা; বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ২০০৩, পৃ. ৩৮৫-৩৮৬; আব্দুলণ্ঢাহ আল মুতী ও অন্যান্য সম্পাদিত, শিশু বিশকোষ , খ.৫, ঢাকা : বাংলাদেশ শিশু একাডেমী, ১৯৯৭, পৃ. ১৫৪-১৬৪; রাইটস ক্লাস্টার, শিশু অধিকার, জাতিসংঘ শিশু অধিকার সনদ, ঢাকা: ইউনিসেফ ১৯৯৮, পৃ. ১-৫১।

৫ শিশু বিশ্বকোষ, ১৯৯৭,বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা-১০০০, খ.১, পৃ ১৬৪।

৬ জেমস ডবিণ্ঢউ নিকেল, *Making Sense of Human Rights*, আফতাব হোসেন অনূদিত, ঢাকা, বাংলা একাডেমী, ১৯৯৬ পৃ:১৯৬; wdwjc Aj‡÷vb ÔKbwRDwis Ae wnDg¨vb ivBUmÕ G †cv‡cvRvj di †Kvqwjw U K‡›Uvj; আমেরিকান জার্নাল অব ইন্টারন্যাশনাল ল ৭৮, ১৯৮৪, পৃ: ৬০৭-৬২১।

Dhaka University Institutional Repository

মানব সন্তানই শিশু। অবশ্য শিশুদের জন্য প্রযোজ্য আইনের আওতায় যদি আরো কম বয়সে সাবালকত্ব নির্ধারণ করা হয়ে থাকে তবে তাই প্রযোজ্য হবে। এ প্রসঙ্গে বলা যায়, বাংলাদেশে শিশু আইন (children act) অনুসারে ১৬ বছরের কম বয়সী ছেলে-মেয়েদের শিশু কিশোর বলে গণ্য করা হয়। এছাড়া দন্ডবিধি মতে ৭ বছরের কমবয়সী ছেলে-মেয়ে নিস্পাপ শিশু। যদি বুদ্ধিতে পরিণত হয় তবে ৭-১২ বছরের বয়স শ্রেণীর কেউ যদি অপরাধ করে তবে তাকে অপরাধী হিসেবে গণ্য করা যাবে। খ্রিস্টীয় তালাক আইনে ১৬ বছরের কম পুত্র এবং ১৩ বছরের কম বয়সের কন্যাগণ নাবালেগ। চুক্তি আইন অনুসারে ১৮ বছরের কমবয়সী কোন লোক চুক্তি করতে পারে না। খনি আইন অনুসারে ১৫ বছর পূর্ণ হলে কেউ শিশু নয়। শিশু নিয়োগ আইনে বয়সের সীমা ১৫ বছর। সুতরাং বিবিধ আইনে শিশুর বয়সসীমা নিয়ে মতভেদ থাকলেও জাতিসংঘ ঘোষিত শিশু অধিকার সনদের এ অনুচ্ছেদের মাধ্যমে শিশু কারা অধিকার ভোগ করবে সে সম্পর্কে স্পষ্ট ধারণা লাভ করা যায়।[৭]

শিশু অধিকার সনদের অনুচ্ছেদ- ১-এর ধারা ২ এ শিশুদের বৈষম্য থেকে মুক্তি সম্বন্ধে আলোচনা করা হয়েছে। এ ধারাটি হচ্ছে :

১) শরীক রাষ্ট্রসমূহ তাদের নিজ নিজ আওতাধীন প্রতিটি শিশুর জন্যে এই সনদে নির্ধারিত অধিকারসমূহের প্রতি শ্রদ্ধাশীল থাকবে এবং এগুলোর নিশ্চয়তা বিধান করবে। এ ব্যাপারে শিশু অথবা তার পিতামাতা কিংবা আইনসম্মত অভিভাবকের ক্ষেত্রে গোত্র, বর্ণ, লিঙ্গ,ভাষা, রাজনৈতিক ও অন্যান্য মত, জাতীয়- গোষ্ঠীগত- সামাজিক পরিচয়, বিত্ত, অসামর্থ, জন্মসূত্র কিংবা অন্যবিধ কৌলীন্য নির্বিশেষে কোনো ধরনের বৈষম্য করা হবে না।

২) পিতা, আইনসম্মত অভিভাবক কিংবা পরিবারের সদস্যদের সামাজিক অবস্থান, কার্যকলাপ, ব্যক্ত মতবাদ কিংবা বিশ্বাসের কারণে যে কোনো ধরনের বৈষম্য অথবা শাস্তি থেকে শিশুরা নিরাপদ থাকবে; এই বিষয়টি নিশ্চিত করতে শরীক রাষ্ট্রসমূহ যথাযথ কার্যব্যবস্থা গ্রহণ করবে।[৮]

aviv-2 এর উপধারা আলোচনার পূর্বে শিশুদের অধিকার কি তা জানা দরকার। সেগুলো হলো- বেঁচে থাকার সহজাত অধিকার, বেঁচে থাকা এবং বিকাশের ক্ষেত্রে সম্ভাব্য সর্বাধিক নিশ্চয়তা, পরিচর্যা, সুব্রত, সেবা ও সুবিধাদির নিশ্চয়তা, বিকাশযোগ্যতার সাথে সঙ্গতিপূর্ণ নির্দেশনা ও পরামর্শ, নিবন্ধীকরণ, নামকরণ, জাতীয়তা অর্জন, পিতা-মাতার পরিচয় জানা, পিতা-মাতার হাতে প্রতিপালিত হওয়া, রাষ্ট্রহীন না হওয়া, ইচ্ছার বিরুদ্ধে পিতামাতা থেকে বিচ্ছিন্ন না হওয়া, বিচ্ছিন্ন

---

৭ গাজী শামছুর রহমান, wkï AwaKvi mb‡'i fvl¨, ১৯৯৪, বাংলাদেশ শিশু একাডেমী, পৃ-৯-১১।

৮ গাজী শামছুর রহমান, প্রাগুক্ত, পৃ- ১২।

Dhaka University Institutional Repository

শিশুর পিতামাতার সাথে যোগাযোগ বজায় রাখা, পিতামাতার সাথে নিয়মিত ও সরাসরি যোগাযোগ রাখা, যে কোনো দেশ ত্যাগ, নিজ দেশে প্রবেশ, অবাধে মতামত প্রকাশের স্বাধীনতা, স্বাধীনভাবে ভাব প্রকাশ, চিন্তা, বিবেক ও ধর্মীয় স্বাধীনতা, সংঘবদ্ধ হবার এবং শান্তিপূর্ণ সমাবেশের স্বাধীনতা, মর্যাদা ও সুনামে বেআইনিভাবে আক্রান্ত না হওয়া, নিজস্ব গোপনীয়তা ব্রজর অধিকার, পরিবার, ও পত্র যোগাযোগের গোপনীয়তা, অবাধে তথ্য প্রাপ্তির নিশ্চয়তা, আঘাত অথবা অত্যাচার থেকে সুব্রজ, শারীরিক ও মানসিক হিংস্রতা থেকে সুব্রজ, পরিবার বঞ্চিত হলে রাষ্ট্র কর্তৃক বিশেষ সুব্রজ ও সহায়তা লাভ, শরণার্থী হলে সকল মানবিক সহায়তার নিশ্চয়তা। এ ছাড়াও পঙ্গু শিশুর মর্যাদাপূর্ণভাবে বেঁচে থাকার নিশ্চয়তা, সুস্বাস্থ্য ও চিকিৎসা লাভের নিশ্চয়তা, স্বাস্থ্য পরিচর্যা এবং সেবা প্রাপ্তির নিশ্চয়তা, সামাজিক বীমাসহ সামাজিক নিরাপত্তা, পর্যাপ্ত জীবনমান অর্জন, সমান সুযোগের ভিত্তিতে শ্রিজলাভ, বিনা খরচে বাধ্যতামূলক শ্রিজ লাভ, ব্যক্তিত্ব, মেধা এবং মানসিক ও শারীরিক সামর্থেরও পরিপূর্ণ বিকাশ, নিজস্ব সংস্কৃতি ধারণ, নিজ ধর্ম পালন, অবাধে নিজ ভাষায় কথা বলা ও ব্যবহার, বিশ্রাম ও অবকাশ যাপন, খেলাধূলা ও বিনোদনে অংশগ্রহণ, সাংস্কৃতিক ও সুকুমার কর্মকান্ডে অংশগ্রহণ, যৌন অপব্যবহার ও যৌন হয়রানি থেকে সুব্রজ, অপহরণ, বিক্রয় ও পাচার থেকে সুব্রজ, মুক্ত জীবন থেকে বেআইনিভাবে বঞ্চিত না হওয়া, দ্রুত আইনগতভাবে সহায়তা, আইনগত দোষী সাব্যস্ত না হওয়া পর্যন্ত নির্দোষ বিবেচিত হওয়া, আত্মপ্রড সমর্থনের সুযোগ ইত্যাদি।[৯]

উস্তিখিত অধিকারসমূহ সকল শিশুরই পাওয়া উচিত। এ সব অধিকার প্রাপ্যতার ব্যাপারে কোন বৈষম্যের বিরুদ্ধে এ ধারায় নিরাপত্তা প্রদানের কথা বলা হয়েছে। এতে আছে, এ ব্যাপারে শিশু কিংবা তার পিতামাতা অথবা আইনসম্মত অভিভাবকের ক্ষেত্রে গোত্র, বর্ণ, লিঙ্গ, ভাষা, ধর্ম, রাজনৈতিক ও অন্যান্য মত, জাতীয়- গোষ্ঠীগত বা সামাজিক পরিচয়, বিত্ত, অসামর্থ, জন্মসূত্র কিংবা অন্যবিধ কৌলীন্য নির্বিশেষে কোন ধরনের বৈষম্য করা হবে না।[১০]

এতে গোত্র বলতে বলা হয়েছে মানুষের প্রাকৃতিক, অবয়বিক ও দৈহিক গঠনের বিভিন্নতার পরিপ্রেক্ষিতে নৃ- বৈজ্ঞানিক বিভক্তি। ইংরেজিতে একে বলে Race এবং বাংলায় এর অর্থ নরগোষ্ঠী বা গোত্র। পৃথিবীতে বহু গোত্রের বাস। তবে গোত্রগুলো প্রধান চারটি শ্রেণীভুক্ত। যথা : ককেশীয় বা ইউরোপয়েড, নিগ্রো বা নিগ্রোয়েড, মঙ্গোলীয় বা মঙ্গোলয়েড এবং অস্ট্রেলীয় বা অস্ট্রালয়েড। বিভিন্ন অঞ্চলে এ সকল শ্রেণীর মাঝেও বহু শাখা- প্রশাখা বিদ্যমান। মানুষ

৯ প্রাগুক্ত, পৃ ১৩-১৪।

১০ প্রাগুক্ত, ১৪।

Dhaka University Institutional Repository

জন্মকালে নিজের অজান্তেই কোন না কোন গোত্রে জন্মগ্রহণ করে। এতে শিশুর কোন হাত নেই। তার বর্ণ, গোত্র, ভাষা, লিঙ্গ, ধর্ম, রাজনৈতিক ও অন্যান্য মত, জাতীয় গোষ্ঠীগত বা সামাজিক পরিচয়, বিত্ত-সম্পত্তি, অসামর্থ, জন্মসূত্র কিংবা অন্যবিধ কৌলীন্য ইত্যাদি কোন কিছুর জন্য শিশু দায়ী নয়। সুতরাং এ সকল কারণে শিশুর অধিকারের ক্ষেত্রে কোন বৈষম্য দেখানো হবে না।[১১]

এ সনদের ধারা- ২ এর দ্বিতীয় উপধারা থেকে বুঝা যায়, মানুষ নিজের কাজের জন্য নিজেই দায়ী। সুতরাং পিতামাতা, অভিভাবক বা পরিবারের অন্য সদস্যদের ব্যক্ত মতামত বা বিশ্বাসের কারণে কোন ধরণের বৈষম্য বা শাস্তির শিকার হওয়া থেকে শিশু নিরাপদ থাকবে। এই নিরাপত্তা বিধানের নিশ্চয়তা প্রদানের দায়িত্ব রাষ্ট্রের। উল্লিখিত ধারায় পিতামাতা, আইনসম্মত অভিভাবক ও পরিবারের সদস্যদের কথা উল্লেখ করা হয়েছে। এরা সকলেই শিশুর জন্ম থেকে লালন-পালন ও দেখ-ভালের সাথে সম্পর্কযুক্ত। পৃথিবীর প্রাচীনকাল থেকে পরিবার গঠনের নিয়ামক হিসেবে বিবাহ প্রথা চালু আছে। বৈধ বিবাহের ফলে জন্মলাভ করা সন্তান- সন্ততির পিতামাতা হল নির্দিষ্ট বিবাহিত পুরুষ ও নারী। বিশ্বের সর্বত্র একই পদ্ধতিতে বিবাহ অনুষ্ঠিত হয় না। দেশে দেশে লোকাচার, ধর্মীয় বিশ্বাস, রাষ্ট্রীয় আইন ও রীতি নীতি ইত্যাদি বহুবিধ কারণে বিভিন্নভাবে বিবাহ অনুষ্ঠিত হয়। তবুও এ পৃথিবীতে বিবাহের মাধ্যমে পরিবার গঠন করে সন্তান উৎপাদন একটি স্বীকৃত পদ্ধতি। জন্মলাভের পূর্বে শিশু যে নারীর গর্ভে অবস্থান করে সে গর্ভধারিনীই শিশুটির মা। আর বিবাহ সম্পর্কে সম্পর্কিত যে পুরুষটির ঔরসে শিশুটির জন্ম হয় তিনিই শিশুটির বৈধ পিতা। অবশ্য আধুনিক পশ্চিমা জগত খুববেশি বস্তুবাদী হওয়ার কারণে সেখানে বৈবাহিক সম্পর্কের বিষয়টিকে আর তেমন গুরুত্ব দেওয়া হয় না। অবিবাহিত নারী ও পুরুষের বিবাহ বহির্ভূত লিভিং টুগেদার এখন সে সকল দেশের সন্তান জন্মদানের বৈধ পদ্ধতি। বিবাহ বহির্ভূত এ পদ্ধতিতে যে সকল সন্তান জন্মলাভ করে তাদের মাতৃত্ব নির্ধারণ কঠিন নয়; কিন্তু পিতৃত্ব নির্ধারণ করা খুবই কঠিন। এমন কি কিন্ডার গার্টেনস্কুলগামী সন্তানেরা তাদের মায়েদের ঘন ঘন সাথী পরিবর্তনে বাবা নিয়ে চিন্তিত হয়। কে আসল আর কে নকল বাবা তা নিয়ে তারা সংশয়মুক্ত হতে পারে না। বিশ্বের পতিতালয়গুলোতে জন্ম নেওয়া শিশুরাও একই ধরনের সমস্যার মুখোমুখী হয়। তা সত্ত্বেও জন্মদাতা এবং গর্ভধারিনীই সন্তানের পিতামাতা। সুতরাং এখন পাশ্চাত্যেও পতিতালয়গুলোতে পিতামাতা হওয়ার জন্য বিবাহ গুরুত্বপূর্ণ নয়।[১২]

---

১১ প্রাগুক্ত, পৃ. ১৫।

১২ প্রাগুক্ত, পৃ-১৫।

Dhaka University Institutional Repository

এ উপধারায় আইনসম্মত অভিভাবকের কথা বলা হয়েছে। জন্মগতভাবে পিতামাতাই তাদের শিশু সন্তানের অভিভাবক। পিতামাতা বেঁচে থাকলে শিশুর প্রতিপালনের দায়িত্ব পিতামাতারই। সমস্যা উদ্ভব হয় যদি তারা বেঁচে না থাকেন অথবা সন্তানদের রেখে দেশান্তরী হন অথবা মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেন ইত্যাদি। তখন আইনসম্মত অভিভাবক শিশুর দেখভালের দায়িত্ব নেন। যখন নাবালেগের আইনসম্মত অভিভাবকের প্রয়োজনীয়তা দেখা দেয়, তাদের জীবনযাপন ও সম্পত্তি ব্রজর জন্য কোন দায়িত্বশীল মানুষের প্রয়োজন হয় তখন দেশের আইন অনুযায়ী কোন আত্মীয় বা প্রাপ্ত বয়স্ক বন্ধু তার শরীর ও সম্পত্তি ব্রজর প্রয়োজনে অভিভাবক হওয়ার জন্য আদালতে আবেদন করতে পারেন। আদালত প্রার্থীর যথোপযুক্ততা ও নাবালেগের কল্যাণ বিবেচনা করে অভিভাবক নিয়োগ করতে পারেন এবং প্রয়োজনে উপযুক্ত কারণে অভিভাবক অপসারন ও করতে পারেন।আবার কোন অভিভাবক স্বেচ্ছায় অব্যাহতিও লাভ করতে পারেন। জেলা কালেক্টরেরও নাবালেগের অভিভাবক হওয়ার বিধান আছে। তিনি নাবালেগ শিশুর কল্যানার্থে সকল কাজ করবেন। জরুরি প্রয়োজনে শিশুর সম্পত্তি হস্তান্তরের জন্য আদালতের নিকট আবেদন করতে পারেন এবং তার পাওনা অর্থ বা সম্পত্তি উদ্ধার করার ব্যবস্থা নিতে পারেন।[১৩]

আলোচ্য ধারায় পিতামাতা ও আইনসম্মত অভিভাবকের সাথে পরিবারের সদস্যদের কথাও বলা হয়েছে। পিতামাতা অবশ্যই পরিবারের সদস্য। এ ধারায় তাদের ছাড়া অন্য যারা পরিবারের সদস্য হতে পারে তাদের কথা বলা হয়েছে। সুতরাং পরিবার কি তাও এখানে আলোচনা প্রয়োজন। পরিবার একটি ক্ষুদ্রতম সামাজিক প্রতিষ্ঠান। সাধারণত, স্বামী-স্ত্রী, সন্তানসন্ততি, পিতামাতা, ভাই-বোন নিয়ে পরিবার হয়ে থাকে। এক জোড়া নারী পুরুষের বৈবাহিক সম্পর্কের মাধ্যমেই একটি পরিবারের গোড়াপত্তন হয়। এমন পরিবারই বৈধ পরিবার। এমন পরিবারের স্বামী- স্ত্রী, তাদের সন্তান সন্ততি, স্বামীর পিতামাতা, ভাইবোন, ভ্রাতৃবধু, ভাইয়ের সন্তান সন্ততি ইত্যাদি সদস্য থাকতে পারে। আরো ব্যাপকভাবে বলা যায়, চাচা-চাচি, মামা-মামি, নানা-নানি, ফুপু-ফুপা, চাচাত ভাই-বোন প্রমুখও শিশুর পরিবারের সদস্য। আলোচ্য ধারার বক্তব্য অনুসারে পিতামাতা, অভিভাবক ও পরিবারের সদস্যদের সামাজিক অবস্থানের কারণে শিশু যে কোন ধরনের বৈষম্য ও শাস্তি থেকে নিরাপদ থাকবে। যেমন জাতিভেদ প্রথার কারণে পূর্বে নিম্ন বর্ণের সন্তান সন্ততিগণ বহু ধরনের রাষ্ট্রীয় ও সামাজিক সুযোগ সুবিধা থেকে বঞ্চিত ছিল। তাদের সন্তানেরা বড় কোন সরকারি চাকুরি বা উন্নতমানের নাগরিক সুবিধার বিষয় ভাবতেও পারত না।

---

১৩ প্রাগুক্ত, পৃ-২৫-২৬।

Dhaka University Institutional Repository

ধিবর পুত্র ধিবর, জলদাস পুত্র জলদাস, শীল পুত্র শীল, চর্মকারপুত্র চর্মকার, কর্মকার পুত্র কর্মকার হতে বাধ্য হত। এ ধরনের বৈষম্য জাতিসংঘের শিশু অধিকার সনদের উস্তিখিত ধারায় স্বীকৃত নয়। যে সমস্ত শিশু জন্ম নিয়েছে মানব সৃষ্ট কোন নিম্ন বর্ণে তাদের প্রতি তাদের সামাজিক অবস্থানের কারণে কোন ধরনের বৈষম্য প্রদর্শন বা শাস্তি প্রদান শিশু অধিকার সনদের আলোচ্য ধারার পরিপন্থী। এ ধারায় উস্তিখিত শিশু শাস্তি থেকে নিরাপদ থাকার অর্থ শিশুর পিতামাতা বা শিশুর পরিবারের কেউ কোন মারাত্মক অপরাধ এবং এমনকি রাষ্ট্রদ্রোহের মত কোন ঘৃণ্য অপরাধের সাথে জড়িত থাকলেও শিশুকে শুধু এ কারণে শাস্তি দেওয়া যাবে না। এ ছাড়া শিশুর পরিবারের সদস্যদের মতামত বা বিশ্বাসের কারণে অর্থাৎ মতের বা ধর্মের ভিন্নতার কারনে শিশু বৈষম্য বা শাস্তির শিকার হবে না। যেমন, কমিউনিষ্ট আদর্শের দেশে ধনতান্ত্রিক পরিবার থাকতে পারে আবার মুসলিম প্রধান দেশে অন্য ধর্মের অনুসারী লোকজন বসবাস করতে পারে। এমন অবস্থায় শিশু বৈষম্য ও শাস্তির শিকার হওয়া সনদের ধারার পরিপন্থী।[১৪]

জাতিসংঘ শিশু অধিকার সনদের এই ধারা প্রকারান্তরে মানবাধিকারেরই সার্বজনীন ঘোষণা। এতে অনুধাবন করা যায় যে, জাতি, গোত্র, বর্ণ, নারী-পুরুষ, ভাষা, ধর্ম, রাজনৈতিক বা অন্য মতবাদ, জাতীয় বা সামাজিক উৎপত্তি, সম্পত্তি, জন্ম বা অন্য মর্যাদা নির্বিশেষে প্রত্যেকেই ঘোষনাপত্রে উস্তিখিত সকল অধিকার ও স্বাধিকারে স্বত্ববান।[১৫]

এ ধারাটি পবিত্র ধর্ম ইসলাম স্বীকৃত মানবাধিকারের সাথে সামঞ্জস্যপূর্ণ। ইসলাম বৈষম্য-বিরোধী ধর্ম। ইসলাম সকল মানুষকে সমান মনে করে। আস্তাহ্ মানুষকে জন্মগতভাবে সমান ঘোষনা করেছেন। পবিত্র কুরআনে সূরা হুজুরাতে আছে, "হে মানবজাতি আমি তোমাদের সকলকে এক পুরুষ ও এক নারী হতে সৃষ্টি করেছি। পরে তোমাদের বিভক্ত করেছি বিভিন্ন গোত্র ও বংশে, যাতে তোমরা একে অপরের সাথে পরিচিত হতে পার, আর তোমাদের মধ্যে সেই ব্যক্তি অধিক মর্যাদাবান যে অধিক খোদাভীরু।"[১৬]

এ আয়াতে গোত্র বা বংশের কথা বলা হয়েছে। কিন্তু কোনো উচ্চ বা নিচু বংশের কথা বলা হয় নাই। গোত্র বা বংশ পরিচয় বিশাল মানব সমাজের পরিচিতির ভিন্নতা ছাড়া আর কিছুই নয়। আস্তাহর নিকট মর্যাদার মাপকাঠি কোন সামাজিক মর্যাদা নয় বরং যারা আস্তাহকে ভয় করে

---

১৪ প্রাগুক্ত, পৃ- ২৭।

১৫ প্রাগুক্ত।

১৬ يَاأَيُّهَا النَّاسُ إِنَّا خَلَقْنَاكُمْ مِنْ ذَكَرٍ وَأُنثَى وَجَعَلْنَاكُمْ شُعُوبًا وَقَبَائِلَ لِتَعَارَفُوا إِنَّ أَكْرَمَكُمْ عِنْدَ اللَّهِ أَتْقَاكُمْ Avj-KiÛAvb, সূরা আল হুজুরাত ৩৯ ঃ ১৩ ।

Dhaka University Institutional Repository

তারাই অধিকতর মর্যাদাবান।[১৭] এ প্রসঙ্গে পবিত্র কোরআন ও হাদীস থেকে আরো বহু দলিল উত্থাপন করা যায়।

বাংলাদেশের সংবিধান ধারা ২৮ এ শিশুসহ সকল নাগরিকের অধিকারের বিষয় লিপিবদ্ধ হয়েছে। শরীক রাষ্ট্র হিসেবে 'জাতিসংঘ শিশু অধিকার সনদ' বাংলাদেশেও স্বীকৃত। উল্লেখ্য, ১৯৯০ সালের ২৬ শে জানুয়ারি যখন এই সনদ স্বাক্ষরের জন্য উন্মুক্ত করা হয় তখন প্রথম দিনেই বাংলাদেশসহ বিশ্বের ৬১ টি দেশের যথাযোগ্য প্রতিনিধিগণ এতে স্বাক্ষর প্রদান করে। সুতরাং বাংলাদেশও এই সনদের অন্যতম শরীক রাষ্ট্র। জাতিসংঘ ঘোষিত শিশু অধিকার সনদ রচনা করার বহু পূর্বেই বাংলাদেশের সংবিধান রচনা করা হয়েছে। তাতেও উল্লিখিত অনুচ্ছেদে শিশু অধিকারের যথাযথ মর্যাদা দেওয়া হয়েছে।[১৮]

শিশু অধিকার সনদের ধারা- ৩-এ শিশুর সর্বোত্তম স্বার্থের কথা বলা হয়েছে। ধারাটি নিম্নরূপ-

১) সমাজকল্যাণমূলক সরকারি কিংবা বেসরকারি প্রতিষ্ঠান, আইন- আদালত, প্রশাসনিক কর্তৃপক্ষ কিংবা আইনসভা- যেই হোক না কেন, শিশু সংক্রান্ত তাদের যে কোনো কার্যক্রমের প্রধান বিবেচ্য হবে শিশুর সর্বোত্তম স্বার্থ।

২) শিশুর পিতামাতা, আইনসম্মত অভিভাবক কিংবা আইনত দায়িত্ব বর্তায় এমন কোন ব্যক্তির অধিকার ও কর্তব্য বিবেচনায় রেখে শিশুর কল্যাণার্থে প্রয়োজনীয় নিরাপত্তা ও যত্ন নিশ্চিত করতে শরীক রাষ্ট্রসমূহ যথাযথ আইনগত ও প্রশাসনিক পদক্ষেপ নেবে।

৩) শরীক রাষ্ট্রসমূহ শিশু পরিচর্যা ও সুরক্ষার জন্যে প্রতিষ্ঠান, সেবা ও সুবিধাদি নিশ্চিত করবে। এ ক্ষেত্রে নিরাপত্তা ও স্বাস্থ্য এবং কর্মচারীর সংখ্যা ও উপযুক্ততা সেই সাথে পর্যাপ্ত তদারকির ব্যবস্থা যথাযথ কর্তৃপক্ষের নির্ধারিত মানের অনুরূপ হতে হবে।

এই ধারার প্রথম উপধারায় পাঁচ ধরনের প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে যারা শিশুর সর্বোত্তম স্বার্থ বিবেচনা করবে। সেগুলো নিম্নরূপ- সমাজ কল্যাণমূলক সরকারি প্রতিষ্ঠান, সমাজ কল্যাণমূলক বেসরকারি প্রতিষ্ঠান, আইন-আদালত তথা বিচার বিভাগ, প্রশাসনিক কর্তৃপক্ষ তথা শাসন বিভাগ এবং আইনসভা তথা জাতীয় সংসদ।

এগুলোর প্রধান কাজ হল সমাজ কল্যাণমূলক বিবিধকর্ম সম্পাদন করা। আধুনিককালে সকল রাষ্ট্রই নিজেদের কল্যাণমূলক রাষ্ট্র হিসেবে দাবী করে। সুতরাং সকল দেশেই বিভিন্ন কল্যাণমূলক

---

[১৭] প্রাগুক্ত, ২৮।

[১৮] গাজী শামছুর রহমান, ‍wkï AwaKvi mb‡'i fvl¨, প্রাগুক্ত, উপক্রমনিকা।

প্রতিষ্ঠান যেমন, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, সমাজসেবা অধিদপ্তর, শিশু কল্যাণে নিয়োজিত প্রতিষ্ঠান, মাতৃকল্যাণমূলক প্রতিষ্ঠান, স্বাস্থ্য ও পরিবার কল্যাণমূলক প্রতিষ্ঠান এবং যুব উন্নয়নমূলক ও মহিলা বিষয়ক বিবিধ প্রতিষ্ঠান রয়েছে। এছাড়া বিশ্বের সকল দেশের মত আমাদের দেশেও বহু সমাজ কল্যাণমূলক বেসরকারি প্রতিষ্ঠান বিদ্যমান। এগুলো সাধারণত পরিচালিত হয় কোন ব্যক্তি, গোষ্ঠী, দল, সংস্থা, বিদেশী রাষ্ট্র ও আন্তর্জাতিক সংস্থা কর্তৃক। বাংলাদেশসহ বিশ্বের প্রায় সর্বত্র সরকারি ও বেসরকারি পর্যায়ে প্রাথমিক স্তরে শিশু শ্রিক্ষ কার্যক্রম পরিচালিত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান মূলত মা ও শিশুদের কল্যাণে নিয়োজিত। শিশু সনদের আলোচ্য ধারার উপধারা অনুসারে উস্তিখিত প্রতিষ্ঠান সমূহের সকল কার্যক্রমে অবশ্যই শিশুর সর্বোত্তম স্বার্থের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। বাংলাদেশের সরকারি সকল সংস্থার মতই শিশু কল্যাণে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ বিবিধ মন্ত্রণালয় কর্তৃক নিয়ন্ত্রিত। কিন্তু এদেশের বেসরকারি শিশু কল্যাণ সংস্থাসমূহের কার্যাবলির সমন্বয়, সেবার মানোন্নয়ন এবং সুষ্ঠু পরিচালনায় সহায়তা দান করে থাকে। উস্তেখ্য, এ পরিষদটি ১৯৫৭ সালে সেকালের বিখ্যাত সমাজসেবী বেগম শামসুন্নাহার মাহমুদের প্রচেষ্টায় "পূর্ব পাকিস্তান" শিশু পরিষদ নামে প্রতিষ্ঠিত হয়। ১৯৭১ সালে বাংলাদেশ প্রতিষ্ঠিত হওয়ার পর স্বাধীন দেশে এর নামও পরিবর্তন হয়। এর নতুন নামকরণ করা হয় "বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদ"। ১৯৭৪ সালে এ পরিষদ আন্তর্জাতিক শিশু কল্যাণ সংস্থার পূর্ণ সদস্যপদ লাভ করে। এটি শিশুদের কল্যাণে নিম্ন কার্যক্রম পরিচালনা করে আসছে।

১) শিশুকল্যাণে নিয়োজিত সংগঠনসমূহের কার্যাবলীর সমন্বয় সাধন, পরামর্শদান, পরিদর্শন এবং আর্থক ও কারিগরি সহায়তা প্রদান।

২) সর্বস্তরে শিশুদের সার্বিক কল্যাণে পদক্ষেপ গ্রহণ।

৩) শিশুদের কল্যাণে নতুন নতুন প্রকল্প গ্রহণ।

৪) বিভাগীয় ও জেলা সদরে পরিষদের শাখা গ্রহণ।

৫) শিশুকল্যাণে জনগণকে উৎসাহিত ও সচেতন করে তোলা।

৬) নতুন নতুন শিশু সংগঠন গড়ে তোলা।

৭) শিশুকল্যাণ সম্পর্কিত বিভিন্ন তথ্যাবলী প্রচার।

৮) শিশুদের অধিকার ও নিরাপত্তা সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধি।

Dhaka University Institutional Repository

৯) শিশুকল্যাণ কার্যক্রমের উন্নয়ন ও সংস্কারের লক্ষ্যে গবেষণা পরিচালনা, প্রশিক্ষা দান ও সেমিনার প্রভৃতির আয়োজন করা। ইত্যাদি।[১৯]

এ পরিচ্ছেদে ধারা-৪ এ শিশু অধিকার বাস্তবায়নের কথা বলা হয়েছে। ধারা- ৪ এ আছে "এই সনদে স্বীকৃত অধিকারসমূহ শরীক রাষ্ট্রসমূহ প্রয়োজনীয় আইনগত, প্রশাসনিক ও অপরাপর সকল ব্যবস্থা নেবে। অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকারসমূহের-ক্ষেত্রে শরীক রাষ্ট্রগুলো প্রাপ্ত সম্পদের সর্বোচ্চ ব্যবহার এবং প্রয়োজনবোধে আন্তর্জাতিক সহযোগিতা কাঠামোর মধ্যে উপরিউক্ত পদক্ষেপগুলো নেবে"।

এ ধারা শিশু অধিকার সনদ গ্রহণকারী রাষ্ট্রসমূহের উপর একটি গুরুদায়িত্ব অর্পণ করেছে। দায়িত্বটি হচ্ছে এই সনদে স্বীকৃত অধিকারসমূহ বাস্তবায়নে শরীক রাষ্ট্রসমূহ প্রয়োজনীয় আইনগত, প্রশাসনিক ও অপরাপর সকল ব্যবস্থা নেবে।

উল্লেখ্য, শিশু অধিকার বাস্তবায়নে আইনগত ব্যবস্থা বলতে মাতৃগর্ভে শিশুর ভ্রুণকালীন অবস্থা থেকে জন্মের পরে ও পরবর্তীকালে রাষ্ট্রীয় তথা দেশে প্রচলিত স্বীকৃত আইনব্যবস্থার সজাগ দৃষ্টি রাখার কথা বলা হয়েছে। সন্তান মাতৃগর্ভে থাকা অবস্থায় এবং সন্তানের জন্মের পরে প্রসূতি কল্যাণ ও শিশুর অধিকার রক্ষার জন্যই নিয়োজিত। এসকল বিষয়ে দেশে দেশে বিবিধ আইন প্রচলিত আছে। বাংলাদেশেও সংবিধান স্বীকৃত ইসলামি আইন, হিন্দু আইন, ফৌজদারি কার্যবিধি ও শিশু আইনে এ ব্যাপারে শিশুর পিতার উপরে, কতিপয় ক্ষেত্রে মাতার উপর এবং অভিভাবকদের উপর এই দায়িত্বের বিধান রয়েছে। শৈশব থেকে মানব সন্তানের শারীরিক ও মানসিক বিকাশ ও বুদ্ধিবৃত্তি এবং নৈতিকতা বোধের উদ্ভবের প্রয়োজন। শিশু শ্রম থেকে শিশুকে মুক্ত রাখার প্রয়োজনে আইনি সুদৃষ্টি থাকা উচিত। এতে করে শিশুর অধিকার রক্ষ সম্ভব। এর জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা রাষ্ট্রের অন্যতম দায়িত্ব।

শিশুর অধিকার সংরক্ষণে যেমন আইনী আনুকূল্যে প্রয়োজন ঠিক তেমনি আইন কার্যকর করা ও বিচার বাস্তবায়নের জন্য প্রয়োজন শক্তিশালী প্রশাসনিক ব্যবস্থা। রাষ্ট্র শিশুর নিরাপত্তা, শ্রিক্ষ, শিশু-কিশোর অপরাধীদের সংশোধন, শিশুর শারীরিক ও মানসিক উন্নয়ন, স্বাস্থ্যরক্ষ, চিকিৎসা ইত্যাদির ব্যবস্থা ও নিশ্চয়তা প্রদানের জন্য সুষ্ঠু প্রশাসনিক ব্যবস্থা নিশ্চিত করবে। এ ছাড়া এ ধারা মতে শিশুর জন্য প্রয়োজনীয় অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকারসমূহের বাস্তবায়নের ব্যবস্থা রাষ্ট্রেরই গ্রহণ করতে হবে। প্রয়োজনে রাষ্ট্র এ ব্যাপারে আন্তর্জাতিক সহায়তা গ্রহণ করবে।

---

[১৯] প্রাগুক্ত, পৃ- ৩৩।

Dhaka University Institutional Repository

আলোচ্য ধারায় শিশু অধিকার বাস্তবায়নে রাষ্ট্রীয় দায়িত্বের উপর জোর দেওয়া হয়েছে। কেননা একটি দেশের জনসংখ্যার একটি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে শিশুরা। ভবিষ্যতে দেশের সকল কর্মকাণ্ডের ভার তাদের হাতেই বর্তাবে। অথচ বড়দের মত তারা তাদের অধিকার নিয়ে সোচ্চার হতে পারে না। আন্দোলন মিছিলে যোগ দিতে পারে না। তাই শিশুর অধিকারসমূহ রাষ্ট্রেরই অনুধাবন করতে হবে। রাষ্ট্রকে উদ্যোগ নিয়ে তাদের অধিকার সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে।[২০]

পরিচ্ছেদ-১ এর ধারা- ৫ এ শিশুর অধিকার চর্চার ক্ষেত্রে পিতামাতা ও অন্যদের তত্ত্বাবধানের কথা বলা হয়েছে। এ ধারাতে আছে, "এই সনদে স্বীকৃত শিশুর অধিকার চর্চার ক্ষেত্রে শিশুর বিকাশ যোগ্যতার সাথে সংগতিপূর্ণ যথাযথ নির্দেশনা ও পরামর্শ প্রদানের প্রশ্নে পিতামাতা ও স্থানীয় রীতি অনুযায়ী সম্প্রসারিত পরিবার ও সমাজসদস্য, আইনসম্মত অভিভাবক অথবা আইনানুগভাবে শিশুর দায়িত্বপ্রাপ্ত অন্য কোন ব্যক্তির দায়িত্ব, অধিকার এবং কর্তব্যের প্রতি শরীক রাষ্ট্রসমূহ সম্মান দেখাবে"।

এ ধারাটি বিশ্লেষণ করলে বুঝা যায়, শিশু অধিকার সনদে শিশুদের যে সকল অধিকারের কথা বলা হয়েছে প্রতিটি শিশুরই সে সকল অধিকার ভোগের দাবি আছে। কিন্তু জন্মের পর শিশুরা থাকে অসহায়। বয়স বৃদ্ধির সাথে সাথে তাদের বিবিধ স্তর অতিক্রম করতে হয়। এসময় তাদের নিজ থেকেই স্বনির্ভর, সচেতন ও স্বয়ংসম্পূর্ণ হওয়া অসম্ভব। তাদের কি অধিকার আছে, কার নিকট তারা কি অধিকারের দাবিদার, সেসকল অধিকার পাওয়ার উপায় কি? ইত্যাদি সকল কিছু সম্বন্ধে শিশু অজ্ঞ। এ সকল বিষয়ে শিশুকে ধারনা দেওয়ার জন্য প্রয়োজন নির্ভরযোগ্য অভিভাবকের সযত্ন সহায়তা ও তত্ত্বাবধান। পিতামাতা বা অন্যান্য অভিভাবক শিশুর জন্য উস্তিখিত জরুরি দায়িত্ব পালন করবেন। শিশুর বিকাশের জন্য যে সকল ব্যবস্থাদি গ্রহণ করা দরকার সেগুলো তারাই বিবেচনা করবেন। এমনকি কোন কোন শিশুকে তার কুপ্রবৃত্তি থেকে হেফাজত করার জন্য অভিভাবকের কঠোর হওয়া প্রয়োজন। তখন শিশুকে নিয়ন্ত্রণ করার জন্য শাসনেরও বিবেচনা তারা করতে পারেন। অবশ্য শিশু বিশেষজ্ঞগণ এখন আর শিশুর বিকাশের জন্য শাসন-শাস্তির প্রজ্ঞাতি নন। তারা আদর সোহাগের মাধ্যমে শিশুকে শ্রিত্তদান, দায়িত্ব ও কর্তব্যবোধের পথ নির্দেশনা ও যথাযথ পরামর্শদানের কথা বলেন। প্রাচীন ভারতীয় ঋষি চাণক্য বলেছেন, "শিশুকে পাঁচ বছর পর্যন্ত লালন করবে, দশ বছর পর্যন্ত তাড়না করার এবং সে তার জীবনের ষোড়শ বর্ষে পদার্পন করলে তার সাথে মিত্র ব্যবহার করবে"। প্রাচীন ভারতের হিন্দু ঋষিগণ ব্রহ্মচার্যের কথা বলেছেন। এটি হল মানব জীবনের চার ভাগের প্রথম ভাগ। আর জীবনের এ

[২০] গাজী শামসুর রহামান, •kï A•aKvi mb‡'i fvl¨, প্রাগুক্ত, পৃ ৪৪-৪৮।

অংশটি শিশুদের জন্য প্রযোজ্য। তাদের মতে শিশুদের জীবন হবে সুশৃঙ্খল, সুনিয়ন্ত্রিত ও সুপরিচালিত। হিন্দু সমাজের ব্রহ্মাচর্য আশ্রম এ লক্ষ্যেই পরিচালিত হয়ে থাকে। হিন্দু সমাজের তৎকালীন ধারণাও শিশুর জাতিসংঘ অধিকার সনদের সাথে সংঘর্ষিক নয়। কেননা শিশুকাল মানবজীবনের যথাযথ বিকাশকাল। শৈশবেই বিভিন্ন পর্যায় অতিক্রম করে একজন শিশু পূর্ণাঙ্গ মানুষ হিসেবে গড়ে উঠে। দৈহিক ও মানসিক বিকাশ হওয়ার যথোপযুক্ত সময়ও এটি। সুতরাং শিশুর সামগ্রিক জীবনযাপন, শিক্ষা-দীক্ষা, খাদ্যাভ্যাস, পরিচর্যা, সেবা ইত্যাদি সকল কিছুই তার দৈহিক ও মানসিক বিকাশের অনুকূল হওয়া উচিত। শিশু অধিকার সনদে শিশুর পিতামাতা, পরিবারের বা সমাজের সদস্য বা আইনসম্মত অভিভাবক অথবা আইনগতভাবে যিনি শিশুর দায়িত্বপ্রাপ্ত তাদের সকলেরই অধিকার, কর্তব্য ও দায়িত্ব রয়েছে শিশুকে যথাযথ নির্দেশনা ও পরামর্শ প্রদানের। শিশুর শারীরিক ও মানসিক বিকাশ ব্যাহত বা বাধাগ্রস্ত হতে পারে এমন কোন নির্দেশনা বা পরামর্শ তারা দিতে পারেন না।

শিশু অধিকার সনদের শিশুর অধিকারসমূহ ভোগ করবে শিশু। শিশুর বিকাশযোগ্যতার সাথে সঙ্গতি রেখে তাকে যথাযথ পরামর্শ ও নির্দেশনা প্রদান করবে তার পিতামাতা অথবা আইনসম্মত অভিভাবক অথবা পরিবার ও সমাজের সদস্যগণ অথবা আইনানুগভাবে দায়িত্ব প্রাপ্ত যে কোন ব্যক্তি। সনদে উল্লিখিত শরীক রাষ্ট্রসমূহ অভিভাবকের এই অধিকার, দায়িত্ব ও কর্তব্যের প্রতি সম্মান প্রদর্শন করবে। অর্থ্যাৎ শিশু অধিকার চর্চার ক্ষেত্রে সম্ভাব্য সকল কার্যক্রমে রাষ্ট্র কোন বাধা বা প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না।[২১]

ধারা- ৬ এ শিশুর বেঁচে থাকা ও বিকাশের অধিকারের কথা বলা হয়েছে। এতে আছে,

১) শরীক রাষ্ট্রসমূহ স্বীকার করে যে, প্রতিটি শিশুর বেঁচে থাকার সহজাত অধিকার আছে।

২) শরীক রাষ্ট্রসমূহ শিশুদের বেঁচে থাকা এবং বিকাশের ক্ষেত্রে সম্ভাব্য সর্বাধিক নিশ্চয়তা প্রদান করবে।

এ ধারায় দুটি উপধারা রয়েছে। প্রথমটির মূল বক্তব্য হল শিশুর বেঁচে থাকার সহজাত অধিকার। শিশু যখন জন্মগ্রহণ করে তখন তার সামনে থাকে এক অনাগত ভবিষ্যৎ, থাকে অফুরন্ত সম্ভাবনা। পৃথিবীর মানুষের জন্য স্বীকৃত স্বাভাবিক মৃত্যু হল বার্ধক্যে জীবনের কর্মসমাপনের পর বার্ধক্যজনিত কারণে মৃত্যু। অবশ্য বৃদ্ধকাল পর্যন্ত মৃত্যু আসবেনা এমন নিশ্চয়তা কেউ দিতে পারে না। আধুনিক মানুষের নিষ্ঠুরভাবে ভ্রুণ হত্যা বা আইয়ামে জাহেলিয়াতের যামানায়

২১ wkï AwaKvi mb‡'i fvl¨, প্রাগুক্ত, পৃ- ৪৯-৫২।

Dhaka University Institutional Repository

সংঘটিত শিশু হত্যা সমভাবে ঘৃণিত। বর্তমান যুগেও পৃথিবীর দেশে দেশে এমন এলাকা রয়েছে যেখানে শিশু হত্যাকে কোন অপরাধই মনে করা হয় না। হত্যাকারী বাবা-মা বা সমাজের কারোরই এ জন্য কোন অনুশোচনাবোধ জাগ্রত হয় না। এমনকি সভ্যতার ধারক ও বাহক উন্নত দেশসমূহের অনেক মা অভাবের ভয়ে বা অন্য কোন কারণে সদ্যপ্রসূত সন্তানকে পরিত্যাগ করে মৃত্যুর দুয়ারে ঠেলে দিতে কুন্ঠিত হয় না। এ সবই জাতিসংঘের শিশু অধিকার সনদের উল্লিখিত ধারার সঙ্গে অসংগতিপূর্ণ। মাতৃগর্ভে ভ্রুণ অবস্থায় সন্তানকে শিশু বলা যাবে কিনা এ নিয়ে মতভেদ থাকতে পারে। তবে নবজাত সন্তান থেকে প্রাপ্তবয়স্ক হওয়া পর্যন্ত বয়সকালই শিশুকাল নামে পরিচিত। জাতিসংঘের শিশু অধিকার সনদের উল্লিখিত ধারায় শিশুর বেঁচে থাকার অধিকার, শিশুর বেঁচে থাকার নিশ্চয়তা বিধান ও শিশুর বিকাশের নিশ্চয়তা বিধানের উপর জোর দেওয়া হয়েছে। বেঁচে থাকার অধিকার মানুষের সহজাত ও মৌলিক অধিকার। বেঁচে থাকার অধিকারের অর্থ হলো যে জীবন নিয়ে শিশু পৃথিবীতে এসেছে তা যেন স্বাভাবিক মৃত্যু পর্যন্ত বজায় থাকে। বার্ধক্য আসার পূর্বে অর্থ্যাৎ শৈশবে, কৈশোরে ও যৌবনে যদি কেউ মারা যায়, তখন সেটিকে বলা হয় অকালমৃত্যু। এ ধরণের মৃত্যু পিতামাতার অবহেলা, চিকিৎসা ব্যবস্থার গলদ, অনাহূত আক্রমণ, ঝুঁকিপূর্ণ কর্মে নিয়োগ, দেশে অনাহূত যুদ্ধবিগ্রহ, দুর্ভিক্ষ ইত্যাদি কারণে ঘটতে পারে। এমন মৃত্যু থেকে শিশুর বেঁচে থাকার অধিকার রয়েছে। হত্যা করার উদ্দেশ্যে যে কোন ধরণের কার্যক্রম অবশ্যই বর্জনীয়। শিশুরও এ বিষয়টির প্রতি সজাগ থাকতে হবে। তারপরও হত্যাকাণ্ড হয়ে গেলে শিশুকেও আসামির কাঠগড়ায় দাঁড়াতে হয়। হত্যার শাস্তি মৃত্যুদণ্ড হলেও শিশু যদি হত্যাকারী হয় তবে শিশুর শাস্তি কিছুটা শিথিল করতে হয়। অর্থ্যাৎ শিশুকে বেঁচে থাকার সুযোগ দেওয়া হয়। এ ধারার উপধারা-২ এর মতে শিশুর বেঁচে থাকার অধিকারের ও শিশুর বিকাশের ক্ষেত্রে রাষ্ট্র সম্ভাব্য সর্বাধিক নিশ্চয়তা বিধান করবে। উল্লেখ্য, সাধারণভাবে সকল শিশুর মৃত্যুই অস্বাভাবিক ও অনাকাঙ্খিত। এ ধরনের মৃত্যু থেকে নিশ্চয়তা বিধানের কথা বলা হয়েছে। এর অর্থ শিশুর সম্ভাব্য মৃত্যুর কারণগুলো চিহ্নিতকরণ এবং সেগুলো নির্মূলের জন্য সম্ভাব্য সর্বাধিক প্রচেষ্টা চালানোর জন্য জাতিসংঘ বিশ্বের সকল শরীক রাষ্ট্রকে এ ধারার মাধ্যমে তাগিদ দিয়েছে। বাংলাদেশসহ তৃতীয় বিশ্বের অধিকাংশ দেশের শিশু মৃত্যুর কারণগুলো নিম্নরূপ :

প্রথমত, তৃতীয় বিশ্বের অধিকাংশ দেশেই গর্ভবতী মা যথাযথ সেবা-শুশ্রুষা ও পরিচর্যা পায় না। সুতরাং জন্মের সময় অনেক শিশু মৃত্যুবরণ করে। আর যারা বেঁচে যায় তাদের মধ্যে অনেকে বিবিধ রোগে আক্রান্ত হয় ও মারা যায়।

Dhaka University Institutional Repository

দ্বিতীয়ত, তৃতীয় বিশ্বের দরিদ্র দেশগুলোতে শিশুর পরিচর্যা, লালন-পালন ও ব্রজ্ঞা ব্রেজ্ঞা সম্পর্কে তার পিতামাতার অজ্ঞতা, কুসংস্কার এবং অসচেতনতা অনেক সময় শিশুর মৃত্যুর কারণ হয়।

তৃতীয়ত, তৃতীয় বিশ্বের দরিদ্র দেশগুলোতে দরিদ্র পরিবারসমূহে যথাযথ খাদ্যের অভাব প্রকট। সুতরাং, মায়ের অপুষ্টির কারণে সন্তানের স্বাভাবিক ও যথাযথ বৃদ্ধি ঘটেনা। শিশু অপুষ্টিজনিত কারণে বিবিধ রোগে আক্রান্ত হয় ও মারা যায়। উস্তিখিত অঞ্চলে পুষ্টিজনিত কারণে মা ও শিশুর দৃষ্টিহীনতাও দেখা দেয়। এটিও শিশুর মৃত্যুর কারণ হতে পারে।

চতুর্থত, তৃতীয় বিশ্বের দেশগুলোতে যথাযথ চিকিৎসাব্যবস্থা নাই। সুতরাং প্রসূতি মা ও নবজাতক শিশূ উভয়েই প্রয়োজনীয় চিকিৎসা সুবিধা থেকে বঞ্চিত হয়। সুতরাং শৈশবের রোগ বালাই দমনে পর্যাপ্ত স্বাস্থ্যব্রজ্ঞর সুব্যবস্থার অভাবে হাতের কাছের হাতুরে ডাক্তার বা ঝাড়-ফুঁকের সহায়তা গ্রহণ করে। এরূপক্ষেত্রে শিশু মৃত্যুবরণ করতে বাধ্য হয়।

এছাড়া গৃহের প্রতিকুল পরিবেশ, শিশুর মৌলিক চাহিদা পূরণে ব্যর্থতা, অত্যাচার, উৎপীড়ন, বঞ্চনা, উপ্রেজ্ঞ, অর্থনৈতিক নিরাপত্তার অভাব, প্রাকৃতিক বিপর্যয়, প্রতিকূল আবহাওয়া ইত্যাদি কারণেও শিশুর মৃত্যু ঘটে থাকে। আলোচ্য ধারার দাবি হল, যে সব কারণে শিশুর মৃত্যু ঘটে, সেসব কারণ নির্মূলের জন্য রাষ্ট্র সম্ভাব্য সর্বোত্তম ব্যবস্থা নিবে।[২২]

এ ধারার অপর দাবিটি হল রাষ্ট্র শিশুর বিকাশের-ক্ষেত্রে সম্ভাব্য সর্বাধিক নিশ্চয়তা দেবে। সুস্থ ও সবল শিশু জন্মগ্রহণ করলে সে সকল শিশুর বিকাশ লাভের সম্ভাবনা অধিক। গর্ভবতী মায়ের সেবা, তাদের পুষ্টিকর খাবার সরবরাহ এবং প্রয়োজনীয় চিকিৎসা সেবা নিশ্চিত করে রাষ্ট্র সুস্থ ও সবল শিশু জন্মলাভে সহায়তা করবে। অনুকুল পরিবেশ শিশুর শারীরিক, মানসিক ও সামাজিক বিকাশে সহায়ক। রাষ্ট্র যথাযোগ্য পরিবেশ সৃষ্টি করে শিশুর বিকাশের নিশ্চয়তা দিতে পারে। বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে রাষ্ট্র প্রকৃত অর্থেই শিশুর বিকাশের-ক্ষেত্রে সম্ভাব্য সর্বাধিক নিশ্চয়তা বিধান করতে পারে। বিকাশ শব্দটির অর্থ ব্যাপক। সাধারণভাবে বিকাশ হচ্ছে বংশগতির উপর পরিবেশ ও পারিপার্শ্বিক উদ্দীপকের যে প্রতিক্রিয়া তার ফল। মানুষের জীবনের ভিত্তিপ্রস্তর স্থাপনের সময় হচ্ছে শৈশব। এ সময় শিশুর শরীরের বিকাশ ও বহুমূখী শ্রিক্ষা এবং অভিজ্ঞতার মাধ্যমে মনের বিকাশের সুযোগও করে দিতে হবে। শিশুর বিকাশের প্রক্রিয়া তার জন্মের পর থেকেই শুরু করতে হবে। বিশ্ববরেণ্য ভাবুকগণ এর উপর খুবই জোর দিয়েছেন। চিলির নোবেল পুরস্কার বিজয়ী কবি গেব্রিলা মিস্ট্রেল নবজাত শিশুর নাম দিয়েছেন "অদ্য"। তিনি শিশুদের সহায়তার কথা বলেছেন। তার বক্তব্যের ভাবানুবাদ," অনেক অনেক ভুল ও দোষে দোষী

---

২২ প্রাগুক্ত, পৃ ৫৫।

Dhaka University Institutional Repository

আমরা, কিন্তু আমাদের বড় পাপ হচ্ছে শিশুদের পরিত্যাগ করা, তাদের জীবনধারার নিরবচ্ছিন্নতাকে অবহেলা করা। আমাদের অনেক চাওয়া আছে, পাওয়ার জন্য অপ্রেত্তও করতে পারি কিন্তু শিশু তা পারেনা। এখনই তার অস্থিগুলো গঠনের সময়, শরীরের রক্তধারা তৈরি;তার ইন্দ্রিয়সচেতনতা ও বিকাশের সময় তো এখনই। তার কাছে তো আমরা এমন উত্তর দিতে পারিনা আগামী কাল হবে। কেননা শিশুর নাম হচ্ছে অদ্য।”[২৩]

MY NAME IS TODAY

Many of the things we need can wait.
the Child canno:.
Righ: now is the time his bones are being
Formed, his blood is being made and his
Senses are being developed.
to him we cannot answer ætomorrow”.
His name is ætoday”.[24]

শিশুর বিকাশের ধারাকে মনোবিজ্ঞানীগণ ৪টি স্তরে বিভক্ত করেছেন। জন্মের পর থেকে পাঁচ বছর বয়স পর্যন্ত প্রাক-বিদ্যালয় শিশুকাল। ৬-৮ বছর পর্যন্ত মধ্যবর্তীকালীন শৈশব। ৯-১৩ বছর পর্যন্ত প্রাক বয়:সন্ধিকাল বা বিলম্বিত শৈশব এবং ১৩-১৯ বছর পর্যন্ত বয়সন্ধিকাল। শিশুর স্তরে স্তরে এ সময়কালের বিকাশের জন্য যথাযথ সুযোগ সুবিধা সৃষ্টি করবে। সেগুলোর মাধ্যমে রাষ্ট্র নিম্ন কর্মসূচিসমূহ নিতে পারে।

ক) সুস্থ ও সবল শিশুর জন্ম লাভে সহায়তা করা। গর্ভবতী মায়ের সেবা, পুষ্টিকর খাবার সরবরাহ এবং প্রয়োজনীয় চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করে রাষ্ট্র সুস্থ ও সবল শিশুর জন্মলাভে সহায়তা করবে।

---

২৩ wkïi RxebwKvk, মঞ্জুশ্রী চৌধুরী, পৃ- ১৫

24 Gabriela Mistral, *Chile, Nobel Prize for Literature*, 1945

Dhaka University Institutional Repository

খ) রাষ্ট্র শিশুর শারীরিক, মানসিক, সামাজিক বিকাশ ও উন্নতির অনুকূল পরিবেশ সৃষ্টি করে শিশুর বিকাশের নিশ্চয়তা দিতে পারে।

গ) শিশুর ব্যক্তিত্ব গঠন ও সুষ্ঠু সামাজিকীকরণের জন্য যে সকল পদক্ষেপ নেওয়া দরকার, রাষ্ট্র সে সব ব্যবস্থা নিয়ে শিশুর বিকাশের নিশ্চয়তা বিধান করতে পারে।

ঘ) শিশুর সুপ্ত প্রতিভা ও অন্তর্নিহিত ক্ষমতা বিকাশের জন্য যে সকল পদক্ষেপ নেওয়া দরকার, রাষ্ট্র সেসব ব্যবস্থা নিয়ে শিশুর বিকাশের পথ সুগম করবে।

এছাড়া শিশুর চরিত্র গঠন, শ্রিত্ত, নির্মল চিত্ত বিনোদন, মৌলিক চাহিদা পূরণ, অনগ্রসর শিশুদের ব্রজ্ঞা-ব্রেজ্ঞা, প্রতিকূল অবস্থা থেকে নিরাপত্তা প্রদানের মাধ্যমে রাষ্ট্র শিশুর বিকাশের নিশ্চয়তা বিধান করতে পারে। মোট কথা উল্লিখিত সময় রাষ্ট্র শিশুর বিকাশের সামগ্রিক ব্যবস্থা গ্রহণ করবে। এটাই শিশু অধিকার সনদের দাবি।[২৫]

জাতিসংঘ শিশু অধিকার সনদের ধারা-৭ এ শিশুর নিবন্ধিকরণ, নাম, জাতীয়তা, পরিচয়, পিতা-মাতা কর্তৃক প্রতিপালন ইত্যাদি সম্পর্কে বলা হয়েছে। এ ধারার দুটি উপধারা আছে। ধারাটি নিম্নরূপ-

১) জন্মের অব্যবহিত পরেই শিশুকে নিবন্ধীকরণ করতে হবে। জন্ম থেকেই তার নামকরণ লাভের, একটি জাতীয়তা অর্জনের এবং যতটা সম্ভব, পিতামাতার পরিচয় জানবার ও তাদের প্রতিপালিত হওয়ার অধিকার থাকবে।

২) শরীক রাষ্ট্রসমূহ তাদের জাতীয় আইন অনুসারে এই অধিকারসমূহের বাস্তবায়ন নিশ্চিত করবে এবং এই ক্ষেত্রে প্রাসঙ্গিক আন্তর্জাতিক দলিলসমূহের বাধ্যবাধকতা মেনে চলবে, বিশেষ করে সে সব ক্ষেত্রে এর অন্যথা হলে শিশু রাষ্ট্রহীন হয়ে পড়ে।

প্রথম উপধারায় শিশুর জন্মের পর নিবন্ধীকরণ, নামকরণ লাভের অধিকার, জাতিয়তা অর্জনের অধিকার, পিতামাতার পরিচয় জানার অধিকার, পিতামাতার হাতে প্রতিপালিত হওয়ার অধিকারের কথা বলা হয়েছে।

শিশুর নাগরিকত্ব ও জাতীয়তা নির্ধারণের জন্য জন্ম নিবন্ধীকরণ অপরিহার্য। এর মাধ্যমে শিশুর পিতামাতার নাম, জন্মস্থান, জন্মের সময়, তারিখ ইত্যাদি চিহ্নিত হয়। এর মাধ্যমেই নির্ধারিত হবে শিশুটি কোন্ পরিবারের সদস্য, কোন্ দেশের নাগরিক, কোন্ জাতিয়তার অধিকারী ইত্যাদি। উল্লেখ্য, পিতামাতার পরিচয় জানা শিশুর জন্য খুবই জরুরি। কারণ, পিতামাতার কছে শিশু আইনগতভাবে অনেক অধিকার দাবি করতে পারে। যেমন, ভরণ-পোষনের অধিকার ও

---

[২৫] গাজী শামসুর রহমান, wkï AwaKvi mb‡'i fvl¨, প্রাগুক্ত, পৃ- ৫৫-৫৬।

Dhaka University Institutional Repository

উত্তরাধিকার। এছাড়া পিতামাতার পরিচয় না জানলে ধর্মীয় বিধি বিধান অনুসারে বিবাহ সম্পর্ক স্থাপনেও বাধার সৃষ্টি হয়। যেমন হিন্দু আইনে স্বগোত্রীয় বিবাহ নিষিদ্ধ। ইসলামী আইনেও বিবাহ ও অন্যান্য সামাজিক কর্মকাণ্ডে মুহরিম ও গায়ের মুহরিমের বিষয় বিবেচনা করা হয়। পৃথিবীর প্রায় সকল সভ্য সমাজে ভাই বোনের বিবাহ নিষিদ্ধ। সুতরাং শিশু কালেই শিশুকে তার পিতা-মাতা সম্পর্কে সুস্পষ্ট ধারণা দিতে হবে। অবশ্য সকল সময়ে যে তা সম্ভব হবে বলা যায় না। কেননা দৈব-দুর্বিপাকে বা প্রাকৃতিক দুর্যোগে কোন শিশু তার পিতামাতা থেকে আলাদা হয়ে যেতে পারে, অথবা পিতামাতা জন্মের পর তাদের শিশুসন্তান ত্যাগ করতে পারে। এমতাবস্থায় শিশুটি অন্য কারো গৃহে মানুষ হতে পারে। এ অবস্থায় শিশু তার আসল পিতামাতার সন্ধান কখনো নাও পেতে পারে। এমতাবস্থায় শিশুকে শিশুর পিতামাতা সম্বন্ধে জনানো উচিত।[২৬]

উস্ে৩খ্য জাতিসংঘ শিশু অধিকার সনদের প্রথম পরিচ্ছেদে মোট ৪১টি ধারা রয়েছে। ইতোপূর্বে আলোচিত ধারাসমূহের মতই শিশু অধিকারের বিভিন্ন দিক স্পষ্টভাবে আলোচনা করা হয়েছে। এগুলোতে শিশুর অধিকার ও স্বার্থ বিধৃত হয়েছে। সেসকল অধিকার কিভাবে ও কতটুকু বাস্তবায়িত হবে তারও বিধান রয়েছে। সুতরাং আলাদাভাবে সেগুলো আলোচনা করার প্রয়োজন নাই।

শিশু অধিকার সনদের দ্বিতীয় ও তৃতীয় পরিচ্ছেদে ধারাসমূহের আলোচ্য বিষয় শিশু অধিকার নয় বরং আলোচ্য সনদ। দ্বিতীয় পরিচ্ছেদের ৪২ নং ধারায় এই সনদের নীতিমালা ও বিধিব্যবস্থাসমূহ আলোচনা করা হয়েছে। ৪৩ নং ধারায় এই সনদে বর্ণিত দায়-দায়িত্ব বাস্তবায়নের অগ্রগতি পরীক্ষার্থে একটি কমিটি গঠনের বিধান রয়েছে। ৪৪ নং ধারায় এই সনদে স্বীকৃত অধিকারসমূহ প্রতিষ্ঠার বিষয়ে স্বীয় কার্যব্যবস্থা ও অগ্রগতির ব্যাপারে শরীক রাষ্ট্রসমূহ কর্তৃক কমিটির কাছে প্রতিবেদন পেশের ব্যবস্থা করা হয়েছে। ৪৫ নং ধারায় এই সনদের কার্যকর বাস্তবায়নকে উৎসাহিত করার জন্য আন্তর্জাতিক সহযোগিতা জোরদার করতে বলা হয়েছে।[২৭]

তৃতীয় পরিচ্ছেদে ৪৬ নং থেকে ৫৪ নং ধারা অন্তর্ভুক্ত। এগুলোতে এই সনদ স্বাক্ষর, অনুমোদন, সনদে অন্তর্ভুক্তি, সনদ কার্যকর হওয়ার দিবস, সংশোধন, বর্জন, সংরক্ষা ইত্যাদি বিষয় বর্ণিত হয়েছে। এসব বিষয় এতই সুস্পষ্ট এবং সরলীকৃত যে, এসবের ব্যাখ্যার কোন প্রয়োজন নাই।[২৮]

---

২৬ wkï AwaKvi mb‡‘i fvl¨, প্রাগুক্ত, পৃ- ৫৭-৫৮।

২৭ প্রাগুক্ত, পৃ ২৪৫।

২৮ প্রাগুক্ত, পৃ ২৪৮।

Dhaka University Institutional Repository

জাতিসংঘ শিশু অধিকার সনদে স্বাক্ষরকারী দেশসমূহের মধ্যে বাংলাদেশ অন্যতম। কিন্তু দু:খজনক হলেও সত্য যে, বাংলাদেশের শিক্ষিত জনগোষ্ঠির অধিকাংশই শিশু অধিকার সম্পর্কে অজ্ঞ, অসচেতন ও অন্ধকারে নিমজ্জিত। সমাজের সম্ভ্রান্ত এমন শিক্ষিত মানুষের হাতেই শিশু অধিকার লঙ্ঘিত হয়। গৃহকর্তা ও গৃহকর্ত্রীগণ বিশেষ করে যারা নিজেদের শিক্ষিত মনে করে তারাই কাজের ছেলে-মেয়েদের বিবিধ নির্যাতন করতে কুণ্ঠিত হয় না। কেউ কেউ শিশুকে অমানবিক কাজে খাটিয়ে অবৈধভাবে অর্থ উপার্জন করে। বাংলাদেশের শিশুরা বহুদিক থেকে দুরবস্থায় নিপতিত। দেখা যায় যে, দেশের সাধারণ মানুষ শিশু শিক্ষার প্রতি উদাসীন। পিতামাতার কুসংস্কারাচ্ছন্ন মনোভাবের জন্য বহু মেয়ে শিশু পড়া-শোনার সুযোগ থেকে বঞ্চিত থাকে। অল্প বয়সে বিয়ে ও মা হওয়ার কারণে বিবিধ সুযোগ সুবিধা থেকে শিশু বঞ্চিত থাকে। যেমন অনেক শিশু মাতৃদুগ্ধ থেকে বঞ্চিত থাকে। শারীরিক ও মানসিক বৃদ্ধির জন্য যথাযথ পুষ্টি সরবরাহ সম্ভব হয় না। অনেকেই থাকে ভিটামিন, আয়োডিন ও প্রোটিনের অভাবে আক্রান্ত। পঙ্গু শিশুদের প্রতি যত্নের অপর্যাপ্ততা, বিবিধক্ষেত্রে শিশুর সুরক্ষার অভাব, পারিবারিক কাজে মেয়ে শিশুদের অধিক ব্যবহার, শিশু অপহরণ ও নির্যাতন, মেয়ে শিশুদের অগ্রগতিতে পারিবারিক, সামাজিক, ধর্মীয় প্রতিবন্ধকতা ইত্যাদি এদেশের সমাজে বিরাজমান। এদেশের শিক্ষিতসমাজেও মেয়ে সন্তান জন্ম নিলে পিতামাতা উভয়েরই মন খারাপ হয়ে যায়। অর্থ্যাৎ যে সকল ক্ষেত্রে শিশুর নিরাপত্তা লাভের অধিকার রয়েছে বাংলাদেশে সে সবের বাস্তবতা তেমন আশাব্যাঞ্জক নয়। সমাজের সকল স্তরের মানুষ যদি শিশু অধিকার সম্পর্কে সচেতন হয়, তবেই এ অবস্থা থেকে উত্তরণ সম্ভব। কিন্তু এখন পর্যন্ত সাধারণ মানুষের শিশু অধিকার সচেতনতা তেমন আশাপ্রদ নয়। বিভিন্ন দৈনিক পত্রিকার বা অন্য কোন ম্যাগাজিনের পাতা খুললেই এ কথার সত্যতা পাওয়া যাবে। উদাহরণস্বরূপ, দৈনিক প্রথম আলো পত্রিকার সাপ্তাহিকটিতে প্রায় নিয়মিত প্রকাশিত হয় 'ঘর নাই' প্রতিবেদনটি। এতে ঘরহারা শিশুদের বর্ণনা থাকে। এরা এদেশের অধিকার বঞ্চিত শিশু। দেশের সর্বত্রই এ শ্রেণীর অগণিত শিশুর বাস। তাদের জীবন-যাপন, অসহায়ত্ব ইত্যাদি পর্যালোচনা করলে বুঝা যায় দেশের অধিকাংশ মানুষ নিজেদের সন্তান ব্যতীত অন্যদের সন্তান নিয়ে তেমন ভাবে না বা ভাবার সুযোগ পায় না। সুতরাং বিপুল সংখ্যক শিশু অবহেলায় বড় হচ্ছে। সরকারও তার সীমিত সম্পদের কারণে অধিকার বঞ্চিত শিশুদের জন্য কার্যকর কোন পরিকল্পনা হাতে নিতে পারছে না। অবশ্য এ দেশের প্রচার মাধ্যমসমূহ জনগণকে শিশুদের প্রতি অধিকার সচেতন করে তুলতে বিবিধ প্রচারনা চালাতে দেখা যায়। যেমন, বিগত ১৩ বছর ধরে ইউনিসেফের সঙ্গে যৌথ আয়োজনে সরকারিভাবে মীনা নামের কার্টুনের মাধ্যমে ছেলে-মেয়ের সমান অধিকার, স্কুলে যাওয়ার গুরুত্ব, পরিস্কার-পরিচ্ছন্নতার গুরুত্ব, লিঙ্গ বৈষম্য বিলোপ ইত্যাদি বিষয়ের প্রচারণা

Dhaka University Institutional Repository

চালানো হচ্ছে। রেডিও, টেলিভিশন, সরকারের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে দেশের প্রাথমিক বিদ্যালয়গুলোতে মীনা কার্টুনের প্রতিটি পর্বের বই পৌছে দেওয়া ছাড়াও রিকশার পেছনে, বাড়ির দেয়ালে, স্কুলের ব্যাগে, খাতা, কলম, পেন্সিল, স্টিকার ইত্যাদিতেও এই কার্টুনের শিক্ষীয় অংশ প্রচার করা হচ্ছে। ইউনিসেফের (২০০৪ সালের) এক গবেষনা জরিপে দেখা যায়, ৬৬ শতাংশ শিশু-কিশোর বিশ্বাস করে, মীনা সিরিজ দেখার পরই বাবা-মা তাদের স্কুলে পাঠিয়েছেন।

এমনি এ সিরিজটিতে নতুন নতুন শিশু অধিকার বিষয়ক কার্টুন সংযুক্ত হচ্ছে। ইউনিসেফ যেহেতু বিশ্বসংস্থা জাতিসংঘের একটি শাখা তাই এ সংস্থার দায়িত্বগুলোর মধ্যে একটি হলো বিশ্বের দেশে দেশে মানুষকে শিশু অধিকার বিষয়ে সচেতন করে তোলা। মীনা কার্টুনটি বাংলাদেশসহ দ্বক্ষি এশিয়ার দেশসমূহের জন্য বিশেষ করে বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপালে প্রচারের উপযোগী করে নির্মাণ করা হয়েছে। অবশ্য তা ইতোমধ্যে বাংলা, ইংরেজি, ফরাসি, হিন্দি, নেপালি, পর্তুগিজ, স্প্যানিশ ও উর্দূভাষায়ও নির্মাণ করা হয়েছে। এর মাধ্যমে এ সকল দেশের মানুষ কিছু না কিছু শিশু অধিকার সচেতন হচ্ছে অবশ্যই। বাংলাদেশ, ভূটান, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান ও শ্রীলঙ্কা গত শতাব্দীর নব্বইয়ের দশককে মেয়েশিশু দশক বলে ঘোষনা করেছিল। বর্তমানেও এই দেশসমূহের সরকারসমূহ মেয়েশিশুদের শিক্ষর বিষয়টি নিশ্চিত করেছে ও অন্যান্য অধিকার সম্বন্ধে মানুষদের সচেতন করে তোলার ব্যবস্থা গ্রহণ করেছে।[২৯] উস্তেখ্য, বিশ্বের অন্যান্য দেশেও ইউনিসেফ এবং জাতিসংঘের অন্যান্য সংস্থা শিশুদের কল্যাণে এবং শিশু অধিকার বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। বাংলাদেশেও জাতিসংঘের সংস্থাসমূহ ছাড়াও বিবিধ সংস্থা শিশু অধিকার সচেতনতামূলক বিবিধ কার্যক্রম বাস্তবায়ন করছে। উদাহরণস্বরূপ করা যায়, ২৩ সেপ্টেম্বর ২০০৫ইং তারিখে আসন্ন জাতীয় কন্যা শিশু দিবস উপলক্ষে জাতীয় কন্যা শিশু অ্যাডভোকেসি ফোরাম ও ন্যাশনাল ডিবেট ফেডারেশন "কন্যা শিশুর বিকাশে পরিবারই বাধা" শীর্ষক বিতর্ক অনুষ্ঠান সমাপন করে। এ ধরনের অনুষ্ঠান শিশু অধিকার সচেতনতার সহায়ক।[৩০]

এদেশের মানুষ ক্রমে শিশু অধিকার সচেতন হচ্ছে, বিবিধ সংস্থার কার্যক্রমই তার প্রমাণ। তবে মানুষকে শিশুদের বিষয়ে অধিকতর সচেতন করার জন্য বহুমূখী কার্যক্রম হাতে নেওয়ার জন্য সরকার ও সংশ্লিষ্ট বিবিধ সংস্থাকে এগিয়ে আসতে হবে। গবেষণার মাধ্যমে অধিকতর ফলপ্রসূ কর্মকান্ড উদ্ভাবন করতে হবে। সরকারকে শিশুদের কল্যাণে বিবিধ সুযোগ সুবিধা প্রদান করতে

---

২৯ ‰'wbK c_g Av‡jvi I QwUi w'‡b, ২৪ সেপ্টেম্বর ২০০৫

৩০ ‰'wbK c_g Av‡jv, ২৪ সেপ্টেম্বর, ২০০৫

Dhaka University Institutional Repository

হবে। শিশু কল্যাণে নিয়োজিত বিবিধ সংস্থাসমূহকে শুধু উদ্বুদ্ধকরণ কর্মকান্ডে নিজেদের ব্যস্ত রাখলে চলবেনা, তাদের শিশুদের কল্যাণে কিছু বাস্তব পদক্ষেপও নিতে হবে।

জাতিসংঘ ঘোষিত শিশু অধিকার সনদ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করবে এ দেশের মানুষ এবং শিশুর অধিকারসমূহ যথাযথ বাস্তবায়িত হয়েছে কিনা তার নিশ্চয়তা বিধান করবে সরকার। এ সনদে উল্লিখিত শিশু অধিকারসমূহ সম্পর্কে অবগত হলে দেশের মানুষ মানবিক মূল্যবোধে উজ্জীবিত হবে এবং শিশু অধিকার সম্পর্কীয় জাতিসংঘের উদ্দেশ্য বাস্তবায়নে সচেষ্ট হবে।

বাংলাদেশসহ শরীক রাষ্ট্রসমূহ জাতিসংঘ ঘোষিত শিশু অধিকার সনদের বাস্তবায়নে সচেষ্ট। তাইতো ক্রমে দেশে দেশে শিশু অধিকার বাস্তবায়নের অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে। পরিশিষ্টাংশে সারণীতে অগ্রগতির হার প্রণিধানযোগ্য।[৩১]

---

[৩১] ক্যারল বেলামী, wek wkïcwiw¯wZ, ২০০৪, নির্বাহী পরিচালক, RwZmsN wkï Znwej, পৃ ১৩৬।

Dhaka University Institutional Repository

3. 2. we‡ki wewfbœ mf¨Zvq wkï cwiw¯'wZ

বিপুলা এ পৃথিবী ৭টি মহাদেশ এবং এ সকলের অন্তর্গত বহু রাষ্ট্রে বিভক্ত। পৃথিবীর বিবিধ এলাকায় অবস্থিত রাষ্ট্রসমূহের প্রকৃতি এক নয়। কোন কোন দেশ প্রকৃতির উদার দানে সমৃদ্ধ। বহুবিধ কারণে পৃথিবীর অনেক দেশ উন্নত দেশ হিসেবে পরিচিত। সে সকল দেশের শিশুরা পূর্বে আলোচিত সকল অধিকার ভোগ করার সুযোগ পাচ্ছে। প্রত্নন্তরে বিশ্বে এমন দেশও আছে যেখানে শিশুর অধিকার ভোগ করার সুযোগতো দূরের কথা যেন বেঁচে থাকার অধিকার নিয়েও জন্মগ্রহণ করেনি। এ প্রসঙ্গে বিভিন্ন দৈনিক পত্রিকা থেকে কিছু প্রতিবেদন উল্লেখ করা যায়। দৈনিক প্রথম আলোর প্রতিবেদনের শিরোনাম ছিল, "ওহাইওর একটি বাড়ি থেকে খাঁচায় বন্দি ১১ শিশু উদ্ধার"[৩২]। প্রতিবেদনটি নিম্নরূপ-

> "যুক্তরাষ্ট্রের ওহাইও অঙ্গরাজ্যে পুলিশ একটি বাড়িতে সাড়ে তিন ফুটেরও (এক মিটার) কম উচ্চতার ৯টি খাঁচায় বন্দি অবস্থা থেকে ১১টি শিশু উদ্ধার করেছে। তবে বাড়ির মালিক দম্পতি এসব শিশুর উপর নির্যাতন চালানো বা তাদের অবহেলা করার অভিযোগ অস্বীকার করেছে। ১ থেকে ১৪ বছর বয়সী এসব শিশু বিভিন্ন ধরনের শারীরিক প্রতিবন্ধি। বিচারক গত সোমবার এদের চারজোড়া পালক বাবা-মার কাছে পাঠিয়েছেন।" খবর এপির।

হিউরন কাউন্টির শেরিফের কার্যালয় থেকে জানানো হয়, শিশুদের উত্তর ওহাইওর ছোট্ট শহর ওয়েকম্যানের একটি বাড়ি থেকে উদ্ধার করা হয়। শিশুরা বাড়িটির একটি ঘরে দেয়ালে তৈরি ৯টি খাঁচায় বন্দি ছিল। খাঁচাগুলোর মধ্যে কোন কম্বল বা বালিশ ছিল না। এগুলোয় এমনভাবে অ্যালার্মের ব্যবস্থা রাখা হয়েছিল, যাতে খাঁচা খুললেই অ্যালার্ম বেজে ওঠে।

শিশুরা কর্তৃপক্ষকে জানিয়েছে, তারা রাতে খাঁচায় ঘুমাত। কয়েকটি খাঁচার দরজা ভারি আসবাবপত্র দিয়ে আটকে রাখা হয়েছিল।

এ প্রতিবেদন থেকে খোদ আমেরিকার শিশু অধিকার সম্মন্ধে ধারণা করা যায়।

দৈনিক নয়া দিগন্তের একটি প্রতিবেদনের শিরোনাম, ÒAve Mwi‡e wkï Kvivew›'Ó[৩৩]। খবরটি নিম্নরূপ,

---

[৩২] ‰'wbK c_g Av‡jv, ঢাকা, ১৪ সেপ্টেম্বর ২০০৫, পৃ ৫।

[৩৩] ‰'wbK bqw'MšÍ, ঢাকা, ১২ মার্চ, ২০০৫, পৃ ১১।

Dhaka University Institutional Repository

সাবেক এক কারা কমান্ডার বলেছেন কুখ্যাত আবু গারিব কারাগারে শিশু বন্দিদের মধ্যে একটি আট বছরের শিশুও ছিল। ব্রিগেডিয়ার জেনারেল জেনিস কারপিনস্কি বলেন, জিজ্ঞাসাবাদের সময় শিশুটি তার মাকে দেখতে চায় বলে কান্নাকাটি করছিল। আমেরিকা সিভিল লিবার্টিস ইউনিয়নের (এসিএলইউ) প্রকাশিত এক প্রতিবেদনে এই তথ্য জানা যায়। আমেরিকান তথ্য পাওয়ার অধিকার আইনের আওতায় এসিএলইউ কারা নির্যাতনের এই ঘটনা জানতে পারে। কারপিনস্কি মেজর জেনারেল জর্জ ফে-এর সাথে এক স্বাক্ষাৎকার শেষে শিশুটির কি পরিণতি হয়েছিল জানাননি। তিনি বলেন, কোনো রকম তথ্য প্রমাণ না রেখে বন্দিদের আটক রাখার সিআইএ'র কাছে প্রেরিত উর্দ্ধতন কর্তৃপক্ষের লিখিত আদেশ তিনি দেখেছেন। রেকর্ডে অজ্ঞাতনামা এক সামরিক অফিসারের উদ্ধৃতি দিয়ে বলা হয়, গোয়েন্দা কর্মকর্তা এবং সিআইএ'র মধ্যে রেকর্ডবিহীন কারাবন্দিদের কিভাবে হেন্ডেল করা হবে সে বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয়। এসব বন্দিকে 'ভূত' নামে অভিহিত করা হয়। পেন্টাগন এ ধরনের একশজন 'ভূতবন্দি' থাকার কথা স্বীকার করেছে। আন্তর্জাতিক রেডক্রস সংস্থার কাছ থেকে তাদের গোপন রাখার জন্য এই ব্যবস্থা করা হয়। প্রতিরক্ষমন্ত্রী ডোনাল্ড রামসফেল্ড তাদেরকে বন্দি না বলে শত্রু যোদ্ধা বলে সেনাবাহিনীর এই পদক্ষেপকে বৈধ করার চেষ্টা করেন। এসিএলইউ এই মাসের প্রথমদিকে চার ইরাকি চার আফগান মার্কিন সামরিক বাহিনী কর্তৃক নির্যাতিত হওয়ার জন্য রামসফেল্ডকে অভিযুক্ত করেন।"

দৈনিক সংগ্রামের একটি প্রতিবেদনের শিরোনাম, "কী অপরাধ করেছিল কিশোর আবদুল সালাম আল শেহরী?"[৩৪]- প্রতিবেদনটির বিশেষ অংশ এখানে তুলে ধরা হল-

"গুয়ান্তানামো বে জিন্দানখানায় আটক নির্দোষ এক মুসলিম কিশোরকে সম্পূর্ন বিনা দোষে বিনা কারণে তালেবান অজুহাতে আফগানিস্তানের ভূ-খন্ডে গ্রেফতার করে কারান্তরালে নিক্ষেপ করা হয় পৈশাচিকভাবে। নাম তার আব্দুল সালাম আল শেহরী। তাকে যখন আটক করা হয় তখন মাত্র পনেরোতে পা রেখেছে এই বালকটি। গত বছর জানুয়ারিতে কিউবাস্থ এই কারাগারের কাঠগড়ায় অনুরূপ তিন টিনএজার বালকের ১বছরের বন্দিত্ব বরণের করুণ পরিণতির কথা বিবিসি সংবাদে সম্প্রচারিত হওয়ার পর মার্কিন কর্তৃপ্রক্ষ তাদের ছেড়ে দেয়। তাদের বয়স তখন ১৩ থেকে ১৫ বছরের মধ্যে ছিল বলে ধারণা করা হয়। মার্কিন প্রতিরক্ষ বিভাগ থেকে তখন বলা হয় বালকত্রয় মার্কিনীদের

[৩৪] ‰'wbK msMvg, ঢাকা, ৪জুন, ২০০৫, পৃ ১২।

Dhaka University Institutional Repository

জন্য এখন আর হুমকি নয় এবং তাদের অহেতুক সন্দেহবশত জিজ্ঞাসাবাদেরও প্রয়োজন নেই। যা হোক আব্দুল সালাম শেহরী মুক্তিপ্রাপ্ত টিনএজার বালকদের মধ্যে ছিল না।"

এ প্রতিবেদন থেকেও বুঝা যায় মার্কিনীদের হাতে শিশু অধিকার অবহেলিত। তাদের হাতে নিত্যই আফগানিস্তান ও ইরাকে নির্যাতিত হচ্ছে বহু শিশু।

দৈনিক আমার দেশ পত্রিকায় ইউনিসেফ শিশু অধিকার প্রতিবেদনের অংশ বিশেষ প্রকাশিত হয়েছে। এটি নিম্নরূপ,

"ইউনিসেফের বিশ্ব পরিস্থিতি প্রতিবেদনের এবারের বিষয় হুমকির মুখে শৈশব। এতে বলা হয়, শিশুদের বেঁচে থাকার, বেড়ে ওঠার ও বিকাশলাভের জন্য যে মৌলিক পণ্য বা সেবা প্রয়োজন তার একটি বা একাধিকটি খুব বেশি অপর্যাপ্ত হওয়ার কারণে ১০০ কোটিরও বেশি শিশুর অধিকার লংঘিত হচ্ছে। দারিদ্র্য, সশস্ত্র সংঘাত ও এইচআইভি-এইডসে এসব শিশু জর্জরিত। রিপোর্টে বলা হয়, বিশ্বে বর্তমানে মোট শিশুর সংখ্যা ২২০ কোটি। এর মধ্যে উন্নয়শীল দেশসমূহে বসবাসরত শিশুর সংখ্যা ১৯০ কোটি। দারিদ্র্যের মধ্যে বাস করছে ১০০ কোটি শিশু। নিরাপদ পানির সুযোগ পাচ্ছে না ৪০ কোটি শিশু। স্বাস্থ্যসেবার সুযোগ পাচ্ছে না ২৭ কোটি। প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার বয়সী ১২ কোটি ১০ লাখেরও বেশি শিশু বিদ্যালয়ের বাইরে রয়েছে। পাঁচ বছর বয়স হওয়ার আগেই ১ কোটি ৬০ লাখ শিশু মারা যায়। সারা বিশ্বে এইডসের কারণে অনাথ হওয়া শিশুর সংখ্যা ১ কোটি ৫০ লাখ। ১৯৯০ সাল থেকে বিভিন্ন সংঘাতে নিহত শিশুর সংখ্যা ১৬ লাখ। প্রতিবছর পাচার হচ্ছে ১২ লাখ শিশু। বাণিজ্যিক যৌন শিল্পে ২০ লাখ শিশু যৌন শোষণের শিকার হচ্ছে। এখনো প্রতিবছর পাঁচ বছরের কম বয়সী ২০ লাখ শিশু সহজলভ্য রোগ প্রতিরোধক টিকা না দেয়ায় মারা যায়। বর্তমানে ১৮ কোটি শিশু সবচেয়ে খারাপ ধরনের শিশুশ্রমে নিয়োজিত।"[৩৫]

এ প্রতিবেদন থেকে বিশ্বের শিশুদের সম্পর্কে একটি ধারনা লাভ করা যায়।

দৈনিক ইনকিলাব পত্রিকার একটি প্রতিবেদনের শিরোনাম, Ò dv‡Ý wkï †hŠb wbhvZbKvix 66 R‡bi wePvi ïiæÓ[৩৬]। প্রতিবেদনটি নিম্নরূপ,

---

৩৫ ‰'wbK Avgvi †'k, ঢাকা, ১০ ডিসেম্বর, ২০০৪, পৃ ১।

৩৬ ‰'wbK BbwKjve, ঢাকা, ৫ মার্চ, ২০০৪, পৃ ১।

Dhaka University Institutional Repository

> "ফ্রান্সের শিশুদের উপর যৌন নির্যাতনের অভিযোগে ৬৬ জনের বিচার শুরু হয়েছে। গতকাল ছিল বিচারের দ্বিতীয় দিন। ৬ মাস বয়সী থেকে শুরু করে বিভিন্ন বয়সের শিশুদের যৌন নিপীড়ন ও ধর্ষণের অভিযোগে এসব লোককে গত বৃহস্পতিবার বিচারের সম্মুখীন করা হয়। পশ্চিমাঞ্চলীয় অর্জেঁ শহরের একটি পশ্চাৎপদ এলাকায় শিশু নির্যাতনকারী এই দলে রয়েছে ৪৯ জন পুরুষ এবং ২৭ জন মহিলা। সরকার পক্ষে কৌসুলিরা বলেন, ৪৫টি শিশুকে হয় তাদের বাবা-মারা ধর্ষণ করেছে, না হয় সামান্য অর্থের বা খাবার সিগারেটের বিনিময়ে যৌন সম্ভোগের জন্য অন্যদের হাতে তুলে দেয়া হয়েছে। অভিযুক্তদের অর্ধেকই তাদের দোষ স্বীকার করেছে। সংবাদদাতারা জানিয়েছে, পশ্চিম ফ্রান্সে এসব অভিযুক্তের মধ্যে আছে এমন কিছু মহিলা, যারা নিজেরা যৌন হয়রানিতে এমনকি ধর্ষণের ব্যাপারে মদদ যুগিয়েছে বলে তাদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে।"

নির্যাতিত ৪৫ জন শিশুর মধ্যে ৬ মাসের বাচ্চাও রয়েছে। অর্জেঁ শহরের বিশেষ আদালত কক্ষে এই বিচার চলছে। এই বিচার সম্পন্ন হতে অন্তত ৪ মাস লাগবে। অভিযুক্তের সংখ্যা আরও বাড়তে পারে। কারণ শিশু যৌন নির্যাতনের সঙ্গে জড়িত চক্রটির অনেকেই গ্রেফতার এড়িয়ে চলছে বলে ধারণা করা হচ্ছে। সরকারপ্রস্তীয় কৌসুলিদের অভিযোগ, ১৯৯৯ সাল থেকে বছর তিনেকের মধ্যে অন্তত ৪৫টি শিশু ধর্ষণ বা যৌন হয়রানির স্বিকার হয়। কৌসুলিদের একজন বলেন, কয়েক মাস বয়সী থেকে ১২ বছর বয়েসী পর্যন্ত শিশুরা হয়রানির শিকার হয়েছে। কেউ কেউ বারবার নির্যাতিত হয়েছে। বেশিরভাগ সময়ই নির্যাতনকারীরা ছিল তাদের অভিভাবক। অভিযুক্তদের একজনের বাড়িতে অথবা অর্জেঁ শহরের উপকণ্ঠের দালানগুলোতে এসব নির্যাতনের ঘটনা ঘটে।

অভিযোগে বলা হয়েছে, অনেক-ক্ষেত্রে অর্থ, খাদ্য এবং একটি সিগারেটের জন্য অভিভাবকরা তাদের শিশুদের তুলে দিয়েছে যৌন নির্যাতনকারী আত্মীয় বা বন্ধুদের হাতে। একজন যৌন নির্যাতনকারীর বিরুদ্ধে অভিযোগে পুলিশ দেখতে পায় যে, সে এমন এক দম্পতির সঙ্গে বাস করত যাদের বিরুদ্ধে তাদের নিজ সন্তানের যৌন নির্যাতন করার অভিযোগের তদন্ত চলছিল। তখনই এই তিনজনকে ঘিরে শিশু নির্যাতনকারী চক্রের বিষয়টি প্রকাশ হয়ে পড়ে। এই অভিযোগ এবং চলমান বিচার প্রক্রিয়া সমগ্র ফ্রান্সকে হতবাক করে দিয়েছে।

Dhaka University Institutional Repository

নয়া দিগন্তের একটি প্রতিবেদনের শিরোনাম হচ্ছে, ÒAKv‡j cvY nviv‡"Q 15 jvL gv I wkïÓ[৩৭]। প্রতিবেদনটি নিম্নরূপ,

”বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছে, প্রতি বছর পাঁচ লাখ নারী এবং দশ লাখেরও বেশি শিশু প্রাণ হারাচ্ছে। সংশ্লিষ্ট সরকার যদি প্রয়োজনীয় পদক্ষেপ না নেয় তাহলে গর্ভকালীন মৃত্যুর হার ২০১৫ সাল নাগাদ Aব্যাহত থাকবে। তবে সরকারগুলো ২০১৫ সালের মধ্যে এই হার কমিয়ে আনতে প্রতিশ্রুতিবদ্ধ। বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষে এক বিবৃতিতে WHO ম্যানিলা কেন্দ্রিক পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় আঞ্চলিক অফিস প্রসূতিকালীন মা ও শিশুস্বাস্থ্যের বিশেষ যত্ন নেয়ার জন্য পদক্ষেপ নিতে আহবান জানায়। বিবৃতিতে স্মরণ করিয়ে দেয়া হয়, চার বছর আগে বিশ্বব্যাপী সরকারগুলো ২০১৫ সালের মধ্যে মাতৃ মৃত্যু তিন-চতুর্থাংশ এবং শিশু মৃত্যুর হার দুই-তৃতীয়াংশ কমিয়ে আনার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়। WHO সতর্ক করে দিয়ে বলেছে, যথেষ্ট পদক্ষেপ না নিলে ২০১৫ সালের মধ্যে জাতিসংঘের নেয়া লক্ষ্যমাত্রায় পৌঁছানো সম্ভব নয়। WHO-এর পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের পরিচালক শিগেরু ওমি বলেন, রোগ যন্ত্রণা এবং মৃত্যু এড়ানোর জন্য সস্তায় প্রয়োজনীয় ওষুধ আছে; কিন্তু মা ও শিশুর কল্যাণে তা এখনো তাদের দোর গোড়ায় পৌছানো যায়নি। তিনি বলেন, এখনো বহু মা ও শিশু পুষ্টিহীনতা এবং পর্যাপ্ত স্বাস্থ্যসেবার অভাবে প্রাণ হারাচ্ছে। বর্তমানে সারা বিশ্বে ৭০ শতাংশেরও বেশি মা ও শিশুর প্রতিরোধযোগ্য পীড়ায় মৃত্যু হয়। এসব রোগের মধ্যে রয়েছে রক্তক্ষরণ, ইনফেকশন, গর্ভপাত, উচ্চ রক্তচাপ, নিউমোনিয়া, ডায়রিয়া ও ঝুঁকিবহুল হাম। প্রতিরোধযোগ্য পীড়ায় প্রায় সব প্রাণহানিই ঘটে স্বল্পোন্নত ও অনুন্নত দেশে। এসব দেশের মা ও শিশুরা অবর্ণনীয় দুর্দশার শিকার হয় প্রতিনিয়ত। মা ও শিশু স্বাস্থ্যের ব্যাপারে সচেতনতা সৃষ্টির জন্য বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষে WHO ব্যাপক প্রচার-প্রচারণার কৌশল অবলম্বন করছে। এবারের বিশ্ব স্বাস্থ্য দিবসের স্লোগান হলো “প্রত্যেক মা ও শিশুকে হিসাবের আওতায় আনুন”। জীবনের জন্য এসব ওষুধ থাকতে হবে মানুষের ক্রয়সীমার মধ্যে। অত্যাবশ্যক ওষুধের সহজপ্রাপ্যতা নিশ্চিত করতে হলে খবর পৌঁছে দিতে হবে পৃথিবীর পশ্চাৎপদ দেশগুলোতেও। ওমি বলেন, আমরা যদি দায়িত্ব নিয়ে কাজ করি এবং ওষুধ ও স্বাস্থ্যসেবা পেতে প্রত্যেক মাকে সচেতন করতে পারি তবেই এই বিশ্বের ভবিষ্যৎ হবে স্বাস্থ্যপ্রদ এবং উৎপাদনমুখী।

‘দৈনিক আমাদের সময়’ পত্রিকার একটি প্রতিবেদনে বলা হয়, Ò‡WwgwbKvq nvBwZ wkïi RgRgvU evRviÓ[৩৮]। প্রতিবেদনটি নিম্নরূপ,

“ডোমিনিক প্রজাতন্ত্রে চলছে হাইতি শিশুর জমজমাট ব্যবসায়। হাইতি সীমান্তের সন্নিকটে ডোমিনিকের ডাজবানের বাজার হাইতি শিশুর অন্যতম ব্যবসায় কেন্দ্র। এখানে মাছ মুরগির মতো

---

৩৭ ‰`wbK bqv w`MšÍ, ঢাকা, ৫ জুন, ২০০৫।

৩৮ ‰`wbK Avgv‡`i mgq, ঢাকা, ২৬ সিপ্টেম্বর, ২০০৫, পৃ ১।

Dhaka University Institutional Repository

সুলভে বিক্রি হয় হাইতি থেকে পাচার করে Avbv শিশু। দরকষাকষি করে ৫০-৫৫ ডলারেই পাওয়া যায় একটি শিশু। কিনে নেয়া এসব শিশুদের গৃহস্থালিতে, কৃষি কাজে এবং টিনএজার মেয়েদের দেহব্যবসায় বাধ্য করা হয়। সীমান্ত পারাপার মনিটরিংয়ে কর্মরত খ্রিস্টান শরণার্থী সংস্থায় কর্মরত হিলদা পে বলেন, জনসমক্ষেই এখানে শিশু বিকিকিনি চলে। ব্যবসায়িরা ক্রেতাদের পছন্দ অনুযায়ী শিশু সরবরাহ করে থাকে। তারা ক্রেতাদের যে কোন চাহিদা পূরণ করতে সক্ষম বলে জানান।"

ইউনিসেফের প্রতিবেদনে বলা হয়, "we‡ki 27 †KwU wkï ¯^v¯'¨‡mev †_‡KewÂZÓ

"প্রায় ২৭ কোটি শিশু cKvb রকম স্বাস্থ্যসেবার সুযোগ থেকে বঞ্চিত। এই সংখ্যা উন্নয়নশীল দেশগুলোর মোট শিশুর ১৪ শতাংশের বেশি।"[৩৯]

দক্ষিণ এশিয়া ও আফ্রিকার উপসাহারা অঞ্চলে প্রতি চারটির মধ্যে একটি শিশু ছয়টি প্রধান টিকার কোনোটাই পাচ্ছে না কিংবা ডায়রিয়ায় আক্রান্ত হলে চিকিৎসার কোনো সুযোগ তাদের নেই।

সম্প্রতি প্রকাশিত ইউনিসেফের এক প্রতিবেদন থেকে এ তথ্য জানা যায়। প্রতিবেদনে বলা হয়, উন্নয়নশীল বিশ্বের গ্রাম এলাকায় বসবাসরত শিশুদের অত্যাবশ্যকীয় পণ্য ও সেবা থেকে বঞ্চিত হওয়ার সম্ভাবনা শহর এলাকার শিশুদের তুলনায় গড়ে দ্বিগুণ এবং কখনো স্কুলে না যাওয়ার সম্ভাবনা তিনগুণ বেশি। অবশ্য, শহর এলাকার সব শিশুর জীবন যাত্রার পরিবেশ এক রকম নয়। যে সব শিশু বস্তি বা অননুমোদিত বসতি এলাকায় থাকে, তাদের অবস্থা গ্রাম এলাকার শিশুদের চেয়ে আরো বেশি খারাপ হতে পারে। ইউনিভার্সিটি অব ব্রিটিশ এবং লন্ডন স্কুল অব ইকোনমিকসের এক সমীক্ষায় বলা হয়েছে, শিশুদের মধ্যে চরম বঞ্চনা কেবল কম আয়ের দেশগুলোর সমস্যা নয়। সমীক্ষায় উন্নয়নশীল দেশগুলোর শিশুদের অত্যাবশ্যকীয় পণ্য ও সেবা থেকে বঞ্চিত হওয়ার বিষয়ে আলোকপাত করা হয়েছে। সমীক্ষা থেকে পাওয়া একটি অস্বস্তিকর তথ্য হচ্ছে, চরম দারিদ্র্যের মধ্যে বসবাসরত শিশুদের অনেকেরই এমন সব দেশে বাস করে যাদের জাতীয় আয়ের স্তর বেশ উচুঁ। এতে উল্লেখ করা হয়েছে, জাতীয় আয় সুস্পষ্টভাবেই এর একটি কারণ। মাঝারি আয়ের দেশগুলোতে চরম বঞ্চনার গড় হার বেশি হয়ে থাকে। এসব দেশে এখনো উল্লেখযোগ্য সংখ্যক শিশু সেবার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

চীন ও কলম্বিয়ায় বঞ্চনার হার অনেকটা একই রকম হলেও কলম্বিয়ার মাথাপিছু গড় জাতীয় আয় অনেক বেশি। অপরদিকে কলম্বিয়া ও নামিবিয়ার মাথাপিছু আয়ের স্তর একই রকম হলেও এ ক্ষেত্রে তাদের মধ্যে উল্লেখযোগ্য পার্থক্য রয়েছে। নামিবিয়ার অবস্থা টোগোর অনুরূপ, যেটি অনেক বেশি গরিব দেশ।

এসব শিশুদের দিয়ে অমানুষিক পরিশ্রম করানো হয় এবং অনেক সময় কারণে অকারণে তাদের উপর নেমে আসে অমানবিক নির্যাতন।

৩৯ ‰'wbK bqw'MŠ, ৫ জুলাই, ২০০৫, সূত্র : বাসস।

Dhaka University Institutional Repository

ডোমিনিকে সর্বমোট কতসংখ্যক হাইতি শিশু রয়েছে তার সঠিক হিসাব অজানা। ২০০২ সালের জাতিসংঘ শিশু তহবিল এক প্রতিবেদনে জানায় ডোমিনিকে ২ হাজার ৫শ হাইতি শিশু রয়েছে। কিন্তু স্থানীয় এনজিওগুলোর ধারণা প্রকৃত সংখ্যা এর দ্বিগুণ। এসব শিশুদের মধ্যে অধিকাংশ ছেলেদের বয়সই ১২ বছরের কম। ডোমিনিকে এসে তারা ভিক্ষবৃত্তি, জুতা পালিশ, কৃষি কাজ ও গ্যাং লিডারদের তথ্য দেয়ার মতো কাজ করে। অন্য দিকে কন্যা শিশুরা কাজ করে বিভিন্ন পরিবারের পরিচারিকা হিসেবে। তরুণ বয়সী ছেলেদের দিয়ে কনস্ট্রাকশনের কাজ ও টিনএজ মেয়েদের দিয়ে দেহ ব্যবসা করানো হয়।

এছাড়া ডোমিনিকে সুলভ শ্রমিক হিসেবে হাইতি নাগরিকদের ব্যাপক চাহিদা রয়েছে। বিভিন্নভাবে হাইতি শিশুদের ডোমিনিকে নিয়ে আসা হয়। এদের স্বল্প কিছু অপহৃত। অনেক পিতামাতাই নিজ উদ্যোগে তাদের সন্তানকে ডোমিনিকে পাঠিয়ে দেয়। ক্রিশ্চিয়ান এইডের হাইতি প্রতিনিধি হেলেন স্প্যারোস জানান, এর কারণ হাইতির চরম দরিদ্রতা। দারিদ্র্যপীড়িত হাইতিতে অর্ধেকের বেশি জনগণ দিনে একবেলা খাবার জোটাতে সংগ্রাম করে। সন্তানরা অন্তত দিনে রীতিমতো খাবার খেতে পারবে এই ভেবে তারা নিশ্চিন্তে সন্তানদের ডোমিনিকে পাঠিয়ে দেয়।

এসব শিশুদের সীমান্ত পারাপারও হয় সহজ উপায়ে। ইউনিসেফের মতে, পাচারকৃত শিশুদের এক তৃতীয়াংশই পার্বত্য পথে এবং বাকিদের সীমানা চেকপয়েন্ট দিয়ে ডাজবনের নিকটস্থ বাজার পথে পার করা হয়।

এদিকে হাইতি থেকে নিয়মিত শিশু পাচার হলেও ডোমিনিকান কর্তৃপ্রঙ তা অস্বীকার করেছে। হাইতি ও ডোমিনিক দেশ দুটির মধ্যে হিসপ্যানিওলা দ্বীপ নিয়ে বৈরি সম্পর্ক বিরাজমান। গত মাসেও ডোমিনিক প্রজাতন্ত্র হাজারখানেক হাইতি নাগরিককে জোরপূর্বক দেশে পাঠিয়েছে। এদের মধ্যে অধিকাংশই ডোমিনিকে বৈধভাবে অবস্থান করছিল।

উস্তিখিত পত্রিকার প্রতিবেদনসমূহে বিশ্বের দেশে দেশে শিশু অধিকার লংঘন বা এ সকলের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কথা বলা হয়েছে। তবে প্রায় সকল দেশই শিশু অধিকার বাস্তবায়নে সচেষ্ট। পরিশিষ্টাংশে প্রদত্ত সারণী সমূহে বিশ্বের বিভিন্ন সমাজ ও রাষ্ট্রের শিশু অধিকারের উপাত্ত প্রদান করা হল। প্রতিটি সারণীর শেষে দেয়া আঞ্চলিক গড় নিচে গ্রুপ করা দেশগুলো থেকে পাওয়া উপাত্ত ব্যবহার করে হিসেব করা হয়েছে।

Dhaka University Institutional Repository

3. 3. we‡ki cavb cavb a‡g wkï AwaKvi

পৃথিবীতে ধর্মের আবির্ভাব কখন হয়েছিল ইতিহাস তা নিশ্চিত করে বলতে পারে না। তবে ধর্ম বিশ্বাসীরা মনে করেন এ পৃথিবীতে প্রথম মানব- মানবীর (হযরত আদম আ. ও হাওয়া আ.) আগমন থেকেই ধর্মের আবির্ভাব হয়েছে। মানব সমাজের বিকাশ ও মানব জাতির উন্নয়নে ধর্ম যুগে যুগে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। আজ পর্যন্ত এমন কোনো সমাজের অস্তিত্ব আবিস্কৃত হয়নি যেখানে কোন না কোন রূপে ধর্মের অস্তিত্ব ছিল না। সুতরাং ধর্ম পৃথিবীর সনাতন বাস্তবতা। মানুষ পৃথিবীতে যুগে যুগে দেশে দেশে বিবিধ ধর্ম পালন করেছে। মহাকালের অমোঘ নিয়মে প্রাচীন ধর্মসমূহের আবেদন একে একে শেষ হয়ে গেলেও নতুন নতুন ধর্ম সে শূন্যতা পূরণ করেছে। ক্রমে হিন্দু, বৌদ্ধ, ইহুদি, খ্রিস্টান ও ইসলাম ধর্ম এ পৃথিবীর মানুষের প্রধান অনুসরনীয় ধর্মে পরিণত হয়েছে। চীন ও জাপানের উস্তেখযোগ্য সংখ্যক মানুষ পালন করছে- কনফুসিয়াম বা শিন্টু ধর্মী মতবাদ। উস্তিখিত সকল ধর্মের একটি প্রধান শ্রিজ্ঞ হল জীবনের নিরাপত্তা বিধান। শিশুর ভ্রুণ অবস্থা থেকে প্রাপ্তবয়স্ক হওয়া পর্যন্ত তাদের প্রতি সমাজের কি করণীয় আর শিশুদের কি অধিকার রয়েছে ইত্যাদি উস্তিখিত প্রধান ধর্মসমূহেরও বিবেচ্য বিষয়।

নিউইয়র্ক থেকে প্রকাশিত Encyclopaedia of religion and ethics -এ পৃথিবীর মানুষের প্রায় সকল ধর্ম নিয়ে বিস্তারিত অথবা সংজ্ঞিপ্ত আলোচনা করা হয়েছে। তাদের আলোচনার সূচিতে রয়েছে প্রাচীন বিশ্বের গ্রীক-মিশরীয়সহ বহু ধর্ম বিশ্বাস থেকে শুরু করে এ যুগ পর্যন্ত টিকে থাকা সকল প্রধান ও ুদ্র ধর্ম বিশ্বাস। এ বিশ্বকোষের প্রণেতাগণ ধর্মযুদ্ধে বস্তুনিষ্ট তথ্য সংগ্রহের প্রয়োজনে প্রচুর শ্রম ও মেধা নিবিষ্ট করেছেন। তাদের লেখায় উঠে এসেছে ধর্ম স্বীকৃত মানুষের অধিকার।[৪০]

অধিকার সম্পর্কিত আলোচনায় জেরেমী বোথাম বলেন, Rights are :he fruits of law, and of law alone. there are no rights without law-no rights contrary to the law- no rights to the law.[৪১]

এক সময়ের শিশু যথাসময়ে পরিপূর্ণ মানুষে পরিণত হয়। ধর্মীয় অনুশাসন তথা আইন শিশুদের অধিকার অবজ্ঞা করে নাই। বিশ্বের দেশে দেশে প্রচলিত আইন সে দেশেরই ধর্মীয় আইনের উপর নির্ভর করে সর্বশেষ রূপ লাভ করেছে। সে সকল আইনের উৎস সে সকল দেশের প্রচলিত

---

৪০ *Encyclopaedia of religion and ethics*, various volumes.

৪১ Jeremy Bentham, works, P-22, reffered in 'Encyclopaedia of religion and Ethics vovix edited by James Hastings, charles scribner's sons, New york, undated, p 773.

Dhaka University Institutional Repository

ধর্মগ্রন্থসমূহের বিবিধ শ্রিজ। বিশ্বের প্রধান প্রধান ধর্মের ধর্মগ্রন্থসমূহে শিশুদের প্রতি করণীয় বিষয়সমূহ বিশেষ গুরুত্বের সাথে আলোচনা করা হয়েছে।

3. 3. 1. wn›' AvB‡b

হিন্দুধর্ম শিশুদের বিশেষ করে ছেলেদের অধিকার প্রতিষ্ঠায় গুরুত্ব আরোপ করে। তারা পূনর্জন্মে বিশ্বাসী। তারা বিশ্বাস করে পূর্ববর্তী জন্মের ভাল কর্মের কারণে ভগবান সন্তান উপহার দিয়েছে। হিন্দু সমাজে যদি কোন দম্পত্তির সন্তান না হয় সে দম্পতিকে অভিশপ্ত মনে করা হয়। সুতরাং সন্তান জন্মের পর থেকেই তারা সন্তানদের প্রতি যত্নশীল হয়। তারা সন্তানদের বড় করার জন্য কঠোর পরিশ্রম করে। দরিদ্র হিন্দুসমাজ কন্যা শিশুদের বোঝা মনে করে থাকে। কারণ, হিন্দুসমাজে বাল্য-বিবাহ ও যৌতুক প্রথা এখনো টিকে আছে। হিন্দু ধর্ম অনুসারে কন্যা সন্তান সম্পত্তির উত্তরাধিকার পায়না। তারা পিতা-মাতার শ্রাদ্ধে অংশগ্রহণ করতে পারে না।[৪২]

ড. হুমায়ুন আজাদ তার 'নারী' শিরোনামের গ্রন্থে মনু এর উদ্ধৃতি দিয়ে বলেছেন, 'কন্যা পিতার সম্পত্তির উত্তরাধিকারী হওয়ার যোগ্য নয়, যদি পিতার কোন পুত্র থাকে। আদিকালে কোন ভাই না থাকলে বোন পিতার সম্পত্তির উত্তরাধিকারী হতে পারতো। তবে পুত্র থাকুক আর না থাকুক মনু, বশিষ্ট, গৌতম কন্যার উত্তরাধিকার একেবারেই স্বীকার করেননি। যাজবল্ক, বৃহস্পতি, নারদ কন্যার কিছুটা উত্তরাধিকার স্বীকার করেছেন। ভাই থাকলে পিতার সম্পত্তিতে কন্যার অধিকারের প্রশ্নই উঠেনা। খ্রিস্ট পূর্ব ৩০০ অব্দ থেকে হিন্দু আইনে পিতার সম্পত্তিতে কন্যার কোন অধিকার নেই। সে কোন সম্পত্তির মালিক হতে পারে না বলে জ্রোয়নী সংহিতায় বিধান দেয়া হয়েছে। সম্পত্তিতে নারীর কোন অধিকার থাকবে না'।[৪৩]

বিদ্যাসাগর বিধবা বিবাহ সম্পর্কে লিখতে গিয়ে শিশু বিধবাদের সম্বন্ধে লিখেছেন, 'বাল্যকালে যাহারা বিধবা হইয়া থাকে, তাহারা যাবজ্জীবন যে অসহ্য যন্ত্রনা ভোগ করে, তাহা যাহাদের কন্যা, ভগিনী, পুত্রবধু প্রভৃতি অল্প বয়সে বিধবা হইয়াছে, তাহারা বিল্বজ্ঞা অনুভব করিতেছে'।[৪৪]

পূর্বোক্ত আলোচনাসমূহ থেকে সার্বিকভাবে হিন্দুধর্মে শিশুদের অধিকার সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা লাভ করা যায়।

---

৪২ *Hinduism and Children*, Hindu Website.com

৪৩ ড. হুমায়ুন আজাদ, bvix, আগামী প্রকাশনী, ঢাকা, ১৯৯৫, পৃ: ৬৬

৪৪ প্রাগুক্ত, পৃ. ৬৮

Dhaka University Institutional Repository

সকল ব্যক্তিগত আইনে শিশুর অধিকার কমবেশি স্বীকৃত। হিন্দু আইন-এর ব্যতিক্রম নয়। নিম্নে হিন্দু আইনে[৪৫] শিশুর অধিকার সম্পর্কিত বিধানবলী সংক্ষেপে বর্ণিত হলো :

১) ভরণ-পোষণ

২) অভিভাবকত্ব

৩) উত্তরাধিকার

৪) দান

১) fiY †cvlY : হিন্দু শাস্ত্রের মহামান্য মনুর মতে, "শত অপরাধে অপরাধী হলেও বৃদ্ধ পিতা-মাতা, সতী-স্ত্রী এবং শিশুর ভরণ-পোষণকে কখনো অগ্রাহ্য করা উচিত নহে।"[৪৬]

হিন্দু আইনে ভরণ-পোষণ সংক্রান্ত দায়িত্ব দু'ধরনের :

প্রথমত: ব্যক্তিগত ও শর্তহীন দায়িত্ব

দ্বিতীয়ত: মৌরকী বা অন্যসূত্রে প্রাপ্ত দখল হতে উদ্ভূত দায়-দায়িত্ব।

c_gZ : e¨w³MZ I kZnxb 'wqZ

একজন হিন্দু কোন সম্পত্তির মালিক হোক বা না হোক তার স্ত্রী, নাবালক পুত্র, অবিবাহিত কন্যা, বৃদ্ধ পিতা-মাতার ভরণ- পোষণ দিতে আইনগতভাবে বাধ্য।

২) Awf fveKZ : হিন্দু আইনে অভিভাবক তিন প্রকার। যেমন-

ক) স্বাভাবিক অভিভাবক : পিতামাতা স্বাভাবিক অভিভাবক।

খ) পিতা কর্তৃক উইল দ্বারা নিযুক্ত অভিভাবক : পিতার মৃস্কুর পর তার সন্তানের অভিভাবক কে হবে তা মৌখিক বা লিখিত দলিল মূলে নিযুক্ত করতে পারেন ।

গ) আদালত কর্তৃক নিযুক্ত অভিভাবক : এক্ষেত্রে অভিভাবক ও প্রতিপাল্য আইনের বিধান অনুসৃত হয়।

---

৪৫ মোঃ আনছার আলী খান, wkï welqK AvBb, বাংলাদেশ ল' বুক কোম্পানী, বাংলাদেশ, ঢাকা, সেপ্টেম্বর, ২০০০, পৃ ৪৭-৪৮।

46 *Hinduism and Children*, Hindu Website.com

Dhaka University Institutional Repository

Awffve‡Ki ‘wqZ I KZe¨ :

নাবালকদের বা শিশুদের ভরণ-পোষণ, দেহ ও মন এবং সম্পত্তির ব্রজাব্রেজা করা। ১৮৬৫ সালে ভারতীয় সাবালকত্ব আইন অনুসারে ১৮ বছরের কম বয়সের যে কোন নর-নারী নাবালক (শিশু) হিসেবে গণ্য হয়।

৩) DËiwaKvi : হিন্দু আইনে শিশু তার পরিবারের সম্পত্তির উত্তরাধিকারী। তবে নারীদের উত্তরাধিকার সীমিত। বর্তমানে তাদেরকে প্রকৃত উত্তরাধিকারী করার জন্য আইন সংস্কারের কাজ চলছে।

4) ‘vb : হিন্দু আইনে একজন শিশুও দান গ্রহীতা হতে পারে। অজাত শিশুর অনুকূলে ও দান করা যেতে পারে। ১৯১৬ সালের Disposition of Property Act এর বিধানবলে কতিপয় শর্ত সাপেক্ষে অজাত ব্যক্তির উদ্দেশ্যে দান করতে হলে তা করার সময় জীবিত একাধিক ব্যক্তির বরাবরে জীবনস্বত্বে অথবা অন্য কোন প্রকার সীমিত স্বত্ব সৃষ্টিপূর্বক তা করা যায়।

3. 3. 2. †eš× a‡g

বৌদ্ধ ধর্ম শিশুদের প্রতি কোন কিছুর জন্য কঠোর না হওয়ার উপর গুরুত্ব আরোপ করে। এ প্রসঙ্গে Clark strand মত পোষণ করেন যে, In my opinion however, forcing hard religious opinions and beliefs upon children blocks their own ability to decide things for themselves and sets them up in intolerance and distrust of others in their adult years. At the very best I think that parents and monasteries should emphasize this important teaching by Buddha from the Kalama sutra:[৪৭]

বৌদ্ধধর্মে শিশুদের বহু অধিকার স্বীকার করলেও উত্তরাধিকারের ক্ষেত্রে নারীর তথা কন্যাদের অধিকার স্বীকার করে না। বৌদ্ধ ধর্মের উত্তরাধিকার আইনে উত্তরাধিকারীদের যে দীর্ঘ তালিকা পেশ করা হয়েছে তাতে পুত্র থেকে শুরু করে কাজিনের প্রপৌত্র পর্যন্ত প্রায় সবই পুরুষ। অথচ এ তালিকায় মৃতের স্ত্রী, কন্যা, বোন ও পৌত্রির নাম উল্লেখ নেই।অর্থাৎ উত্তরাধিকারের ক্ষেত্রে নারীরা অবহেলিত।[৪৮]

---

৪৭ http:// the buddhism. com 2007/08/byddism and children html.

৪৮ ‘¨ BbmvB‡KwcwWqv weUwbKv, খ.৫, পৃ. ৭৩২

Dhaka University Institutional Repository

বৌদ্ধ ধর্ম মতে বৌদ্ধের আশ্রয় গ্রহণ, ধর্মের আশ্রয় গ্রহণ ও সংঘের আশ্রয় গ্রহণ করা একান্ত প্রয়োজন। তাইত তারা উচ্চারণ করে থাকে- "বুদ্ধং শরণং গচ্ছামি, ধর্ম্মং শরণং গচ্ছামি, সংঘম শরণং গচ্ছামি।" বৌদ্ধ ধর্ম শান্তির প্রবক্তা। তাদের মতে উস্ি্তখিত ত্রিশরণের মাধ্যমে মানুষের অধিকার তথা শান্তি নিশ্চিত করা সম্ভব। বৌদ্ধ ধর্মের শ্রিস্ত্র অহিংস পরম ধর্ম, জীব হত্যা মহাপাপ। এর চারটি সত্য ও শান্তি লাভের জন্য মার্গ মতবাদ একসময় ভারত ও দ্বক্তিাপূর্ব এশিয়ায় বিপ্লব সৃষ্টি করেছিল। তখনকার শান্তিকামী, অহিংস মানুষ বৌদ্ধ ব্রাহ্মণ ও ভিক্ষুদের প্রচারাভিযানের ফলে দলে দলে গৌতম বুদ্ধের শ্রিস্ত্রর অনুসারি হয়েছিল। মূলত এ ধর্মে দু:খ থেকে মুক্তি পাওয়া তথা জন্ম থেকে মুক্তি লাভ করে নির্বাণ লাভের উদ্দেশ্যে যে অষ্টমার্গ মতবাদের কথা বলা হয়েছে তার মাঝেই মানব জীবনের এবং সকল জীবের সকল অধিকার প্রতিষ্ঠার শ্রিস্ত্র রয়েছে। বৌদ্ধ ধর্ম গ্রন্থ ত্রিপিটকের বিবিধ সূত্রে সরাসরি শিশু সম্বন্ধে আলোচনা করা হয়েছে। নিম্নে এর কয়েকটি তুলে ধরা হল।

(ক) ত্রিপিটকের সূত্র পিটকগ্রন্থের অন্তর্গত সিগালকোবাদ সূত্রের ৩নং শ্লোকে তথাগত বুদ্ধ সিগালক নামক ব্রাহ্মণ পুত্রকে বলেছেন, পুত্র-কন্যা বা শিশু সন্তানদের প্রতি মাতা-পিতার ৪ প্রকার কর্তব্য রয়েছে। যেমন-

১) শিশু সন্তানদের আদর-যত্ন সহকারে লালন পালন করবে।

২) উপযুক্ত শ্রিস্ত্র প্রদান করবে।

৩) সৎপথে পরিচালনা করবে।

৪) প্রাপ্ত বয়স্ক কিংবা উপযুক্ত বয়সে সৎ পাত্রী দেখে বিবাহ সম্প্রদান করবে।

(খ) করণীয় মৈত্রী সূত্রের ৭ নং গাথায় বলেছেন, আপন শিশু সন্তানকে নিজের জীবনের বিনিময়েও ব্রস্ত্র করো এবং মঙ্গল সাধন করো। অনুরূপ অপরের সন্তানকেও অপরিসীম মৈত্রী দান করো আর ভালবাস। এছাড়া সকল জীবের প্রতিও সীমাহীন দয়াভাব পোষণ করো।

(গ) মহামঙ্গল সূত্রের ৫ নং শ্লোকে বলা হয়েছে, "নিজের ঔরসজাত শিশু বা সন্তানকে উপযুক্ত ভরণপোষণ এবং মর্যাদা সহকারে ব্রক্তাব্রেক্তা কর। নিজের শিশুদের জীবন সর্বদা নিরাপদ ও বিপদমুক্ত রেখ। ইহাই উত্তম মঙ্গল।"[৪৯]

উস্ে্তখ্য, বর্তমান বিশ্বে বৌদ্ধ ধর্মের দুটি প্রধান সম্প্রদায় দেখা যায়। সেগুলো হল মহাযানী বৌদ্ধ এবং হীনযানী বৌদ্ধ সম্প্রদায়। বাংলাদেশের বৌদ্ধরা হীনযানী, অবশ্য এদেশে এ মতবাদকে

৪৯ -মহামানব গৌতম বুদ্ধ

Dhaka University Institutional Repository

থেরোবাদী মতবাদ বলা হয়। শিশু অধিকার বিষয়ে এ উভয় সম্প্রদায় একইমত পোষণ করে।[৫০] বৌদ্ধ ধর্ম শিশুদের প্রতি কোন কিছুর জন্য কঠোর না হওয়ার উপর গুরুত্ব আরোপ করে।

3. 3. 3. Bqvû‘x ag

৬৬ . ড. মুহাম্মাদ ফজলুর রহমান, Aviex evsjv e¨enwiK Awfavb, (ঢাকা : রিয়াদ প্রকাশনী), পৃ.৮৩

৬৭ . প্রাগুক্ত পৃ.৭১৮

৬৮ . Avj-KziÔAvb, সূরা আন-নিসা, ৪ : ৫৯।

Dhaka University Institutional Repository

‘উলিল আমর’ বলা হয় সে সমস্ড় লোককে যারা মুসলমানদের সামাজিক ও সামগ্রিক কাজ কর্মের দায়িত্ব সম্পন্ন ব্যক্তি। ‘উলিল আমরের’ অন্দর্ভূক্ত হতে পারেন আলেমগণ, দেশ পরিচালক, আদালতের বিচারপতি, রাজনৈতিক নেতা বা দলীয় আমীর সামাজিক ও সাংস্কৃতিক বিষয়ে নেতৃত্বদানকারী এলাকার নেতৃবৃন্দ। ‘উলিল আমর’ বা নেতৃবৃন্দের আনুগত্য তিনটি শর্তের উপর নির্ভরশীল।

প্রথম শর্ত: মুসলমান হওয়া।

দ্বিতীয় শর্ত: আস্ ড়াহর প্রতি আনুগত্যশীল।

তৃতীয় শর্ত: রাসুল সাস্ ড়াস্ ড়াহু ‘আলাইহি ওয়াসাস্ ড়াম এর একান্ড় অনুগত।[৬৯]

4. 13. 3. AvbM‡Z¨i †•‡Î wkï¡i cwk•Y

একটি শিশু তার বয়সের এ স্ড়রে এসে মা-বাবার আনুগত্যের দিকে ঝুঁকে পড়ে সবচেয়ে বেশি। তবে প্রত্যেকেই তার লিঙ্গ ও জাতের আনুকূল্য বজায় রাখে। সুতরাং স্বভাবত ছেলেকে তার বাবার ও মেয়েকে তার মায়ের আনুগত্য করতে দেখা যায়। প্রকৃতপক্ষে এই বয়সে একটি শিশু-সন্ড়ানের জন্যে তার মা-বাবার সঙ্গে গভীর সম্পর্কের বহিঃপ্রকাশ ঘটে। এ বিষয়ে গভীর মনোযোগ প্রদান সন্ড়ানের প্রতিপালন ও তার নিরাপত্তা বিধানে বিশেষ ভূমিকা রাখবে।

ভালো কাজ- যার পেছনে কোন বিপদাশঙ্কা নেই তাতে আনুগত্য করায় সন্ড়ানের প্রতি কোন নিষেধাজ্ঞাও নেই। এমন কি শিশু নিজে সেটাকে ভালো মনে না করলেও একটি অবুঝ শিশু যখন তার মাকে ঘরের মধ্যে নামাজ পড়তে দেখে, তখন সে তার অনুকরণ করতে চেষ্টা করে। এ ক্ষেত্রে তাকে বারণ করা অনুচিত, যদিও এতে তার নামাজের একাগ্রতা বিঘ্নিত হয়ে থাকে অথবা সে এমন কিছু করে ফেলে যা উচিত নয়। বস্তুতঃ এসব করতে ছেড়ে দেয়াই তাকে নামাজে অভ্যস্ড় করার অন্যতম উপায়। উপরন্তু সম্ভব হলে তার জন্য একটি ছোট্ট জায়নামাজের ব্যবস্থা করা উত্তম। যাতে নামাজের সময় হলে সে তার মায়ের সঙ্গে নামাজ পড়তে ও নামাজে তার অনুকরণ করতে প্রাণিত হয়।

এমনিভাবে মা-বাবা বা যে কোন একজনের পক্ষ থেকেও মন্দ কাজ অথবা নিন্দিত আচরণ সন্ড়ানের সম্মুখে প্রকাশ পাওয়া উচিত নয়। মা-বাবা যে কোন একজনের যদি এ জাতীয় কর্মের অভ্যাস থেকে থাকে। যেমন : ধূমপান করা, তাহলে তাৎক্ষণিক আস্ ড়াহ তা‘আলার নিকট তওবা করা এবং কোন

---

[৬৯] . মাওদূদী, সাইয়্যেদ আবুল আ‘লা, Zvdnxgj Ki0Avb, অনুবাদ : আব্দুল মান্নান তালিব, (ঢাকা : আধুনিক প্রকাশনী, ২০০৩ ই.), ৫ম পারা, পৃ.৩২

Dhaka University Institutional Repository

অবস্থাতেই যেন শিশুটি তার এ কাজ দেখতে না পায় সে ব্যবস্থা করা কর্তব্য। যেমন : বিপদজনক কার্যসমূহ; যদিও তা কোন ত্রুটিযুক্ত বা নিষিদ্ধ কাজ নয়, তদুপরি তা একটি সন্তানের সম্মুখে করা অনুচিত। কারণ মা-বাবা ঘর থেকে বের হয়ে যাওয়ার পর নির্জনে সে তাদের অনুসরণ করার চেষ্টা করে থাকে। অথচ সে তো এই মুহূর্তেই তার নিরাপদ ব্যবহার-বিধি উত্তমরূপে জেনে নিতে সক্ষম হয়নি। যথা- চুলা ধরানো। প্রত্যন্তরে নান্দনিক ও উত্তম আচরণসমূহ সন্তানের সম্মুখে বেশি বেশি প্রকাশ করা দরকার। যথা- মা-বাবাকে সম্মান করা, মানবিক প্রয়োজনে যে স্থানটা অপরিচ্ছন্ন হয়ে যায় তা পরিষ্কার করা, গৃহস্থালীর মালামাল পরিষ্কার করা অথবা তার নির্দ্ধারিত স্থানে সেটা রেখে দেওয়া, খাবার গ্রহণের পূর্বে ময়লাযুক্ত হাত পরিষ্কার করা কিংবা খাবারের পূর্বে বিসমিল্লাহ এবং খাবারের শেষে আলহামদু লিল্লাহ পাঠ করা ইত্যাদি।

সন্তানের এ বয়োঃসন্ধিরে ভাষাগত দিক থেকে সন্তানের বিকাশ সাধনে অভিভাবকের যত্নবান হওয়া উচিত। যা আকর্ষণীয় ঘটনাবলী ও উদ্দীপক গল্পসম্ভার হলেও হতে পারে। যেগুলো একটি শিশু পরম আগ্রহভরে চুপ করে শুনতে থাকে। অতঃপর আশা করা যেতে পারে ; অভিভাবক যে ভূমিকাটা পালন করলেন শিশু নিজেও সে দায়িত্বটা পালন করবে এবং তা মনোযোগ সহকারে শুনবে। এভাবে কথা বলার ধারাবাহিকতায় ক্রমান্বয়ে সে অগ্রসর হতে থাকবে।

এ সময় শিশুকে 'করো' এবং 'করিও না' কিংবা আদেশ-নিষেধের পদ্ধতির ওপর তৃপ্ত না থেকে বরং 'নিজেই আদর্শ' এই পদ্ধতিতে শিশু প্রতিপালন করা অধিকতর শ্রেয়। কারY মডেল বা আদর্শ তার মননে দৃঢ়ভাবে বদ্ধমূল হয়ে থাকে। বাধ্য-বাধকতা ও বিধি-বিধান -যা একটু কষ্টসাধ্য মনে করলে ছেড়ে দেবে- আরোপের চেয়ে অনুকরণের ক্ষেত্রে বেশি কার্যকর।

আমরা অনেক সময় লক্ষ করি, কন্যা শিশু মাকে দেখে তার অনুকরণ করতে অভ্যস্ত। মা খাবারের পর রান্নাঘরে থালা-বাসন পরিষ্কার করতে ব্যস্ত ; তখন দেখি শিশুটিও অনাহুত ভাবেই রান্নাঘরে গিয়ে থালা-বাসন ধৌত করতে উদ্যত হয়।

উল্লেখ্য যে, সন্তানের অনুসরণের একটি নেতিবাচক ও বিপদজনক দিকও আছে। বিশেষত শিশু টেলিভিশনের পর্দায় যা দেখে তাৎক্ষণিকভাবে তার অনুশীলনের দিকে সে ঝুঁকে পড়ে।

4. 14. mšÍvb‡'i mv‡_ mØ¨envi Kiv

শিশুরাতো অবাঞ্ছিত কর্মকান্ড করতেই পারে। তাদের এই প্রবণতা কখনো বা অভিভাবকদের বিশ্রী শব্দাবলী প্রয়োগে শিশুদের গালি দিতে উদ্যত করে থাকে। যেমন : অভিসম্পাত করা অথবা কোন ইতর প্রাণীর নামে তাকে অভিষিক্ত করা ইত্যাদি। মনে রাখতে হবে এ আচরণটি নিঃসন্দেহে শিশুর

Dhaka University Institutional Repository

মনের মধ্যে অবিলম্বে স্থান করে নেবে। এর ফলে সে তার ভাই-বোন ও সংশিণ্টষ্ট সকলের সঙ্গে অনুরূপ আচরণ করতে প্রয়াস পাবে।

এমনিভাবে তাকে অভ্যস্ড় করতে হবে, কিভাবে নান্দনিক শব্দাবলি প্রয়োগে তার চেয়ে অপ্রেজ্ঞকৃত বড়দের সঙ্গে কথা বলতে ও সম্মান জনক উপাধিতে তাদেরকে ডাকতে হয়। যেমন : জনাব, উস্ড় াদ, শায়খ ও কাকা ইত্যাদি। আপনি ল্রজ্ঞ করে থাকবেন, অনেক ছোট শিশু কোন বড় ব্যক্তিকে তার নাম ধরে ডাক দিয়ে বলছে : হে অমুক, একটি শিশু এর গুর"ত্ব কি করে বুঝতে পারবে? এজ্ঞেত্রে সম্পূর্ণ দোষ অভিভাবকের, শিশুর নয়। কারণ তিনিই সময়মত তাকে এ বিষয়ে দিকনির্শেনা দেননি।

আস্ ড়হ পাক প্রত্যেক মাতা-পিতার অন্ড়রেই সন্ড়নের প্রতি মহব্বাত তৈরী করে দিয়েছেন। বস্তুত এ হচ্ছে আস্ ড়হর কুদরতেরই একটি নিদর্শন এবং গোটা মানব জাতির প্রতি তাঁর অন্যতম শ্রেষ্ঠ কর"ণা ও অনবদ্য বিশেষ অবদান। সন্ড়নের ভালমন্দ সম্পর্কে পিতা-মাতা সর্বাধিক সচেতন হয়ে থাকেন। সৎ সন্ড়ন মাতাপিতার জন্য আশীর্বাদ ও আস্ ড়হর বিশেষ রহমত। এ প্রসঙ্গে আস্ ড়হ্ তা'আলা বলেন:

"ধনৈশ্বর্য ও সন্ড়ন-সন্ড়তি পার্থিব জীবনের শোভা এবং স্থায়ী সৎকর্ম। তোমার প্রতিপালকের নিকট পুরস্কার প্রাপ্তির জন্য শ্রেষ্ঠ এবং কাঙ্ক্ষিত হিসেবেও উৎকৃষ্ট।"[৭০]

ভালবাসা, স্নেহ, মমতা পাওয়া সন্ড়নের একটি মৌলিক অধিকার।এ প্রসঙ্গে হাদীসের এক বর্ণনায় পাওয়া যায়, হযরত 'আয়িশা (রা.) বলেন, "জনৈক বেদুঈন রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু 'আলাইহি ওয়াসাস্ ড়ম-এর খিদমতে এসে বলল, আপনি কি সন্ড়নদের চুমু দেন? আমরা তো কখনো সন্ড় ানদের চুমু দেই না। রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু 'আলাইহি ওয়াসাস্ ড়ম তাকে বললেন, আস্ ড়হ যদি তোমাদের অন্ড়র থেকে দয়া মহব্বত ছিনিয়ে নিয়ে থাকেন, তবে আমারই বা কি করার আছে?[৭১] অপর এক বর্ণনায় এসেছে, হযরত আবু হুরাইরা (রা) বলেন, "একবার রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু 'আলাইহি ওয়াসাস্ ড়ম হযরত হাসান ইবনি 'আলী (রা) কে চুমু দিলেন, সেখানে আকরা ইবন হাবিস (রা.) উপস্থিত ছিলেন। এ দৃশ্য দেখে তিনি বললেন, আমার দশটি সন্ড়ন আছে, আমি কখনো তাদের চুমু দেই নি। একথা শুনে রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু 'আলাইহি ওয়াসাস্ ড়ম তার দিকে তাকালেন এবং বললেন, যে দয়া করে না, তার প্রতি দয়া করা হয় না।"[৭২]

---

৭০ Avj-Ki©Avb, সূরা আল-কাহাফ ১৮ : ৪৬

৭১ বুখারী, mnxn Avj eLvix, প্রাগুক্ত, খ. ৫, পৃ. ২২৩৫, হাদীস নং ৫৬৫২।

৭২ ইমাম আহমদ, gmbv' Avng', প্রাগুক্ত,খ. ২, পৃ. ২২৮, হাদীস নং ৭১২১।

Dhaka University Institutional Repository

হাদীসে ছোটদের প্রতি দয়া প্রদর্শন ও বড়দের সম্মান দেখানোর নির্দেশ দেয়া হয়েছে। এ প্রসঙ্গে হাদীসের এক বর্ণনায় এসেছে, রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু 'আলাইহি ওয়াসাস্ ড়ম বলেন : "সে আমার দলভুক্ত নয়, যে ছোটদের প্রতি স্নেহপরায়ণ ও বড়দের প্রতি শ্রদ্ধাশীল নয়।"[৭৩]

হাদীসের অন্য এক বর্ণনায় এসেছে, হযরত 'আয়িশা (রা.) হতে বর্ণিত একদা এক মিসকিন মহিলা তার দুকন্যাকে নিয়ে আমার নিকট আসলে আমি তাকে তিনটি খেজুর দিলাম। মহিলাটি তার দুকন্যাকে দুটো খেজুর দিয়ে অপরটি নিজে মুখে তুলে নিচ্ছিলেন এমন সময় সন্ড়ানেরা ওটাও খেতে চাইলে ভাগ করে দু'শিশুকে দিয়ে দেন। এতে হযরত 'আয়িশা (রা.) বিস্মিত হন। তিনি ব্যাপারটি রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু 'আলাইহি ওয়াসাস্ ড়ম কে জানালে তিনি বললেন– এর বিনিময়ে আস্ ড়হ মহিলাটিকে জান্নাত দেবেন কিংবা তাকে জাহান্নাম থেকে মুক্তি দিবেন।[৭৪] হাদীসের অপর এক বর্ণনায় এসেছে, শু'বাহ রা. হতে বর্ণিত, তিনি নবী সাস্ ড়স্ ড়হু 'আলাইহি ওয়াসাস্ ড়ম থেকে বর্ণনা করে বলেন: "রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু 'আলাইহি ওয়াসাস্ ড়ম-এর তুলনায় সন্ড়ান-সন্ড় তির প্রতি অধিক স্নেহ-মমতা পোষণকারী আমি আর কাউকে দেখিনি। তাঁর পুত্র ইবরাহীম (রা.) মদীনায় উঁচু প্রান্ড়ে ধাত্রী মায়ের কাছে দুধপান করতেন। রাসূল সাস্ ড়স্ ড়হু 'আলাইহি ওয়াসাস্ ড় াম প্রায়ই সেখানে যেতেন এবং আমরাও তাঁর সাথে যেতাম। তিনি যে ঘরে যেতেন সে ঘরটি প্রায়ই ধোয়ায় আচ্ছন্ন হয়ে থাকত। কারণ ইবরাহীমের ধাত্রী মায়ের স্বামী ছিল একজন কর্মকার। তিনি ইবরাহীমকে কোলে তুলে নিতেন, আদর করে চুমু দিতেন, এরপর চলে আসতেন। বর্ণনাকারী বলেন, যখন ইবরাহীম (রা.) ইন্তিকাল করেন, তখন রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু 'আলাইহি ওয়াসাস্ ড়ম বললেন– ইবরাহীম আমার পুত্র। সে দুধপানের বয়সে ইনতিকাল করেছে। সুতরাং জান্নাতে তাকে একজন ধাত্রী দুধপান করাবে।"[৭৫]

4. 15. A_en mZ¨ M‡íi gva¨‡g cÖZcvjb

যে সব পদ্ধতির ওপর নির্ভর করা যায় চিত্তাকর্ষক গল্পপদ্ধতি তার মধ্যে উস্ ড়খযোগ্য। অভিভাবক ও শ্রিক্ষ একটি সত্য ও বাস্ড়বানুগ গল্প নির্বাচন করতে পারেন। অধিকাংশ সত্য ও বাস্ড়ব গল্পের মাধ্যমে আমাদের ইচ্ছার প্রতিফলন ঘটাতে পারি। গল্পের বিভিন্ন শ্রিক্ষীয় দিক সম্বলিত অংশ বিশেষ থেকে আমাদের সন্ড়ানদের প্রতিপালন ও পরিচর্যা করতে পারি। যেমন : সততা, আমানতদারী,

---

৭৩ মুসলিম, mnxn gmwjg, প্রাগুক্ত, খ. ৪, পৃ. ৩২১।

৭৪ ইমাম আহমদ, gmbv' Avng', প্রাগুক্ত,খ. ৫, পৃ. ২৫২, হাদীস নং ২২২২৭।

৭৫ আলী বিন আবি বকর আল হাইছামী, gvRgvÔDh hvIqwq', বৈরুত, দারুল কিতাবিল আরাবী, ১৪০৭, খ. ১, পৃ. ৬৫।

Dhaka University Institutional Repository

কর্তব্য-পরায়ণতা, সাহসিকতা, অভাবীর সাহায্য, গরীবের প্রতি দয়া ও বড়দের প্রতি সম্মান প্রদর্শন ইত্যাদি। সুতরাং অভিভাবক এক বা একাধিক এমন গল্প উপস্থাপন করবেন, যা তিনি শিশুকে যে আদবটির ওপর প্রতিপালন করতে চাচ্ছেন তা নিশ্চিত করবে। এর মধ্য দিয়েই তার অভীষ্ট লক্ষ্য বাস্ড়বায়িত হয়ে যাবে।

এক্ষেত্রে জীবনী বিষয়ক গ্রন্থাবলী থেকে সাহায্য নেয়া একজন অভিভাবকের নিকট অত্যন্ড় উপকারী হিসেবে প্রমাণিত। কারণ, এখানে শিশুর পরিচর্যায় আমাদের প্রত্যাশা ও প্রয়োজনের সমন্বয়ে পর্যাপ্ত পরিমাণ সত্য গল্পসম্ভার রয়েছে। বিশেষ করে রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু আলাইহি ওয়া সাস্ ড়মের যুদ্ধাভিযানসমূহ, সাহাবায়ে কেরামের রা. জীবনালেখ্য, তাদের বীরত্ব-গাঁথা ও নেতৃত্ব। আমাদের পূর্ব পুর"ষগণ রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু আলাইহি ওয়া সাস্ ড়মের ছোট ও বড় যুদ্ধাভিযান থেকে তাদের সন্ড়ানদের প্রতিপালনের জন্য বড় ধরনের একটা উপাদান গ্রহণ করে থাকতেন। ইসমাঈল বিন মুহম্মদ বিন সা'দ রহ. বলেন, 'আমার পিতা আমাকে রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু আলাইহি ওয়া সাস্ ড়মের যুদ্ধ সম্পর্কিত ঘটনাবলীর বিবরণ শ্রিজ্ঞ দিতেন। এবং গাযওয়াহ[৭৬] ও সারিয়াহ'র বর্ণনা দিতেন।' এবং বলতেন- 'হে বৎস, এ হলো তোমার বাপ-দাদার ঐতিহ্য; অতএব তোমরা এটা ভুলে যেও না।' আলী বিন সুহাইল থেকে বর্ণিত, তিনি বলেন, 'আমরা রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু আলাইহি ওয়া সাস্ ড়মের ছোট বড় সকল যুদ্ধের ঘটনাবলী শ্রিজ্ঞ করতাম যেভাবে আল-কুরআনের সুরাগুলো শ্রিজ্ঞ করতাম।'

প্রজ্ঞন্ড়রে মনগড়া গল্পের মধ্যে কোন ক্রিয়া বা প্রভাব নেই। কারণ প্রথমটা হলো সূত্র নির্ভর, বাস্ড়বে যার সত্যতা সুপ্রমাণিত। এটাতো শুধু কল্পনা প্রসূত ঘটনা নয়। আস্ ড়হ তাআ'লাও পবিত্র কুরআনে সুন্দরতম গল্পের অবতারণা করেছেন। যেমন তিনি বলেন : 'তাদের কাহিনীতে রয়েছে বোধশক্তি সম্পন্ন মানুষদের জন্য শ্রিজ্ঞ, এটা মিথ্যা রচনা নয়।'[৭৭]

এমন কাল্পনিক কাহিনী বলা থেকেও বিরত থাকতে হবে যা কখনোই বাস্ড়বে সংঘটিত হওয়া সম্ভব নয়। যথা : 'একলোক চড়ুই পাখির উদরে প্রবেশ করল। অতঃপর সে একস্থান থেকে অন্য স্থানে সাধারণ মানুষের বির"দ্ধে গোয়েন্দাগিরি করার উদ্দেশ্যে তাদের প্রাসাদ কিংবা ঘর ইত্যাদিতে ঘুরে বেড়াতে লাগল, তাদের অবস্থা পর্যবেক্ষণ করার জন্য।' এ গল্পটা একদিকে যেমন নিন্দিত চরিত্র গোয়েন্দাগিরির দিকে ইঙ্গিত করে, যা পৃথিবীতে আস্ ড়হ প্রদত্ত শৃঙ্খলার পরিপন্থী। সাথে সাথে তা

---

৭৬. MvRIqvn : যে যুদ্ধে রাসুলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বয়ং উপস্থিত থেকে সেনাপতির দায়িত্ব পালন করেছেন। সারিয়াহ্ যে যুদ্ধে রাসুলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সশরীরে উপস্থিত ছিলেন না কিন্তু তাঁর নির্দেশে কোন সাহাবীর রা. নেতৃত্বে যুদ্ধ পরিচালিত হয়েছে।

৭৭. মহান আল্লাহর বাণী :

لَقَدْ كَانَ فِي قَصَصِهِمْ عِبْرَةٌ لِّأُولِي الْأَلْبَابِ مَا كَانَ حَدِيثًا يُفْتَرَى

Avj-KiÛAvb, সূরা ইউসূফ, আয়াত ১১১

Dhaka University Institutional Repository

একটি শিশুকে বাস্ড়বতা থেকে অনেক দূরে ঠেলে দেয়। এবং এই বাস্ড়ব পৃথিবীতে বাস্ড়বায়নের অযোগ্য বিষয়াদির সঙ্গে শিশুকে সম্পৃক্ত করে ফেলে। ফলে সে বাস্ড়ব পৃথিবী রেখে অবাস্ড়ব ও কাল্পনিক পৃথিবীতে হারিয়ে যায়। এর বিরূপ প্রতিক্রিয়া ও কু-প্রভাব শিশুর জীবনে অবশ্যই পড়বে।

4. 16. wewfb Kv‡Ri Rb¨ cwZ‘vb †‘qv

পুরস্কার দানের পদ্ধতিসমূহের মধ্যেও প্রকারভেদ রয়েছে। একটা পরোক্ষ ও অন্যটা বৈষয়িক পুরস্কার, তবে উভয়টাই কাম্য। একটা গ্রহণ করে অন্যটা উপ্রেক্ষ করার সুযোগ নেই ; বিশেষ করে শিশুর এই বয়োঃস্ড়রে। অভিভাবক কখনো কোন প্রতিদান বা পুরস্কারের অঙ্গীকার করলে তার কর্তব্য হলো পুরস্কার সংক্রান্ড় প্রতিশ্র“তি পূরণ করা। কারণ প্রতিশ্র“তি ভঙ্গ করলে শিশুটি অভিভাবকের অঙ্গীকারের ওপর আর কোন আস্থা রাখবে না। ফলে এ দিক থেকে শিশুর বড় ধরনের ক্ষতি হয়ে যেতে পারে। অন্য দিকে তার আনুগত্যের ওপরও বিরূপ প্রভাব পড়বে। সুতরাং যা বাস্ড়বে পূরণ সম্ভব নয় বা যার বাস্ড়বায়ন কঠিন এমন বিষয়ের অঙ্গীকার না করাই তার অঙ্গীকার পূরণের জন্য সহায়ক। যেমনিভাবে এমন কোন অঙ্গীকার করবে না যা চাহিদার সঙ্গে সামাঞ্জস্যশীল নয়। যেমন : বিপুল সম্পদ প্রদান অথবা বিমান ভ্রমণের অঙ্গীকার যা পূরণ করা কম লোকের পক্ষেই সহজ।

কোন কোন অভিভাবক মিথ্যা ও অঙ্গীকার ভঙ্গের প্যাঁচ থেকে বেরিয়ে যেতে চায় এভাবে যে, যে কোন অবস্থায় সে মিথ্যা ব্যবহার করে কোন কাজ করা বা পরিত্যাগে শিশুকে অনুপ্রাণিত করবে। অতঃপর আলোচনার শেষে একথা বলে দিবে, ইনশা আস্ ড়হর (যদি আস্ ড়হ চাহে তো) এই ভিত্তিতে যে, তেমনটি যদি সে নাও করে থাকে তাহলে সে মিথ্যাবাদী অথবা ওয়াদাভঙ্গকারী হচ্ছে না। কিন্তু শিশুর ওপর এরও একটি বিরূপ প্রভাব রয়েছে। কারণ তার স্মৃতিতে প্রত্যাশা বাস্ড়বায়ন না হওয়ার এই সুন্দর কথাটি বদ্ধমূল হয়ে থাকবে। এমনকি কিছুদিন পর যখন আপনি তার সঙ্গে কোন অঙ্গীকার করে বলবেন, ইনশা আস্ ড়হ। তখন উত্তরে সে বলবে, ইনশা আস্ ড়হ ছাড়া কথা বলুন।

অভিভাবকের মনের মধ্যে যখন কোন কাজ করার দৃঢ় সংকল্প থাকবে শুধুমাত্র তখনই এই বাক্যটি বলা উচিত। এরপর উক্ত কাজ সম্পন্ন করা যদি সম্ভব নাও হয়, তাহলেও তার কোন অসুবিধা নেই। সে ওয়াদাভঙ্গকারী হিসেবে গণ্য হবে না। সুতরাং এটা কোন ঝুলন্ড় বিষয়ে নয়, নিশ্চিত বিষয়ের ক্ষেত্রে বলবে। আর এই অভিমতের ওপর ভিত্তি করে যে, বাক্যটি সম্পর্কে শিশুর মনে কোন অসঙ্গত ধারণা আসবে না। বরং সে জানতে পারবে ইনশা আস্ ড়হ বাক্যটি শুধুমাত্র ভবিষ্যতে অনুষ্ঠিতব্য বিষয়াবলী সম্পর্কে বলা হয়ে থাকে। কারণ আস্ ড়হ তাআ'লাই হলেন সকল কর্মের একচ্ছত্র বিধাতা ও নিয়ামক। কোন কিছুই তাঁর ইচ্ছা ব্যতিরেকে সংঘটিত হয় না, হতে পারে না।

Dhaka University Institutional Repository

4. 17. mšÍvb‡`i wZi¯‹vi I e` `ÔAv bv Kiv

বিপদ- আপদ মুসলিমদের সাথি। তবে তা আজাব-গজব হিসাবে নয়। পরীক্ষা, উচ্চ মর্যাদা লাভ ও পাপ মুক্তির কারণ হিসাবে এসে থাকে। যদি বিপদ আপদে ধৈর্য ধারণ করা হয় তাহলেই সেই বিপদ আপদ মুসলমানের জন্য কল্যাণ বয়ে আনে। গুনাহ মাফের কারণ হিসাবে গৃহিত হয়। বিপদ-মুসীবত নিজের উপর আসুক বা নিজের সন্তান-সন্তুতি, পরিবারের উপর আসুক কিংবা নিজের সম্পদের উপর আসুক সকল প্রকার বিপদে ধৈর্য ধারণ করলেই তা গুনাহের কাফফারা হিসাবে গ্রহণ করা হয়। এ প্রসঙ্গে আল্লাহ্ তা'আলা বলেছেন : "আমি তোমাদেরকে কিছু ভয়, ক্ষুধা এবং ধন-সম্পদ, জীবন ও ফল-ফসলের ক্ষয়ক্ষতি দ্বারা অবশ্যই পরীক্ষা করব। আর তুমি শুভ সংবাদ দাও ধৈর্যশীলদের।"[৭৮] এ প্রসঙ্গে হাদীসের অপর এক বর্ণনায় এসেছে, আবু হুরাইরা রা. থেকে বর্ণিত, তিনি বলেন : রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "মুমিন নর ও নারীর উপর, তাদের সন্তান-সন্তুতি ও ধন-সম্পদের উপর সর্বদা বিপদ-মুসীবত আসতেই থাকে। অবশেষে সে আল্লাহর সাথে এমন অবস্থায় সাক্ষাত করে যে, তার আর কোন পাপ অবশিষ্ট থাকে না।"[৭৯]

4. 18. AbvKvw•ÿZ Kv‡Ri Rb¨ kvw¯Í cÖ`vb Kiv

মানুষ চাই সে ছোট হোক বা বড়, অবাঞ্ছিত কাজ করা থেকে কেউই মুক্ত নয়। যেমনিভাবে 'শিশু শরিয়ত কর্তৃক আদিষ্ট নয়' যুক্তিতে তাদের সকল ভুলত্রুটি ও অন্যায় কাজে শৈথিল্য প্রদর্শন করলে তাদের ভালোভাবে শিক্ষা-দীক্ষা সম্ভব হবে না। এমনিভাবে তার থেকে সংঘটিত প্রতিটি ভুলের জন্য শাস্তি দেয়া অথবা ভুল-ত্রুটির মাঝে বিদ্যমান নিশ্চিত পার্থক্য ও প্রকরণ উপেক্ষা করে সকল ভুলত্রুটিকে একই মাপকাঠিতে বিচার করা অথবা একই দৃষ্টিতে দেখা এবং শাস্তি প্রদান অভিভাবকের প্রথম টার্গেট বানানো উচিত নয়। যখন শিশুকে শাস্তি প্রদান তথা শারীরিক শাস্তি প্রদানই উত্তম বলে সিদ্ধান্ত হবে, তখন তাকে শাস্তি দেয়া যেতে পারে। যাই হোক ছোট্ট বয়সে শিশুর শারীরিক শাস্তি কাম্য নয়। তাছাড়া এর অনেক ক্ষতিও রয়েছে।

ইবনে খালদুন রহ. তার আল-মুকাদ্দিমা-তে এ দিকেই ইঙ্গিত করেছেন- 'ছাত্রদের ওপর কঠোরতা আরোপ তাদের জন্য ক্ষতিকারক। কারণ শিক্ষার ক্ষেত্রে শাস্তি প্রদানে সীমালংঘন শিক্ষার্থীর জন্য ভীষণ ক্ষতিকারক। বিশেষ করে ছোট ছোট শিশুদের ক্ষেত্রে। কারণ এটা হলো মন্দ প্রবণতা। যে অভিভাবক প্রতিপালনের ক্ষেত্রে কঠোরতা ও রুক্ষভাব প্রদর্শন করে থাকেন তার ছাত্র, অধীনস্থ ও গৃহ পরিচারিকাদের প্রতি। তাহলে সে কঠোরতা শিশুকে আক্রান্ত করবে ও তার ওপর আধিপত্য বিস্তৃ

---

৭৮. Avj-KziAvb, সূরা আল-বাকারা, আয়াত : ১৫৫।

৭৯. তিরমিযী, Avm-mbvb, প্রাগুক্ত, খ. ৪, পৃ. ৬০২, হাদীস নং-২৩৯৯।

Dhaka University Institutional Repository

ার করে বসবে। ফলশ্র“তিতে শিশুর মন সংকীর্ণ হয়ে যাবে ও উৎসাহ হারিয়ে ফেলবে। কাপুর“ষতা ও অলসতার দিকে তাকে ধাবিত করবে, মিথ্যা ও দুষ্টামির দিকে তাকে উদ্যত করবে।

ফলে তার প্রতি কঠোরতার হাত সম্প্রসারিত হতে পারে এই আশঙ্কায় অন্ড়রে যা আছে তার বিপরীত সে প্রকাশ করে থাকবে। এটা তাকে প্রহসন ও প্রতারণা শিক্ষ দেবে। এক পর্যায় গিয়ে এটা তার অভ্যাস ও চরিত্রে পরিণত হয়ে যাবে। ফলে মানবতার মর্মবাণী ধ্বংস প্রাপ্ত হবে; যার জন্য একটি সমাজ ও সভ্যতা গড়ে উঠে।

পরিবার হল তার প্রাণ ও গৃহের প্রতিরক্ষ। এক্ষেত্রে সে অন্যের ওপর নির্ভরশীল হয়ে পড়বে। বরং উত্তম গুণাবলি ও নান্দনিক চরিত্র অর্জনে সে হবে ব্যর্থ এবং মানবতার দাবী পূরণে অসমর্থ। অতঃপর সে এত নীচে নেমে যাবে যে, সৃষ্টির মধ্যে সর্বাপ্রেক্ষ নিম্ন শ্রেণী থেকেও অনেক নীচে চলে যাবে।

এমনটি ঘটেছে প্রতিটি জাতির বেলায় যারা আধিপত্যবাদের কবলে চলে গেছে। ফলে সেখান থেকে শুধু অত্যাচার-অবিচার ও নিপীড়নই চলেছে অব্যাহতভাবে। একে আপনি পরাধীন গণ্য করতে পারেন। শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষকের ও সন্ড়ানের ক্ষেত্রে পিতার কর্তব্য হলো তাদেরকে শিষ্টাচার শিক্ষদানের ক্ষেত্রে স্বৈরাচারী বা কঠোর না হওয়া।'[৮০]

শিশুকে শাস্ড়িদানের ক্ষেত্রে ধীরতা অবলম্বন করা উচিত। তাহলে বিভিন্ন প্রকার শাস্ড়ির দ্বারসমূহ অভিভাবকের নিকট উম্মোচিত হবে। তখন কঠোরতা আরোপ একই প্রক্রিয়ায় হবে না। বরং প্রতিটি জায়গায় তার উপযোগী শাস্ড়ির ব্যবহার করতে সক্ষ হবে।

শাস্ড়ির একটি প্রকরণ শুধুমাত্র শারীরিক শাস্ড়ির ওপর নির্ভরতা, দৈহিক শাস্ড়ি ভিন্ন অন্য অসংখ্য শাস্ড়ির প্রকরণ সম্পর্কে অভিভাবকের অজ্ঞতা অথবা তার ফলাফল সম্পর্কে অতৃপ্তি থাকা উচিত নয়। সে কারণেই শাস্ড়ি, তার অসংখ্য পদ্ধতি আয়ত্ব করা ও তার প্রয়োজনীয়তা সম্পর্কে সম্যক অবগতি অর্জন করা দরকার। মনে রাখতে হবে দৈহিক যাতনা শাস্ড়ির কোন নির্ভরযোগ্য পদ্ধতিই হতে পারে না।

ঐ ব্যাপারে অসতর্কতাকে ভাল মনে করা ঠিক নয়। কখনো কখনো এ জাতীয় ভুলও হয়ে থাকে। কখনো শুধুমাত্র চোখের দৃষ্টি নিক্ষেপের প্রয়োজন হয়ে থাকে অথবা এক প্রকারের অসন্তুষ্টি বা অগ্রাহ্যের প্রকাশ করা যেতে পারে। অনেকে তো এক্ষেত্রেও একটি মার্জিত বাক্য অথবা সূক্ষ্ম ইঙ্গিতের ওপরই তৃপ্ত থাকেন। আবার অনেক ক্ষেত্রে শিশু সন্ড়ানকে তার পছন্দনীয় বস্তু থেকে বঞ্চিত রাখারও প্রয়োজন পড়ে।

এই বয়োঃস্ড়রে যে সকল শাস্ড়ি প্রয়োগ করা সম্ভব তা অবশ্যই শিশুর ওপর প্রভাব বিস্ড়ারকারী। চেহারার প্রফুস্ড়তা না রাখা অথবা তার সঙ্গে হাসি-আনন্দ পরিহার করা। তাকে উপ্রেক্ষ করা ও তার অপর ভাই-বোনদের প্রতি মনোযোগ নিবদ্ধ করা, তার সঙ্গে কথাবার্তা ও গল্প বলা বন্ধ করে দেয়া।

---

[৮০]. ইবনে খালদুন, Avj-gKwÏgv, c. ৫০৮

Dhaka University Institutional Repository

4. 19. kw¯ c'v‡b KwZcqÎ"wU-wePz¨wZmgn

কোন কোন কাজ থেকে অভিভাবক যখন তাকে বারণ করতে সক্ষম হবে না অথবা তার তরুণ সন্ড়ানটি তার দিকনির্দেশনায় সাড়া দেবে না। সে কারণে তার ভরণ-পোষণ স্থগিত করে দেবেন অথবা তার ঘরে প্রবেশ করাতে নিষেধাজ্ঞা জারী করবেন। কিন্তু কখনো এটা সমস্যার সমাধান হতে পারে না। এটা বরং তখন সমস্যার প্রকট আকার ধারণ ও বৃদ্ধির কারণ হয়ে দাঁড়ায়। এরপর শাস্তির আশঙ্কায় অবশ্য এতে তরুণটি অভ্যস্ড় হয়ে পড়তে পারে। আবার এর যে কোন সমাধান নিজের থেকে খুঁজতে আরম্ভ করে দিতে পারে। অবশ্য তখন সর্বাপ্রেক্ষা দ্রুত ও সহজ সমাধান হতে পারে বিপথে ভ্রমণের সূচনা। পরিচিত ভ্রমণটি হতে পারে তাদের পথে যাদেরকে বলা হয় মন্দ বন্ধুমহল। ফলতঃ তারাই হবে এ পথের মূল শিকার, যেখানে সে হাঁটু গেড়ে বসে পড়বে। চূড়ান্ড় পর্যায় বাবা তাকে ফিরিয়ে আনার কিংবা নিয়ন্ত্রণ করার আর কোন উপায়ই খুঁজে পাবে না। কিন্তু এরপর কি হবে?

4. 20. wg_¨vejv cwiZ¨vM Kiv

একটি শিশু শুধুমাত্র তার সঙ্গে সম্পৃক্ত উদ্দেশ্যই বাস্ড়বায়ন করতে চায় অথবা সে কতিপয় অবাঞ্ছিত কাজ ও আচরণের প্রতিক্রিয়া গোপন করতে চায়। অথচ তার কাজকে ভালোরূপে উপস্থাপন করার সামর্থ্য তার নেই। এক্ষেত্রে তার জন্য সর্বাপ্রেক্ষা সহায়ক ও সহজসাধ্য বিষয় হলো মিথ্যাবলা। অভিভাবকের এ ব্যাপারে খুব সতর্ক থাকা উচিত যে, শিশুটি যেন মিথ্যা বলার প্রয়োজন অনুভব না করে। অবশ্য তার মিথ্যা বলাটা কখনো একজন বয়স্ক ব্যক্তির মিথ্যা বলার মত নয়।

যেমন কোন শিশু সন্ড়ান তার বাবার নিকট একটি বিষয়ের বিবরণ দিল। পরে দেখা গেল আরেকজন বয়স্ক ব্যক্তি তার উল্টো বিবরণ দিল। তখন শিশুটির বাবা মনে করে তার বাচ্চাটির কথাই সত্য হবে। কেননা সন্ড়ানেরা মিথ্যা বলে না ও মিথ্যা চেনে না।

কিন্তু এটা ঠিক নয়। বরং মিথ্যা বলা সন্ড়ানের নিকট একটা মামূলী ব্যাপার ও খুবই সহজ। কারণ এর ভয়াবহতা সম্পর্কে সে অজ্ঞ, সে আদিষ্ট (মুকাস্ ড়াফ) নয় যে, শরিয়তের নিষেধাজ্ঞা বাধ্যতামূলকভাবে তার থেকে ছাড়াতে হবে। শিশু-সন্ড়ানটি সত্য বলল, না মিথ্যা? প্রমাণ ও আলামতের সাহায্যে তা নিশ্চিত হওয়া অভিভাবকের কর্তব্য। যেহেতু সাধারত সুন্দরভাবে সাজিয়ে গুছিয়ে সন্ড়ানের মিথ্যা বলার সামর্থটা খুবই দুর্বল। সেহেতু তার মনগড়া মিথ্যা চিহ্নিত ও সনাক্ত করা খুব সহজ। অভিভাবকের নিকট মিথ্যা প্রমাণিত হলে শিশুটিকে এর ভয়াবহতা ও পরিণতি সম্পর্কে পূর্ণ বিবরণ দেওয়া অভিভাবকের কর্তব্য। তাকে বলা যেতে পারে, মিথ্যা বলা কখনোই

কোন ভদ্রসন্ড়ানের চরিত্র হতে পারে না, নিশ্চয়ই আস্ ড়াহ তাআ'লা মিথ্যাবাদীকে ভালবাসেন না। এমন কি খোদ আমাদের প্রিয় নবী সাস্ ড়াস্ ড়াহু আলাইহি ওয়া সাস্ ড়াম এবং মুর্ব্বীগণও মিথ্যাবাদীকে ভালবাসেন না। মিথ্যার ক্ষতি ও অপকার সম্বলিত সংক্ষিপ্ত গল্প উস্ ড়খ করা যেতে পারে শিশুটির কাছে। কৃতকর্মের জন্য তাকে আস্ ড়াহ তা'আলার কাছে ক্ষমা চাইতে উদাত্ত আহ্বান জানাবেন ও সতর্ক করে দিবেন পুনরায় যেন কখনো এরকম কাজ সে না করে। আবারো তাকে সত্যের দিকে আহ্বান করবেন এবং বলবেন, নিশ্চয়ই আস্ ড়াহ তাআ'লা সত্যবাদীকে ভালোবাসেন। এমনিভাবে প্রিয় নবী সাস্ ড়াস্ ড়াহু আলইহি ওয়া সাস্ ড়াম ও মুর্ব্বীগণও সত্যবাদীকে ভালবাসেন। সত্যের প্রতি ভালোবাসার পুরস্কারও সে-ই ভোগ করবে। সন্ড়ানের পছন্দনীয় কোন জিনিস দেয়ার সময়ও তাকে সত্যের প্রতি অনুপ্রাণিত করবেন। কিন্তু মনে রাখতে হবে কখনোই তার মিথ্যারত অবস্থায় তাকে কঠিন ভয় দেখানো যাবে না ; অথবা তাকে এমন যন্ত্রণাদায়ক শাস্ড়ি দেয়া যাবে না, যা তার বয়োঃস্ড়রের সঙ্গে সামাঞ্জস্যপূর্ণ নয়। কারণ বারবার শাস্ড়ি তাকে মিথ্যাবলায় কাল্মক্ষেপণ ও উক্ত শাস্ড়ি থেকে পরিত্রাণের আশায় কথিত মিথ্যায় তাকে জেদী হতে উদ্যত করতে পারে। সবসময় তাকে লজ্জা দেয়া বা তিরস্কার করাও উচিত নয় । এতে তার মন ভেঙ্গে যাবে। ফলে কখনো বা উক্ত ধ্বংসাত্মক আচরণ তার মধ্যে বদ্ধমূল হয়ে যেতে পারে।

4. 21. mš¨vb‡K mvnwmKZvq Af¨¯— Kiv

সাহসিকতা একটি বড় গুণ। সাহসিকতার বদৌলতে অনেক দুঃসাধ্য সাধন করা সম্ভব। সে কারণে শিশুদেরকে এই বিষয় প্রশিক্ষণ প্রদান ও তাদেরকে এর প্রতি অভ্যস্ড় করা উচিত। পিতা কর্তৃক তার সন্ড়ানদের মধ্যে খেলাচ্ছলে পরস্পর কুস্ড়ি লড়াইয়ের আয়োজন করতে পারেন তাদেরকে সাহসিকতায় অভ্যস্ড় করার জন্য। এ ব্যাপারে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে যে, বিষয়টা এর মধ্য দিয়ে যেন কাঙ্ক্ষিত লক্ষ্যের বাহিরে চলে না যায়।

মুহম্মদ বিন আলী বিন হুসাইন রা. থেকে বর্ণিত, তিনি বলেন, 'হাসান রা. ও হুসাইন রা. রাসূলুস্ ড়াহ সাস্ ড়াস্ ড়াহু আলাইহি ওয়া সাস্ ড়াম সম্মুখে কুস্ড়ি ধরে ছিলেন। তখন রাসূলুস্ ড়াহ সাস্ ড়াস্ ড়াহু আলাইহি ওয়া সাস্ ড়াম বলতে লাগলেন, 'এটা হাসান (ভাল)।' তখন ফাতেমা রা. তাঁকে বললেন- 'হে আস্ ড়াহর রাসূল, আপনি কি হাসানের প্রক্ষ নিচ্ছেন? সে যেন আপনার নিকট হুসাইনের চেয়ে বেশি প্রিয়। উত্তরে রাসূলুস্ ড়াহ্ সাস্ ড়াস্ ড়াহু আলাইহি ওয়া সাস্ ড়াম বললেন, 'জিব্রীল হুসাইনের রা. প্রক্ষ নিয়েছেন সুতরাং আমি হাসানের প্রক্ষ নেয়াকে পছন্দ করেছি।[৮১]

[৮১] .মুসনাদে হারেছ, hv`Bj nvwm~j, খ. ২, পৃ. ৯১০।

Dhaka University Institutional Repository

সেই বীরত্বের প্রতিফলন যা হুসাইন রা. বর্ণনা করেন- 'একদিনের ঘটনা, যা ঘটেছিল আমির-ল মু'মিনীন উমার বিন খাত্তাবের রা. সঙ্গে যখন তিনি মুসলিম জাহানের খলিফা তখন সে ছিল বয়সে খুব ছোট। হুসাইন বিন আলী রা. বলেন, 'আমি উমরের রা. নিকট উপস্থিত হলাম তিনি তখন মিম্বরের উপরে ভাষণ দিচ্ছিলেন। অতঃপর আমি উঠে তার নিকট গিয়ে বললাম, আমার বাবার মিম্বর থেকে নেমে আপনার বাবার মিম্বরে গিয়ে বসুন!' উত্তরে উমার রা. বললেন, 'আমার বাবারতো কোন মিম্বর নেই।' এরপর আমাকে নিয়ে তার সঙ্গে বসালেন অথচ আমি তখনোও হাতের মধ্যে পাথরের টুকরা নিয়ে নাড়াচাড়া করছিলাম। অতঃপর তিনি মিম্বর থেকে অবতরণ করে আমাকে নিয়ে তার গৃহে চলে গেলেন। এরপর তিনি আমাকে বললেন, 'তোমাকে এটা কে শিখিয়েছে ?' আমি তাকে বললাম, 'আস ড়হর শপথ আমাকে কেউ শেখায়নি।' তিনি বললেন, 'আমার পিতা উৎসর্গ হোক! তুমি চাইলে আমাকে ঢেকে ফেলতে পারতে।' হাসান রা. আরো বলেন, 'আমি উমার বিন খাত্তাব রা. এর নিকট এসেছি, যখন তিনি মুয়া'বিয়া ও ইবনে উমার -কে নিয়ে দরজায় নির্জনে অবস্থান করছিলেন। অতঃপর ইবনে উমার রা. তথা হতে প্রত্যাগমন করলেন আমিও তার সঙ্গে ফিরে গেলাম। এর কিছুদিন পর তাঁর (উমার রা.) সঙ্গে আমার স্বাক্ষাত হলে তিনি আমাকে বললেন, 'তোমাকে দেখিনা কেন?' আমি বললাম, 'হে আমির-ল মু'মিনীন, আমি তো আপনার কাছে এসেই দেখি আপনি মুআ'বিয়ার সঙ্গে অন্ড়রঙ্গ মুহূর্তে আছেন। সে কারণে আমি ইবনে উমরের রা. সঙ্গে ফিরে যাই। অতঃপর তিনি বললেন, 'ইবনে উমার রা. অপ্রেক্ষ তোমার প্রবেশাধিকার অগ্রগণ্য। তুমি আমাদের মস্ড়িষ্কে যা দেখছো তা রোপন করেছে আস ড়হ তাআ'লা, এরপর তোমরা।[৮২]

4. 22. mšv‡bi m¯v‡¯¨i cwZ mRvM 'wó ivLv

শিশুরা এই ছোট বয়সে অন্যদের থেকে রোগব্যধিতে বেশি আক্রান্ড় হয়ে থাকে। ওরা তাৎক্ষণিকভাবে সাধারণত নিজেদের স্বাস্থ্যগত বিষয়গুলো ও স্বাস্থ্যের প্রতি ভালোকরে যত্ন নিতে জানে না। সুতরাং অনুসন্ধান করে তাদের স্বাস্থ্যগত ত্র-টিগুলো খুঁজে বের করা অভিভাবকের কর্তব্য। এখানে রাসূলুস ড়হ সাস ড়স ড়হু আলাইহি ওয়া সাস ড়ম শিশুটির শীর্ণকায়তার কারণ জিজ্ঞাসা করলেন ও তাদের ওপর বদ নজরের প্রতিক্রিয়া দূর করার জন্য ঝাড় ফুঁকের পরামর্শ দিলেন। যখন তিনি নিশ্চিতভাবে অবগত হতে পারলেন যে, তাদের এ দূরাবস্থা কুদৃষ্টির কারণেই হয়েছে। এমনিভাবে তাদের বেশভূষা ও পরিচ্ছন্নতার প্রতি গুর-ত্ব দেয়ার কথাও বললেন।

আব্দুস ড়হ বিন জাফর রা. থেকে বর্ণিত, তিনি বলেন, 'রাসূলুস ড়হ সাস ড়স ড়হু আলাইহি ওয়া সাস ড়ম জাফর রা. পরিবারের তিন ব্যক্তিকে তাদের ওখানে যাবেন বলে প্রতিশ্র-তি দিয়েছেন।

[৮২]. ইব্ন হাজার, Avj-Bmvevn, খ. ২, পৃ. ৭৮

Dhaka University Institutional Repository

এরপর রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু আলাইহি ওয়া সাস্ ড়ম তাদের নিকট আগমন করে বললেন, 'আজকের পর আমার ভাইয়ের ওপর কেউ ক্রন্দন করবে না।' অতঃপর বললেন, 'আমার ভাইয়ের সন্ড়নের জন্য তোমরা দোয়া কর!' এরপর আমাদেরকে আনা হলো যেন 'আমরা পাখির ছানা'। অতঃপর তিনি বললেন, 'তোমরা আমার কাছে একজন নাপিত ডেকে পাঠাও!' এরপর তাঁর নির্দেশে তিনি আমাদের মাথা মুন্ডন করে দিলেন।[৮৩]

তাদেরকে পাখির ছানার সঙ্গে তুলনা করার কারণ, তাদের কেশগুচ্ছ ঠিক পাখির পালকের মত, তা হলো পাখির সর্বপ্রথম গজানো পালক। সে কারণে রাসূলুস্ ড়হ্ সাস্ ড়স্ ড়হু আলাইহি ওয়া সাস্ ড়াম নাপিত আসার পর তাকে মাথামুন্ডন করতে নির্দেশ করলেন। হজ্জ ও উমারাহ ব্যতীত চুল রাখা উত্তম হওয়া সত্ত্বেও তাদের মাথা মুন্ডন করিয়ে ছিলেন। তাদের মা আসমা বিনতে ওমাইস রা. এর স্বামী জা'ফর রা. যুদ্ধে নিহত হওয়ার কারণে তার অপূরনীয় ক্ষতি হয়ে ছিল, যার দরুণ সে তাদের কেশগুচ্ছ চিরুণী করার প্রতি অমনোযোগী হয়ে পড়েছিল। বিষয়টা লক্ষ করে রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু আলাইহি ওয়া সাস্ ড়ম তাদের মাথায় ময়লা ও উঁকুনের আশঙ্কা করে ছিলেন।[৮৪]

শিশুর পোশাক ও শরীরের অবয়বের প্রতিও গুরুত্ব দিতে হবে। সুতরাং অভিভাবককে ভালো পরিচ্ছদ ও পরিচ্ছন্নতার দিক থেকে দেখার সৌন্দর্য বর্ধনের প্রতিও সচেষ্ট হতে হবে। কারণ আস্ ড়াহ তাআ'লা নিজে সুন্দর ও সুন্দরকে তিনি ভালোবাসেন, পবিত্রতা ও পরিচ্ছন্নতাকে তিনি পছন্দ করেন। সুন্দর অভিব্যক্তি ও সৌন্দর্য অর্জনের প্রয়াস, দুর্বোধ্য ও অনভিপ্রেত কবিতা আবৃত্তি থেকে বিরত রাখবে। যা রুচির বিকৃতি ও অপরিচিত বিষয়বস্তু উপস্থাপনের দিকে ইঙ্গিত করে থাকে।

সেকালের একটি গল্প যার নাম 'ক্বযা'। আর তা হলো মাথার চুলের একাংশ কেটে অন্য অংশ রেখে দেয়া। এর একাধিক পদ্ধতি রয়েছে। চুল কাটার এই প্রক্রিয়া তখন থেকে বর্তমান সময় পর্যন্ড় অব্যাহতভাবে অনুসৃত হয়ে আসছে। অথচ রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু আলাইহি ওয়া সাস্ ড়ম তা হতে নিষেধ করেছেন।

ইবনে উমার রা. থেকে বর্ণিত, তিনি বলেন,'রাসূলুস্ ড়হ সাস্ ড়স্ ড়হু আলাইহি ওয়া সাস্ ড়ম 'ক্বযা' হতে নিষেধ করেছেন।' ইবনে উমার রা. বলেন, 'আমি নাফে কে জিজ্ঞাসা করলাম-'ক্বযা' কি? তিনি রা. বললেন, 'শিশুর মাথার একাংশ মুন্ডন করা আর অন্য অংশ রেখে দেয়া।'[৮৫] শিশুর যত্ন

---

৮৩. আবু দাউদ, Avm-mbvb, হাদীস নং-৩৬৬০।

৮৪ .AvDbj gv‡e', প্রাগুক্ত, খ.১১, পৃ. ১৬৪।

৮৫.মুসলিম, Avm-mnxn, হাদীস নং-৩৯৫৯

Dhaka University Institutional Repository

ও প্রতিপালনের দায়িত্বে নিয়োজিত ব্যক্তির এ ধরনের চুল কাটার কাজে ছাড় দেয়া ঠিক হবে না এই যুক্তিতে যে, সে ছোট ও শরিয়ত কর্তৃক আদিষ্ট নয়।

শিশুর জন্য উৎকৃষ্ট মানের পোশাকের ব্যবস্থা করা উচিত। তবে কোন অবস্থাতেই রেশম ও স্বর্ণ পরিধান করানো যাবে না। কারণ অধিকাংশ সাহাবী ও আলেমগণ তা হতে নিষেধ করেছেন। যাবের রা. থেকে বর্ণিত, তিনি বলেন, 'আমরা তা বালকদের থেকে খুলে নিয়ে বালিকাদের জন্য ছেড়ে দিয়েছি।'

4. 23. msNwUZ NUbve jx Øviv mšÍvb‡K wk•v c'vb

ঘটনাপ্রবাহের মাধ্যমে প্রতিপালন ইসলামী পরিচর্যা ও প্রতিপালনের মূল নির্দেশিকা। কারণ কাংঙ্খিত অবকাঠামো বিনির্মাণে সংঘটিত ঘটনাবলীকে মহার্ঘ্য জ্ঞান করা হয়ে থাকে। যেহেতু তখন বাস্ড়ব ঘটনা এবং প্রতিপালন-পরিচর্যার মধ্যে একটা ভারসাম্য ও সামাঞ্জস্য স্থাপিত হয়ে যায়। এর সংঘটনের মধ্য দিয়ে গভীর জ্ঞান ও বিরাট প্রতিক্রিয়া সূচিত হবে। এ পর্যায়ে কুরআনে কারীমের অসংখ্য আয়াত ঘটনার পেছনে এসেছে ; যেগুলো ঘটনা প্রবাহের মাধ্যমে শিশুর পরিচর্যা ও প্রতিপালনের ক্ষেত্রে আদর্শ হিসেবে গণ্য করা হয়ে থাকে। أفك (অপবাদ) এর ঘটনা ও তার মধ্যে মুসলিম সমাজ প্রতিপালনের যে শিক্ষা উৎসারিত হয়েছে তার দিকে লক্ষ্য করুন। যে আদেশ ও নিষেধাবলী কোন ঘটনার সঙ্গে সম্পৃক্ত নয় তা নিজে একা কোন ফল দিতে পারে না। সে কারণে মুসলমানদের ওপর এই ঘটনার মাধ্যমে সৃষ্ট জটিলতা দূর করার জন্য আস্ড়াহ তাআ'লা ইরশাদ করেন : 'এটাকে তোমরা তোমাদের জন্য অনিষ্টকর মনে করো না ; বরং এটা তো তোমাদের জন্য কল্যাণকর।'[৮৬]

এমনিভাবে আমরা যদি রাসূলুস্ড়াহ সাস্ড়াস্ড়াহু আলাইহি ওয়া সাস্ড়ামের সুন্নতের প্রতি লক্ষ্য করি, তাহলে দেখতে পাবো তাঁর সিংহভাগেই এ জাতীয় পরিস্থিতিতে এই পদ্ধতির ব্যবহার প্রমাণিত হয়েছে। রাসূলুস্ড়াহ সাস্ড়াস্ড়াহু আলাইহি ওয়া সাস্ড়াম যখন নশ্বর পৃথিবীর মর্যাদা ও পার্থিব বিষয়কে তুচ্ছ করে দেখাতে সংকল্প করলেন। তখন তিনি একথা বলেননি, 'পৃথিবী হলো নিকৃষ্ট যা কোন বস্তুরই সমকক্ষ হতে পারে না' এর ওপরই ক্ষান্ড় করতে পারতেন যা রাসূলুস্ড়াহ্ সাস্ড়াস্ড়াহু আলাইহি ওয়া সাস্ড়ামের এ সংক্রান্ড় বক্তব্যের জন্য যথেষ্ট ছিলো। কিন্তু তা সত্ত্বেও রাসূলুস্ড়াহ্ সাস্ড়াস্ড়াহু আলাইহি ওয়া সাস্ড়াম সাহাবাদের রা. মনের মধ্যে এই মর্মবাণী বদ্ধমূল করার জন্যে উপস্থিত ঘটনাকে মূল্যায়ন করার নীতি গ্রহণ করলেন।

---

[৮৬] . মহান আল্লাহর বাণী :

لاَ تَحْسَبُوهُ شَرًّا لَكُمْ بَلْ هُوَ خَيْرٌ لَكُمْ.

Avj-KziÕAvb, সুরা নুর-১১

4. 24. mšv‡bi cwZ Awffve‡Ki •gv I D‘viZv c‘kb

যে সকল নান্দনিক চরিত্রে শিশুকে প্রতিপালিত করা উচিত তার অন্যতম হলো ক্ষমা ও উদারতা। এর তাৎপর্য বর্ণনায় কোরআন ও হাদীসের অসংখ্য প্রমাণ রয়েছে। তবে কখনোই তা অত্যাচার সহ্য ও অত্যাচারীর প্রতিবিধান না করার প্রতি শিশুকে অভ্যস্ড় করার সীমায় গিয়ে যেন না ঠেকে। যা শিশুর পরিণত বয়সে অপমান ও অপদস্ড় হওয়ার কারণ হবে। একদিকে কোরআনে কারীমের বক্তব্য যেভাবে ধৈর্য ও ক্ষমার প্রশংসা করেছে। আস্ ড়াহ তাআ'লা ইরশাদ করেন, 'যে ক্ষমা করে দেয় ও আপোষ নিস্পত্তি করে তার পুরস্কার আস্ ড়াহর নিকট আছে।'[৮৭]

আস্ ড়াহ তাআ'লা আরো ইরশাদ করেন, 'অবশ্য যে ধৈর্য ধারণ করে এবং ক্ষমা করে দেয়, নিশ্চয় তা দৃঢ় সংকল্পেরই কাজ।'[৮৮]

তেমনিভাবে মন্দের সমপরিমাণ মন্দ দ্বারা প্রতিশোধ নেয়ার অনুমতি ইসলাম দিয়েছে। যেমন : আস্ ড়াহ তাআ'লা ইরশাদ করেন : 'মন্দের প্রতিফল অনুরূপ মন্দ।'[৮৯]

আস্ ড়াহ তাআ'লা আরো বলেন, 'অত্যাচারিত হবার পর যারা প্রতিবিধান করে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হবে না।'[৯০]

শরিয়তের প্রমাণ তারই প্রশংসা করে যে অত্যাচারীর প্রতিবিধান করে। আস্ ড়াহ তাআ'লা ঈমানদারদের প্রশংসায় বলেন, 'এবং যারা অত্যাচারিত হলে প্রতিশোধ গ্রহণ করে।'[৯১]

---

৮৭. মহান আল্লাহ্ বলেন :

فَمَنْ عَفَا وَأَصْلَحَ فَأَجْرُهُ عَلَى اللّه .

Avj-KiÛAvb, সুরা-শুরা, আয়াত : ৪০।

৮৮. মহান আল্লাহ্ বলেন :

وَلَمَنْ صَبَرَ وَغَفَرَ إِنَّ ذَلِكَ لَمِنْ عَزْمِ الأُمُورِ.

Avj-KiÛAvb, সুরা-শুরা, আয়াত : ৪৩।

৮৯. মহান আল্লাহ্ বলেন :

وَجَزَاءُ سَيِّئَةٍ سَيِّئَةٌ مِثْلُهَا.

Avj-KiÛAvb, সুরা-শুরা, আয়াত : ৪০।

৯০ . মহান আল্লাহ্ বলেন :

وَلَمَنِ انْتَصَرَ بَعْدَ ظُلْمِهِ فَأُولَئِكَ مَا عَلَيْهِمْ مِنْ سَبِيلٍ

Avj-KiÛAvb, সুরা-শুরা, আয়াত : ৪১।

৯১. মহান আল্লাহর বাণী :

وَالَّذِينَ إِذَا أَصَابَهُمُ الْبَغْيُ هُمْ يَنْتَصِرُونَ

Dhaka University Institutional Repository

অতএব ক্ষমা ও উদারতার মত চরিত্র মাধুর্য একান্তভাবে কাম্য। যেমনিভাবে প্রতিশোধ ও প্রতিবিধানের চরিত্রও কাম্য। এর যে কোন একটাকে উপেক্ষা করলে অথবা তার আশ্রয় না নিলে জীবন প্রতিষ্ঠা লাভ করতে পারে না। যখন অধিকাংশ অভিভাবকের চিন্তা চেতনা শিশুর মনে ক্ষমা ও উদারতার মর্মবাণী দৃঢ়মূল করার দিকে কেন্দ্রিভূত, তখন তাদের মধ্যে অত্যাচারী ও স্বেচ্ছাচারীদের প্রতিশোধ ও প্রতিবিধান করার মর্মবাণীও তাদের মধ্যে প্রতিষ্ঠা করতে বদ্ধপরিকর হতে হবে। বিশেষ করে যখন বর্তমান বিশ্বের মুসলমানগণ তাদের আজন্ম শত্রু ইয়াহুদী খৃষ্টান কর্তৃক আগ্রাসী আক্রমণের শিকার। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুসলমানদের মধ্যে এই চরিত্র নিশ্চিত করতে সচেষ্ট হয়েছিলেন। এমনকি তাঁর পুণ্যাত্মা স্ত্রীগণের মধ্যেও। আয়শা রা. থেকে বর্ণিত তিনি বলেন, 'আমার অজ্ঞাতসারে যয়নব রা. অনুমতি ব্যতিরেকে ক্রুদ্ধাবস্থায় আমার ঘরে প্রবেশ করেছে। এরপর তিনি বললেন- 'হে আল্লাহর রাসূল, আবু বকরের কন্যা তার হাতের দুটি কংকন দিয়ে দিয়েছে তাতেই কি আপনি সন্তুষ্ট? অতঃপর তিনি আমার দিকে ফিরলে আমি তার থেকে মুখ ফিরিয়ে নিলাম। এমন কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বলেই ফেললেন- 'যাও! তুমি গিয়ে প্রতিশোধ নাও।' এরপর আমি তাঁর দিকে মুখ করে তাকাতেই দেখি তার মুখ শুকিয়ে গেছে, ফলে আমার কোন প্রতি উত্তরই তিনি আর করতে পারলেন না। অতঃপর আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মুখমণ্ডলে প্রফুল্লতা লক্ষ্য করলাম।'[৯২] দেখুন, এখানে যয়নব রা. যখন আয়িশা রা. প্রতি অবিচার করলেন তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে প্রতিবিধান করার নির্দেশ করলেন। ক্ষমা ও উদারতার নির্দেশ করেননি। বরং তাঁর মুখমণ্ডলে প্রফুল্লতা তখন পরিস্ফুটিত হয়েছে যখন তার অধিকার আদায় করে নিতে দেখলেন। আনাস রা. থেকে বর্ণিত তিনি বলেন, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর এক স্ত্রীর কাছে ছিলেন, তখন আমাকে তাঁর আরেকজন স্ত্রী একটি পাত্রভর্তি খানা নিয়ে পাঠালেন। তখন তিনি যে স্ত্রীর ঘরে ছিলেন তিনি আমার হাতে আঘাত করেন; ফলে বরতনটি হাত ফসকে পড়ে ভেঙ্গে যায়। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বরতনের টুকরাগুলো একত্রিত করলেন, এরপর পাত্রের মধ্যে যে খানা ছিলো তাও একত্রিত করতে লাগলেন ও বললেন- 'তোমাদের মা অতর্কিত আক্রমণ করেছেন। অতঃপর সেবক (আনাস রা.) খুব সতর্কতার সঙ্গে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যার ঘরে ছিলেন সেখান থেকে একটি ভাল পাত্র নিয়ে আসলেন। আর ভাঙ্গা পাত্রটি যে ভেঙ্গেছে তার ঘরেই রেখে দিলেন।'[৯৩]

Avj-KiÔAvb, সুরা-শুরা, আয়াত-৩৯।

৯২. ইবনে মাজা, Avm-mbvb, হাদীস নং ১৯৭১, হাদীসটিকে আলবানী সহীহ বলেছেন।

৯৩ . বুখারী, Avm-mnxn, হাদীস নং- ৪৮২৪।

Dhaka University Institutional Repository

cÂg Aa¨vq : evsjv‡‘‡k wkï AwaKvi cm½

বাংলাদেশে কয়েক ধরণের শিশু পরিলক্ষিত হয়। তন্মধ্যে :

এক. পরিচয়হীন শিশু (জারজ সন্তান)

দুই. পথ শিশু

তিন. ইয়াতীম শিশু। নিম্নে এ সম্পর্কে বিস্তারিত আলোচনা পেশ করা হলো :

5. 1. cwiPqnxb wkï (RviR mšÍvb)-Gi cwiPq

মানুষ সাধারণত তার পিতার পরিচয়েই পরিচিত হয়ে থাকে। আর কিয়ামতের দিন আস্তাহ্ তা'আলাও মানুষদেরকে তাদের পিতার নামসহ ডাক দিবেন। এপ্রসঙ্গে হাদীসে এসেছে, রাসূল সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম বলেছেন : "কিয়ামতের দিন তোমাদেরকে তোমাদের পিতার নামসহ ডাক দেয়া হবে। সুতরাং তোমরা তোমাদের নাম সুন্দর রাখবে।"[১]

পরিচয়হীন শিশু তাদেরকে বলা হয় যাদের সামাজিক কোন পিতৃ পরিচয় নেই। অর্থাৎ ইসলামী শরীয়তের বিধান মোতাবেক বৈবাহিক বন্ধন ছাড়া নারী-পুরুষের অবৈধ সঙ্গমের মাধ্যমে নারীর গর্ভজাত সন্তান।[২]

এসব শিশুর সামাজিক কোন পিতৃ পরিচয় থাকে না। যদিও তাদের পিতা কেউ না কেউ আছে। তথাপি সামাজিকভাবে এদের কোন স্বীকৃতি নেই।[৩]

হিন্দু আইনে অবৈধ পুত্রকে চারভাগে ভাগ করা হয়েছে। যেমন :

ক. দাসীর দ্বারা তিনটি উচ্চবর্ণের হিন্দুদের অবৈধ পুত্র

খ. দাসীর দ্বারা শুদ্রদের অবৈধ পুত্র

গ. দাসী নয় এমন হিন্দু মহিলার দ্বারা একজন হিন্দুর অবৈধ পুত্র এবং

---

১ . ইব্ন হিব্বান, Avm-mnxn, প্রাগুক্ত, খ.২৪, পৃ. ১৭১, হাদীস নং-৫৯১৪।

২ . ইব্ন আমির, ড. আব্দুল আজীজ, AvZZvÔRxi dxk kvixqwZj Bmjwgq¨vn, মিশর, মুস্ড়ফা আলবাবী আলহালবী, ১৩৭৭ হি., খ.৩, পৃ. ৩৬।

৩ . আলহানাফী, আলাউদ্দীন আবূ বকর ইব্ন মাসউদ আলকাছানী, ev'v‡qÔ Iqvm mvbwqÔ dx ZviZxwej kvivÔC, পাকিস্ড়ান, এম.এম. সাঈদ কোম্পানী ইডুকেশনাল প্রেস, ১৪০০ হি., খ.৭, পৃ. ৩৩।

Dhaka University Institutional Repository

ঘ. একজন অ-হিন্দু মহিলার দ্বারা একজন হিন্দুর অবৈধ পুত্র।[৪]

5. 2. c_ wkïi cwiPq

সমাজ কল্যাণ মন্ত্রণায়ের অধীন সমাজ সেবা অধিদপ্তরের এপ্রোপ্রিয়েট রিসোর্সেস ফর ইমপ্রভিং স্ট্রিট চিলড্রেন্স এনভায়রনমেন্ট (এরাইজ) নামে পরিচিত (বর্তমানে প্রটেকশন অব চিলড্রেন্স এট সিক্স বা পিকার নামে পরিচিত) প্রকল্পটি পথশিশুদের নিয়ে নিম্ন চার ভাগে সংজ্ঞায়িত করেছে:

ক. এক থেকে দশ ঘন্টা বা তার বেশি সময় যে শিশু রাস্তায় থাকে, কাজ করে এবং কাজ শেষে ফিরে যায় বস্তিতে বা বাসায়।

খ. এক থেকে দশ ঘন্টা বা তার বেশি সময় রাস্তায় কাজ করে ফিরে যায়, আত্মীয় স্বজন বা আশ্রয় কেন্দ্রে।

গ. এক থেকে দশ ঘন্টা বা তার বেশি সময় রাস্তায় কাজ করে, থাকে চাকরিদাতার বাসায়।

ঘ. চব্বিশ ঘন্টার সারাটা সময় রাস্তায় থাকে রাস্তায় খায় এবং রাস্তায় ঘুমায়।[৫]

তবে বেসরকারি উন্নয়ন সংস্থা 'অপরাজেয় বাংলাদেশ' চব্বিশ ঘন্টার সারাটা সময় যারা রাস্তায় থাকে, কাজ করে এবং রাস্তাতেই ঘুমায় কেবল তাদেরকেই পথশিশু মনে করে।[৬]

5. 3. BqvZxg wkï

ইয়াতীম (يَتِيم) বলা হয় এমন শিশুকে যার পিতা নেই এবং যে নাবালক শিশু, অনাথ শিশু।[৭] পিতৃ-মাতৃহীন শিশুকেও ইয়াতীম বলা যায়। অর্থাৎ নাবালেগ অবস্থায় যার পিতা মারা যায় তাকে ইয়াতীম বলা হয়। বালেগ হয়ে গেলে তাকে আর ইয়াতীম বলা যায় না। ইয়াতীম বললেও সেটা পরোক্ষভাবে

---

৪. Sastri Golapchandra Sarkar, *A Treatise on Hindu Law,* Calcutta, Eastern Law House, 1924, p. 144; Paruati v. Ganpatrao (1894) 18 Bom. 177, 183; Vellaiyappa v. Natarajan (1927) 50 Mad. 340; Champabai v. Raghu Nath Rao (1946) Nag. 217; Pandurang v. Sonabai (1948) Nag. 653; Padmavti v. Ramchandra (1950) Cut. 532.

৫. w÷wUU Ae PvBì m Bb evsjv‡'k, ২০০৬, পৃ ৩৫-৩৬।

৬. evsjv‡'k wkï AwaKvi †dviv‡gi ^ÎgwmK wbDR †jUvi, সংখ্যা-২০, এপ্রিল-নভেম্বর-২০০৫।

৭. ড. মুহাম্মদ ফজলুর রহমান, AvawbK Avivex-evsjv Awfavb [আলমু'জামুল ওয়াফী], ঢাকা, রিয়াদ প্রকাশনী, ২০০৫ খ্রি., পৃ. ৯৫১।

Dhaka University Institutional Repository

বলা হয়, বাস্তবে সে ইয়াতীম নয়।[৮] ইমাম কুরতুবী মাওয়ারদীর সূত্রে বলেন: "যে আদম সন্তানের মা মারা যায় তাকেও ইয়াতীম বলে। তবে ইমাম কুরতুবীর মতে, মানুষের পিতা মারা গেলে তাকে ইয়াতীম বলা হয়। আর পশুর মা মারা গেলে সে পশুকে ইয়াতীম বলা হয় না।"[৯]

5. 4. wkï Amnvq nIqvi cavb KviY

শিশু অসহায় হওয়ার অনেকগুলো কারণ বিদ্যমান রয়েছে। তন্মধ্যে নিম্নোক্ত কারণগুলো উল্লেখযোগ্য। যেমন :

1. AcwiYZ eq‡m wcZv-gvZv gviv hvIqv

প্রত্যেক মানব শিশু মহান সৃষ্টিকর্তা আল্লাহ তা'আলার প্রদত্ত হতে পিতামাতা এবং মানব জাতির জন্য নি'আমত ও পবিত্র আমানত স্বরূপ। পৃথিবীতে মানবজাতির বংশধারা সুরক্ষার জন্য মানব-মানবীর বৈধ দাম্পত্য জীবনের ফসল হচ্ছে মানব শিশু। এই শিশুরাই মানব সভ্যতার রক্ষকবচ, মানব প্রজন্মের ভবিষ্যৎ এবং পিতামাতা ও উম্মাহর সমৃদ্ধ জীবনের আশার আলো। শিশুসন্তান হচ্ছে পার্থিব জীবনের শোভা।[১০] শিশু অসহায় হওয়ার পিছনে অনেকগুলো কারণ বিদ্যমান। তন্মধ্যে অপরিণত বয়সে তার পিতা-মাতা মারা যাওয়া একটি অন্যতম কারণ। পিতৃ-মাতৃহীন শিশুকেই সদাচরণ ও মায়ামমতা মাখা আচরণ কারও থেকে পায় না। সে পরিপূর্ণ সেবা-যত্ন থেকে বঞ্চিত থাকে। শিশুর জীবনের প্রাথমিক স্তরে পিতৃবিয়োগ হলে তার মাথার ওপর স্নেহের হাত রাখার ও দর্য়াদ্র হৃদয়ের কেউ থাকে না। শিশুর বিপর্যস্ত জীবনের মূলগত কারণের মধ্যে পিতা-মাতা না থাকা অর্থাৎ ইয়াতীম হওয়া অন্যতম কারণ। অন্যদের কাছ থেকে এমনকি একান্ত নিকটাত্মীয়দের কাছ থেকেও পিতার স্থলাভিষিক্ত কাউকে পাওয়া যায় না। অন্যের সেবা-যত্নের মধ্যে কিছু না কিছু এমন অভাব থাকে যার ফলে সে হয়ত পেটভরে খেতে পেল কিন্তু তার অতীব প্রয়োজনীয় আরও অনেক কিছু অপূর্ণ থেকে যায়। এমতাবস্থায় ইয়াতীম শিশু বিভিন্ন দিক দিয়ে উচ্ছন্নে যাওয়া শুরু করে এবং বিপর্যস্ত জীবনের

---

৮ . আলমালিকী, মুহাম্মদ ইব্ন আহমদ ইব্ন জজ্জী আলগ্রেনাডী, KvIqvbxbj AvnKvg Avkkvixqvn Iqv gvmwqwjj diÛwqj dvKnxq¨vn, বৈরূত, দারচ্ল 'ইলম লিল মালাঈয়িন, ১৯৭৯ খ্রি., ৩৮৩।

৯. কুরতুবী, মুহাম্মদ ইব্ন আহমদ ইব্ন আবু বকর ইব্ন ফারাহ. Avj-RwgÛD wj AvnKwgj KiÛAvb, কায়রো, দারশ্ শায়ব, ১৩৭২ হি., খ.২, পৃ.১২।

১০. আলণ্ডাহ্ তা'আলা বলেন : الْمَالُ وَالْبَنُونَ زِينَةُ الْحَيَاةِ الدُّنْيَا "ধন-সম্পদ ও শিশু-সন্ড়ান পার্থিব জীবনের শোভা।" Avj-KiÛAvb, ১৮:৪৬।

Dhaka University Institutional Repository

দিকে ধীরে ধীরে অগ্রসর হতে থাকে। সে আস্তে আস্তে অপরাধময় জগতের দিকে চলে যাওয়ার সম্ভাবনা থাকে। যার জন্য জাতির ভবিষ্যৎ অনেক অন্ধকারময় হতে পারে।

2. ¯vgx-¯xi g‡a¨ ‘v¤úZ¨ Kjn

বিয়ে, সংসার এবং দাম্পত্য জীবন মানবজীবনের এক অপরিহার্য অংশ। সুখী দাম্পত্য জীবন মহান আস্তাহর এক বিশেষ নি'আমত। স্বামী-স্ত্রী দু'জনের ঐকান্তিক চেষ্টায় এ সুখ আসতে পারে। এ জন্য দু'জনকেই হতে হয় ধৈর্যশীল, আন্তরিক ও কল্যাণকামী। বাংলাদেশে দাম্পত্য কলহের কারণে শুধু ঢাকা নগরীতে গড়ে প্রতিদিন প্রায় ২৪.৪১টি বিবাহ বিচ্ছেদের ঘটনা ঘটে। যা হিসাব করলে প্রতি মাসে ২৯৩ টিতে দাড়ায়। এখানে যে সংখ্যা উস্তেখ করা হয়েছে তা আসল সমীক্ষ নয়। কারণ এছাড়া আরো অনেক রয়েছে যেগুলোর খবর আমরা জানি না এবং অনেকে ব্যাপারটি ধামাচাপা দেয়। তাছাড়া সকল বিরোধ সব সময় বিচ্ছেদে রূপ নেয় না। অর্থাৎ বলা যায় যে, বিরোধ ও কলহের সংখ্যা প্রচুর। স্বামী-স্ত্রীর মধ্যে এ দাম্পত্য কলহের কারণে শিশু অনেক সময় তাদের থেকে পৃথক হয়ে যায়। আর তখন সে অসহায় শিশুর মধ্যে গণ্য হয়।

স্বামী-স্ত্রী একে অন্যের সহযোগী। উভয়ের সমঝোতা, সহযোগিতা এবং যৌথ প্রচেষ্টায় একটি সুন্দর সংসার গড়ে ওঠে। স্বামী-স্ত্রীর সম্পর্ক কী ধরণের হবে সে ব্যাপারে মুহাম্মদ সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম এক অতুলনীয় মহান আদর্শ। তাঁর ব্যাপারে তাঁর স্ত্রীগণ চমৎকার ধারণা পোষণ করতেন। তিনিও তাঁদের ভূয়সী প্রশংসা করতেন। আসলে সুখী দাম্পত্য জীবনের জন্য এমন অবস্থাই কাম্য। আর স্বামী-স্ত্রী পরস্পরের প্রতি কর্তব্য পালনে পরিবার একটি সুখের আবাসে পরিণত হয়। আবার কর্তব্যে অবহেলার কারণে পারিবারিক জীবন দুর্বিষহ হয়ে ওঠতে পারে। আল-কুর'আনের চেতনা অনুযায়ী দাম্পত্য জীবন গড়ে তুললে কলহ-বিবাদ মাথা চাড়া দিয়ে ওঠতে পারে না। সেজন্য কতিপয় বিষয়ের প্রতি দম্পতিদের গভীরভাবে দৃষ্টি নিবন্ধ করতে হবে, যেমন : স্বামী-স্ত্রী পরস্পর পরস্পরকে ভূষণ ও পরিচ্ছদ মনে করা, পারস্পরিক দায়িত্ব ও কর্তব্য পালন করা, একত্রে থাকা ও খাওয়া, সংসারকে শান্তির নীড় হিসেবে গড়া, আস্তাহর কাছে দু'আ করা, সুদৃঢ় বন্ধন সৃষ্টি করা, একে অপরকে পরিপূরক মনে করা, ত্যাগের মানসিকতা থাকা, পুত-পবিত্র জীবন যাপন করা, পরামর্শ করে সিদ্ধান্ত নেয়া, পরিস্কার-পরিচ্ছন্ন থাকা, হাসি-তামাশা করা, উপঢৌকন বিনিময় করা, আত্মীয়-স্বজনের সাথে ভাল ব্যবহার করা, স্ত্রীকে শারিরীক ও মানসিক নির্যাতন না করা, যৌতুক দাবি না করা, উভয়ের গোপনীয়তা ব্রক্ষ করা, ইনসাফ প্রতিষ্ঠা করা, একে অপরকে সদুপদেশ দেয়া, একে অন্যের দোষ-ত্রুটি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখা, উত্ত্যক্ত না করা, স্বামীর আদেশ মেনে চলা, সতীত্ব ব্রক্ষ করা, স্বামীর আহ্বানে সাড়া দেয়া, শালীনতা ব্রক্ষ করে চলা, স্বামীর বিনা অনুমতিতে অর্থ ব্যয় না

Dhaka University Institutional Repository

করা ও গৃহ ত্যাগ না করা এবং সর্বাবস্থায় ধৈর্য ধারণ করা ইত্যাদি। এগুলো মেনে চললে স্বামী-স্ত্রী সকল প্রকার কলহ-বিবাদ থেকে মুক্ত থাকবে। আর তখন অসহায় অবস্থায় আর কোন শিশু থাকবে না।

3. cwievi †_‡K cjvqb

আমাদের দেশে অনেক শিশু আছে যারা পরিবার থেকে বাবা-মাকে না বলে বিভিন্ন কারণে পরিবার থেকে পালিয়ে শহরে চলে যায়। শহরে যেয়ে যখন কোন আশ্রয় খুঁজে না পায় তখন এ সব শিশুর আবাসস্থল হয় রেলস্টেশন, বাস টার্মিনাল, অফিস চত্বর, পার্ক, রাস্তার ধারে ও খোলা আকাশের নিচে।

4. cwiewiK ‘wi‘¨Zvi Kvi‡Y wkï‡g wb‡qvM

শিশুরা যে শ্রম দেয় তাই-ই শিশুশ্রম। বাংলাদেশের প্রেক্ষপটে এ দেশের সরকার কর্তৃক ঘোষিত ১৬ বছর পর্যন্ত বয়সের সবাইকে শিশু হিসেবে পরিগণিত করা যেতে পারে। এই বিধান অনুযায়ী বয়সশ্রেণী উস্তেখ করে শিশুশ্রমের সংজ্ঞা দিতে গেলে বলতে হয় এক থেকে ষোল বছর বয়স পর্যন্ত সকল শ্রেণীর মানুষ যখন প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আর্থিক সুবিধার বিনিময়ে কাজ করে বা শ্রম দেয় তাকে শিশুশ্রম বলা যাবে। [১১]

বাংলাদেশ শিশু অধিকার ফোরাম এদেশের শিশুশ্রম সম্পর্কে তাদের গবেষণা পত্রে উস্তেখ করেছে যে, তারা ৪৩০ ধরণের অর্থনৈতিক কর্মকান্ডে শ্রম বিক্রয় করে থাকে। তারা সাধারণত চাষের জমি কর্ষণ, ধান রোপন, ধানক্ষেত থেকে আগাছা নির্মূলকরণ, ধান কাটা, ধান মাড়াই, পাট কাটা, পাটখোলা, পাট রোদে দেওয়া, পাট বিক্রয়, আখের চারা রোপন, আখক্ষেতের পরিচর্যা, আখ কাটা, আখ মাড়াই, ঝোলাগুড় বিক্রয়, শষ্যক্ষেত থেকে পাখি তাড়ানো, সব্জি আবাদ ও বিক্রয়, পান পাতা সংগ্রহ, পানপাতা প্রতিয়াজাতকরণ ও বিক্রয়, সুপারি সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিক্রয়, আম সংগ্রহ, লিচু সংগ্রহ, ঝুম চাষের প্রয়োজনে সম্ভাব্য ভূমি আগাছা মুক্তকরণ, ডাল-পালা ও শুকনো পাতায় অগ্নিসংযোগ, ঝুমক্ষেতে বীজবপন ও পরবর্তী পরিচর্যা ও আগাছা মুক্ত করণের কাজ করে থাকে। এ ফোরাম বাংলাদেশের শিশু শ্রমকে তিনটি পর্যায়ভূক্ত করে আলোচনা করেছে। অর্থাৎ শিশুশ্রমকে- (১) সাধারণ শিশুশ্রম (২) ঝূকিপূর্ণ শিশুশ্রম (৩) নিকৃষ্ট ধরণের শিশুশ্রম পর্যায়ভূক্ত করা হয়েছে। বিবিধ গবেষকদের মতে বাংলাদেশের শিশু শ্রমিকেরা যে সকল কাজে সম্পৃক্ত আছে তার

---

১১ evsjv‡‘k †M‡RU, evsjv‡‘k RvZxq msm‘ (সংশোধন) নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০৩,ধারা-৯।

Dhaka University Institutional Repository

মধ্যে কেমিক্যাল, গ্যাস কাটার, ওয়েলডিং মেশিন, হ্যাকস, আগুন ও ভারি যন্ত্রপাতি নিয়ে কাজসহ প্রায় ৬৫টি হচ্ছে ঝুঁকিপূর্ণ কাজ। এছাড়া তারা বহু নিকৃষ্ট ধরণের কাজও করে থাকে।[১২]

৫ থেকে ১৪ বছর বয়সের শিশুদেরকে বেতন, মুনাফা বা বিনাবেতনে কোন পারিবারিক খামার, কারখানা বা সংস্থায় কাজের জন্য নিয়োগ করা শিশুশ্রমের আওতায় পড়ে। অর্থনৈতিক টানাপোড়ে বেশিরভাগ পরিবারকে তাদের সন্তানদের উপার্জনমূলক কাজে জড়িত করতে বাধ্য করে। ১৫ বছরের নিচে বিশ্বের প্রায় এক-দশমাংশ শিশু (১৫০ মিলিয়ন) বিভিন্ন পেশায় নিযুক্ত আছে। এর মধ্যে কিছু পেশা রয়েছে বেশ ঝুঁকিপূর্ণ। কর্মজীবী শিশুদের বেশির ভাগই চরম দারিদ্র ও বঞ্চনার মধ্যে বড় হয় এবং বেঁচে থাকে। তারা উন্নত জীবনের জন্য শিক্ষাগ্রহণ ও দ্রুততা উন্নয়নের কোন সুযোগ পায় না।

অষ্টাদশ শতাব্দীর শেষভাগে গ্রেট ব্রিটেনে কারখানা চালু হলে সর্বপ্রথম শিশুশ্রম একটি সামাজিক সমস্যা হিসেবে চিহ্নিত হয়। মার্কিন যুক্তরাষ্ট্রের পূর্বাঞ্চল ও মধ্য পশ্চিমাঞ্চলে গৃহযুদ্ধের পর এবং দক্ষিণে ১৯১০ সালের পর শিশুশ্রম একটি স্বীকৃত সমস্যা হিসেবে দেখা দেয়। আগেরকার দিনে শিশুরা কারখানায় শিক্ষানবিশ অথবা পরিবারের চাকর হিসেবে কাজ করত। কিন্তু কারখানাগুলোতে তাদের নিয়োগ প্রকৃত অর্থে হয়ে দাঁড়ায় দাসত্ব। ব্রিটেনে ১৮০২ সালে এবং পরবর্তী বছরগুলোতে সংসদে গৃহীত আইন দ্বারা এ সমস্যার নিরসন হয়। ইউরোপের অন্যান্য দেশে একই ধরনের আইন অনুসরণ করা হয়। যদিও ১৯৪০ সাল নাগাদ বেশির ভাগ ইউরোপীয় দেশে শিশুশ্রম আইন প্রণীত হয়ে যায়, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় উৎপাদন বৃদ্ধির আবশ্যকতা বহু শিশুকে আবার শ্রমবাজারে টেনে নিয়ে আসে। মার্কিন যুক্তরাষ্ট্রে ১৯০৮ এবং ১৯২২ সালে সুপ্রীম কোর্ট মার্কিন কংগ্রেস কর্তৃক প্রণীত শিশুশ্রম আইন অসাংবিধানিক ঘোষণা করে। ১৯২৪ সালে কংগ্রেসে একটি সংবিধান সংশোধনী পাশ করা হয়, কিন্তু সেটি অনেক অঙ্গরাজ্যেই অনুমোদন পেতে ব্যর্থ হয়। ১৯৩৮ সালে প্রণীত প্রথম 'লেবার স্টাণ্ডার্ড অ্যাক্টস' ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত পেশার জন্য ন্যূনতম বয়স ১৮ বছর এবং সাধারণ নিয়োগের জন্য ১৬ বছর ধার্য করে দেয়।[১৩]

বাংলাদেশে শিশুশ্রম আইনগতভাবে নিষিদ্ধ নয়। কিন্তু শিশুশ্রম আইনে কারখানায় ১৪ বছরের কম বয়সের শিশুদের নিয়োগ নিষিদ্ধ করা হয়েছে।[১৪] তবে ৫ থেকে ১৪ বছরের শিশুদের গৃহে, মাঠে এবং কারখানায় পারিশ্রমিকের বিনিময়ে অথবা বিনা পারিশ্রমিকে কাজ করতে দেখা যায়। বাংলাদেশে

---

১২ রচনু আক্তার, SwKcY KvR I wkïkwgK, বাংলাদেশ শিশু অধিকার ফোরাম (বিএসএএফ), স্টেট অব চাইল্ড রাইটস ইন বাংলাদেশ, ২০০৭, পৃ. ৭৫।

১৩ KviLvbv AvBb, ১৯৫৫, ধারা-২ (গ), ধারা ৫৬-৭৬ পর্যন্ড় দেখা যেতে পারে।

১৪. wbgZg gRwi Aa¨v‡'k, ১৯৬১ এবং ৩৯ নং অধ্যাদেশ।

Dhaka University Institutional Repository

শিশুদের অধিকারের প্রতি সামান্যই গুরুত্ব দেওয়া হয়। শিশু অধিকারের অব্যাহত অপব্যবহার এবং লঙ্ঘন উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। ঘনবসতি, সীমিত সম্পদ এবং ঘন ঘন প্রাকৃতিক দুর্যোগ বাংলাদেশের দারিদ্র পরিস্থিতিকে জটিল করে তুলেছে এবং এ অবস্থায় শিশুরাই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে।

বাংলাদেশে একটি সাধারণ দৃশ্য হচ্ছে মেয়েশিশু অভ্যন্তরীণ 'মহিলা' অঙ্গনে আর বালকরা বাইরের 'পুরুষ' অঙ্গনে কাজে নিয়োজিত থাকে। এর ফলে বালিকাদের মধ্যে স্কুল থেকে ঝরে পড়ার হার অনেক বেশি পরিলক্ষিত হয়। শিশুদের শ্রমশক্তি অনেক পরিবারের জন্য খুবই গুরুত্বপূর্ণ। শিশুদের সাথে যে অর্থনৈতিক মূল্য জড়িয়ে আছে তাই জনগণকে বড় পরিবার গঠনে অনুপ্রাণিত করে। শিশুদের নিকট থেকে সাহায্য পাওয়ার প্রত্যাশার জন্ম হয় পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্যের সাথে সাংসারিক বোঝা ভাগাভাগি করে নেওয়ার গভীর মনস্তাত্ত্বিক ধারণা থেকে। জীবনের শুরুতেই উপার্জনমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ শিশুদেরকে তাদের শিশুত্বের বিভিন্ন পর্যায়ের মধ্য দিয়ে এগিয়ে যাওয়ার প্রথম পরিবর্তনের অভিজ্ঞতা অর্জনে বাধ্য করে। এই পরিবর্তন শিশুর উৎপাদন জীবনচক্র' অনুধাবনের জন্য খুবই গুরুত্বপূর্ণ। শিশুদের সংগঠিত ও অসংগঠিত উভয় ধরনের খাতেই নিয়োগ দেওয়া হয়। সংগঠিত খাতে শিশুরা আইন দ্বারা প্রতিরক্ষা পায়, কিন্তু অসংগঠিত খাতে তারা এতটা সৌভাগ্যবান নয়। সেখানকার কাজের পরিবেশ অত্যন্ত নিম্নমানের। বাংলাদেশের আনুমানিক ২১.২% পরিবারে ৫-১৪ বছরের কর্মজীবী শিশু রয়েছে। এই সংখ্যা শহুরে পরিবারগুলোর জন্য ১৬.৮% এবং গ্রামীণ পরিবারের জন্য ২২.৫%। কর্মজীবী শিশু পরিবারের ৫৬.৪ শতাংশ পরিবার-প্রধান নিরক্ষর, ২৪.৬% প্রাথমিক পর্যায়ের শিক্ষায় শিক্ষিত, ১১.৩%-এর নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষা আছে, ৫% এসএসসি/ এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাস করেছে এবং মাত্র ২.৭% উচ্চশিক্ষায় শিক্ষিত। এক হিসাব অনুযায়ী, বাংলাদেশে শিশুশ্রমিকের সংখ্যা ৫-১৪ বছর বয়সী মোট শিশু জনসংখ্যার ১৯%, ছেলেশিশুদের ক্ষেত্রে এই হার ২১.৯% এবং মেয়েশিশুদের ক্ষেত্রে তা ১৬.১%। অর্থনীতির খাত অনুযায়ী শিশুশ্রমিকদের বণ্টনের চিত্র হচ্ছে: কৃষি ৩৫%, শিল্প ৮%, পরিবহন ২%, অন্যান্য সেবা ১০% এবং গার্হস্থ্যকর্ম ১৫%। তবে শিশুশ্রম নিয়োগের প্রায় ৯৫%-ই ঘটে অনানুষ্ঠানিক খাতে। এদের জন্য সাপ্তাহিক গড় কর্মঘণ্টা আনুমানিক ৪৫ এবং মাসিক বেতন ৫০০ টাকার নিচে। মেয়ে শিশুশ্রমিকের মাসিক বেতন ছেলে শিশুশ্রমিকের তুলনায় গড়ে প্রায় ১০০ টাকা কম।

আমাদের দেশে এমন অনেক স্থান আছে যেখানে শিশুদের উপর শিশুশ্রমের নামে অমানবিক নির্যাতন চালানো হয়। যেমন :

Dhaka University Institutional Repository

একটি পত্রিকার প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, ১৯৮৯ সালের ১০ নভেম্বর জাতিসংঘে গৃহীত শিশু অধিকার সনদের ৫৪ টি ধারার মধ্যে ৪১টি ধারাই শিশু অধিকার সম্পর্কিত। অথচ জাতিসংঘের সদস্যভুক্ত রাষ্ট্র বাংলাদেশেই মোস্তাকিনা (১০), শিরিন (১৪), হাসনাহেনা (১৩) বানু (১৫), নুপুর (১০), পুতুল (১১) ও ইয়াসমিন (৮) এর মত নিষ্পাপ ফুলের প্রাণগুলোর (পরিচারিকা) ওপর সামান্যতম শিশু সুলভ বা গুরুত্বহীন ছোট ছোট অপরাধের জন্যও ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল-এর ডাক্তার (মার্চ ২০০৪), শাহজাহানপুর রেলওয়ে অফিসার্স কোয়ার্টারের উপ-সচিবের স্ত্রী ও কলেজের অধ্যাপিকা (ঢাকা) এবং রাজশাহীর গৃহকর্ত্রী ডাইনীর মত নির্যাতন চালাতো। ওই শিশু পরিচারিকাগুলোকে তারাই ইলেকট্রিক হিট দিত। মলমূত্র খাওয়াত, লোহার খুন্তি গরম করে গুপ্তাঙ্গে ঢুকিয়ে দিত। পিঠে হাতে গরম লোহার ছ্যাঁকা দিত, গলা টিপে ধরত, কিল-ঘুষি মারত, হাতুড়ি দিয়ে আক্রমণ করত, নোংরা নোংরা গালিগালাজ করত। তারাই খুলনার পুতুলকে প্রহার করতে করতে মেরেই ফেলেছে, তারাই রাজশাহীর শিরিনকে হত্যা করেছে (মার্চ ২০০৪)। অবশ্য এ খবরগুলো সবার জানা। সংবাদ মাধ্যমগুলোতেও বেশ প্রচারিত হয়েছে কিন্তু এই সব নির্যাতন ও হত্যার ঘটনাগুলো তো দিন দিন বাড়ছে বৈ কমছে না। এ প্রসঙ্গে সুহৃদ 'চতুরঙ্গ' সামাজিক সন্ত্রাসের অংশ হিসেবে তুলে ধরেছেন।[১৫]

এমনকি অনেক মেয়েশিশুকেও রাস্তায় ও ইটের ভাটায় ইট ভাঙ্গতে দেখা যায়। এসম্পর্কে একটি প্রতিবেদন বাংলাদেশের দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়। প্রতিবেদনটি হলো :

পারভীন দশ বছরের এক কিশোরী। সারাদিন ইট ভাঙতে ভাঙতে হাতে ফোঁসকা পড়ে গেছে। সকাল ১১ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত কাজ করলে পায় ২৪ থেকে ২৫টাকা। প্রতি ফুট ৬ টাকা করে। সারাদিনে সে ৩-৪ ফুট ইট ভাঙতে পারে। কিন্তু পারভীন স্বপ্ন দেখে একদিন বিউটিশিয়ান হবে। নিজের দোকান হবে। আর ইট ভাঙতে হবে না। সারাদিন সে মেয়েদেরকে সাজিয়ে সুন্দর করে দেওয়ার কাজ করবে। আর তাই ইট ভাংতে যাওয়ার আগে সকালে সে এ বিষয়ে প্রশিক্ষা নিতে যায়। বার বছর বয়সের মোর্শেদা, বাবা দিনমজুর, অভাবের সংসারে খুব ছোট থেকেই ইট ভাঙার কাজ শুরু করে। স্কুলে ভর্তি না হওয়ার কারণ হিসেবে বলে রোজগার করে সংসার চালাতে হয় তাই আমারে স্কুলে ভর্তি করায়নি। প্রতিদিন ২০-২৫ টাকা পায়, তাই মার হাতে তুলে দেয়, তবে সে স্বপ্ন

১৫. ^'wbK B‡ËdvK ১৫ সেপ্টেম্বর,২০০৪।

Dhaka University Institutional Repository

দেখে একদিন চাকরি করবে, কি চাকরি? "বিউটি পার্লারে কাজ করমু। মাইয়াগো সুন্দর করার কাজ, শিখতাছি, যাতে আমার পরে ইট ভাঙতে না হয়, ইট ভাঙা খুব কষ্টের কাজ।[১৬]

5. wkï AcniY I cvPvi

নারী ও শিশু পাচারের মত জঘন্য অপরাধের প্রবণতা আগেও ছিল, বর্তমানেও আছে। যেমন– কুরআনে এসেছে হযরত ইউসুফ (আ)কে খ্রিস্টপূর্ব কয়েক বছর পূর্বে একদল ব্যবসায়ী কূপ থেকে তুলে মিসরে পাচার করে নিয়ে যায় এবং বিক্রি করে দেয়। ইসলাম পূর্ব জাহিলীযুগে আরবেও শিশু পাচারের ঘটনা দেখা যায়। উদাহরণস্বরূপ যায়িদ ইবনে হারিছার ঘটনা উস্তেখযোগ্য। তিনি পাচার হয়ে দাস জীবন যাপন করেন। পরে রাসূলুস্তাহসাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম ক্রয় করে মুক্ত করে দেন।[১৭] অবশ্য শিল্প বিপ্লবের পর এর বিস্তার এত বেশি হয়েছে যে, তা সামাল দেওয়া কঠিন হয়ে পড়েছে। বর্তমান যুগে অর্থ উপার্জনের সহজ মাধ্যম হিসেবে একটি দেশী-বিদেশী দুষ্টচক্র লোক পাচার করার কাজকে পেশা হিসেবে গ্রহণ করেছে।

আইএলও (ILO) মনে করে, গত ২০ বছরে বাংলাদেশ থেকে দুই লাখ নারী ও শিশু বিদেশে পাচার হয়েছে। প্রতিদিন ৩০০ থেকে ৩৫০ জনকে পাচার করা হয়। আইএলও (ILO) সূত্রে আরো জানা যায়, প্রতি বছর শিশু কেনাবেচা, পাচার ও হস্তান্তরে সাত বিলিয়ন ডলার লেনদেন হয়। উস্তিখিত পরিসংখ্যান থেকে ধারণা করা যায়, বাংলাদেশ থেকে বছরে পাঁচ হাজার নারী ও শিশু বিদেশে পাচার হয়ে থাকে। বর্তমানে এ সংখ্যা কমলেও তা শ'-এর ঘরে নামেনি।এখনো হাজারের ঘরেই আছে। আর বাংলাদেশ থেকে মানুষ পাচারের যে ঘটনা ঘটছে, তার ৮০ শতাংশই শিশু।[১৮]

আমাদের মনে রাখা প্রয়োজন দেশের মোট জনংখ্যার ১৪ কোটির মধ্যে ৪ কোটি ২৪ লাখই শিশু। তাই শিশুদের পাচার রোধে আমাদের বিশেষ ভূমিকা রাখা প্রয়োজন। বিশ্বব্যাপী জনমত গড়ে তুলে বাংলাদেশের শিশুদের সুরক্ষায় এগিয়ে আসা এখন সময়ের দাবি। গত বছর ৫ জুন আমেরিকার স্টেট ডিপার্টমেন্টের পররাষ্ট্রমন্ত্রী কণ্ডোলিসা রাইস এক প্রতিবেদনে বলেছেন, বাংলাদেশ থেকে দ্বক্তিণ এশিয়ায় নারী ও শিশু পাচারের রুট হিসেবে ভারত ব্যবহার করছে। বাংলাদেশের মেয়েশিশুদের পতিতাবৃত্তির উদ্দেশ্যে বিদেশে পাচার করা হচ্ছে। উপসাগরীয় অঞ্চলের দেশগুলোতেও উটের জকি

---

১৬. ^'wbK B‡ËdvK, ১৫ জানুয়ারি ২০০৩।

১৭ ইবন কাসীর, হাফিয আবুল ফিদা 'ইমাদুদ্দীন মুহম্মদ ইবন ইসমা'ঈল,Avjwe'vqvn Iqvbwbnvqvn, বৈরচত, দারচল কুতুবিল 'ইলমিয়্যাহ, তা.বি., পৃ.২০৩-২০৪।

১৮. ‰'wbK hvqhw'b, ১০ জানুয়ারি ২০০৭।

Dhaka University Institutional Repository

করার জন্য বাংলাদেশের শিশু পাচার অব্যাহত আছে। এমন কঠিন বাস্তবতার মধ্যে আমাদের সবাইকে সম্মিলিতভাবে শিশু পাচার প্রতিরোধে জরুরি পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

6. A‰ea Mf©aviY

অবৈধ পন্থায় যৌনকার্য সমাধা করা গর্হিত কাজ। যৌনকার্য মানুষের মৌলিক প্রয়োজনের মধ্যে অন্যতম। এর সমাধান না হলে মানুষের জীবনের ভারসাম্য হারিয়ে ফেলে। ইসলামী শরীয়তের বিধিমোতাবেক অবৈধ সহবাসের মাধ্যমে যে গর্ভ সঞ্চার হয় তাকে অবৈধ গর্ভধারণ বলে।[১৯]

যিনার সংজ্ঞা প্রদানে বিভিন্ন মনীষী বিভিন্ন রকম বর্ণনা দিয়েছে। তন্মধ্যে প্রণিধানযোগ্য একটি সংজ্ঞা হলো : "যিনা ব্যভিচার অবৈধ সংগমের নাম যা যৌন উত্তেজনাশীলা জীবিত মহিলার সামনের দিক দিয়ে স্বেচ্ছায় ইনসাফের দেশে (যারা ইসলামী আইন পালন করে) সংঘটিত হওয়া, যে মহিলা হবে নিঃসন্দেহে প্রকৃত মালিকানামুক্ত। তেমনিভাবে মালিকানার অধিকার থেকে মুক্ত, প্রকৃত বিবাহ ও রূপক বিবাহ থেকে মুক্ত।"[২০]

অন্যভাবে বলা যায়, "প্রকৃত মালিকানাহীন ও রূপক মালিকানাহীন মহিলার সামনের দিকে কোন পুরুষ সংগম করাকে যিনা বলে।"[২১]

মোটকথা, যিনা-ব্যভিচারের মাধ্যমে গর্ভবতী হওয়াকেই অবৈধ গর্ভধারণ বলা হয়ে থাকে।

ইসলাম যিনা-ব্যভিচার কখনও সমর্থন করে না। এ সমস্ত অশ্লীল ও খারাপ কাজ থেকে দূরে থাকার জন্য আল্লাহ্ তা'আলা মানুষদেরকে নির্দেশ দিয়েছেন। এ প্রসঙ্গে মহান আল্লাহ্ বলেন : "তোমরা যিনা-ব্যভিচারের নিকটবর্তী হবে না। কেননা এটি একটি অশ্লীল ও খারাপ কাজ।" আর যারা এমন অশ্লীল কাজে লিপ্ত হবে তাদের উভয়ের ব্যাপারে কঠোর শাস্তির ঘোষণা দিয়েছেন। এপ্রসঙ্গে তিনি বলেন : "ব্যভিচারিনী ও ব্যভিচারী যিনা করলে উভয়ের প্রত্যেককে একশত বেত্রাঘাত কর। আল্লাহ্ তা'আলার বিদান প্রয়োগে তোমাদের উভয়ের ব্যাপারে নম্রতা দেখানো যাবে না, যদি তোমরা আল্লাহ্ তা'আলা ও পরকালে বিশ্বাস করে থাক। আর মু'মিনদের একটি দল উভয়ের শাস্তি প্রয়োগ প্রত্যক্ষ

---

১৯. Anwar Ahmed Quadri, *Islamic Jurisprudense in the modern world*, Newdelhe, Taj Company, 1986, P. 292.

২০. ছালেহ আলআবী, Avj gqvK, আততাজুল ইকলীল, বৈরূত, দারুল ফিকর, তা.বি., খ.৬, পৃ. ২৯০; Anwar Ahmed Quadri, *Islamic Jurisprudense in the modern world*, Ibid., P. 292.

২১. আলহানাফী, আলাউদ্দীন আবূ বকর ইব্ন মাসউদ আলকাছানী, ev'v‡qÔ AvQQvbv‡qÔ dx ZviZxwej AvkkviÔC, পাকিস্তান, এম.এম. সাইদ কোম্পানী এডুকেশনাল প্রেস, ১৪০০ হি., খ.৭, পৃ. ৩৩।

Dhaka University Institutional Repository

করবে। যিনাকারী পুরুষ যিনাকারিনী বা মুশরিক স্ত্রী ব্যতীত অন্য কাউকে বিবাহ করতে পারবে না আবার যিনাকারিনী মহিলা যিনাকারী বা মুশরিক পুরুষ ব্যতীত অন্য কাউকে বিবাহ করতে পারবে না। আর এসব (যিনাকারী পুরুষ ও মহিলা) মু'মিনদের জন্য হারাম।"[২২]

হাদীসে রাসূল সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম এ বিধানকে তাকীদ করেছেন। তিনি বলেছেন : "... আমার নিকট থেকে নিয়ে নাও, আস্তাহ্ তা'আলা ঐ সকল মহিলাদের জন্য পথ করে দিবেন। যুবক-যুবতী (অবিবাহিত) যিনা করলে তাদের শাস্তি একশত বেত্রাঘাত ও একবছর নির্বাসন। আর বিবাহিত মহিলা ও পুরুষ যিনা করলে তাদের শাস্তি একশত বেত্রাঘাত ও পথর দ্বারা রজম।"[২৩]

এ সম্পর্কে রাসূল সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম এর একটি হাদীস এখানে উস্তেখ করা একান্ত জরুরী। আবূ হুরায়রা ও সা'ঈদ ইব্‌ন খালিদ রা. থেকে বর্ণিত, এক গ্রাম্য ব্যক্তি রাসূল সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম এর দরবারে এসে বলল : হে আস্তাহর রাসূল! আস্তাহর শফথ করে আপনার নিকট সাহায্য কামনা করছি যে, আপনি আস্তাহ্ তা'আলার কিতাব দ্বারা ফায়সালা করবেন, আর বিবাদী বলল : সে তার থেকেও জ্ঞানী; হ্যাঁ। আপনি আমাদের আস্তাহর কিতাব দ্বারা বিচার করুন। হে আস্তাহর রাসূল! ঘটনাটি বলার অনুমতি দিন। রাসূল সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম অনুমতি দিলেন। সে বলল : আমার ছেলে এক ব্যক্তির উট চরাতো, অতঃপর তার স্ত্রীর সাথে যিনা করেছে। আর আমাকে খবর দেয়া হয়েছে যে, আমার ছেলেকে রজম[২৪] করা হবে, আমি এজন্য একশত বকরী ও একটি ছাগলছানা ফিদিয়া হিসেবে দিতে চাই। আর আমি আলেমদেরকে এ ব্যাপারে জিজ্ঞেস করলাম, তারা আমাকে জানালেন যে, তার জন্য একশত বেত্রাঘাত ও একবছর নির্বাসন, আর এ মহিলার জন্য রজম নির্ধারিত শাস্তি। মহানবী সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম এতদশ্রবনে বললেন : আস্তাহ্ তা'আলার শপথ! যার হাতে আমার প্রাণ। নিশ্চয়ই আমি তোমাদের উভয়ের মধ্যে আস্তাহর কিতাবের বিধান অনুযায়ী ফায়সালা করব। বকরী ও বকরীর ছাগলছানা বাতিল করা হল। তোমার ছেলের উপর একশত বেত্রাঘাত ও একবছর নির্বাসন। হে উনাইছ! তুমি সকারৈ এ মহিলার নিকট যাবে, যদি সে যিনার কথা স্বীকার করে, তাহলে তাকে রজম করবে। বর্ণনাকারী বলেন : অতঃপর সে (উনায়ছ) সকালে মহিলার নিকট গেল। আর মহিলা যিনার কথা

---

২২. Avj-Ki⁰Avb, ṁূরা আন-নূর, আয়াত : ২-৩।

২৩. মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, খ.৫, পৃ. ৫৯, হাদীসনং-৩২০০।

২৪. রজম : প্রস্ড়রাঘাতে হত্যা করাকে ইসলামী শরী'আতের পরিভাষায় রজম বলা হয়।

Dhaka University Institutional Repository

স্বীকার করল। তাই রাসূল সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম এর নির্দেশ মত তাকে রজম করা হল।[২৫]

এমনিভাবে আরো অনেক হাদীস রাসূল সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম থেকে বর্ণিত হয়েছে। সুতরাং আমাদের সকলের উচিত যে, এসকল খারাপ ও অশ্লীল কাজ থেকে নিজেদেরকে দূরে রাখা এবং বিরত থাকা। তাহলে আজকের সমাজে অসহায় ও পিতৃপরিচয়হীন শিশুর সংখ্যা আর থাকবে না।

5. 5. cwiPqnxb wkïi wbivcËv AvBb

জন্মের জন্য শিশু নিজে দায়ী নয়। জন্মকে কেউ নিজের ইচ্ছেমতো নিয়ন্ত্রণ করতে পারে না। শিশুর জন্মস্থান বা কোন পরিবারে জন্মাবে, এ ব্যাপারে নিজের পছন্দ প্রকাশ বা কার্যকর করতে পারে না। সুতরাং কোন সন্তান তার পিতামাতার বিবাহ বন্ধনের বাইরেও যদি জন্ম নেয় সে জন্য তার কোন অপরাধ নেই। অবিবাহিত অবস্থায় সন্তান জন্মদান যদি অপরাধ হয়, তাহলে সে জন্য তার পিতামাতা অপরাধী হবে, শাস্তি ভোগ করবে, শিশু নয়। শিশু সমাজের কাছে নিরাপত্তার অধিকার রাখে। এ অধিকার তাকে প্রদান করতে হবে। মানবাধিকারের সর্বজনীন ঘোষণায় আলোচ্য বিষয়ে বলছে সকল শিশুই অভিন্ন সামাজিক নিরাপত্তা লাভ করবে, সে বৈবাহিক বন্ধনের মাধ্যমেই জন্ম গ্রহণ করুক,অথবা বৈবাহিক বন্ধনের বাইরে। সমাজের কাছে শিশুর অধিকার অনেক। শৈশব অবস্থায় বিশেষ যত্ন ও সহায়তা লাভ, খাবার, পরিচর্যা, আবাস, কাপড়-চোপড়, চিকিৎসা এবং শ্রিক্ষ এইসব ক্ষেত্রে পিতামাতার বৈবাহিক বন্ধনের মাধ্যমে যে শিশুটি জন্মেছে তার অধিকার যেমন, সেই শিশুরটিরও তেমন যে তার পিতামাতার বৈবাহিক বন্ধনের বাইরে জন্মেছে। শিশুর অভিন্ন সামাজিক নিরাপত্তার অধিকারে কোন হেরফের করা যাবে না, করলে সেটা মানবাধিকার লঙ্ঘনের শামিল হবে।

পিতার ঔরসে এবং মাতার গর্ভে সন্তান জন্ম লাভ করে। পিতা ও মাতা বিবাহিত হতে পারে আবার বিবাহিত নাও হতে পারে। যত্ন এবং সহায়তার অধিকার সকল সন্তানের একরকম, তা সে বিবাহজাত হোক বা বিবাহ বহির্ভূত হোক। মুসলিম আইনে সন্তানের জন্মের বৈধতা ও পিতৃত্ব প্রতিষ্ঠার একক ও অনন্য মানদণ্ড হচ্ছে বিবাহ। সন্তানের পিতৃত্ব তার পিতা-মাতার বৈবাহিক সম্পর্কের অস্তিত্ব দ্বারা প্রতিষ্ঠিত না হলে মুসলিম আইনের বিধান মোতাবেক সংশ্লিষ্ট পিতার ঐ সন্তানকে বৈধ সন্তান হিসেবে স্বীকৃতি দান করা যাবে না। তাই সন্তানের বৈধতার স্বীকৃতির জন্য পিতা-মাতার বৈবাহিক সম্পর্ক প্রতিষ্ঠিত হতে হবে। এর ফলে সন্তান পিতার উত্তরাধিকার,

২৫ . মুসলিম, Avm-mnxn, প্রাগুক্ত, খ. ৯, পৃ. ৭১, হাদীস নং-৩২১০।

Dhaka University Institutional Repository

অভিভাবকত্ব এবং ভরণপোষণের মত কতকগুলো সুনিশ্চিত অধিকার, পারস্পরিক কর্তব্য ও দায়-দায়িত্ব আরোপিত হয়। মুসলিম আইন অনুসারে পিতার সঙ্গে পুত্রের যে বৈধ সম্পর্ক রয়েছে তাকে পিতৃত্ব বলে। ডি.এফ.মুস্তা বলেন-Paternity is the relation between the father and the child.[২৬]

বস্তুত সন্তানের পিতা-মাতার সঙ্গে জন্মের সম্পর্ককে বংশ পরিচয়ে বা ইসলামী বিধানে 'নসব' এর ভিত্তি হল পুরুষ ও স্ত্রীর মধ্যে বৈবাহিক সম্পর্ক। 'নসব' পিতামাতার সঙ্গে সম্পর্ক স্থাপন করে। পিতৃত্ব-পিতার সঙ্গে সন্তানের বৈধ সম্পর্ক এবং মাতৃত্ব-মাতার সঙ্গে সন্তানের বৈধ সম্পর্ক স্থাপন করে। এ বৈধ সম্পর্ক ও উত্তরাধিকার অভিভাবকত্ব এবং ভরণপোষন সংক্রান্ত কতগুলো সুনিশ্চিত অধিকার ও কর্তব্যের জন্ম দান করে।[২৭]

অবৈধ এ শিশুসন্তানের ভরণপোষণের দায়িত্ব মায়ের এবং মানবাধিকারের ভিত্তিতে রাষ্ট্রের উপর বর্তাবে। সরকার বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উপধারা-১ এর উস্তিখিত সন্তানের ভরণপোষণ বাবদ প্রদেয় অর্থের পরিমাণ নির্ধারণ করবে। এই ধারার অধীনে কোন সন্তানকে ধর্ষণের ফলে জারজ সন্তান ভরণপোষণের জন্য প্রদেয় অর্থ সরকার ধর্ষকের নিকট হতে আদায় করতে পারবে এবং ধর্ষকের বিদ্যমান সম্পদের মালিক বা অধিকারী হবে সে সম্পদ হতে তা আদায় করতে পারবে।[২৮]

এই আইন করার প্রেক্ষপট বর্ণনা করতে গিয়ে বলা হয় নারী ও শিশু নির্যাতন দমন আইনের (২০০০) অপব্যবহার রোধে জাতীয় সংসদে ঐ আইনের সংশোধনকল্পে এই আইন প্রতিস্থাপিত হয়। এই আইনে স্পষ্টভাবে বলা হয়, যে ধর্ষণের ফলে জন্মলাভ করা সন্তানের ভরণপোষণের ব্যয় রাষ্ট্র বহন করবে। ধর্ষণের ফলে জন্মলাভ করা শিশুর এই ভরণপোষণের অর্থ ধর্ষকের কাছ থেকে রাষ্ট্র আদায় করে সন্তানের মা বা মাতৃকুলের আত্মীয়দের অনুকূলে ন্যস্ত করবে। এই সংক্রান্ত কোন অভিযোগ থানা গ্রহণ না করলে সে ক্ষেত্রে সরাসরি ট্রাইব্যুনালে অভিযোগ দায়ের করা এবং ট্রাইব্যুনাল কর্তৃক ম্যাজিস্ট্রেট বা অন্য কোন ব্যক্তি দ্বারা অভিযোগ অনুসন্ধানপূর্বক সরাসরি বিচার গ্রহণের প্রস্তাব করা হয়েছে।[২৯]

---

২৬. মোঃ সিদ্দিকুর রহমান, প্রাগুক্ত, পৃ.১৫১।

২৭. নূরচ্ল মু'মিন, gmwjg AvBb, প্রাগুক্ত, পৃ. ৪০৪।

২৮. evsjv‡'k †M‡RU, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা, নারী ও শিশু নির্যাতন দমন (সংশোধন) আইন ২০০৩ এর ৭নং ধারা।

২৯. ছিদ্দিকুর রহমান মিয়া, প্রাগুক্ত, AvBb, bvix I wkï wbhvZb 'gb AvBb এবং যৌতুক নিরোধ আইন ।

Dhaka University Institutional Repository

জারজ বা অবৈধ সন্তানের অভিভাবকত্ব বিষয়ে মুসলিম আইনের ভাষ্যে বলা হয়েছে, একমাত্র মা ও তার আত্মীয়-স্বজনই জারজ সন্তানের হেফাজত পেতে পারেন বা তার অভিভাবক হতে পারেন। অভিভাবক ও প্রতিপাল্য আইন অনুযায়ী পিতা বর্তমান থাকলে, কেবল হেফাজতের অভিভাবক হবার অনুপযুক্ত বলে আদালত অন্য কাউকে অভিভাবক নিযুক্ত করতে পারে না। তবে মুসলিম আইনে এমন কিছু নেই যাতে ধরা যেতে পারে যে, পিতা অনুপযুক্ত হলেও তার হেফাজতের অধিকার থাকবে। অর্থাৎ এক্ষেত্রে আদালত মা বা অন্য কাউকে অভিভাবক নিযুক্ত করতে পারে। অপরদিকে পিতা উইলের মাধ্যমে নাবালক সন্তানের হেফাজতে অভিভাবকত্ব প্রদান করে যেতে পারেন।[৩০]

জারজ সন্তানের হেফাজতের অধিকার মা ও তার আত্মীয় স্বজনের উপর ন্যস্ত হবে। মাতা কখন হেফাজতের অধিকার হারান বা নারী কখন নাবালকের তত্ত্বাবধান করতে অযোগ্য বলে গণ্য হয় তা নিম্নরূপ :

১) নাবালকের মুহরিম[৩১] নয়, এমন পুরুষকে যদি মা বা অপর মহিলা বিয়ে করে। অবশ্য মৃত্যু বা তালাকের ফলে বিবাহ বিচ্ছেদ ঘটলে পুনরায় এ অধিকার সৃষ্টি হবে। উল্লেখ্য যে, শিশুর মা বিবাহ নিষিদ্ধ ব্যক্তি ব্যতীত অন্য কাউকেও বিয়ে করলে প্রকৃতপক্ষে স্নেহ, মায়া-মমতা দিয়ে শিশুকে দেখাশোনা করা তার পক্ষে সম্ভব নাও হতে পারে। যেমন মা যদি কোন অপরিচিত পুরুষদেরকে বিয়ে করে, তবে সে হেফাজতের অধিকার হতে বঞ্চিত হবে।

২) শিশুর পিতার সঙ্গে বিয়ে বহাল থাকাকালে তিনি যদি অন্যত্র বসবাস করেন।

৩) তিনি যদি নৈতিকতা বিরোধী জীবন-যাপন করেন অথবা বেশ্যাবৃত্তি গ্রহণ করেন।

৪) তিনি যদি শিশুর উপযুক্ত বা যথাযথ যত্ন নিতে অবহেলা করেন।

৫) সর্বোপরি; ফতোয়ায়ে আলমগীরি অনুযায়ী তিনি ধর্মান্তরিত হলে শিশুর অভিভাবক হিসেবে থাকতে পারবেন না।

হিন্দু মহিলাদের ক্ষেত্রে স্বামীর মৃত্যুর সময় যদি তার অসতীত্ব প্রমাণিত হয় তাহলে তাকে উত্তরাধিকারী করা হয় না। তখন হিন্দু মহিলার সম্পত্তির উত্তরাধিকারের ক্ষেত্রে প্রশ্ন উঠেছিল সম্পত্তির মালিক মহিলা যদি বেশ্যা হন তবে কে উত্তরাধিকারী লাভ করবে? সিদ্ধান্ত হয়েছে যে, মা বেশ্যা হলে তার সম্পত্তির উত্তরাধিকার লাভ করবে তার সন্তান। ধার্য হয়েছে যে, এক্ষেত্রে সন্তানের মাতৃত্ব

---

৩০. রফিউদ্দীন, BmjwgK AvBb weÁvb I gmwjg, প্রাগুক্ত, পৃ.১৩০-৩১।

৩১. মুহরিম : ইসলামী শরী'আতের দৃষ্টিতে যে সমস্ত মহিলাকে বিবাহ করা কোন পুরুষের জন্য হারাম (নিষিদ্ধ) তাকে মুহরিম বলা হয়।

Dhaka University Institutional Repository

বিবেচ্য, পিতৃত্ব নয়। হিন্দু পিতাকে তার অবৈধ সন্তানের ভরণপোষণের দায়িত্ব গ্রহণ করতে হবে। দায়ভাগ বিধান অনুযায়ী সাবালক না হওয়া পর্যন্ত অনুরূপ পুত্রের ভরণপোষণের ভার পিতাকে বহন করতে হয়। অপরপক্ষে মিতাক্ষরা বিধান অনুযায়ী অবৈধ পুত্র আজীবন পিতার কাছে থেকে ভরণপোষণ লাভে অধিকারী।[৩২]

পিতার মৃত্যুর পর মা নাবালকের অভিভাবক হয়ে থাকেন। তবে পিতা উইল করে কোন ব্যক্তিকে নাবালকের অভিভাবক নিযুক্ত করে গেলে মায়ের চেয়ে উইলকৃত ব্যক্তির দাবি অগ্রগণ্য। কিন্তু মা-বাবা উভয়েই মারা গেলে এবং তারা কোন উইল করে না গেলে আদালত প্রয়োজনবোধে নাবালকের নিকটবর্তী আত্মীয়দের মধ্য থেকে অভিভাবক নিযুক্ত করতে পারেন।[৩৩]

হিন্দু আইনে দাসীর দ্বারা তিনটি উচ্চ বর্ণের হিন্দুদের অবৈধ পুত্র পিতার কাছ থেকে ভরণপোষণ লাভের অধিকারী। অপরপক্ষে দাসীর দ্বারা একজন শুদ্রের অবৈধ পুত্র তার পিতার মৃত্যুর পর পিতার সম্পত্তির অংশ লাভের অধিকারী। মিতাক্ষরা আইন অনুযায়ী, দাসী নয় এমন মহিলার দ্বারা একজন হিন্দুর অবৈধ পুত্র সমগ্র জীবনব্যাপী ভরণপোষণ পাওয়ার অধিকারী। অপরদিকে, দায়ভাগ আইন অনুসারে এরূপ পুত্র সাবালকত্ব অর্জন পর্যন্ত ভরণপোষণ পাওয়ার অধিকারী। একজন অ-হিন্দু মহিলার দ্বারা একজন হিন্দুর অবৈধ পুত্র হিন্দু আইন অনুযায়ী ভরণপোষণ পাওয়ার অধিকারী নয়। কিন্তু **১৯৮৯** সালের ফৌজদারী কার্যবিধির ৪৮৮ ধারা অনুযায়ী এরূপ পুত্র ভরণপোষণ পাওয়ার অধিকারী।[৩৪]

হিন্দু আইনের বিধান অনুযায়ী অবৈধ কন্যাদের ভরণপোষণের কোন বিধান নেই। কিন্তু **১৮৯৮** সালের ফৌজদারী কার্যবিধির ৪৮৮ ধারা অনুযায়ী এরূপ কন্যা তার পিতার কাছ থেকে ভরণপোষণ পাওয়ার অধিকারী।[৩৫]

জাতীয় শিশু নীতির 'চ' অনুচ্ছেদে বলা হয়েছে, "পরিত্যক্ত, অবহেলিত, অনাথ, দুস্থ ও আশ্রয়হীন পথশিশুদের উপযুক্ত পরিবেশে আশ্রয়, ভরণ-পোষণ, শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসন নিশ্চিত করা।

---

৩২. নির্মলেন্দু ধর, ॥n›' A\Bb, ঢাকা, রেমিসি পাবলিশার্স, তৃতীয় সংস্করণ, ২০০৬ খ্রি., (উত্তরাধিকার আইন দ্রষ্টব্য), পৃ. ৩৩।

৩৩. প্রাগুক্ত, পৃ. **১১১-১১৫**।

৩৪. Sastri Golapchandra Sarkar, *A Treatise on Hindu Law* (Calcutta : Eastern Law House, 1924), p. 144.

৩৫. Pandurang v. Sonabai (1948) Nag. 653; Padmavti v. Ramchandra (1950) Cut. 532.

Dhaka University Institutional Repository

প্রাকৃতিক দুর্যোগসহ সকল প্রতিকূল অবস্থায় শিশুদের ত্রাণসামগ্রী বণ্টনের ক্ষেত্রে বিশেষ অসুবিধাগ্রস্ত শিশুদের অগ্রাধিকার প্রদান করা।"[৩৬]

বাংলাদেশ শিশু আইন, ১৯৭৪-এর ৩২ অনুচ্ছেদে বলা হয়েছে- কোন গৃহ, নির্দিষ্ট কোন বাসস্থান অথবা জীবনধারণের কোন দৃশ্যমান উপায় নেই, অথবা নিয়মিত ও যথাযথভাবে অভিভাবকদের ক্ষমতা প্রয়োগ করতে পারে না এরূপ কোন পিতা-মাতা বা অভিভাবক নেই, অথবা ভিক্ষা করতে দেখা গিয়েছে, অথবা দুস্থ অবস্থায় নিপতিত দেখা যায় অথবা যার পিতা-মাতা বা অভিভাবক যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত কিংবা কারাদণ্ড ভোগ করছে; অথবা যাকে সাধারণত কোন কুখ্যাত অপরাধী কিংবা পতিতার সঙ্গে পাওয়া যায়, যে তার পিতামাতা বা অভিভাবক নয়; অথবা এমন কোন বাড়িতে অবস্থান করছে বা যাতায়াত করছে যা পতিতাবৃত্তির কাজে কোন পতিতার ব্যবহারের অধীনে রয়েছে এবং সে উক্ত পতিতার শিশু নয়; অথবা যে প্রকারান্তরে কোন অসৎ সঙ্গে পতিত হতে পারে বা নৈতিক বিপদের সম্মুখীন হতে পারে বা অপরাধের জীবনে প্রবেশ করতে পারে। এসমস্ত ক্ষেত্রে সরকারের প্রশু থেকে তাদের সাহায্য করা যেতে পারে।[৩৭]

জন্মের জন্য শিশু নিজে দায়ী নয়। জন্মকে কেউ নিজের ইচ্ছেমতো নিয়ন্ত্রণ করতে পারে না। শিশুর জন্মস্থান বা কোন পরিবারে জন্মাবে, এ ব্যাপারে নিজের পছন্দ প্রকাশ বা কার্যকর করতে পারে না। সুতরাং কোন সন্তান তার পিতামাতার বিবাহ বন্ধনের বাইরেও যদি জন্ম নেয় সে জন্য তার কোন অপরাধ নেই। অবিবাহিত অবস্থায় সন্তান জন্মদান যদি অপরাধ হয়, তাহলে সে জন্য তার পিতামাতা অপরাধী হবে, পিতামাতা শাস্তি ভোগ করবে, শিশু নয়। শিশু সমাজের কাছে সকল প্রকার নিরাপত্তা ও ভরণ-পোষণের অধিকার রাখে। সমাজের কাছে শিশুর অধিকার অনেক। শৈশব অবস্থায় বিশেষ যত্ন ও সহায়তা লাভ, খাবার, পরিচর্যা, আবাস, কাপড়-চোপড়, চিকিৎসা এবং শিক্ষা এইসব ক্ষেত্রে পিতামাতার বৈবাহিক বন্ধনের মাধ্যমে যে শিশুটি জন্মেছে তার অধিকার যেমন, সেই শিশুরটিরও তেমন যে তার পিতামাতার বৈবাহিক বন্ধনের বাইরে জন্মেছে। শিশুর অভিন্ন সামাজিক নিরাপত্তার অধিকারে কোন হেরফের করা যাবে না, করলে সেটা মানবাধিকার লঙ্ঘনের শামিল হবে।

পিতার ঔরসে এবং মাতার গর্ভে সন্তান জন্ম লাভ করে। পিতা ও মাতা বিবাহিত হতে পারে আবার বিবাহিত নাও হতে পারে। যত্ন এবং সহায়তার অধিকার সকল সন্তানের একরকম, তা সে বিবাহজাত হোক বা বিবাহ বহির্ভূত হোক। মুসলিম আইনে সন্তানের জন্মের বৈধতা ও পিতৃত্ব

৩৬. w÷wUU Ae PvBì m Bb evsjv‡'k, ২০০৬, পৃ ১৯১।
৩৭. মোঃ আবু বকর সিদ্দীক, wkï AvBb I AwaKvi, ঢাকা, কামরচ্ল বুক হাউজ, ১৯৭৪ খ্রি., পৃ.২৬-২৭।

Dhaka University Institutional Repository

প্রতিষ্ঠার একক ও অনন্য মানদণ্ড হচ্ছে বিবাহ। সন্তানের পিতৃত্ব তার পিতা-মাতার বৈবাহিক সম্পর্কের অস্তিত্ব দ্বারা প্রতিষ্ঠিত না হলে মুসলিম আইনের বিধান মোতাবেক সংশ্লিষ্ট পিতার ঐ সন্তানকে বৈধ সন্তান হিসেবে স্বীকৃতি দান করা যাবে না। তাই সন্তানের বৈধতার স্বীকৃতির জন্য পিতা-মাতার বৈবাহিক সম্পর্ক প্রতিষ্ঠিত হতে হবে। এর ফলে সন্তান পিতার উত্তরাধিকার, অভিভাবকত্ব এবং ভরণপোষণের মত কতকগুলো সুনিশ্চিত অধিকার, পারস্পরিক কর্তব্য ও দায়-দায়িত্ব আরোপিত হয়। মুসলিম আইন অনুসারে পিতার সঙ্গে পুত্রের যে বৈধ সম্পর্ক রয়েছে তাকে পিতৃত্ব বলে। ডি.এফ.মুস্তা বলেন-Paternity is the relation between the father and the child.[৩৮]

বস্তুত সন্তানের পিতা-মাতার সঙ্গে জন্মের সম্পর্ককে বংশ পরিচয়ে বা ইসলামী বিধানে 'নসব' এর ভিত্তি হল পুরুষ ও স্ত্রীর মধ্যে বৈবাহিক সম্পর্ক। 'নসব' পিতামাতার সঙ্গে সম্পর্ক স্থাপন করে। পিতৃত্ব-পিতার সঙ্গে সন্তানের বৈধ সম্পর্ক এবং মাতৃত্ব-মাতার সঙ্গে সন্তানের বৈধ সম্পর্ক স্থাপন করে। এ বৈধ সম্পর্ক ও উত্তরাধিকার অভিভাবকত্ব এবং ভরণপোষন সংক্রান্ত কতগুলো সুনিশ্চিত অধিকার ও কর্তব্যের জন্ম দান করে।[৩৯]

নারী ও শিশু নির্যাতন দমন আইনের (২০০০) অপব্যবহার রোধে জাতীয় সংসদে ঐ আইনের সংশোধনকল্পে এই আইন প্রতিস্থাপিত হয়। এই আইনে স্পষ্টভাবে বলা হয়, যে ধর্ষণের ফলে জন্মলাভ করা সন্তানের ভরণপোষণের ব্যয় রাষ্ট্র বহন করবে। ধর্ষণের ফলে জন্মলাভ করা শিশুর এই ভরণপোষণের অর্থ ধর্ষকের কাছ থেকে রাষ্ট্র আদায় করে সন্তানের মা বা মাতৃকুলের আত্মীয়দের অনুকূলে ন্যস্ত করবে। এই সংক্রান্ত কোন অভিযোগ থানা গ্রহণ না করলে সে ক্ষেত্রে সরাসরি ট্রাইব্যুনালে অভিযোগ দায়ের করা এবং ট্রাইব্যুনাল কর্তৃক ম্যাজিস্ট্রেট বা অন্য কোন ব্যক্তি দ্বারা অভিযোগ অনুসন্ধানপূর্বক সরাসরি বিচার গ্রহণের প্রস্তাব করা হয়েছে।[৪০]

5. 6. c_ wkï i wbivcËv AvBb

বাংলাদেশের পথশিশুদের সঠিক সংখ্যা কারো জানা নেই। কিন্তু বিভিন্ন সংস্থা এদের নিয়ে কাজ করছে। বাংলাদেশ সরকারের সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজ সেবা অধিদপ্তরের ২০০১ সালের এক সমিক্ষয় দেখা যায়, দেশে ছয়টি বিভাগীয় শহরের সাড়ে চার লাখ পথশিশু রয়েছে।

---

৩৮. মোঃ সিদ্দিকুর রহমান, প্রাগুক্ত, পৃ.১৫১।

৩৯ . নূরচ্ল মু'মিন, gmwjg AvBb, ঢাকা, বাংলা একাডেমী, ১৯৯০ খ্রি., পৃ. ৪০৪।

৪০. ছিদ্দিকুর রহমান মিয়া, প্রাগুক্ত, আইন, bvix I wkï wbhvZb 'gb AvBb এবং যৌতুক নিরোধ আইন ।

Dhaka University Institutional Repository

এরাইজ প্রকল্পের অধীনে ২০০১ সালের সেপ্টেম্বর মাসের পরিচালিত এক জরিপ প্রতিবেদনে দেখা যায়, বাংলাদেশে আঠার বছরের নিচে প্রায় পঞ্চান্ন মিলিয়ন শিশু রয়েছে। এদের মধ্যে পথশিশুর সংখ্যা প্রায় চার লাখ পঁয়তাস্তিশ হাজার দুইশত ছাব্বিশ জন। যার শতকরা ৭৫ভাগ রাজধানী, ৯.৯ ভাগ চট্রগ্রাম বিভাগে, ২.৪ ভাগ রাজশাহীতে, ৮.৫ ভাগ খুলনায়, ২.৬ ভাগ বরিশালে ও ১.৫ ভাগ সিলেট বিভাগে বসবাস করে। পথশিশুদের মাঝে শতকরা ৪৩ ভাগ ছেলে এবং ৪৭ ভাগ মেয়ে রয়েছে। বাংলাদেশ ইনিস্টটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ এর ২০০৫ সালের এক গবেষণায় দেখা যায়, বাংলাদেশে সে সময় পাঁচ লাখ পঁচিশ হাজার পথশিশু ছিল। তখন ঢাকার শহরের তিন আশি হাজার পথশিশু ছিল। অর্থাৎ বর্তমানে তাদের সংখ্যা আরও বেশি।[৪১]

দেশে সাত লক্ষ পথশিশু যাদের টোকাই নামে ডাকা হয়, তারা জড়িয়ে পড়ছে বিভিন্ন অপরাধের সঙ্গে। যে পরিবেশে তারা বড় হচ্ছে তাতে বড় হয়ে সন্ত্রাসী হয়ে যাওয়ার ঝুঁকি রয়েছে। অধিকাংশ টোকাই মাদকদ্রব্য বহন করে। অনেকে আসক্ত হয়ে পড়ছে 'চাক্কি' নামের এক ধরনের ভারতীয় নেশার উপকরণে। কর্মজীবী টোকাইদের কাছ থেকে চাঁদা আদায় করে পুলিশ ও এলাকার মাস্তানরা। মেয়ে টোকাইরা যৌন হয়রানির শিকার হয় মাস্তান, পুলিশ এবং রাস্তায় বসবাস করা বড়দের দ্বারা। হরতালের আগে ও পরে পুলিশ এদের গণহারে গ্রেফতার করে জেলখানায় পাঠায়। জেলখানা থেকে ছাড়া পাওয়ার পর তারা আরও বেপরোয়া হয়ে ওঠে। বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভলপমেন্ট স্টাডিজ (বিআইডিএম)-এর জরিপ থেকে এই তথ্য জানা যায়।

গৃহহীন শিশুদের অপর এই জরিপটি চালান হয় জুলাই থেকে আগস্ট (২০০৪) মাস পর্যন্ত। জরিপে দেখা গেছে– বেশিরভাগ টোকাই বা পথশিশু এসেছে গ্রাম থেকে। মা-বাবার বিচ্ছেদে, মা অথবা বাবার পুনরায় বিবাহ, সৎ পিতা কিংবা মার অত্যাচার, অভাব অনটন, অভিভাবকদের উদাসিনতা তাদের ঘর ছাড়তে বাধ্য করে। দিন মজুরি, ফুল বিক্রি, ময়লা-আবর্জনা ঘেটে কাগজ, লোহা, প্লাস্টিকের বোতল ও ক্যান কুড়ান, চা-সিগারেট-বাদাম বিক্রি করে এরা বেঁচে থাকে। অনেক তরুণ-কিশোরী পথশিশু পাচারকারীদের খপ্পরে পরে পাচার হয়ে যায়। অনেকে ভিক্ষা করে। এদের উপর অত্যাচার চালায় পুলিশ, মাস্তান এবং বয়সে বড় ভবঘুরেরা। 'মাদকসক্তি নিরাময় কেন্দ্র শক্তি পুনর্বাসন কেন্দ্রের এক কর্মকর্তা জরিপকারীদের জানিয়েছেন, যেসব পথশিশু টোকাই দিনমজুরি করে, তারা শক্তি অর্জনের জন্য 'চাক্কি' নামের এক ধরনের মাদক সেবন করে। এই মাদকটি চোরাই পথে ভারত থেকে আসে। অনেকে ঘুমের বড়ি, ফেনসিডিল, হাসিস, হেরোইন বহন করে। এলাকার মাস্তানরা এগুলো বহন করতে তাদের বাধ্য করে। মামাদের জন্য তারা এসব নেশার সামগ্রী স্পট

৪১. w÷wUU Ae PvBìm Bb evsjv‡'শ, প্রাগুক্ত, পৃ ৩৫-৩৬।

Dhaka University Institutional Repository

থেকে কিনে আনতে বাধ্য করে। অনেকে এগুলোতে আসক্ত। মাদক বহন করার বিনিময়ে দেওয়া হয় ১০/১৫ টাকা, কিংবা নেশা করার জন্য 'চাক্কি'। যারা নেশা করে তারা নেশার টাকা জোগাড় করতে পকেট মার, চুরি করা, ভিক্ষ করাসহ বিভিন্ন অপরাধের সঙ্গে জড়িয়ে পড়ে। অপরাজেয় বাংলা নামের একটি এনজিওর এক প্রাক্তন কর্মকর্তা জরিপকারীদের জানিয়েছেন, পথশিশুদের মধ্যে বালিকারা পুলিশ, মাস্তান, এমনকি বয়সে বড় ভবঘুরেদের দ্বারা যৌন নির্যাতনের শিকার হয়। কিছু কিছু ক্ষেত্রে বালকরাও এই যৌন নির্যাতনের শিকার হয়। পুলিশ এদেরকে ধরে কখনও কোন ভবঘুরে কেন্দ্রে পাঠায়। ভবঘুরে কেন্দ্রের কর্মচারীরাও মেয়েদেরকে যৌন নির্যাতন চালায়। এর প্রমাণ মিলে ধর্ষণের দ্বারা ভবঘুরে কেন্দ্রের কয়েকজন কর্মচারী উপর বরখাস্ত করার ঘটনা থেকে। এছাড়া পুলিশ পথশিশুদের নাম-ঠিকানা বদলিয়ে বিভিন্ন অপরাধমূলক মামলায় জড়িয়ে জেলে পাঠায়।[৪২]

জরিপটিতে দেখা গেছে, পথশিশুরা প্রেমও করে। অপ্রাপ্তবয়স্ক এসব প্রেমিক-প্রেমিকা প্রেম চিরদিন টিকিয়ে রাখার জন্য রক্তশপথ নেয়। এই রক্তশপথ হচ্ছে, হাতের আঙুল কেটে রক্ত বের করে সেই রক্ত অদল-বদল করা। তারা বিশ্বাস করে, এতে তাদের সম্পর্ক সারা জীবন টিকে থাকবে। পথশিশুদের পুনর্বাসনের জন্য নেওয়া সরকারী প্রকল্পের কর্মকর্তা জরিপকারীদের জানিয়েছেন, এসব পথশিশুর কম অংশই বাড়িতে ফিরে যায়। যারা ফিরে যায়, তারা বাড়ির পরিবেশের সঙ্গে খাপ খাওয়াতে না পেরে আবার ফিরে আসে। মেয়েদের ক্ষেত্রে অবস্থাটি আরও খারাপ, সমাজের ভয়ে ফিরে যাওয়া মেয়েকে তাদের অভিভাবকরা গ্রহণ করতে চায় না, ঘরে রাখতে চায় না। কারণ সমাজ এই মেয়েদের ভালো চোখে দেখে না। ফলে তাদের পুনরায় ফিরে আসতে হয় পথের অন্ধকারময় জীবনে। জাতিসংঘের অফিস 'ফর ড্রাগ অ্যান্ড ক্রাইম'-এর টেকনিক্যাল সাইন্টিফিক কনসালটেন্ট ড. শামীম মতিন চৌধুরী জরিপটিতে তার মতামতে বলেছেন–বাংলাদেশের গৃহহীন পথশিশুদের অবস্থা খুবই খারাপ। প্রতিদিন এই অবস্থার আরও অবনতি হচ্ছে। এখন যা করা দরকার তা হচ্ছে শিশুরা যাতে তাদের বাড়ি-ঘর না ছাড়ে তার জন্য কার্যকর প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া। যারা পথশিশু হয়ে পড়েছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা জরুরি। এদের পুনর্বাসন করতে হবে তাদের বাড়ি-ঘরে। যেখান থেকে তারা এসেছে সেখানে।[৪৩]

আরও একটি প্রতিবেদনে দেখা যায়–বাংলাদেশে প্রতিবছরই বিভিন্নভাবে শত শত শিশু হারিয়ে যায় অথবা মা-বাবা থেকে বিচ্ছিন্ন হয়। বিএসএএফ (বাংলাদেশ শিশু অধিকার ফোরাম) রিসোর্স

৪২. w÷wUU Ae PvB ì m Bb evsjv‡'k, প্রাগুক্ত, পৃ ৩৫-৩৬।

৪৩. নূরচন্দ্র রহমান, সাত লাখ টোকাই জড়িয়ে পড়েছে সন্ত্রাসী কর্মকাণ্ডে, ^'wbK bqw'MŠড়, ২৮ নভেম্বর, ২০০৪ পৃ-১৫-১৬

Dhaka University Institutional Repository

সেন্টারের এক প্রতিবেদনে বলা হয়– ২০০২ সালের জানুয়ারি থেকে মার্চ এই তিন মাসে ২২৩ জন এবং ২০০২ এর জুলাই থেকে ২০০৩ এর আগস্ট পর্যন্ত ৯৫১ জন শিশু হারিয়েছে। এভাবেই প্রতিবছর গড়ে হাজারেরও বেশি শিশু হারিয়ে যাচ্ছে। তবে দারিদ্র্যের কারণেই মূলত এসব শিশু তাদের মা-বাবা থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। দারিদ্র্য তাদের মৌলিক অধিকারের পাশাপাশি মা-বাবার স্নেহ-ভালবাসা থেকেও বঞ্চিত করছে। দেশের লাখ লাখ শিশু মানবেতর জীবন-যাপন করছে। সরকারী একটি জরিপে দেখা যায়–দেশে প্রায় ৪,৪৫,২০০ পথশিশু আছে, এর মধ্যে ঢাকা বিভাগেই রয়েছে ৩,৩৮,৮০৭ জন। অর্থাৎ মোট পথশিশুর ৭৫ ভাগই রয়েছে ঢাকা বিভাগে। এছাড়া, চট্টগ্রাম বিভাগে আছে ৯.৯ শতাংশ। রাজশাহী বিভাগে আছে ২.৪ শতাংশ, খুলনা বিভাগে ৮.৫ শতাংশ, বরিশাল বিভাগে আছে ২.৬ শতাংশ, সিলেট বিভাগে ১.৪ শতাংশ। এদের সংখ্যা দিন দিন আরও বৃদ্ধি পাচ্ছে। এই বিপুল সংখ্যক পথশিশু দারিদ্র্যের শিকার। বেঁচে থাকার জন্য এরা শিশু বয়সে কঠোর পরিশ্রমের পথ বেছে নিতে বাধ্য হচ্ছে।[৪৪] আমাদের দেশের বিভিন্ন পত্রিকার দিকে দৃষ্টি দিলে আমরা সহজেই অনুমান করতে পারব যে, পথশিশুরা কীভাবে জীবনযাপন করছে। আর আমরা তাদের সাথে কেমন ব্যবহার করছি :

দৈনিক যায়যায় দিন পত্রিকার একটি প্রকাশিত সংবাদ : আল-আমীন নামের একজন পথশিশু সারা দিন পথে কাজ করে, রাতে ঘুমায় রাজধানীর কাওরান বাজারে অবস্থিত পদক্ষেপের দিবারাত্রি আশ্রয় কেন্দ্রে। সেখানে তার মত আরো ৩০ পথশিশু থাকে। অন্যান্য দিনের মত রবিবারও সারা দিন কাজ শেষে আশ্রয় কেন্দ্রে ফিরে যাওয়াই ছিল তার ইচ্ছা। কিন্তু রাত বেশি হয়ে যাওয়ায় ঠিক করল ফুটপাথেই ঘুমাবে। এইচআরসি ভবনের নিচে রাস্তার পাশের ফুটপাথে একটা ভ্যান-গাড়িতে সে ঘুমাচ্ছিল। ঘুমের ঘোরে ভ্যান থেকে পড়ে গেলে তৎক্ষাৎ একটি বাস এসে চলে যায় তার পায়ের ওপর দিয়ে। এতে তার বাম পা গুড়ো হয়ে যায়। এটা রাত ১১টার ঘটনা। তার চিৎকার শুনে একজন পথচারী তাকে নিয়ে যায় পঙ্গু হসপিটালে। সেখানে প্রাথমিক চিকিৎসা দিয়ে তাকে রিলিজ করে দেয়া হয় এবং সাতদিন পর আসতে বলা হয়। আল আমিন বলে, হাসপাতালের এক খালারে (আয়া) গিয়া কইলাম- আমি কাওরান বাজার জামু, একটা রিকশা কইরা দেন। হ্যায় রিকশায় তুইলা দিলে আমি আশ্রয় কেন্দ্রে আইসা পড়ি। সকালে সেন্টারের ইনচার্জ সামিয়া সুলতানা ঘটনা জেনে সমাজসেবা অধিদফতর পরিচালিত অ্যারাইজ প্রোগ্রামের প্রকল্প পরিচালকসহ অন্যদের ঘটনাটি জানান। তারা গতকাল সারা দিন চেষ্টা তদবির করে অবশেষে আল আমিনকে আবার পঙ্গু হসপিটালে ভর্তি করাতে সক্ষম হন।

---

৪৪. শামীম খান, লাখ লাখ পথশিশু বঞ্চনার শিকার, ^‘wbK BbwKjve, ৩০ জুন ২০০৪।

Dhaka University Institutional Repository

সামিয়া সুলতানা যায়যায়দিনকে বলেন, আল আমিন একজন পথশিশু-এটাই তার অপরাধ। সরকারি হসপিটালগুলো এসব পথশিশুর চিকিৎসা করতে নারাজ। যার ফলে কোন মতে একটি রাত রেখেই সিট নেই অজুহাতে ওকে রিলিজ করে দেয়। তার এক্স-এর কপিটাও সঙ্গে দেয়ার প্রয়োজন বোধ করেনি তারা। তিনি জানান, ২০০৫ সালের জুলাই মাসে সুমন নামে এক পথশিশুকে চিকিৎসার জন্য এ হসপিটালে নেয়া হলে তখনো একই আচরণ করেন ডাক্তাররা। তাকে জোর করে রিলিজ করে দেয়া হয়। পরে তার আঘাতের স্থানে ইনফেকশন হয়। অভিযোগ রয়েছে, এসব সুবিধাবঞ্চিত শিশু সরকারি হসপিটালে সুচিকিৎসা পায় না। কর্তৃপ্রঙ জোর করে আয়া ডেকে তাদের ট্রলিতে তুলে দিয়ে রাস্তায় ফেলে আসে। পথশিশুদের নিয়ে কাজ করে এ রকম একটি প্রতিষ্ঠান ইনসিডিট বাংলাদেশের নির্বাহী পরিচালক মাসুম আহমেদ এবং আরো কয়েকটি প্রতিষ্ঠানের কর্মকর্তার সঙ্গে চিকিৎসার জন্য প্রতিটি হসপিটালে অন্তত পাঁচটি সিট বরাদ্দ রাখার দাবি জানান।[৪৫]

বাংলাদেশের রাষ্ট্রীয় সংবিধানে স্বীকৃত মৌলিক অধিকারসমূহ থেকে বঞ্চিত এসব লাখ লাখ শিশু নিজেদের ভবিষ্যৎ জীবন সম্পর্কে কিছু ভাবতে পারে না। শুধু পেটের ক্ষুধা নিবারণের জন্য ফুল, পানি, পুঁতির মালা, চকলেট প্রভৃতি বিক্রি করে। হোটেল, বাসাবাড়ি, ওয়ার্কশপে কাজ করে। কাগজ কুড়ায়, ভিক্ষ করে, মেয়ে শিশুরা রাস্তায় থাকার কারণে প্রথমে ইচ্ছার বিরুদ্ধে পরে জীবিকা অর্জনের জন্য কোন উপায় না পেয়ে দেহ বিক্রির কাজে জড়িয়ে পড়ে। নিরাপত্তাহীনতা, শারীরিক ও মানসিক আঘাত, বিভিন্ন ক্ষেত্রে বঞ্চনা তাদের জীবনেরও অবিচ্ছেদ্য অংশ। কঠোর পরিশ্রমের পরও এদের পেট ভরে খাওয়ার নিশ্চয়তা থাকে না। এ পথশিশুরা যে ধরনের কাজ করে তার কোন স্থায়িত্ব নেই। যখন-তখন এদের কাজ থেকে বাদ দেওয়া হয়। শ্রমের বিনিময়ে এরা যে আয় করে তা দিয়ে তিন বেলা খাওয়া তো দূরের কথা, অনেক সময় একবেলা পেটভরে খেতে পারে না। এসব পথশিশুর ব্যাপারে করণীয় সম্পর্কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. খন্দকার মোকাদ্দেম হোসেনের মতামত জানতে চাওয়া হলে তিনি বলেন, এরা সমাজের অবিচ্ছেদ্য অংশ। এসব রাষ্ট্রীয় কাঠামোর বাইরে চিন্তা করা যায় না। এদের সমস্ত দায়িত্ব রাষ্ট্রকে নিতে হবে। পুনর্বাসনের কর্মসূচির অধীনে এনে খাদ্য, বাসস্থান, প্রাথমিক শিক্ষ, স্বাস্থ্য, প্রভৃতির সংস্থান করতে হবে। এরপর প্রশিক্ষামূলক শিক্ষর ব্যবস্থা করতে হবে– যাতে তারা জীবিকা নির্বাহের জন্য স্বাবলম্বী হতে পারে। প্রথম কর্মসূচির মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। এসব শিশুর জন্য বাজেটে বরাদ্দ রাখতে হবে। যেহেতু দারিদ্র্যের কারণে এই সমস্যা হচ্ছে, সেহেতু গ্রামে বয়স্ক দরিদ্রদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। যাতে দরিদ্র পরিবারের শিশুরা গ্রাম ছেড়ে শহরে বা অন্যত্র চলে

৪৫. ‰‘wbK hvqhvqw‘b, ১০ মার্চ, ২০০৬ ।

Dhaka University Institutional Repository

যেতে বাধ্য না হয়। রাষ্ট্রের পাশাপাশি বেসরকারি সাহায্য সংস্থা এবং ব্যক্তি উদ্যোগেও এ হতভাগ্য শিশুদের জন্য সাহায্য-সহযোগিতা ও সহানুভূতির হাত বাড়িয়ে দিতে হবে। তবে রাষ্ট্রের কাছে এনজিওর আর্থিক জবাবদিহি অবশ্য থাকতে হবে–যাতে এই শিশুদের জন্য সংগৃহিত অর্থ যথাযথভাবে ব্যয় হয়।

ইসলাম এসব শিশুদের প্রতি সব রকম সাহায্য সহযোগিতা করার জন্য সরকার ও ব্যক্তিদের প্রতি খুবই তাকিদ করেছে। সমাজে যাতে এসব শিশু প্রতিষ্ঠিত হতে পারে সে ব্যবস্থা করার জন্য ইসলাম যাকাতের একটি খাতকে নির্ধারিত করে রেখেছে। 'ইবনুস সাবিলা বা পথশিশুদের দারিদ্র বিমোচন ও নিরাপত্তায় তা ব্যয় করতে হবে। তাই সকলকে এই পথশিশুদের প্রতি সদয় হতে হবে এবং এদের নিরাপত্তা ও জীবিকার ব্যবস্থা করা রাষ্ট্র ও সমাজের ভরণপোষণের যোগ্যতা অর্জন না করা পর্যন্ত প্রদেয় হবে।

বাংলাদেশের একটি জাতীয় দৈনিকে পথশিশুদের উদ্বেজনক অবস্থা তুলে ধরে বলেন, ওরা পথশিশু, ছিন্নমূল, টোকাই ইত্যাদি অভিধায় চিহিত। অভিভাবকহীন এসব শিশু, কিশোররা শহর, নাগর-বন্দরে ছড়িয়ে আছে। লঞ্চ, বাস, রেল স্টেশন, রাজপথ, ফুটপাতেই এদের বসবাস। মূলত রাস্তাই এদের ঠিকানা। চালচুলোহীন ভবিষ্যৎ প্রজন্মের এ অংশটি অকালে ঝড়ে যাচ্ছে। শ্রিজ্ঞ, চিকিৎসা, বিনোদন তো দূরের কথা, এক মুঠো অন্নের যোগান করতেই তাদের ২৪ ঘন্টা কেটে যায়। অমানুষিক কঠোর পরিশ্রমের মাধ্যমে ওরা কোনমতে দিন গুজরান করছে। যে মুহূর্তে এসব শিশুর বই খাতা নিয়ে স্কুলে যাবার কথা, সেই বয়সে তাদেরকে পেটের তাগিদে শ্রম বিক্রি করতে হচ্ছে। অথচ শিশু অধিকার সনদ ও আইনে শিশু শ্রম পুরোপুরিভাবে নিষিদ্ধ। বাংলাদেশে বর্তমানে পাচঁ থেকে সাড়ে পাঁচ লাখ পথশিশু রয়েছে। শুধু ঢাকা শহরেই রয়েছে ৩ লাখ ৩৪ হাজার ৮০৭টি পথশিশু। বিভাগীয় শহর হিসেবে সবচেয়ে কম রয়েছে সিলেটে। সেখানে পথশিশুর সংখ্যা ৬,০৩৩।

২০০১ সালের সমাজ সেবা অধিদফতরের জরিপে বলা হয়, দেশের ৬টি বিভাগীয় শহরে পথশিশু রয়েছে ৪লাখ ৪৫হাজার ২২৬টি। এর মধ্যে রাজধানী শহরেই ৭৫ শতাংশের অবস্থান। বাংলাদেশ ইনস্টিটিউশন অব ডেভেলপমেন্ট স্টাডিজ (বিআইডিএস)-এর ২০০৫ সালের এক গবেষণায় বলা হয়, বর্তমানে দেশে ৫ লাখ ২৫ হাজার পথশিশু রয়েছে। অতএব দেখা যায়, সারা দেশে ৫ লক্ষাধিক অবহেলিত শিশু রয়েছে, যারা উন্নত জীবনের সকল প্রকার সুযোগ সুবিধা থেকে বঞ্চিত। দেশের মোট শিশুর এ বিরাট অংশ নানা বৈষম্যের শিকার। পেটে ভাত নেই, পরনে বস্ত্র নেই, বাসস্থানের ঠিকানা নেই, জীবনের নিরাপত্তা নেই, আগামীকালের কোন সম্পদ নেই তাদের। নিঃস্ব, অসহায়, হতদরিদ্র অবস্থায় নানা প্রতিকুল পরিবেশের সাথে লড়াই করে তাদের বেঁচে থাকতে হচ্ছে।

Dhaka University Institutional Repository

আদিকালের মানুষের মত প্রতি পদে পদে তাদের বিপদ। আতঙ্কের মধ্যে তাদের দিন কাটে, রাত কাটে। তারা নানাবিধ ঝুঁকিপূর্ণ পরিশ্রমে নিয়োজিত আছে। ইউনিসেফের এক জরিপে দেখা গেছে, দেশে ৪৩৮ ধরনের অর্থনৈতিক খাতে শিশুরা শ্রম দেয়। বাস ট্রাক টেম্পোর হেলপার, রিক্সা-ভ্যান চালক, ইট-পাথর ভাঙ্গা, ঠোঙা বানানো, ফুল, সবিজ, খেলনা বিক্রি, গৃহপরিচারিকা, ওয়েল্ডিং ও ট্যানারি শিল্প, ভাঙারির দোকান, কাগজ কুড়ানো, হোটেল রেঁস্তোরার বয়, কুলি প্রভৃতি কাজে নিয়োজিত শিশুরা। ইউনিসেফ-এর ২০০১ সালের এক প্রতিবেদনে দেখা যায় দেশের ৬১ ভাগ শিশু শ্রমিকের মধ্যে ৩২ ভাগ মেয়েশিশু পতিতাবৃত্তিতে নিয়োজিত। কেউ স্বেচ্ছায়, কেউ বাধ্য হয়ে অনিচ্ছা সত্ত্বেও এ ঘৃণিত পথ বেছে নিয়েছে। এই কি মানবতা ![৪৬]

মানুষকে সুশ্রিক্ষয় শ্বিক্ষিত করা, দারিদ্র্য বিমোচন, কর্মক্ষম জনশক্তি তৈরি, আত্মনির্ভরশীল জাতি গড়ার কর্তব্য শুধু সরকারের একার নয়। সরকারের উপর দায়িত্ব চাপিয়ে দায়ভার এড়ানো সম্ভব নয়। প্রতিটি সচেতন নাগরিকেরই উচিত এসব মহৎ কাজে অংশগ্রহণ করা। তবে বিত্তশালীদের উপর এর দায়দায়িত্ব বেশি বর্তায়। সম্প্রতি বিশ্বে দুই নম্বর ধনকুবের ওয়ারেন বাফেট তাঁর মোট সম্পদের ৮০-৮৫ শতাংশ মানব কল্যাণে দান করার ঘোষণা দিয়েছেন। তাঁর মোট সম্পদের আর্থিক মূল্য ৪৪ বিলিয়ন মার্কিন ডলার। এক্ষেত্রে তার দানের পরিমাণ দাঁড়িয়েছে ৩৭ বিলিয়ন ডলার। তিনি এ অর্থ দান করবেন বিল গেটস ও তাঁর স্ত্রী মেলিন্ড গেটস প্রতিষ্ঠিত বিল এন্ড মেলিন্ড গেটস ফাউন্ডেশনকে। বিশ্বের এক নম্বর ধনী মার্কিন নাগরিক মাইক্রোসফট শিল্পের জনক বিল গেটস বিশ্ব মানবতার কল্যাণে এ সেবামূলক প্রতিষ্ঠানটি গড়ে তুলেছেন। তিনি নিজেই এ ফাউন্ডেশনকে দান করেছেন ৩১ বিলিয়ন ডলার।

পথশিশুরা আমাদের সভ্য সমাজেরই একটি অংশ। লাখ লাখ শিশু, বালক, বালিকা, কিশোর , কিশোরী, তরুণ, তরুণী চোখের সামনে অন্ধকার অধ্যায়ে নিমজ্জিত হচ্ছে। এটা সত্যি দুঃখজনক এবং ভবিষ্যৎ জাতির জন্য হতাশাজনক। শুধু সরকারের উপর নির্ভরশীলতা নয়, এনজিও ও ধনী ব্যক্তিরা একটু এগিয়ে আসলেই এর সুষ্ঠু সমাধান সম্ভব। দেশের অর্থনীতির একটি প্রধান অংশের নিয়ন্ত্রক এনজিও শ্রেণী। অথচ এনজিও'র নীতি নির্ধারকদের দৃষ্টির আওতাবহির্ভূতই থেকে যাচ্ছে ছিন্নমূল জনগোষ্ঠী। দেশের সাংবাদিক, লেখক, বুদ্ধিজীবী ও সুশীল সমাজেরও এক্ষেত্রে দায়িত্ব অনেক। সর্বোপরি সচেতন নাগরিকদের সকলকেই পথশিশুদের জনশক্তিতে রূপান্তরের পদক্ষেপে এগিয়ে আসতে হবে।

৪৬. ‰'wbK msMvg, ১১ জানুয়ারি, ২০০৭।

Dhaka University Institutional Repository

বিবিধ গবেষণায় দেখা গেছে, পথশিশুরাও মেধাহীন নয়। অন্যদের মত তাদেরও আছে স্বপ্ন। সুযোগ পেলে তারাও নিজেদের জন্য, সমাজের জন্য, দেশের জন্য মহৎ কিছু করার যোগ্যতা সম্পন্ন। উদাহরণস্বরূপ পথশিশুদের ব্যাংক প্রতিষ্ঠা এবং পথশিশুদের দ্বারা বিস্ময়করভাবে এর কর্মকাণ্ড পরিচালনার বিষয়টি উল্লেখ করা যায়। ২০০৪ সালের ১ সেপ্টেম্বর 'শিশু উন্নয়ন ব্যাংক' নামে এ প্রতিষ্ঠানের পথ চলা। মূলত পথশিশুদের উদ্যোগেই এর যাত্রা শুরু। 'অপরাজেয় বাংলাদেশ' নামের বেসরকারী সংস্থার সহযোগিতায় এটি প্রতিষ্ঠিত হলেও এর প্রকৃত মালিক পথশিশুরা। ব্যাংক নাম দেওয়া হলেও মূলত এটি সঞ্চয় প্রকল্প। এখন এ সঞ্চয় প্রকল্পের মোট ১১টি শাখা চালু আছে। এদের ১০টি ঢাকায় এবং ১টি চট্রগ্রামে। সবচেয়ে আশ্চার্যজনক হল পথশিশুরাই তাদের ব্যাংক চালায়। ব্যাংকের গ্রাহক, ম্যানেজার, ডিএম, এডিএম, ক্যাশিয়ার সবাই পথশিশু। তাদের অধিকাংশের বয়স ১১ থেকে ১৫ বছর হলেও তারা সফলতার সাথে তাদের প্রকল্প চালাতে সক্ষম। তা তারা নিজেরাই প্রমাণ করেছে।[৪৭] এতে বুঝা যায়, সুযোগের যথাযথ ব্যবহার তাদের দ্বারাও সম্ভব। তাই এই ব্যাংকের মূল্যবোধ রাখা হয়েছে :

১. প্রত্যেক পথশিশুই কর্মজীবি শিশুর মর্যাদা আছে। তাকে ঈমান রাখতে হবে।
২. ব্যাংক বিশ্বাস করে জন্মগতভাবেই শিশুর মধ্যে সুপ্ত সম্ভাবনা রয়েছে।
৩. ব্যাংক শিশুদের অর্থনৈতিক ও সামাজিক আয়নে বিশ্বাস করে।
৪. ব্যাংক শিশুর অংশগ্রহণের অধিকারে বিশ্বাস করে।

পথশিশুদের এ ব্যাংক নিয়ে আশার কথা শুনিয়েছেন দেশের বিশিষ্ট অর্থনীতিবিদ ড. আতিউর রহমান। তিনি মনে করেন ব্যাংক শিশুদের অর্থনৈতিক ও সামাজিক অতায়নে একটি ভাল অর্থনৈতিক বিশ্ব তৈরিতে কাজ করবে।[৪৮]

ঢাকার মত খুলনা ও দেশের বিভিন্ন স্থানে পথশিশুদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে এবং অপরাধ জগৎ থেকে পথশিশুদের স্বাভাবিক জীবনের ফিরিয়ে আনতে সরকারের পাশাপাশি কয়েকটি এনজিও কাজ করছে। এখানে উল্লেখ করা প্রয়োজন খুলনা এলাকায় পথশিশুর সংখ্যা দিনকে দিন বাড়ছে। পাঁচ বছর আগে খুলনা মহানগরী ও জেলার অন্য এলাকায় পথশিশুর সংখ্যা ছিল ৪০ হাজার। বর্তমানে (২০০৮) তাদের সংখ্যা প্রায় ৫০ হাজার। সেখানে ইউনিসেফের সহায়তায় এরাইজ প্রকল্পের নামে স্থানীয় একটি এনজিও তাদের নিয়ে গবেষণা চালাচ্ছে। আমরা আশাবাদী আরও বহু প্রতিষ্ঠান তাদের উন্নয়নে এগিয়ে আসবে। পথশিশু একদিন পথশিশু থাকবে না তারাও একদিন দেশের সম্পদে পরিনত হবে।

---

৪৭. Avgvi evsjv, ঢাকা, ১২ জুন, ২০০৮।

৪৮. তাওহিদুল ইসলাম, প_wkï‡'i e¨vsK, ^'wbK bqv w'Mšড়, সাপ্তাহিক প্রকাশনা, অবকাশ, ঢাকা, ৩০ মার্চ, ২০০৮, পৃ ৫-৮।

Dhaka University Institutional Repository

5. 7. BqvZxg wkïi wbivcËv AvBb

প্রত্যেক মানব শিশু মহান সৃষ্টিকর্তা আল্লাহ তা'আলার পক্ষ হতে পিতামাতা এবং মানব জাতির জন্য নি'আমত ও পবিত্র আমানত স্বরূপ। পৃথিবীতে মানবজাতির বংশধারা সুরক্ষার জন্য মানব-মানবীর বৈধ দাম্পত্য জীবনের ফসল হচ্ছে মানব শিশু। এই শিশুরাই মানব সভ্যতার রক্ষাকবচ, মানব প্রজন্মের ভবিষ্যৎ এবং পিতামাতা ও উম্মাহর সমৃদ্ধ জীবনের আশার আলো। শিশুসন্তান হচ্ছে পার্থিব জীবনের শোভা।[৪৯] এই মানবশিশু ভূমিষ্ঠ হওয়ার পূর্ব থেকেই কতিপয় মৌলিক অধিকার নিয়ে পৃথিবীতে আগমন করে। ইসলাম শিশুর সেই সব অধিকার সুরক্ষায় নিশ্চয়তা প্রদান করে। শিশুর অধিকার প্রদান ও সংরক্ষণে ইসলামী জীবন-বিধান প্রতিশ্রুতিবদ্ধ। পবিত্র কুর'আন ও হাদীসে তথা ইসলামী জীবন-দর্শনে মানব শিশুর জন্মের পবিত্রতা, শিশুর নিরাপত্তা, প্রতিপালন, শিক্ষা-প্রশিক্ষণ এবং আদর্শ মানবরূপে গড়ে তোলার উপর সবচেয়ে বেশি গুরুত্ব আরোপ করেছে। নিম্নে ইয়াতীম শিশুর নিরাপত্তা সম্পর্কে আলোচনা করা হলো :

আল্ কুর'আনে যে সকল আয়াতগুলো ইয়াতীম শিশুর প্রতি সহৃদয় ব্যবহার কর্তব্যকর্ম বলে নির্দেশিত এবং তাদের উপর অত্যাচার-উৎপীড়ন-নির্যাতন নিষিদ্ধ করা হয়েছে, সে সকল অংশ দীর্ঘকাল ধরে ক্রমে ক্রমে অবতীর্ণ হয়েছিল। এ প্রসঙ্গে আল্লাহ্ তা'আলা বলেন كَلَّا بَلْ لَا تُكْرِمُونَ الْيَتِيْمَ "না, কখনও নহে। বরং তোমরা ইয়াতীমকে সম্মান কর না।"[৫০]

বিশেষকরে সৎকর্মপরায়ন লোকের শিশুর প্রতি সদাচারণ করার জন্যও দৃষ্টান্ত রয়েছে, মূসা আ. এর সময়কার খিজির আ. এর ব্যবহার থেকে আমরা পাই। এ প্রসঙ্গে আল্লাহ্ তা'আলা বলেন :

"আর ঐ প্রাচীরটি, ইহা ছিল নগরবাসী দুই পিতৃহীন কিশোরের, ইহার নিম্নদেশে আছে উহাদের গুপ্তধন এবং উহাদের পিতা ছিল সৎকর্মপরায়ণ। সুতরাং আপনার প্রতিপালক দয়াপরবশ হইয়া ইচ্ছা করিলেন যে, উহারা বয়ঃপ্রাপ্ত হউক এবং উহারা উহাদের ধনভাণ্ডার উদ্ধার করুক। আমি নিজ হইতে কিছু করি নাই; আপনি যে বিষয়ে ধৈর্য ধারণে অপারগ হইয়াছিলেন, ইহাই তাহার ব্যাখ্যা।"[৫১]

ইয়াতীমদের সম্মান না করার অর্থ তাদের প্রাপ্য আদায় না করা এবং তাদের প্রয়োজনীয় ব্যয়ভার বহন না করা। যারা পার্থিব জীবনে ইয়াতীম, নিঃস্ব ও বন্দিদের উপকার করে আল্লাহ তা'আলা

---

৪৯. Avj-Ki&Avb, সূরা আল্ কাহ্ফ ১৮ : ৪৬।
৫০. Avj-Ki&Avb, সূরা আল-ফাজর, ৮৯ : ১৭।
৫১. Avj-Ki&Avb, সূরা আল্ কাহ্ফ ১৮ : ৮২।

Dhaka University Institutional Repository

তাদেরকে আখিরাতে জান্নাত ও জান্নাতের বহু নি'আমত দেবেন বলে ঘোষণা করেছেন। ইয়াতীম ও নিঃস্বদের প্রতি সহায়তা দান জান্নাতী মানুষের স্বভাব। বস্তুত পিতৃহীনতা বা অনাথ নিঃস্ব হওয়া শিশুদের জন্য বড় বিপদ। পিতার অভাবে শিশুর জীবন ভয়ানক বিপর্যয়ের সম্মুখীন হয়। অনাথ শিশুর জীবন, নিরাপত্তা, প্রতিপালন, স্বাস্থ্য, সেবা-যত্ন, পরিচর্যা, শ্রিক্ত, নৈতিকতা ও মানবীয় চারিত্রিক গুণ বৈশিষ্ট্য গড়ে তোলা সবকিছুতেই অনিশ্চয়তা নেমে আসে। তাই এসব থেকে সুরক্ষার জন্য ইসলাম অনাথ শিশুর অধিকার আদায় ও নিরাপত্তার জন্য সব কিছুর ব্যবস্থা করেছে।

প্রত্যেক শিশুর প্রতি আমাদের উত্তম ব্যবহার করা অপরিহার্য। বিশেষ করে ইয়াতীম শিশুদের প্রতি। কেননা এটি আল্লাহ্ কর্তৃক নির্ধারিত একটি বিধান। এ প্রসঙ্গে আল্লাহ্ তা'আলা বলেন : "স্মরণ কর, যখন ইসরাঈল-সন্তানদের অঙ্গীকার নিয়াছিলাম যে, তোমরা আল্লাহ ব্যতীত অন্য কাহারও ইবাদত করিবে না, মাতা-পিতা, আত্মীয়-স্বজন, পিতৃহীন ও দরিদ্রদের প্রতি সদয় ব্যবহার করিবে এবং মানুষের সহিত সদালাপ করিবে, সালাত কায়েম করিবে ও যাকাত দিবে, কিন্তু স্বল্প সংখ্যক লোক ব্যতীত তোমরা বিরুদ্ধভাবাপন্ন হইয়া মুখ ফিরাইয়া লইয়াছিলে।"[৫২]

অন্য এক আয়াতে আল্লাহ্ তাআলা ঘোষণা করেন : "তোমরা আল্লাহর ইবাদত করিবে ও কোন কিছুকে তাহার শরীক করিবে না; এবং পিতা-মাতা, আত্মীয়-স্বজন, ইয়াতীম, অভাবগ্রস্ত, নিকট-প্রতিবেশী, দূর-প্রতিবেশী, সংগী-সাথী, মুসাফির ও তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীদের প্রতি সদ্ব্যবহার করিবে। নিশ্চয়ই আল্লাহ পছন্দ করেন না দাম্ভিক, অহংকারীকে।"[৫৩]

কুর'আনের বিভিন্ন আয়াতের পাশাপাশি রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম এর হাদীসও এবিষয়ে অনুসরণযোগ্য। রাসূল (স) ছিলেন অনাথ ইয়াতীমদের সর্বশ্রেষ্ঠ অভিভাবক। তিনি নিজে যেমন এদের প্রতি সদয় ও দায়িত্বশীল ছিলেন, তেমনি তাঁর সাহাবীদেরও সব সময় এসব অনাথ অসহায়দের তত্ত্বাবধানে দায়িত্বশীল হওয়ার জন্য উপদেশ দিয়ে সতর্ক করতেন। এ প্রসঙ্গে হাদীসের অনেক বর্ণনা পাওয়া যায়, আবু উসমান (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন : "কেউ যদি একমাত্র আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য কোন ইয়াতীম শিশুর মাথায় হাত বুলায় যে পরিমাণ চুল হাতে লাগবে সে ঐ পরিমাণ সওয়াব পাবে। যে ব্যক্তি তার নিকট প্রতিপালিত কোন ইয়াতীম ছেলে বা মেয়ের প্রতি সদ্ব্যবহার করে, আমি ও সে জান্নাতে এভাবে

---

৫২. Avj-Ki0Avb, সূরা আল-বাকারাহ, আয়াত : ৮৩।
৫৩. Avj-Ki0Avb, সূরা আন-নিসা, আয়াত : ৩৬।

Dhaka University Institutional Repository

থাকব। এই বলে তিনি তাঁর তর্জনী ও বৃদ্ধাঙ্গুলীকে ফাঁক করে দেখান।"[৫৪] অপর এক হাদীসের বর্ণনায় এসেছে, একব্যক্তি রাসূলুস্তাহ সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম-এর নিকট নিজ অন্তরের কঠোরতার বিষয়ে আলোচনা করেন। তখন রাসূলুস্তাহ সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম বলেন : "তুমি ইয়াতীমের মাথায় হাত বুলাও এবং মিসকীনকে খাবার দাও।"[৫৫]

ইয়াতীম শিশুকে খাদ্য দান ও ভরণ-পোষণের ব্যবস্থা করাও ইসলামী আইনে একটি অপরিহার্য বিধান। তাদের ধন-সম্পদের প্রতি আসক্ত হওয়া থেকেও নিষিদ্ধ করা হয়েছে। আর যারা তাদের সহযোগিতা করবে তারাই সত্য পরায়ণ ও মুত্তাকী।এ প্রসঙ্গে আস্তাহ্ তাআলা ঘোষণা করেন : "পূর্ব এবং পশ্চিম দিকে তোমাদের মুখ ফিরানোতে কোন পূণ্য নাই; কিন্তু পুণ্য আছে কেহ আস্তাহ, পরকাল, ফিরিশতাগণ, সমস্ত কিতাব এবং নবীগণে ঈমান আনয়ন করিলে এবং আস্তাহ-প্রেমে আত্মীয়-স্বজন, পিতৃহীন, অভাবগ্রস্ত, পর্যটক, সাহায্যপ্রার্থিগণকে এবং দাসমুক্তির জন্য অর্থ দান করিলে, সালাত কায়েম করিলে ও যাকাত প্রদান করিলে এবং প্রতিশ্রুতি দিয়া তাহা পূর্ণ করিলে, অর্থ সংকটে, দুঃখ-ক্লেশে ও সংগ্রাম-সংকটে ধৈর্য ধারণ করলে। ইহারাই তাহারা যাহারা সত্য পরায়ণ এবং ইহারাই মুত্তাকী।"[৫৬]

যদি রাষ্ট্রে এমন কোন দুগ্ধ পোষ্য শিশু থাকে যাদের তত্ত্বাবধানের কেউ নেই, তবে সেএক্ষেত্রে তাদের সার্বিক দেখাশুনার দায়িত্ব সরকারি কোষাগার বা বাইতুল মালের উপর বর্তাবে।[৫৭] হযরত উমার ফারুক (রা.) তার খিলাফত কালে প্রত্যেক দুগ্ধপোষ্য শিশুর জন্য দশ দিরহাম ভাতা প্রদান করতেন, তারা একটু বড় হলে দুইশত দিরহাম ভাতা দিতেন। এ সম্পর্কে ইমাম আবু দাউদ তার গ্রন্থে উস্তেখ করেছেন- "রাসূলুস্তাহ সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম বলতেন, কেউ যদি সম্পদ রেখে মারা যায় তবে তা তার উত্তরাধিকারীর। কিন্তু যদি কেউ স্তন গ্রহণ অবস্থায় মারা যায় অথবা অসহায় শিশু রেখে মারা যায় তবে সে ব্যাপারে সার্বিক দায়িত্ব আমার।"[৫৮]

রাসূল সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম-ই সর্বপ্রথম অসহায় ইয়াতীমের অধিকার প্রতিষ্ঠার দাবীদার। ইয়াতীম অসহায় শিশুদের প্রতিপালনের মধ্য দিয়ে তিনি মানবতাবোধকে কত উচ্চে তুলে

---

৫৪. আত-তাবারানী, সুলায়মান ইব্ন আহমদ, Avj-gÛRvgj Kvexi, মওসুল, মাকতাবাতুল 'উলূম, ১৪০৪ হি., খ. ৭, পৃ. ২২৫, হাদীস নং-৭৭২৬।

৫৫. আহমদ, Avj-gmbv', প্রাগুক্ত, ২খ., পৃ-৩৮৭, হাদীস নং ৯০০৬।

৫৬. Avj-KiÛAvb, সূরা আল-বাকারাহ, আয়াত : ১৭৭।

৫৭. wewae× Bmjvgx AvBb, প্রাগুক্ত, পৃ ৪৭০, ধারা ১০৫৭।

৫৮. আবু দাউদ, mbvb Ave 'vD', প্রাগুক্ত, খ.৩, পৃ.১৩৭।

Dhaka University Institutional Repository

ধরেছিলেন তা আজো পৃথিবীর বিস্ময়ের সঙ্গে স্মরণ করেন। একথা সকলেই স্বীকার করেন, একমাত্র মুহাম্মদ সাস্তাস্তাহু 'আলাইহি ওয়াসাস্তাম-ই মানবতার কথা মুখে বলে তা বাস্তবে রূপ দান করে দেখিয়েছেন।

ইয়াতীম শিশু সমাজে অসহায় থাকে। অভিভাবক না থাকায় অনেকেই তাদের উপর নির্যাতন করে সম্পদ দখল করে মারাত্মক গুনাহর কাজ করে থাকে। আস্তাহ্ তা'আলা এ ব্যাপারে কঠিন আজাবের কথা ঘোষণা দিয়ে বলেন : "সম্পত্তি বণ্টনকালে আত্মীয়, ইয়াতীম এবং অভাগ্রস্ত লোক উপস্থিত থাকিলে তাহাদিগকে উহা হইতে কিছু দিবে এবং তাহাদের সহিত সদালাপ করিবে। তাহারা যেন ভয় করে যে, অসহায় সন্তান পিছনে ছাড়িয়া গেলে তাহারাও তাহাদের সম্বন্ধে উদ্বিগ্ন হইত। সুতরাং তাহারা যেন আস্তাহকে ভয় করে এবং সংগত কথা বলে। যাহারা ইয়াতীমদের সম্পদ অন্যায়ভাবে গ্রাস করে তাহারা তো মাহাদের উদরে অগ্নি ভক্ষা করে; তাহারা অচিরেই জ্বলন্ত আগুনে জ্বলিবে।"[৫৯]

